THE

# ray

PRIME UNIVERSITY MAGAZINE 2016


## PRIME UNIVERSITY












**PRIME UNIVERSITY**
2A/1, North East of Darussalam Road
Section-1, Mirpur, Dhaka-1216

# EDITTORIAL BOARD


**Advisors:**
Mir Shahabuddin, Member, Board of Trustees
Md. Anwer Hossain Khan, Member, Board of Trustees
Asia Zaman (Rita Zaman), Member, Board of Trustees

**Editor:**
Md. Nur Hossain Talukder
Ex. Director Genarel of family planning & Rtd. Additional Secretary
Controller of Examinations

**Co-Editor:**
Mst. Shahanaz Khanam, Assistant Professor and
Head, Department of English

**Members:**
Nahid Farzana, Asst. Prof., Dept. of Business Administration
Eman Hossain, Asst. Prof., Dept. of Business Administration
Shuvodip Das, Sr. Lecturer, Dept. of Electrical and Electronic Engineering
Aysha Alam Talukder, Sr. Lecturer, Dept. of English
Sachchidananda Ballav, Lecturer, Dept. of Law
F. Nahid Huq, Secretary, Centre for Research, HRD and Publications

**Cover Design:**
Sanjib Poroheth



**Published by:**
Centre for Research, HRD & Publcations
Prime University

**First Issuee, 2016**

**Printed by :**
**Ekushe Media**
Al-amin Complex (4th floor), A-7
262 Fokirerpul, Motijheel, Dhaka-1000

# CONTENTS


Messages
Editorial
Prime University : A Profile

## প্রবন্ধ

মমতাজউদ্দীন আহমদ : শোন বাঙালি শোন ঃ সেই মেঘনাদ কণ্ঠ
শামসুজ্জামান খান : আমাদের প্রাণের উৎসব
আনিসুল হক : বঙ্গবন্ধু ও স্বাধীনতা সমার্থক
পিয়াস মজিদ : জাহানারা ইমামের পবিত্র *একাত্তরের দিনগুলি* পাঠ
আলম তালুকদার : পাঠক কেন বই পাঠ করবে
এ, এন, এম, ইব্রাহিম খান : আন্তর্জাতিক প্রবীণ দিবস, জাতীয় প্রবীণ নীতিমালা ও পিতা-মাতার ভরণপোষন আইন-২০১৩ এবং মা-বাবার প্রতি দায়িত্ব- ইসলামের দৃষ্টিভঙ্গি
এস এম জসিম উদ্দিন আহমেদ : স্বপ্ন তা নয় যা ঘুমিয়ে দেখা যায় স্বপ্ন তা যা জাগিয়ে রাখে
মোঃ বাদল মিয়া : জীবনের সীমারেখা
মোঃ মিজানুর রহমান : ভালো ও মন্দের উপাখ্যান
সাহানুর ইসলাম আন্নী : রহস্যময় বারমুডা ট্রায়াঙ্গেল
Umme Habiba : Pamela
Md. Ariful Islam Arrest and Detention of the Judgment–Debtor under Civil Laws and Provision of Subsistence Allowance

## গল্প

সৈয়দ মনজুরুল ইসলাম : অল্টার ইগো
মোঃ সম্রাট হোসেন : একজন বিদেশীর বাংলাদেশ ভ্রমণ
বুলবুল হোসেন : অপুর একাত্তর
নাজমুল হাসান : নাম
মো: অহিদুজ্জামান শিপন : গল্পটি কাল্পনিক হতে পারতো...
রাফেয়া শারমিন তৃশা : বিচিত্র অভিজ্ঞতা
সাইফ আহমেদ : স্বপ্নগ্রাম
ফাতেমাতুজ্জোহরা দ্বিতু : অসমাপ্ত রাত
রেজিয়া খানম : ঝালময় সমাজ
Md. Abdul Awal : The World's Loneliness

## কবিতা

সৈয়দ শামসুল হক : বাজো বাঁশি
নির্মলেন্দু গুণ : আমি আজ কারো রক্ত চাইতে আসিনি
শহীদ কাদরী : গোধূলির গান
মাকিদ হায়দার : হৃদপুরে
কামাল চৌধুরী : প্রতিশ্রুতি
মোহাম্মদ সাদিক : মনচিত্র
সম্পদ বড়ুয়া : ক্রান্তিকালে ভালবাসা
মনজুরুর রহমান : কলম্বোর কালো মেয়ে
আসলাম সানী : যাদুর কৌটো খানি
অদ্বৈত মারুত : এখন আমার মনটা উদাস
মোঃ ওয়াহিদুর রহমান : মুজিব স্মরণে

# CONTENTS


অধ্যাপক ড. মোঃ সাইফুদ্দিন শাহ : জীবনের দায়
অধ্যাপক ড. আবদুর রহমান : প্রত্যাশা
রাকিব উদ্দিন : যা আগে ভাবিনি কখনো
মোস্তাফিজুর রহমান : আলেয়ার আলো
মোঃ নাজমুল হুসাইন মুন্সী জনি : প্রাইম কবিতা
মনিরুল ইসলাম আলিফ : মাতাল আশা
মোঃ তানজীমুল কবীর : একাত্তর
মোঃ আসলাম উদ্দীন : শিক্ষা
কাউছার আহমেদ সাগর : চায় মন
নাজনীন সুলতানা : ওদের নাম পথশিশু
মো: শহীদুল্লাহ : সাধ জাগে
মাকসুদা পারভীন সাহানুর : কেমন আছি জানতে চাইবে না?
এ্যাডভোকেট মোছাঃ হাছিনা বেগম : মায়ের ভালোবাসা
স্বরুপ রায় : সাবাশ তনয়া
তৌহিদ হাসান জয় : ভালবাসা
মোঃ রফিকুল ইসলাম : বাল্যকাল
মোঃ আবিদ হাসান : ও মা তোমায় ভালবাসি
মোঃ শামীমুর ইসলাম : কুসংস্কার
মোঃ নাহিদ হাসান : স্বপ্ন ভঙ্গ
মোঃ হাসিকুল আলম আশিক : কালবৈশাখী
মনোজঞ্জন চন্দ্র সরকার : ভাষা
Md. Sahidur Rahman : Identity

## ছড়া

খালেক বিন জয়েনউদদীন : খোকন ও চাঁদের বুড়ি
লুৎফর রহমান রিটন : চাঁদের ছড়া
আমীরুল ইসলাম : চাঁদ
সুজন বড়ুয়া : যে চাঁদটা
ফারুক নওয়াজ : সেই চাঁদ
রহীম শাহ : খোকন ও চাঁদ

## ভ্রমণকাহিনি

Quazi Ruhani Khatun : Sundarbans in Memory

## স্মৃতিচারণমূলক রচনা

মোঃ নাহিদুর রহমান : শীতের রাতের উষ্ণ হাসি

## মনীষীদের জীবন

Mst. Shahanaz Khanam : The Omnipotent Tagore
তানভীর আহমেদ : জীবন জয়ের গল্প

## রম্য কথা ও কৌতুক

মওদুদ আহমেদ : দাঁত নিয়ে কান্ড
মোঃ সোহেল রানা : কৌতুক

Photo Gallery



# CHAIRMAN
Board of Trustees

## MESSAGE

It has been yet another incredible year for Prime University and it fills me with immense pride and pleasure to have witnessed its outstanding performance in the academic and nonacademic arenas. I am glad to know that the University is bringing out its first annual magazine, *The Ray* to commemorate the achievements of the university and at the same time, promote creative writing and original thinking. As the Chairman of Board of Trustees, I feel blessed to be associated with this prestigious educational institution. However, Prime University had a small and humble beginning. It had its ups and downs during its 14 years of existence. The University has been trying its best to excel in all departments of its students' growth. Moreover, the speciality of this institution is that it has made quality education accessible to all, high and low, rich and poor. The institute continues to march ahead on the road to progress and development. We believe that our graduates will add to the growing need of skilled manpower in these vital areas of development. That we are providing high quality of education is evident from the fact that our graduates are well-placed in job sectors, pursuing higher education from home and abroad. All these have been possible due to the hard work and dedication of the high-quality teaching by our highly qualified faculty and a service-oriented, dedicated staff. I convey my sincere felicitation to everyone who is related to this institute as beneficiaries, supporters, collaborators and friends. Publication of this annual magazine marks yet another milestone for the University. I applaud the commendable work done by the Editorial Board for planning and producing the magazine. I am sure that this magazine will provide a platform to the students and other contributors to sharpen their writing talent and will reflect all sorts of activities undertaken by the institution.



**Engineer Md. Towhidur Rahman**
Chairman, Board of Trustees



# SENIOR VICE CHAIRMAN

Board of Trustees

## MESSAGE

It is a great pleasure that Prime University is to publish its first annual magazine *The Ray*. Magazine is a wonderful ground for expressing thoughts and experiences of the learners, so it is really praiseworthy that Prime University has initiated the journey of annual magazine though lately.

'*Rendering Prime knowledge'* carrying the motto in heart, Prime University is striving to ensure all the possible facilities for the students to attain their goal in career and bloom up to the world. Besides, providing wonderful academic facilities to the students, the university is dedicated to boost up their creativity as well as interests in various fields. With that stream the university is going to launch its first annual magazine which will be more sensible arena for flourishing multifarious talents of the students. This magazine will be a ground to engage the students in different streams of knowledge and to share ideas and experiences with others.

Prime University is very enthusiastic to develop an innovative education model to connect the students, the faculties and the staff of the university and the society for a smooth and better future. I believe that this magazine will be a good support to develop the mindset of our students to become sensible people of the nation as well as of the world.

I wish and hope that the generation coming for higher education will be proud to find a sacred scope for exploring dimensional ideas besides, receiving academic knowledge to build up their brighter career as well as better future.

**Md. Ashraf Ali**
Senior Vice Chairman, BOT



## MEMBER
Board of Trustees

# MESSAGE

It is a unique privilege to pen down few lines for *The Ray*, the annual university magazine of Prime University. In addition, it gives me great satisfaction that Prime University is progressing in all its endeavors towards the overall development and especially the human quality of the students. Prime University is proud to be a diverse, student-focused private university offering a high quality education to compete with the global demand of time.

The University magazine is an appropriate media for the young students to express their creative thinking and concept which develops originality of thought and perception in them. *The Ray* reflects more dynamic and contemporary approach taken in print and expanded online editions to share the significant views and experiences among all the stakeholders in the university campus and beyond the borders. I hope the contents of the magazine will contribute to stimulate the wonderful creativity of thoughts and imagination of the contributors.

In this pursuit of excellence, I appreciate all sponsors and contributors for supporting the university to publish the magazine. I also laud the relentless efforts of the editor and all other executive members of the editorial board of the magazine for giving their best in bringing out such kind of a prestigious annual magazine patronized by Prime University.

I wish success to The *The Ray* in all its endeavors.

Mir Shahabuddin

**Mir Shahabuddin**
Member, Board of Trustees



# VICE CHANCELLOR
Prime University

# MESSAGE

*"The great aim of education is not knowledge but action." Herbert Spencer*

It is a great pleasure to write a few lines about the annual magazine *The Ray* patronized by our beloved Prime University. Education is not merely acquirement of facts but also of values, which helps us to improve the different facets of humankind. A pivotal role of education lies in shaping the personality of a young student into a healthy mind and happy soul, who is not only equipped with 21st century skills and aptitude required for academic excellence but also helping him to be fit for taking the challenges of life in a balanced and harmonious way. Therefore, the system of education should work as a catalyst in making each student a balanced human being having his core strengths embedded in the learning experiences emanating from our socio-cultural roots.

Taking all consideration, Prime University publishes its annual magazine *The Ray* so that the students can unveil their thoughts and perceptions. I believe that *The Ray* is a reverence for education where academics, sports and co-curricular aspects would mould our students and motivate them to be the brightest and the best in the national and global competition.


I also hope that the magazine would act towards inculcating certain values among the students in order to enrich their mind and spirit and to develop essential and moral attributes like truthfulness, courtesy, generosity, compassion, justice, love and trustworthiness.

I take this occasion to congratulate the editor, all other executive members of editorial body, sponsors, teachers, writers, staff, and students for their strong sense of commitment, service and responsibility that has been transformed as an outcome of this magazine.

I wish all the success to *The Ray* as well as Prime University.

Md Abdus Sobhan

**Prof. Dr. M Abdus Sobhan**
Vice Chancellor



# EDITORIAL

This is an immense pleasure to write few lines on the gracious publication of the first annual magazine of Prime University *The Ray*.

The word *ray* originated from "beam of light," c.1300, from Old French rai (nominative rais) "ray (of the sun), spoke (of a wheel); gush, spurt," from Latin radius "ray, spoke, staff, rod". It was not common before 17c. [OED]; of the sun, usually in reference to heat (beam being preferred for light). Science fiction ray-gun is first recorded 1931 (but cf. Martian Heat ray weapon in H.G. Wells' "War of the Worlds," 1898).

Reading magazine is the best way to acquire knowledge with recreation while writing is a gracious way to express one's inner ideas to everyone. In private universities of Bangladesh students are offered with lots of privileges to increase and explore their creativity, ingenuity as well as identity. Magazine is such a platform where students can share and express their dimensional ideas through writing.

The word *magazine* is found in 1580, as "place for storing goods, specially military ammunition, "from Middle French *magasin* "warehouse, depot, store" (15c.), from Italian *magazzino,* from Arabic *makhazin, plural of makhzan* "storehouse". The original sense is almost obsolete; meaning "periodical journal" dates from the publication of the first one, "Gentleman's Magazine" in 1731.

Recently private universities of Bangladesh are playing a great role to provide higher academic education to different level of learners. Besides, preparing the students to be fit for the competitive world, we should ensure to bloom them up as sensible human beings to uphold the dignity of one's self as well as the nation.

Amidst of many other commercial framework, an annual magazine will be the great recreation for the students as well as for the teachers to search out the real talents to be nourished; i.e. nourishment of literature and literary mind of writers and readers.

The word *literature* in English originally "book learning" (it replaced Old English boccræft); meaning activity of a writer, the profession of a literary writer" is

first attested in 1779 in Johnson's "Lives of the English Poets" that of "literary productions as a whole, body of writings from a period or people" is first recorded in 1812.

"Great literature is simply language charged with meaning to the utmost possible degree."

Ezra Pound

Besides, this is the best way to remove monotony from the academic studies and donate some fresh air to think spontaneously. To William Wordsworth "*Poetry is the spontaneous overflow of powerful feelings: it takes its origin from emotion recollected in tranquility*", and I believe our students also have powerful feelings, they just need a dais to expose and depict. In this regard, the annual magazine of Prime University will be a great podium to bloom up those talents in light.

It is beyond explanation that annual magazine of Prime University will be the best platform for student's exploration for knowledge. In this magazine our students, teachers and staff have contributed through their writing. It is our great pleasure that some great writers of Bangladesh has also generously contributed through their great piece of writing. Some of our trustee board members have also enhanced the grace of *The Ray*, the magazine through their unique write-ups. Whatever, this is just the beginning and I hope it will inspire our students to rear up their creative visions through writing in magazine. Their new ideas, concepts, cogitations, reasoning will tribute in the growth of our country.

Lastly, I would like to thank all the members of the Editorial Board who worked hard to publish the magazine and I wish all the success of this annual magazine of Prime University.



**Md. Nur Hossain Talukder**
Editor



# PRIME UNIVERSITY: A PROFILE


## M A Jabber

Registrar


Prime University is one of the leading private universities of the country. The main mission of the University is to foster national development through creation of knowledge based society by providing quality education to the students. In the context of rapidly changing socio-economic conditions and the opportunities arising out of free market economy, our objective is to provide prime and excellent technical, business and social education for our youths.

Prime University is an institution approved by the Government of Bangladesh and the Bangladesh University Grants Commission (UGC). The Board of Trustees of PU is the sponsoring authority of the Prime University. It has started its academic activities from Fall semester-2002.

### Aim

The principal aim of Prime University is to provide high quality education at undergraduate and postgraduate levels relevant to the needs of a dynamic society. The courses and curricula are so designed as to enable a student to enter into the world employment market or pursue higher academic and professional goals with a sound academic foundation. The academic goal of the University is not just to make the students pass the examinations but equip them with the means to become productive members of the community and continue the practice of lifelong learning so that they can stand by their own.

### The Present Campus of the University

The present campus of Prime University is located at 2A/1, North East of Darussalam Road, Section–1, Mirpur, Dhaka-1216. A huge building having an area of 60,000sq.ft is used for the accommodation of the University. Among others the University has a wide range of facilities such as spacious campus, air conditioned class rooms, separate rooms for the teachers, rich library, common room for the students, cafeteria, prayer room, seminar room, 15 MBPS dedicated Internet facilities, student guidance and counseling, reasonable tuition and other fees, sufficient scholarship etc. A group of highly qualified and dedicated faculty members are engaged in shaping up the learners of the University.

## Permanent Campus

The permanent campus of Prime University is situated at 114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216. Total area of permanent campus is about 1,68,000 sft with basement and 10 (ten) floors above the ground. The construction of the permanent campus building is going on full swing. The whole establishment of Prime University will be shifted to the permanent campus within 2016.

## Admission

Admission in Prime University in different programs is open to all provided they meet prescribed requirements. Any student having requisite qualifications can apply for admission when the University announces and asks applications for admission from students. Normally the University announces admission notice through different National Dailies, Electronic Media and its own Website.

## Admission Schedule

1. Spring Semester - January - April
2. Summer Semester - May - August
3. Fall Semester - September - December

## Medium of Instruction

The medium of instruction of the programs of the University is English but the student of LL.B (Preliminary & Final) and LL.M may study in Bangla also.

## Admission Requirements

The students should have minimum 2.5 points in both SSC and HSC or equivalent examinations or qualified in 5 (five) subjects in O-level and 2 (two) subjects in ‘A’ level examination from any discipline and eligible for admission into the undergraduate programs. For master programs, the applicant must be a graduate having at least 6 points. 3-year working experience at executive level is required for MBA (Executive) Program.

## Academic Programs

Prime University is offering different academic programs at the undergraduate and graduate levels under different faculties and departments. At present the academic programs are:

# FACULTY OF ARTS AND SOCIAL SCIENCE

## Department of English:

- 4 year - Bachelor of Arts (Hons) in English
- 1 year - Master of Arts in English
- 2 year - Master of Arts in English (Preliminary & Final)
- Diploma in English

## Department of Education:

- 1 year - Bachelor of Education (B.Ed)
- 1 year - Master of Education (M.Ed)

# FACULTY OF BUSINESS STUDIES

## Department of Business Administration:

- 4 year - Bachelor of Business Administration (BBA)
- Master of Business Administration (MBA-Regular & Executive)

## Department of Business Information System offers the following program:

- 4 year - Bachelor of Business Information System (BBIS)

# FACULTY OF ENGINEERING

## Department of Computer Science and Engineering:

- 4 year - B.Sc. in Computer Science and Engineering (CSE)

## Department of Electronics and Telecommunication Engineering:

- 4 year B.Sc. in Electronics and Telecommunication Engineering (ETE)

## Department of Electrical and Electronic Engineering:

- 4 year B.Sc. in Electrical and Electronic Engineering (EEE)

## FACULTY OF INFORMATION TECHNOLOGY

### Department of Computer Science:

- 4 year B.Sc. in Computer Science (CS)
- 2 year Master in Computer Application (MCA)

## FACULTY OF LAW

### Department of Law:

- 4 year - Bachelor of Law (Hons)
- 2 year - Bachelor of Law (LL.B-Preliminary & Final)
- 1 year - Master of Law
- 2 year - Master of Law (LL.M- Preliminary and Final)

### Prime University Language School

- Certificate Course in English Language (Level 1,2,3)
- Certificate Course in Japanese Language
- Certificate Course in Chinese Language
- Certificate Course in French Language

### Centre for Research, HRD and Publications

Centre for Research, HRD and Publications (CRHP) is a very important unit of the University which enhances pedagogical practices through:

- Research works
- Human resource development programs such as seminars, workshop, conferences, trainings etc.
- Publication of journals, newsletters, magazines, proceedings etc.

# প্রবন্ধ



## শোন বাঙালি শোন : সেই মেঘনাদ কণ্ঠ

**মমতাজউদদীন আহমদ**

আমি বঙ্গবন্ধুকে ভালবাসি। আমরা বঙ্গবন্ধুকে ভালোবাসি। বাংলার মানুষ বঙ্গবন্ধুকে ভালোবাসে। তাঁকে ভালো না বেসে পারা যায় না। এমন বন্ধু, এমন স্বজন, এমন আপন করা মানুষ আর কোথায় পাবো।

বঙ্গবন্ধুও যে তাঁর বাংলাদেশকে ভালোবাসেন। বাংলার নদী তাঁর প্রিয়। বাংলার শস্য, বাংলার পাখি, আকাশ, সরষে ফুল সব কিছু তাঁর প্রিয়। বাংলার মসজিদ, মন্দির, গির্জা, মঠ তাঁর প্রিয়। সব কিছুই খুব প্রিয়। স্টিমারে বসে নদী দেখেন, জেলখানার সেলে বসে বাংলাকে ভাবেন, আমরণ অনশনে বাংলাকে ধ্যান করেন। বাংলা তাঁর স্বপ্ন, কর্ম ও সংগ্রাম। অনেকবার বলেছেন, বারবার বলেছেন, 'বাংলা আমার প্রান, বাংলা আমার প্রিয়'। মধুমতীর শাখা বাইগার তীরে মাছ ধরার ছেলে গৌতম আবকাশে বাঁশি বাজায়। খোকা এসে পাশে বসে। বাঁশির করুণ সুর শোনে। প্রিয় গৌতমকে বলে, তোর বাঁশির সুর এত করুণ কেন ? গৌতম বলে, বাংলার কান্দন আমার বাঁশিতে। খোকা বলে, বাংলা কাঁদে কেন ? গৌতম বলে, কী জানি কেন!

খোকা ভাবনায় বিভোর এত কান্দন কেন, আমার টুঙ্গিপাড়ার বুকে এত দুঃখ কেন ! সেই টুঙ্গিপাড়া পরে বাংলা হয়ে যায় তাঁর কিশোর মনে। মা সায়েরা খাতুন দেখেন তাঁর আদরের খোকা কেবল চাদর জড়িয়ে ঘরে এলো। ও খোকা, ও মানিক, তোর জামা কই, তোর পাজামা কই ? খোকা বলে, পথে দেখলাম একজনকে। তাঁর ছেঁড়াফাটা জামা, শীতে কাঁপছে। দিলাম খুলে জামা পাজামা। মা দেখে খোকার হাতে নতুন ছাতা নাই। রোদে মুখ লাল। ও খোকা তোর ছাতা কই ? খোকা বলে, সহপাঠীকে দিয়ে দিলাম। চার মাইল রোদে পুড়ে ঘরে যায় কেমনে। ওর দরকার বেশি।

আকালের দিনে ঘরের গোলা খুলে দিল খোকা। নিয়ে যাও ধান। না খেয়ে কেউ থেকো না।বাংলার দুঃখ, দারিদ্য, বাংলার কান্না খোকার বুকে এসে ব্যথিয়ে দেয়।

গোপালগঞ্জ মিশন স্কুলে এলেন বাংলার মুখ্যমন্ত্রী এ. কে. ফজলুল হক। সাথে শ্রমমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দী। কিশোর মুজিব মন্ত্রীর পথ আগলে দাঁড়ালো। আমাদের স্কুলের ছাদ চুঁয়ে পানি পড়ে, মেরামত করতে হবে। ব্যবস্থা দিয়ে যান। কিশোর বালকের সাহস ও নিষ্ঠা দেখে শহীদ সচকিত। বললেন সব হবে। কলকাতায় যখন আসবে, দেখা করো।

শেখ লুৎফর রহমানের ঘরে দু মেয়ের পর ছেলে এলো। শেখ পরিবারের সবাই খুশি, মহাখুশি। আদরের খোকার কত আদর, কত যত্ন! খোকা যেন জগতের মনি। আয় খোকা, এই খোকা, ও খোকারে। খোকা আর খোকা। আদরের সীমা নাই। বাবা শেখ মজিদকে বললো মেয়ে, বাপজান, খোকা তো নাম হয় না, একটা মজবুত সুন্দর নাম দিয়ে দাও। নানা একদিন সময় নিয়ে পরেদিন বললো, শেখ মুজিবুর রহমান। মা বলে এ কেমন নাম হলো বাপজান। মন তো মাতে না।

নানা বললো খুব ভালো নাম। দেখে নিস একদিন জগৎ জুড়ে তাঁর নামযশে দুনিয়া আলোময় হবে।

বাংলার খোকা, বাংলার মুজিব টুঙ্গিপাড়া ছাড়িয়ে, গোপালগঞ্জ ডিঙিয়ে, কলিকাতা ঢাকা ছাপিয়ে সারাদেশে, সারা দুনিয়ার বঞ্চিত নিপীড়িত মানুষের হৃদয়ে আসন করে নিল। 'দুনিয়াতে দুই রকমের মানুষ। এক হলো শোষক, আর অন্য হলো শোষিত । আমি হলাম শোষিতদের দলে'। কিউবার সংগ্রামী নেতা ফিডেল ক্যাস্ট্রো মুজিবকে দেখে বললেন, 'আমি হিমালয় দেখিনি, হিমালয় সম মুজিবুর রহমানকে দেখলাম। আমার হৃদয় মন জুড়িয়ে গেল'।

খোকার বুকে বড়ো দুঃখ, মুজিবের অন্তর জুড়ে বড়ো জ্বালা- আমার অমৃত বাংলার কান্দন রোধ করতে হবে। আমার প্রিয় মাতৃভাষার মান রাখতে হবে। 'ফাঁসির মঞ্চে যাবার সময় বলব, আমি বাঙালি, বাংলা আমার দেশ, বাংলা আমার ভাষা'। মুজিব বাংলার, বাংলা মুজিবের। প্রিয় বাংলার জন্য মুজিব নিশ্চিত মৃত্যুর দিকে বারবার এগিয়ে এলেন। কখনো কম্পিত হয়নি তাঁর কণ্ঠ, মুজিব কখনো বাংলাকে প্রতারণা করেনি। কোনো আপোশ নেই বাংলার জন্য। 'আমি প্রধানমন্ত্রিত্ব চাই না, আমি বাংলার মানুষের অধিকার চাই'। পাকিস্তানের জেলে বন্দি মুজিব। বাংলার শ্রেষ্ঠ মানুষ, বাংলার স্বাধীনতার শ্রেষ্ঠ কারিগর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। নির্জন কারাগারে পাকিস্তানের সামরিক শাসকের অন্যায় আদেশে প্রচন্ড হিমশীতের মধ্যে বসে বসে দেখছেন, অদূরে তাঁর কবর খোঁড়া হয়েছে। মৃত্যু অতি দ্রুত এগিয়ে আসছে। আপোশহীন, ভয়হীন মুজিবের একটিমাত্র আবেদন 'আমার প্রানহীন দেহখানি আমার বাংলা মায়ের কাছে পাঠিয়ে দিও। বাংলার মাটিতে আমার শয্যা হবে'।

এত শক্তি এত অদম্য সাহস, এমন নির্ভয় উচ্চারণ মুজিব পেলেন কোথায় ? কোন দীক্ষায় এমন উচ্চারণ ? কে দেয় তাঁর মর্মে এমন চিন্ময় অভয় ? খুব সহজ উত্তর, চিত্তজুরে প্রেম, ভালোবাসা। দেশের জন্য, দেশের স্বাধীনতার জন্য, দেশের মানুষের জন্য যার দিবস রজনী মাত্র একই চিন্তা, একই ধ্যান, বাংলার কান্দন রোধ করতে হবে, বাংলার মুখে হাসি আনতে হবে।

মধুমতীর স্রোতে লগি ঠেলে ঠেলে যে বালক চৌদ্দ মাইল দূরের গোপালগঞ্জে এসেছে বারবার, যে কিশোর গোপালগঞ্জ ছাড়িয়ে বাংলার রাজধানী কলিকাতা এসে স্বাধীন চেতনার দীক্ষায় উদ্বেল হয়েছে, যে নবযৌবন দীপ্ত সমতট বাংলার সন্তান নেতাজী সুভাষের স্বাধীনতার আহবানে স্নাত হয়েছে, তাঁকে রুদ্ধ করবে কে? তাঁর সম্মুখে যতই প্রাচীর রচনা হবে, সব ডিঙিয়ে তাঁর অগ্রযাত্রা দুর্বার হবে। অবশ্যই সে যুবক মিথ্যাবাদী কপট হলওয়েলের মূর্তি

ভাঙার জন্য ছুটবে। সে বীর সন্তান তেতাল্লিশের মন্বন্তরে জীর্ণ ক্ষুধার্ত দেশবাসীকে রক্ষার জন্য বেকার হোস্টেলের অন্ন বিলি করবে। সেই স্নাত হৃদয়ে ছেচল্লিশের দাঙ্গায় রক্ত প্লাবনের মধ্যে হিন্দু নয়, মুসলিম নয়, মানুষকে রক্ষার জন্য ঝাঁপ দিবে। তাঁর নব জীবন যৌবনকে রোধ করবে কে ? তাঁর যাত্রার গতিকে শিথিল করার যোগ্যতা আছে কার?

বাংলার বন্ধুকে নীরব করার জন্য নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠের নেতাকে বঞ্চিত করার জন্য পাকিদের জেনারেল ভ্রষ্ট চরিত্র মদ্যপ ইয়াহিয়া নানা টালবাহানা করেছে। অমিত তেজ বঙ্গসন্তানকে নত মুখ করার জন্য ক্ষমতা অভিলাষী মতলববাজ জেনারেল আইয়ুব খান ষড়যন্ত্রের লৌহ পিঞ্জর রচনা করেছিলু¨ অন্ধকারে তাঁকে হত্যা করার ফাঁদ পেতে রেখেছিলু¨ কিন্তু সফল হয়নি। জীবন গেল নিষ্পাপ এক সার্জেন্টের। আগরতলা মামলা ভন্ডুল হয়ে গেল। পাকির বিচারক নির্জনে পালিয়ে জীবন রক্ষা করলেন। আর বাংলার জাগ্রত জনতা, পদ্মা, মেঘনা, যমুনার জেগে উঠা বাঙালি জেলের তালা ভেঙে বাংলার বীর শেখকে উদ্ধার করে ছাড়লো। সবই কেমন পুরাণকথা, সবই যেন কল্পকথা - । কিন্তু এই হলো বাংলার ইতিহাস, এই হলো বাঙালির জীবন কথা।

এই রক্তে রাঙ্গানো করুণ ইতিহাসের সবচেয়ে বড় সাক্ষী আর শাস্তিভোগী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পর্যায়ক্রমে তাঁকে বারে বারে গ্রেফতার করে জেলখানায় আটকে রাখা হয়েছে। ১৯৬৮ সালে মুক্ত করে আবার জেলগেটেই তাঁকে বন্দি করে সেনানিবাসে নেয়া হলো। তখন বুঝেছিলেন এবার মৃত্যু অনিবার্য। জেলগেটের সামনেই বাংলার মাটি হাতে নিয়ে কপালে ছোঁয়ালেন। বাংলার মাটি পকেটে নিলেন। মৃত্যুর মঞ্চে গিয়ে যেন হাতে থাকে বাংলার মাটি।

শত ক্ষুদ্র বৃহৎ অনাচার আর অধিকারের আমাবস্যার অন্ধকারে বাঙালির আকাঙ্খার কণ্ঠ ক্ষীণ হতে হতে যখন একেবারে ম্রিয়মান হতে চলেছে, তখন একটি কণ্ঠের সরব উচ্চারণ শোনা গেল। ‘আমাকে ভাষার অধিকার দাও, আমি স্বায়ত্ত্বশাসন চাই, আমরা সমান সমান অধিকার চাই প্রশাসনে ও সামরিক বিভাগে আমার অংশ চাই’ সংসদে, রাজপথে, মিছিলে সেই কণ্ঠ আগুনের তাপে জ্বলে উঠলো। বাংলা জুড়ে সেই মেঘনাদ কণ্ঠের বিক্ষুব্ধ গর্জন শুনে বাঙালির জাগরণ ত্বরান্বিত। নদীতে সাগরে বিদ্রোহের বাতাস প্রবল তাড়নায় ঝড়ের রূপ ধরলো। ১৯৬৯ সালের ৫ ডিসেম্বর শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যু দিবস। নেতার মাজারে দাঁড়িয়ে বাংলার নেতা, বাংলার উদবোধনের জয়ধ্বনি উচ্চারণ করলেন। ‘আজ থেকে পুর্বপাকিস্তানের নাম হল বাংলাদেশ। দেশ আলাদা শব্দ নয়, বাংলার সঙ্গে দেশ যুক্ত হয়ে নাম হবে বাংলাদেশ’।

ইতিহাস অনুসঙ্গে আছে অনেক ইতিবৃত্ত। আছে একুশ দফা, এগারো দফা, আর ছয় দফা। সমস্ত ইতিবৃত্ত মিলিত হয়ে স্বাধীনতার মহাস্রোতে মিশে গিয়ে হলো দেশের নাম- বাংলাদেশ। বিদেশি শাসনের বিরুদ্ধে সুভাষ বোস বলেছিলেন, ‘রক্ত দাও- স্বাধীনতা দেব’।

পশ্চিমাদের বিরুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা দিলেন, ‘রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেব, এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ’। এমন অকুণ্ঠ নির্ভয় ও অবিচল কথা আর কেউ বলেনি, এমন অগ্নিতপ্ত কবিতা কেউ আবৃত্তি করেনি- এমন তপ্ত ভাষা আর জাগরণের গান কোনো শিল্পী গায়নি।

স্বাধীনতা বাংলার স্বাধীনতা।

এর পরের ইতিহাস আগুনে ঝাঁপ দেয়ার ইতিহাস। অকাতরে জীবনদানের ইতিহাস। ছাত্র জীবন দিচ্ছে, শ্রমিক জীবন দিচ্ছে, শ্রমিক, পুলিশ, শিক্ষক, ভিক্ষুক, হিন্দু মুসলিম নারী-পুরুষ সবাই রণক্ষেত্রে এসেছে- হাতে হাতে অস্ত্র- কণ্ঠে এক ধ্বনি 'তোমার আমার ঠিকানা পদ্মা মেঘনা যমুনা জয়বাংলা'।

ত্রিশ লাখ জীবনের বিনিময়ে স্বাধীনতা, দু লাখ রমণীর সম্ভ্রমের কারণে স্বাধীনতা। বড় গভীর শোকের স্বাধীনতা। বড় বেশি আগুনে দগ্ধ স্বাধীনতা, বাংলার স্বাধীনতা।

কারাবাসের অন্ধকার থেকে, ফাঁসির মঞ্চ থেকে জাতির ভাস্বর বঙ্গবন্ধু স্বদেশে এলেন বিধ্বস্ত বাংলায়, ধ্বংসের বাংলায় বাঙালির বন্ধু এলেন। সজল চোখে তাকিয়ে দেখেন তাঁর প্রিয় বাংলাকে। নিজের সোনার বাংলাকে পুনরায় প্রাণময় করবেন, বাংলার দুঃখ-শোক নিবারণ করবেন। কর্মে ঝাঁপ দিলেন বঙ্গবন্ধু।

বঙ্গবন্ধুকে সে সময় দেশ-বিদেশের অনেক সুত্র থেকে সাবধান করা হয়েছে একটা ষড়যন্ত্র চলছে। মুজিব সব ইঙ্গিত উড়িয়ে দিয়ে বলতেন, কোনো বাঙালি আমাকে মারবে না। আমার গুণ, আমি বাঙ্গালিকে ভালোবাসি আর আমার ত্রুটি, আমি বাঙ্গালিকে বড়ো বেশি ভালোবাসি। বড়ো বেশি ভালোবাসা বুঝি ভালো নয়। তাই কাল হতে পারে, তাই কাল হয়। তাই তো হলো।

সেদিন সন্ধ্যায় রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান বঙ্গবভবন থেকে ৩ নম্বরের বাসায় গিয়েছিলেন। রাষ্ট্রপতির গাড়ি কেন জানি পরপর দুবার বন্ধ হয়ে গেল। গাড়ি এমন করে কেন? যেতে চায় না কেন? হয়তো এমনি, কোনো কারণ নাই। বঙ্গবন্ধু পায়ে হেঁটে শেষের পথটুকু পাড়ি দিয়ে বাড়ি এলেন। সামান্য একটু পথ, কতবার এ পথে হেঁটে সদর রাস্তায় উঠেছেন।

আজ তিনি বড়ো ক্লান্ত, কিন্তু ক্লান্তি ঝেড়ে আগামীকালের মস্তবড়ো আয়োজনে, আনন্দময় অনুষ্ঠানে তাঁকে যেতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক তাঁকে আজীবন সদস্যপদ দিয়ে সম্মানিত হবে। সহস্র বছরের শ্রেষ্ঠ বাঙালি তিনি। এ বিশ্ববিদ্যালয় তাঁকে একসময় বহিস্কার করেছে। চতুর্থ শ্রেণি কর্মচারিদের দাবি আদায়ের আন্দোলনে। তিনি মুচলেকা দেননি। আজ পালা বদলের কাল। রাত ভোর হবে, সকাল হবে, নবীন সুর্য উঠবে, নব জীবনের উৎসব হবে তাঁর বিশাল চিত্ত জুড়ে বড়ো শান্তি এলো, স্বস্তি এলো। জীবনের ধন কিছুই যাবে না ফেলা- নিবিড় ঘুম এলো চোখ জুড়ে। তখনো সুবেহ সাদিক হয়নি আযানের ধ্বনি শোনা যায়নি, প্রভাত পাখির কলকাকলি জাগেনি, গগন ভেদ করে আলোর রশ্মি ফোটেনি পুবে।

বঙ্গবন্ধুকে হত্যা আর জেলখানায় চার নেতাকে হত্যাকারীদের খোন্দকার মোশতাক ও জিয়াউর রহমানের নেতৃত্বে সামরিক সরকার নিরাপদে দেশ থেকে বিদেশে পাঠিয়ে দিল। পুনর্বাসনের জন্য বিদেশে বাংলাদেশ দূতাবাসে তাদের চাকুরিও দিল। হত্যাকারীদের বিচার বন্ধ করে দিল, অসাংবিধানিক ইনডেমনিটি আদেশে।

শোনা কথা, মিশরের রাষ্ট্রপতি আনোয়ার সাদাতের সঙ্গে দেখা করতে গিয়েছে সামরিক শাসক জিয়াউর রহমান। তখন তিনি রাষ্ট্রপতি সাদাত বললেন বন্ধুকে দেওয়া আমার উপহারের ট্যাঙ্ক দিয়ে তোমরা বঙ্গবন্ধুকে হত্যা করেছ। তোমার সঙ্গে কিসের সাক্ষাৎ, কিসের কথা? জোট নিরপেক্ষ রাষ্ট্রে প্রায় সব দেশ এ নির্মম হত্যার তীব্র নিন্দা জানিয়েছে। বিদেশে গিয়ে শুনতে হয়েছে- 'তুমি মুজিবের দেশের মানুষ। যে মহান মানুষটিই তোমাদের স্বাধীনতা এনে দিয়েছে, তোমরা তাকেই হত্যা করেছ ! তোমাদের বিশ্বাস করা যায় না, তোমরা অকৃতজ্ঞ মানব'।

আমরা যে কেমন, তাঁর ম্লান পরিচয় জেগেছে বিদেশে, যে মহানায়ক আমাদের স্বাধীনতা এনে দিল, যে নির্ভীক মানুষ আমাদের পতাকা দিল, জাতীয় সংগীত সমবেত কণ্ঠে গাইবার সুযোগ দিল, সেনা সদস্যরা, পথভ্রষ্ট কতিপয় ইতরজনরা তাঁকেই নির্মম আঘাতে হত্যা করলো। এমন ভয়ঙ্কর, এমন শিহরিত, এমন অবিশ্বাস্য ঘটনা স্মরণে এলে আজো আমাদের বক্ষজুড়ে কম্পন জাগে, আজো আমরা ঘরে বাইরে ক্রন্দন করি। আমাদের মহানায়ক, জাতির পিতার বিশাল কবরে দাঁড়িয়ে আমি বার বার উদ্বেল হয়েছি। অকৃতজ্ঞ ঘাতকদের প্রতি ঘৃণা সোচ্চার হয়েছে, মনে হয়েছে যা কিছু সব ভেঙে চুরমার করে দিই। হিংস্র শ্বাপদের তীক্ষ্ণ দন্ত দিয়ে তাদের ছিঁড়ে ফেলি। তখনই কোন এক নীরব কেন্দ্র থেকে আমার বঙ্গজননীর কণ্ঠ শুনতে পাই। করুণ সুরে বাল্যকালের সেই বাঁশির সুর ধ্বনিত হয়- জননী বাংলা বলে, আমার শ্রেষ্ট শিশু আমার কোলে নীরবে শুয়ে আছে। অনেক হেঁটেছে সে, অনেক সয়েছে সে, তাঁকে নীরবে থাকতে দাও। তাঁর ফেলে রাখা কাজে হাত দাও, শক্তি দাও, মনোযোগ দাও। তোমাদের জন্য অনেক কাজ। দেখ না কি, আমার জননীর চারদিকে হিংস্র সরীসৃপরা, ঘোর অমঙ্গলিরা ষড়যন্ত্রের গুহা রচনা করেছে। তাদের সংহার করো, নির্মূল করো- তোমার চারদিকে, অভিজাত সুখ বিলাসীদের বাড়িতে বিভ্রান্ত নির্বোধ উন্মাদরা, কলেজে মাদ্রাসায় শিক্ষার্থী রাজান্নাতী অপরুপা হুরিদের লালসায় আলখাল্লা পরনে চাপাতিকে বারবার চুম্বন দিচ্ছে। সাবধান, ওদের বড়ো বড়ো পকেটে মরণাস্ত্র, তাদের চক্ষুজুড়ে নেশার ঘোর। ওরা দ্রুত ছুটে আসছে তোমাদের স্বাধীনতা বিনাশ করবে, তোমাদের পুনরায় গোলামের অধম গোলাম বানাবে-

নাগিনীরা চারিদিকে
ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস
শান্তির ললিতবাণী
শুনাইবে ব্যর্থ পরিহাস-
শোন বাঙালি শোন, দীর্ঘদেহী সাল প্রাংশু বাহু তুলে অবিনশ্বর বন্ধুর মেঘনাদ ডাক শোন-

প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল, তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে। জয় বাংলা।



# প্রবন্ধ

## আমাদের প্রাণের উৎসব

শামসুজ্জামান খান

বাংলা নববর্ষ বা পহেলা বৈশাখ আমাদের জাতীয় উৎসব। আমাদের আরও উৎসব আছে। তার কিছু ধর্মীয় উৎসব আর কতক ঋতু উৎসব। আবার একুশে ফেব্রুয়ারি আমাদের মাতৃ ভাষার উৎসব। সে উৎসব রাজনৈতিকও বটে। আমাদের তরুণেরা মাতৃভাষার জন্য প্রাণ বিসর্জন দিয়ে এই উৎসবের সৃষ্টি করেছেন। বাংলা নববর্ষ উৎসব আর একুশে ফেব্রুয়ারি তাই বাংলাদেশের সকল ধর্ম ও সম্প্রদায়ের মানুষের মহান উৎসব।

আজ আমরা আমাদের সব উৎসবের কথা বলবো না। শুধু নববর্ষ উৎসবের কথা বলবো। বাংলা নববর্ষ উৎসব কখন, কীভাবে শুরু হয়েছে তা ঠিক-ঠিক বলা কঠিন। ইতিহাসেও তেমনভাবে কিছু নেই। তবে প্রাচীনকাল থেকেই গ্রামীণ বাংলাদেশে 'আমানি' নামে একটি পারিবারিক উৎসব চালু ছিল। প্রতিবছর চৈত্র সংক্রান্তির দিনগত রাতে অর্থাৎ পহেলা বৈশাখের আগের রাতে বাড়ির গৃহিনী একটি ঘটে পানি ঢেলে তাতে কচি একটি আমপাতার ডাল রেখে দিতেন। আর ঘটে কিছু আতপ চাল ছেড়ে দেয়া হতো। পহেলা বৈশাখের সকালে সেই আমপাতার ডালটি ঘটের পানিতে ডুবিয়ে সেই পানি বাড়ির সকলের শরীরে ছিটিয়ে দেয়া হতো। আর ঘটে ভেজানো চাল বাড়ির সবাইকে খেতে দেওয়া হতো। লোকবিশ্বাস ছিল- এতে সারাবছর সকলের মঙ্গল হবে। গৃহকর্তা এই ভেজা চাল খেয়ে ক্ষেতে হালচাষ করতে যেতেন। মনে করা হতো এতে ফসলের কোনো অমঙ্গল হবে না। এই বিষয়টি পরবর্তীকালে বাংলা নববর্ষের উৎসবের একটি অংশ হয়ে যায়।


আরেকটি বড়ো ব্যাপার ছিল- মেলা। বাংলাদেশের বিভিন্ন এলাকায় চৈত্র সংক্রান্তির দিনে এবং পহেলা বৈশাখ সকালে মেলা বসতো। এই মেলার খুব প্রয়োজন ছিল। কারণ কৃষিভিত্তিক বাংলায় মানুষের হাতে কাঁচা পয়সা ছিল না। আর কাছেপিঠে এখনকার মতো এতো দোকানপাটও ছিল না। তাই চটজলদি প্রয়োজনের জিনিষটি কিনে এনে ব্যবহার করাও ছিল কঠিন। তাই প্রতিবছরের এই মেলা থেকেই গ্রামের মানুষ হাঁড়ি-কুড়ি, দা-কাঁচি থেকে শুরু করে সংসারের সারাবছরের যাবতীয় দ্রব্যাদি বা তৈজসপত্র এই মেলা থেকেই কিনে রাখত।

এই ছিল গ্রামীণ মেলার আদি উপায়-উপকরণ। আরও পরে ইংরেজ আমলে চিরস্থায়ী বন্দোবস্ত করে জমিদারি প্রথা চালু করা হয়। জমিদাররা খাজনা আদায়ের জন্য বছরের প্রথম দিনে তাদের বাড়িতে 'পুণ্যাহ' উৎসব করতেন। সেই উৎসবে চাষী-প্রজারা জমিদারির খাজনা পরিশোধ করতো এবং মিষ্টিমুখে আপ্যায়িত হতো। তখন কিছু কিছু ব্যবসা-বাণিজ্য গড়ে উঠেছে। অতএব দৈনন্দিন প্রয়োজনের জিনিষ দোকানিরা বেচাবিক্রিও করতেন। কিন্তু

সাধারণ মানুষের হাতে তো নগদ পয়সা ছিল না। তাই তারা বাকিতে দোকান থেকে জিনিষ কিনতো। কিন্তু এই যে ধারে কেনা জিনিষ, এই ধার তো শোধ করতে হবে। ব্যবসায়ীরা তাই বছরের প্রথম দিনে হালখাতা করতেন। সেই হালখাতার দিনে ক্রেতারা দোকানির দেনা পরিশোধ করে মিষ্টিমুখ করে যেতেন। দোকানিরা তাদের দোকান সাজাতেন নানান রঙিন কাগজের ঝালর বানিয়ে। আর আগরবাতি-ধূপধুনো জ্বালিয়ে। একটা ছিমছাম, ছাপছুতরো পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশে ক্রেতা-বিক্রেতার এই সম্মেলন বেশ আনন্দপূর্ণই হতো।

এই চারটি উপাদানে ছিল প্রাচীন বাঙালির পহেলা বৈশাখের মূল অঙ্গ। পরে ইতিহাস এগিয়েছে। মোগল বাদশাহ্রা দিল্লিতে চালু করলেন ইরানের নববর্ষ উৎসব ‘নওরোজ’-এর অনুকরণে উৎসব ও মীনা বাজার। সেও ছিল রাজরাজরা, অভিজাত ধনী বণিকদের নববর্ষের উৎসব। বাংলা নববর্ষ সেখান থেকেও কিছু প্রেরণা দান করেছে। এরও পরে ইংরেজ আমলে এসে কলকাতায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পরিবারে ইংরেজদের নববর্ষ উদ্‌যাপনের আদলে বাংলা নববর্ষ উদ্‌যাপনের রীতি চালু হয়। ১৮৯৪ সালে বেশ ঘটা করেই ঠাকুর পরিবারে নববর্ষ উদ্‌যাপিত হয়। সেই থেকে নগরবাসী শিক্ষিত পরিবারে কলকাতা শহর এবং শান্তিনিকেতনসহ পশ্চিম বাংলার নানা শহরে নববর্ষ উদ্‌যাপনের রীতি চালু হয়।

বাংলাদেশে এই আধুনিক ধারার নববর্ষ চালু হয়েছে ১৯৫০-এর দশকের প্রথম দিকে। যুক্তফ্রন্ট মন্ত্রিসভার আমলে পূর্ববাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী শেরেবাংলা এ কে ফজলুল হক বাংলা নববর্ষে ছুটি ঘোষণা করেন। সেই সময় থেকে ঢাকাসহ পূর্ববাংলার বিভিন্ন শহরে নববর্ষ উৎসব চালু হয়। ঢাকার মাহবুব আলী ইনস্টিটিউটে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকের উদ্যোগে কার্জন হলে নববর্ষ উৎসব উদ্‌যাপন করা হয়। তখন ঐকতানসহ কয়েকটি সংগঠন বিশ্ববিদ্যালয় এলাকায় এবং ওয়ারীর র‍্যাংকিন স্ট্রিটেও এই উৎসবের সূচনা করে। তবে বর্তমানে ঢাকা শহরে নববর্ষের উৎসব যে বর্ণাঢ্য অবয়ব, নব আঙ্গিক ও বিপুল আয়তনে চালু প্রচলিত হয়েছে তার ইতিহাস রাজনীতির সঙ্গে যুক্ত। পাকিস্তান আমলে পূর্ব পাকিস্তানের বাঙালিদের এই জাতীয় উৎসবটি পাকিস্তান সরকার করতে দিতে চাইত না। এই বাঁধার মুখেই বাঙালি বিদ্রোহী হয়ে ওঠে। পূর্ব বাংলার বাঙালি তার শিঁকড় অনুসন্ধান করে নতুনভাবে সাজায় বাংলা নববর্ষের উৎসবকে। এই ব্যাপারে অগ্রণী ভূমিকা ‘ছায়ানট’ (১৯৬১)-এর। ছায়ানট সাংস্কৃতিক প্রতিষ্ঠানটি রমনার বটমূলে ১৯৬৭ সাল থেকে চালু করে নববর্ষের এই উৎসব। এই উৎসব বাঙালির জাতিসত্তার সঙ্গে যুক্ত বলেই অতি দ্রুতই তা জনপ্রিয় হয়। এবং প্রতিবছরই বিশাল থেকে বিশালতর হয়ে ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকল মানুষের উৎসব হয়ে ওঠে। নানা রং ও ডিজাইনের রং-বেরংয়ের পাঞ্জাবি-পাজামা-শাড়িতে সজ্জিত বাঙালি পুরষ -মহিলার বিপুল সমাগমে এই উৎসব এখন বাঙালির সর্ববৃহৎ জাতীয় অনুষ্ঠানের রূপ লাভ করেছে। এই উৎসব একসময় গ্রাম থেকে গ্রামে শুরু হয়েছিল কিন্তু পরে আর খুব বড়ো আকার গ্রহণ করেনি। এখন এই উৎসব গ্রাম থেকে বর্ণাঢ্য সাজে সজ্জিত হয়ে রাজধানী ছাড়িয়ে বিভাগ, বিভাগ ছাড়িয়ে জেলা, জেলা ছাড়িয়ে উপজেলা এবং গ্রাম পর্যন্ত নব আঙ্গিকে এবং নব সাজে চালু হয়ে গেছে। এই উৎসব বাঙালি জীবনে যে আনন্দ বয়ে আনে তার তুলনা বিরল।



# প্রবন্ধ

## বঙ্গবন্ধু ও স্বাধীনতা সমার্থক

**আনিসুল হক**

বঙ্গবন্ধু ও আংলাদেশের স্বাধীনতা সমার্থক। যারা ভোর এনেছিল কিংবা ঊষার দুয়ারে ইতিহাসভিত্তিক এই উপন্যাসগুলো লিখতে গিয়ে আমাকে ইতিহাসের অলিগলি রাজপথ পরিক্রম করতে হয়েছে। ইতিহাস যতই পড়েছি, ততই এই প্রত্যয় উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হয়েছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মই হয়েছিল বাংলাদেশটাকে তিনি স্বাধীন করবেন বলে। তিনি তাঁর সারাটা জীবন একটা লক্ষ্য নিয়েই কাজ করেছেন, এগিয়ে গেছেন, বাংলাদেশের স্বাধীনতা, বাংলাদেশের মানুষের মুক্তি। এই লক্ষ্য অর্জন করতে গিয়ে তিনি বার বার মৃত্যুর মুখোমুখি হয়েছেন, তিনি আর তাঁর পরিবার অসহনীয় দুঃখ-কষ্ট-যাতনা ভোগ করেছেন, কিন্তু তিনি লক্ষ্যচ্যুত হননি, তিনি আমাদের স্বাধীন করে গেছেন ।

বাংলাদেশের স্বাধীনতার স্বপ্ন তিনি কখন দেখতে শুরু করেন ?

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজের ভাষায়, “সেই ১৯৪৭ সালে। তখন আমি সোহরাওয়ার্দী সাহেবের দলে”। (অন্নদাশঙ্কর রায়, ইতিহাসের মহানায়ক, প্রকাশক বাংলাদেশ আওয়ামী লীগ, ২০১১)। ১৯৪৭ সালে ব্রিটিশরা বিদায় নিল, পাকিস্তান আর ভারত- দুটো দেশ জন্ম নিল। কলকাতার ইসলামিয়া কলেজের সিরাজউদ্দৌলা হলে যুবক শেখ মুজিব ডাকলেন তাঁর ঘনিষ্ঠ ছাত্রযুবা কর্মীদের। বললেন, “স্বাধীনতা সংগ্রাম এখনও শেষ হয়নি। এবার আমাদের যেতে হবে বাংলা দেশের পবিত্র মাটিতে। এই স্বাধীনতা স্বাধীনতাই নয়”।

বঙ্গবন্ধু ১৯৪৭-এ পূর্ববাংলায় ফিরেই মুসলিম লীগ সরকার ও পশ্চিমাদের বাঙালিবিরোধী অন্যায় আচরণের প্রতিবাদে আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। ১৯৪৮ সালেই তিনি রাষ্ট্রভাষা আন্দোলনের মিছিলের নেতৃত্ব দেন। রাষ্ট্রভাষা আন্দোলনে নেতৃত্ব দিতে গিয়ে তিনি কারাবরণ করেন।

তাঁর নেতা সোহরাওয়ার্দীও তাঁকে চিঠি লিখে বলেছিলেন, বাংলাকে আঞ্চলিক ভাষা হিসেবে মেনে নিতে, কিন্তু রাষ্ট্রভাষা হিসেবে উর্দুকেই গ্রহণ করতে। গোয়েন্দা সংস্থার গোপন রিপোর্টে বলা হয়েছে, “শেখ মুজিবুর রহমান ডিজএপ্রুভড দি সাজেশন অব মিস্টার সোহরাওয়ার্দী টু গিভ রিজিওনাল স্ট্যাটাস অব বেঙ্গলি। শেখ মুজিবুর রহমান রিসিভড দি সাজেশন্স অব মিস্টার সোহরাওয়ার্দী থ্রু এ লেটার”। অন্য কর্মীরাও সোহরাওয়ার্দীর সঙ্গে একমত হলো না। (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জীবন ও রাজনীতি, সম্পাদক মোনায়েম সরকার)।

শেখ মুজিবের পেছনে গোয়েন্দারা ছায়ার মতো লেগে থাকত। তিনি কখন কী করতেন, সেই ১৯৪৮-১৯৪৯ সাল থেকেই তাঁর সম্পর্কে রিপোর্ট করা হতো সরকারের সংশ্লিষ্ট দপ্তরে।

তাঁকে গ্রেপ্তার করা হতো। গ্রেপ্তারের পরই তাঁর মুক্তির দাবিতে আন্দোলন শুরু হয়ে যেত। তাঁকে জামিনের জন্য কোর্টে নেয়া হলে সেখানেও ভিড় জমে যেত। তিনি সেই জনতার উদ্দেশ্যে আবার বক্তৃতা করতে শুরু করতেন মুসলিম লীগ সরকারের অপশাসনের বিরুদ্ধে। ১৪ মার্চ ১৯৫১ এ শেখ মুজিবের গতিবিধি সম্পর্কে সরকারি নথিতে বলা হচ্ছে,

"গোপালগঞ্জের টুঙ্গিপাড়ার লুৎফর রহমানের পুত্র শেখ মুজিবুর রহমানকে গোপালগঞ্জ কোর্ট থেকে ১৮ মার্চ জামিনে মুক্তি দেওয়া হয়। কিছু সংখ্যক ছাত্র মিছিল সহকারে তাঁকে নিয়ে বের হয়ে আসে ও সভা অনুষ্ঠিত হয়। মুজিবুর রহমান সভায় ভাষণ দেন। তিনি মওলানা ভাসানীসহ অন্যদের বিনাবিচারে আটক রাখার বিরুদ্ধে সরকারের তীব্র সমালোচনা করেন এবং ছাত্রদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। মুজিবুর রহমানকে সেদিনই গ্রফতার করা হয়। ... পরের দিন তাঁর মুক্তির দাবিতে গোপালগঞ্জে হরতাল পালিত হয়। স্থানীয় ছাত্ররা শেখ মুজিবুর রহমানের মুক্তি, বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ও ফ্রান্স কর্তৃক মরক্কোর ওপরে নিপীড়নের প্রতিবাদে মিছিল করে। মিছিল শেষে সভায় শেখ মুজিবের মুক্তির জন্য লড়াই করে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়"। (ইংরেজি থেকে অনুবাদ লেখকের)।

এই ছিল ওই সময়কার নিত্য চিত্র। শেখ মুজিব জেলজুলুমকে পরোয়া করতেন না। সাহস, দেশপ্রেম আর আপোশহীনতা ছিল তাঁর রক্তের কণায়।

সরকারি গোয়েন্দারা তাঁর মুচলেকা আদায়ের চেষ্টা করেছেন, তিনি কখনো মুচলেকা দিতেন না, বলতেন, সরকারের অন্যায়ের প্রতিবাদ তিনি করেই যাবেন। এখন সেই গোয়েন্দাদের সরকারি রিপোর্ট থেকে দেখা যায়, তাঁরা বলতেন, এই বন্দির অবস্থান খুব শক্ত। তাঁকে টলানো যায় না।

১৯৫১ সালের ২২ ফেব্রুয়ারি খুলনা কারাগারে তাঁর সঙ্গে সাক্ষাতের রিপোর্ট দিচ্ছেন জনৈক গোয়েন্দা ২৬ ফেব্রুয়ারিতে, "হি ওয়াজ নট উইলিং টু এক্সিকিউট এনি বন্ড ফর রিলিজ ইভেন ইফ দি ডিটেনশন উড কজ হিম টু ফেস ডেথ। হিজ অ্যাটিচুড ওয়াজ ভেরি স্টিফ"। এই বাক্যগুলো খেয়াল করুন, যদি তাঁর অন্তরিণ থাকাটা তাঁর মৃত্যুও ডেকে আনে, তবু তিনি কোনো মুচলেকায় সাক্ষর করবেন না। যতবার যতজন গোয়েন্দা তাঁর কাছে বন্ড স্বাক্ষর করাতে গেছেন, ততবার তাঁরা একই মনোভাবের পরিচয় পেয়েছেন, একই কথা লিখেছেন। ২২ মে-র গোয়েন্দা রিপোর্টেও বলা হচ্ছে, "তিনি (মুজিব) তাঁর অতীতের রাজনৈতিক কর্মকান্ড নিয়ে মোটেও অনুতপ্ত নন, বরং তিনি দৃঢ়প্রতিজ্ঞ যে তাঁর মুক্তির পর একজন রাজনৈতিক কর্মী হিসেবে তাঁর কাজ পুরোদমে চালিয়ে যাবেন। কী করবেন, সেকথা জানাতে তিনি অনিচ্ছুক। মুক্তি পেতে তিনি খুবই আগ্রহী, কিন্তু মুক্তির জন্য কোনো বন্ডে তিনি সই করার ব্যাপারে স্থিরচিত্ত। হিজ অ্যাটিচুড ওয়াজ ভেরি স্টিফ... তাঁর মনোভাব খুবই অনড়।"

১৯৫২ সালে ভাষা আন্দোলনের সময় কারাগারে বঙ্গবন্ধু অনশন ধর্মঘট করেছিলেন। তাঁকে কিছুতেই খাওয়ানো যাচ্ছিল না। তাঁর হার্ট দুর্বল ছিল, জীবনহানির আশংকা দেখা দিল। শেষে সরকার তাঁর প্রতিজ্ঞার কাছে নতি স্বীকার করল। তিনি মুক্তি পেলেন। টুঙ্গিপাড়ায় গেলেন। সে সময়ের একটা ঘটনা তিনি অসমাপ্ত আত্মজীবনীতে লিখেছেন,

একদিন সকালে আমি ও রেনু বিছানায় বসে গল্প করছিলাম। হাচু ও কামাল নিচে খেলছিল। হাচু মাঝে মাঝে খেলা ফেলে আমার কাছে আসে আর আব্বা আব্বা বলে ডাকে। কামাল চেয়ে থাকে। একসময় কামাল হাচিনাকে বলছে, "হাচু আপা, হাচু আপা, তোমার আব্বাকে আমি একটু আব্বা বলি"। আমি আর রেনু দুজনেই শুনলাম। আস্তে আস্তে বিছানা থেকে উঠে যেয়ে ওকে কোলে নিয়ে বললাম, "আমি তো তোমারও আব্বা"। কামাল আমার কাছে আসতে চাইত না। আজ গলা ধরে ঝুলে রইল। বুঝতে পারলাম, এখন ও আর সহ্য করতে পারছে না। নিজের ছেলেও অনেক দিন না দেখলে ভুলে যায়! আমি যখন জেলে যাই তখন ওর বয়স মাত্র কয়েক মাস।

এই ছিল বাস্তবতা। শেখ মুজিব লড়ছেন বাংলার মানুষের মুক্তির জন্য, তাই তাঁকে জীবনের অনেকটা সময় কাটাতে হচ্ছে কারাগারে, তাঁর ছেলে তাঁকে ভাবছে আপার আব্বা। শেখ মুজিব যদি তাঁর নিজের সুখ-স্বাচ্ছন্দ্যকে বড় করে দেখতেন, বেগম মুজিব যদি তাঁর পরিবারের সুখ ও নিরাপত্তাকে গুরুত্ব দিয়ে দেখতেন যে-কোনো সাধারন নারীর মতো, তাহলে এই দেশটা এত সহজে স্বাধীন হতো না। বঙ্গবন্ধু নিজের প্রাণের ভয়ে কোনোদিনও ভীত ছিলেন না। ওই ১৯৫১ সালে কারাগারে জেরা করতে আসা গোয়েন্দা কর্মকর্তাকে তিনি যে কথা বলেছেন, জীবনের শেষ দিন পর্যন্ত তা-ই ছিল তাঁর মুলমন্ত্র, যদি মৃত্যু আসে আসুক, তবু বাংলার মানুষের মুক্তির প্রশ্নে কোনো আপোশ নয়। আগরতলা ষড়যন্ত্র মামলায় তাঁর ফাঁসি হতে পারত, ওই সময় বন্দিশালায় তাঁকে গুলি করে মারার ষড়যন্ত্র হয়েছিল। তাঁর নিজের ভাষায়, "আমি দুই দুইবার মরতে মরতে বেঁচে গেছি। প্রথমবার আইয়ুব খানের বন্দিশালায় ষড়যন্ত্রের মামলায়। আমার এক সাথী আমাকে সতর্ক করে দেয় যে, সন্ধ্যাবেলা সেলের বাইরে গিয়ে নিয়মিত বেড়ানোর ব্যাপারটি বিপদজনক। পেছন থেকে গুলি করবে আর বলবে পালিয়ে যাচ্ছিল বলে গুলি করেছি। অন্যের বেল ঘটেও ছিল ওরকম গুলি চালনা। দ্বিতীয়বার ইয়াহিয়া খানের কারাগারে। আমার সামনেই আমার কবর খোঁড়া হচ্ছে। বুঝতে পারছি যে আমার সময় ঘনিয়ে আসছে"। (অন্নদাশংকর রায়)।

আগরতলা ষড়যন্ত্র মামলার আসামী সার্জেন্ট জহুরুল হককে এইভাবে গুলি করে হত্যা করা হয়েছিল। একাত্তর সালে যখন পাকিস্তানের কারাগারে তাঁকে আটকে রাখা হয়েছে, তখন তাঁর মৃত্যুদন্ড স্থির হয়ে গিয়েছল, তাঁর জন্য সেলের পাশে কবর খোঁড়া হয়েছিল। সামান্য আপোশ বাংলাদেশের মুক্তির পথকে বাঁকা আর দুর্গম করে তুলতে পারত। তা তিনি করেননি।

অন্যদিকে আছেন বেগম ফজিলাতুন নেছা মুজিব। বঙ্গবন্ধু শেখ মুজিবের প্রিয় রেনু। কী অসাধারণ এক নারীই না পেয়েছিলাম আমরা আমাদের জাতীয় ইতিহাসে! যার কথা ইতিহাসে আসে না। কারন, নারী ও পরিবারের সদস্যদের ত্যাগ আর অবদানের কথা থেকে যায় ইতিহাসের অন্তরালে। আমাদের ইতিহাসের দুটো খুব মাহেন্দ্রক্ষণে বেগম মুজিব নীরবে আমাদের ইতিহাসের গতিপ্রকৃতিকে ইতিবাচকভাবে নির্ধারণ করে দিয়েছিলেন। একটা হলো ঊনসত্তরের গন-আন্দোলনের সময়। শেখ মুজিব তখন আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি হিসেবে ক্যান্টনমেন্টে বন্দি। ওই সময় একটা গোলটেবিল বৈঠকে শেখ মুজিবকে অংশগ্রহন করানোর জন্য প্যারোলে মুক্তি দিয়ে নিয়ে যাওয়ার কথা হচ্ছিল। সারাদেশে প্রচন্ড অন্দোলন হচ্ছে। আর এই সময় শেখ মুজিব প্যারোলে মুক্তি নিয়ে যাবন আইয়ুব খানের সঙ্গে বৈঠক

করতে! বেগম মুজিব তাড়াতাড়ি ডেকে পাঠালেন বড় মেয়ে হাসিনাকে। শেখ হাসিনার হাতে চিরকুট দিলেন। শেখ হাসিনাও সেই চিরকুটের বার্তাটা মুখস্থ করে নিলেন যদি প্রহরীরা চিরকুট কেড়ে নেয় ! বেগম মুজিবের বার্তাটা ছিল, সারা দেশের মানুষ তোমার মুক্তির দাবিতে আন্দোলনরত, খবরদার তুমি প্যারোলে মুক্তি নিবা না। যদি তুমি প্যারোলে মুক্তি নিয়ে আস, আমি তোমার বিরুদ্ধে পল্টনে সভা করব। (শেখ হাসিনার কিছু স্মৃতি কিছু কথা, মঞ্জুরুল ইসলাম, সময় প্রকাশনী) ।

সেই বার্তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের তখনকার ছাত্রী শেখ হাসিনা পৌঁছে দিয়েছিলেন। শেখ মুজিব সেদিন সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন। তিনি প্যারোলে মুক্তি নেননি। বঙ্গবন্ধু হিসেবে মাথা উঁচু করে বেরিয়ে এসেছিলেন।

একাত্তরের ৭ মার্চের ঐতিহাসিক জনসভায় যোগ দিতে যাবেন বঙ্গবন্ধু। তিনি খুব অস্থির। একদিকে ছাত্রজনতার প্রচন্ড চাপ, আজই স্বাধীনতার ঘোষণা দিতে হবে। অন্যদিকে সারা পৃথিবী তাকিয়ে আছে ওই ভাষণটির দিকে। আমরা আজ জানি, এমনকি আমেরিকার কাগজপত্রে দেখা যাচ্ছে, আমেরিকার ক্ষমতাকেন্দ্রও নির্ঘুম অপেক্ষা করছিল শেখ মুজিব কী বলেন তা জানার জন্য। ইউনিল্যাটারাল ডিক্লারেশন অব ইনডিপেনডেন্স যদি আসে, তাঁর মোকাবিলার জন্য প্রস্তুত পাকিস্তানি মিলিটারি। এই অবস্থায় কী করবেন বঙ্গবন্ধু ! নিজের ঘরে তিনি পায়চারি করছেন। বেগম মুজিব তাঁকে বললেন, তুমি এত অস্থির কেন। শুয়ে খানিকক্ষন রেস্ট নাও। মুজিব শুয়ে পড়লেন। তাঁর মাথার কাছে মোড়া নিয়ে বসা শেখ হাসিনা, পায়ের কাছে বেগম মুজিব। বেগম মুজিব বললেন, তুমি তোমার নিজের বিবেকের কথা বলবা। তোমার সামনে লক্ষ মানুষের হাতে বাঁশের লাঠি, পেছনে বন্দুক। তুমি তা-ই বলবা, যা তোমার অন্তর বলতে চায়। শেখ মুজিব খানিকক্ষন চুপচাপ শুয়ে থেকে উঠলেন। যাওয়ার আগে বেগম মুজিবের কপালে চুম্বন করলেন। খানিকটা দেরি করেই তিনি পৌঁছালেন সভামঞ্চে। মানুষ তখন অধীরভাবে প্রতীক্ষা করছে, নির্মলেন্দু গুণের ভাষায়,

‘কখন আসবে কবি ?’
শত বছরের শত সংগ্রাম শেষে,
রবীন্দ্রনাথের মতো দৃপ্ত পায়ে হেঁটে
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন।
... গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর
অমর কবিতাখানি:
‘এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম’।

এত ত্যাগ, এত বীরত্ব, এত ভালোবাসা, এত প্রজ্ঞা দিয়ে মানুষটি আমাদের স্বাধীনতা দিয়ে গেছেন! ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে স্বাধীনতা ঘোষণার ওই দিবাগত রাতে তিনি সাংবাদিক আতাউস সামাদকে বলেছিলেন, “আই হ্যাভ গিভেন ইউ ইন্ডেপেন্ডেন্স, নাউ প্রিজার্ভ ইট” (আজকের কাগজ ্ ২২/১/৯৩) । আমাকে আতাউস সামাদ একাধিক বার বলেছেন, ২৫ মার্চ রাতে বঙ্গবন্ধু তাঁকে বলেছিলেন, “আমি ইউডিআই দিচ্ছি (ইউনিল্যাটারাল ডিক্লারেশন অব

ইনডিপেনডেন্স বা স্বাধীনতার একতরফা ঘোষণা)। আমি তোদের স্বাধীনতা দিয়ে গেলাম, যা, তোরা রক্ষা কর”।
ইথারে ছড়িয়ে পড়ল সেই ঘোষণা, আজ থেকে বাংলাদেশ স্বাধীন।

১৯৭২ সালে সাংবাদিক ডেভিড ফ্রস্ট বঙ্গবন্ধুকে জিজ্ঞেস করেছিলেন, “আজ এই মুহূর্তে অতীতের দিকে তাকিয়ে আপনি কোন দিনটিকে আপনার জীবনের সবচাইতে সুখের দিন বলে গন্য করবেন? কোন মুহূর্তটি আপনাকে সবচাইতে সুখী করেছিল ?”


বঙ্গবন্ধু বলেন, ‘আমি যেদিন শুনলাম, আমার বাংলাদেশ স্বাধীন হয়েছে, সে দিনটিই ছিল আমার জীবনের সবচাইতে সুখের দিন’।

ফ্রস্টঃ আপনার জীবনের সবচাইতে সুখের দিন ?
শেখ মুজিবঃ সমগ্র জীবনের সবচাইতে সুখের দিন !
ফ্রস্টঃ এমন দিনের স্বপ্ন আপনি কবে থেকে দেখতে শুরু করেন ?
শেখ মুজিবঃ বহুদিন ধরে আমি এই স্বপ্ন দেখে আসছি।

তাঁকে হত্যা করার জন্য বারবার সব আয়োজন সম্পন্ন করেও পাকিস্তানিরা তাঁকে মারতে পারেনি! ভুট্টোর হাতে ক্ষমতা ছেড়ে দেয়ার আগে ইয়াহিয়া খান বলেছিলেন, আমাকে আর দুটো দিন সময় দীন, আমি শেষ কাজটা করে নিই, শেখ মুজিবের মৃত্যুদন্ডটা কার্যকর করি।

সেই মৃত্যুদন্ড সেদিন কার্যকর হয়নি। হয়েছে আরও চার বছর পরে। আর তাঁর প্রাণ কেড়ে নেবে বাঙালিরা, এটা বঙ্গবন্ধু কোনোদিনও ভাবতে পারেননি। তাঁর বিরুদ্ধে চক্রান্ত হচ্ছে, তাঁর বিরুদ্ধে বিদ্রোহ হতে পারে, এই সব তথ্য বিভিন্নভাবে তাঁর কাছে পৌঁছানো হয়েছিল, এমনকি ভারতীয়রাও এই তথ্য জানাতে বিশেষ ব্যবস্থা নিয়েছিল। আমেরিকার অবমুক্ত নথি থেকে আমরা আজ তা জানি। কিন্তু বঙ্গবন্ধু মৃত্যুকে ভয় পেতেন না, আর এটা তাঁকে বিশ্বাস করানো অসম্ভব ছিল যে, কোনো বাঙালি তাঁকে আঘাত করতে পারে। তিনি বলেছিলেন তাঁর সবচেয়ে বড় গুণ হল তিনি তাঁর দেশের মানুষকে বেশি ভালোবাসেন। আর তাঁর সবচেয়ে বড়ো দুর্বলতা হলো, তিনি দেশের মানুষকে একটু বেশিই ভালোবাসেন। সেই ভালোবাসা আর বিশ্বাস তাঁর মৃত্যুর কারন হয়ে উঠল। ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁকে হত্যা করেছে যারা, তাদের ভাষা ছিল বাংলা, তাদের হাতে ছিল গরিব বাঙালির রক্ত পানি করা টাকায় কেনা অস্ত্র। শুধু বঙ্গবন্ধু নন, শুধু বেগম মুজিব নন, শিশুপুত্র রাসেল, গর্ভবতী পুত্রবধুও রেহাই পায়নি সেই হত্যাকান্ডের রাতে !

জাতির পিতাকে হত্যা করে বাংলাদেশ রাষ্ট্রটিকেই পেছনের দিকে ফেরানোর চেষ্টা করা হলো। তাঁর নাম মুছে দেওয়ার চেষ্টা হলো নানাভাবে। কিন্তু দিন যতই যাচ্ছে, ততই উজ্জ্বল থেকে উজ্জ্বল হয়ে উঠছেন তিনি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বাঙালির জাতির পিতা। বিবিসি বাংলার জরিপে যে উঠে এসেছিল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, তা যথার্থ কারণ বাঙালির হাজার বছরের ইতিহাসে তিনিই বাঙালিকে একটা স্বাধীন রাষ্ট্র উপহার দিয়েছেন। আজ বাংলাদেশের স্বাধীনতা আর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কথা দুটো সমার্থক হয়ে উঠেছে ।



# প্রবন্ধ

## জাহানারা ইমামের পবিত্র *একাত্তরের দিনগুলি* পাঠ

**পিয়াস মজিদ**

তোমাদের সন্তানেরা তোমাদের নয়,
... ... ... ... ...
তারা জীবনের সন্তানসন্ততি
জীবনের জন্যই তাদের আকুতি।
তারা তোমাদের সঙ্গেই রয়েছে
তবু তারা তোমাদের নয়।
তারা তোমাদের ভালোবাসা নিয়েছে
কিন্তু নেয় নি তোমাদের ধ্যান-ধারণা,
কেননা তারা গড়ে নিয়েছে
তাদের নিজস্ব ধ্যান ধারণা।
তাদের শরীর তোমাদের আয়ত্তের ভেতর
কিন্তু তাদের আত্মা কখনই নয়
কেননা, তাদের আত্মা বাস করে
ভবিষ্যতের ঘরে,
যে ঘরে তোমরা কখনই পারবে না যেতে
এমনকি তোমাদের স্বপ্নেও না।
... ... ... ... ...
তাদেরকে চেয়োনা তোমাদের মত করতে
কারণ তাদের জীবন কখনই ফিরবে না
পেছনের পানে।

১. ৩রা মার্চ ১৯৭১-এর দিনলিপির শেষভাগে লেবানিজ কবি কাহলিল জিবরানের ভুবনবিখ্যাত ‘প্রফেট’ কবিতার এই অংশ উদ্ধৃতের আগে শহিদ সাইফ ইমাম রুমীর মা জাহানারা ইমাম বলেন–

*রুমী এখন তার নিজের জীবনে প্রবেশ করতে যাচ্ছে, তার একান্ত নিজস্ব ভুবন, সেখানে তার জন্মদাত্রীরও প্রবেশাধিকার নেই।*

প্রিয়তম পুত্রকে মরণসঙ্কুল মুক্তিযুদ্ধে সমর্পণের সময় এমন নৈর্ব্যক্তিক অভিব্যক্তিই বোধ করি কোমলপ্রাণা মাতৃহৃদয়কে রূপান্তরিত করে 'শহিদ জননী'র অমর প্রতিমায়।

২. হৃদয়রক্তে লেখা বই একাত্তরের দিনগুলিকে কী বলবো আমরা?
দিনলিপি; কবিতা নয় কেন?
কবিতা; উপন্যাস নয় কেন?
উপন্যাস; গল্প নয় কেন?
গল্প; নাটক নয় কেন?

বলা হয় হোর্হে লুইস বোর্হেসের প্রথাভাঙা কথাপুঞ্জের পর শিল্পমাধ্যমের শ্রেণিকরণ পুরোপুরি ভেঙে পড়েছে। জাহানারা ইমামের *একাত্তরের দিনগুলি*কেও আমরা এই শ্রেণিসীমাভাঙা রচনা হিসেবে পাঠ করতে চাই।

জাহানারা ইমাম এই বই উৎসর্গ করেছেন 'মুক্তিযুদ্ধের সকল শহীদ ও জীবিত গেরিলার উদ্দেশ্য'। হ্যাঁ, আদ্যন্ত এক গেরিলা-তৎপরতার ছাপই মুদ্রিত দেখবো আমরা এই বইয়ে। শুধু কি রুমী আর তার সহযোদ্ধারা গেরিলা ভূমিকায় অবতীর্ণ ছিল? আমরা তো স্বয়ং জাহানারা ইমাম নামের এক অতন্দ্র গেরিলা নারীকে সমুজ্জ্বল দেখি এর পাতায় পাতায়।

১ মার্চ ১৯৭১ থেকে ১৭ ডিসেম্বর ১৯৭১ পর্যন্ত সাড়ে ন'মাসের ঢাকা শহর জাহানারার স্বর্ণকলমে উঠে এসেছে তার অবরুদ্ধতা-অসহায়তা এবং একই সঙ্গে প্রবল– প্রতিরোধী চেহারাসমেত। এর আগে দ্বিতীয় বিশ্বযুদ্ধের তাপরঞ্জিত আনাফ্রাঙ্কের দিনলিপি পড়েছি আমরা কিন্তু *একাত্তরের দিনগুলি*র সঙ্গে এর তফাত মৌল। আনাফ্রাঙ্ক যৌথ দুর্দশায় ব্যক্তি-এককের কথা বলেছিল আর আমাদের জাহানারা ইমাম দিনলিপির আধারে ব্যক্তিকণ্ঠে ধারণ করেছেন সমষ্টির গান।

৩. জাহানারা ইমাম দিনলিপির পাতায় বুনে দিয়েছেন ইতিহাসের আভা। ফলত তথ্য কণ্টকিত না হয়েও মুক্তিযুদ্ধের ইতিহাসের বহু প্রামাণ্য সূত্রের যোগান হয় এই বই। দিনলিপির প্রথম দিন অর্থাৎ ১ মার্চ ১৯৭১-এর লেখা শুরু হয় ক্রিকেট-দর্শক রুমী ও তার বন্ধুদের ডিনারের জন্য হ্যামবার্গার কিনে আনার ব্যক্তিগত ঘটনা দিয়ে কিন্তু আড়াই পাতার এই দিনলিপি আবার শেষ হয় এভাবে–

*শেখ মুজিব আগামীকাল ঢাকা শহরে, আর পরশুদিন সারাদেশে হরতাল ডেকেছেন। ৭ মার্চ রেসকোর্স ময়দানে গণজমায়েতের ঘোষণাও দিয়েছেন। জাতীয় পরিষদ অধিবেশন স্থগিতের কি পরিণাম হতে পারে, তা নিয়ে বহু রাত পর্যন্ত আলাপ-আলোচনা চলল খাবার টেবিলে বসে। রাত প্রায় বারোটার দিকে শুতেও গিয়েও ঘুম এল না। অনেক দূর থেকে শ্লোগানের শব্দ আসছে। বোঝা যাচ্ছে এত রাতেও অনেক রাস্তায় লোকেরা মিছিল করে শ্লোগান দিচ্ছে। কেবল জয় বাংলা ছাড়া অন্য শ্লোগানের কথা ঠিক বোঝা যায় না। কিন্তু*

*তবু ঐ সম্মিলিত শত-কণ্ঠের গর্জন সমুদ্রের ঢেউয়ের মত আছড়ে এসে পড়েছে শ্রুতির কিনারে। শিরশির করে উঠছে সারা শরীর। গভীর রাতে আধো-ঘুমে, আধো-জাগারণে মনে হল যেন গুলির শব্দও শুনলাম।*

এর ঠিক পরদিন ২ মার্চের দিনলিপিতে বিভিন্ন রাজনৈতিক দলের সভার পাশাপাশি বায়তুল মোকাররম প্রাঙ্গণে নবগঠিত ফরোয়ার্ড স্টুডেন্টস ব্লকের সভার কথা জানা যাচ্ছে। ২৫ এপ্রিলের দিনলিপিতে ঢাকায় বিহারিদের মিছিল নিয়ে উদ্ভূত আতঙ্কের আঁচ টের পাই। ২৮ মে ১৯৭১-এর দিনলিপিতে বাড়িতে লেবু গাছ রোপনের সমান্তরালে জানা যায়– 'পাকিস্তান প্লাঞ্জেস ইন টু সিভিল ওয়ার– পাকিস্তান গৃহযুদ্ধে জড়িয়ে পড়েছে' শীর্ষক নিউজউইকে প্রকাশিত চাঞ্চল্যকর প্রবন্ধের খবর।

ব্যক্তি- অনুভূতির সাথে ইতিহাসের রঞ্জন যেমন এই বইয়ের এক বিশেষ বৈশিষ্ট্য তেমনি রুমী ও তার সহযোদ্ধাদের গেরিলা অপারেশনের কিছু বিবরণের মাধ্যমে একাত্তরের গেরিলা তৎপরতার একটি বিশ্বস্ত রেখাচিত্র অঙ্কিত হয়। ৮ আগস্ট ১৯৭১-এর দিনলিপিতে রুমীর ভাষ্যে ভারতের বিশ্রামগঞ্জে গেরিলা হাসপাতালের রসদ জোগাতে একটি অ্যাকশনের বর্ণনা পাই ঠিক এরকম–

*বেড়ার ঘরে বাঁশের মাচার বেড, তাতে খড়ের গদি। ডাক্তার, নার্সদের থাকার জায়গাও ওইরকম বেড়ার ঘরের মাচায় বেড। আখতার ভাই শুধু ডাক্তারিই করেন না, ফাঁক পেলেই স্টেনগান হাতে অ্যাকশনে বেরিয়ে যায়। একবার হলো কি, হাসপাতালে ওষুধপত্র নেই, আখতার ভাই একটা জীপে কয়েকজন মুক্তিযোদ্ধা সঙ্গে নিয়ে এক জায়গায় বর্ডার ক্রস করে ইস্ট পাকিস্তানের ভেতরে ঢুকে এক হাসপাতাল লুট করলো। ফ্রিজ থেকে শুরু করে ওষুধপত্র, অপারেশনের যন্ত্রপাতি, গজ-ব্যান্ডেজ সব একেবারে সা-ফ তুলে নিয়ে এলো। আবার, মজা করে একটা রসিদ লিখে রেখে এলো– বাংলাদেশের সৈন্যদের ব্যবহারের জন্য এসব জিনিস নেয়া হলো।*

শুধু মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ নয়, একাত্তরের বহুকৌণিক ইতিহাস রচনারও এমন আকরগ্রন্থ এই বই। তাই আমরা সম্প্রতি এক কিশোর পত্রিকাকে *একাত্তরের দিনগুলি* অবলম্বনে রুমী ও তার বন্ধুদের গেরিলা তৎপরতার নকশা মুদ্রণ করতে দেখি।

৪. অগ্নিঝরা একাত্তরে জাহানারা ইমাম ছিলেন বাংলার একজন লেখক, শিক্ষক ও সচেতন সংস্কৃতিকর্মী। স্বভাবতই তাঁর দিনানুদৈনিকের বর্ণনায় একাত্তরের ঢাকায় কবি-লেখক-শিল্পী-বুদ্ধিজীবীবৃন্দের অবস্থানও চিত্রিত হয়েছে। এই বইয়ের ইতিউতি নানা ঘটনাপ্রবাহে আমরা খুঁজে পাই সুফিয়া কামাল, জয়নুল আবেদিন, আবুল কালাম শামসুদ্দীন, মুনীর চৌধুরী, কবীর চৌধুরী, কে. জি মোস্তফা, মোফাজ্জল হায়দার চৌধুরী, শহীদুল্লা কায়সার, বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, ড. রফিকুল ইসলাম, কামরুল হাসান, আবদুল্লাহ আল মামুন, মুস্তফা মনোয়ার, আলতাফ মাহমুদ, নওয়াজেশ আহমেদ, বেলাল বেগ, আবুল বারক আলভী, শাহাদত চৌধুরী, ডা. আলিম চৌধুরী, ডা. ফজলে রাব্বি, নাসিরউদ্দিন ইউসুফ বাচ্চু প্রমুখের সরব উপস্থিতি।

জাহানারার দৃষ্টি সর্বতোগামী তাই একদিকে ১৪ মার্চ ১৯৭১-এর লেখায় বাঙালির স্বাধিকার প্রতিষ্ঠার আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণার পর ঢাকার কবি-সাহিত্যিকদের সমন্বয়ে গঠিত 'লেখক-সংগ্রাম শিবির'-এর সম্পর্কে যেমন বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করেছেন ঠিক তেমনি ১৭মে ১৯৭১-এ রেডিও টিভিতে বাংলার লেখক-শিল্পী-বুদ্ধিজীবীদের বেয়নেটের মুখে 'সবকিছু স্বাভাবিক রহিয়াছে' জাতীয় বিবৃতিদানের ইতিহাসও ওঠে এসেছে। অধিকাংশই বিবৃতিতে বাধ্য হয়ে সই দিলেও 'সানন্দে' সইদাতা কারো কারো কথা উল্লেখ করতে ভুলেননি লেখক। এদের সম্পর্কে বলছেন–

*এরকম নির্লজ্জ মিথ্যাভাষণে ভরা বিবৃতি স্বয়ং গোয়েবলসও লিখতে পারতেন কিনা সন্দেহ। এই পূর্ব বাংলার কোন প্রতিভাধর বিবৃতিটি তৈরি করেছেন, জানতে বড় ইচ্ছে হচ্ছে।*

জাহানারা ইমাম কথিত 'প্রতিভাধর'রাই নিশ্চয়ই বুদ্ধিবৃত্তিক যুদ্ধাপরাধীর দল যারা অদ্যাবধি বাংলাদেশের অস্তিত্বকে বুদ্ধিজাগতিক মারপ্যাঁচে অস্বীকার করতে চায়। যুদ্ধাপরাধীদের বিচারপ্রক্রিয়া শুরু হওয়ার প্রেক্ষিতে এই ঘৃণ্য অপরাধীদেরও বিচারের আওতায় আনার তাগাদা দেয় *একাত্তরের দিনগুলি*।

মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ভূমিকা কতটা উদ্দীপক ও প্রেরণাসঞ্চারী ছিল তার উদাহরণে যেমন ভাস্বর এই বই তেমনি চিত্রশিল্পীদের অবদানের কথাও মুদ্রিত হয়েছে দিনলিপির বিভিন্ন অক্ষরে–

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র ক'দিন থেকে ধরতে পারছি। খুব অল্প সময়ের জন্য অনুষ্ঠান ... রবি ঠাকুরের 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি,' নজরুলের 'কারার ঐ লোহ কপাট ভেঙে ফেল কররে লোপাট,' 'দুর্গম গিরি-কান্তার মরু দুস্তর পারাবার' আর 'মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম।' আরেকটা গান হয়, এটা আগে কোনদিন শুনি নি– 'কেঁদো না কেঁদো না মাগো আর তুমি কেঁদো না।

*আর অনুষ্ঠানের শুরুতে বাজে শাহনাজ বেগমের সেই গান যেটার রেকর্ড আমি কিটির হাতে সরিয়ে দিয়েছি–*

'জয় বাংলা, বাংলার জয়।
*হবে হবে হবে নিশ্চয়'*।
কিংবা শিল্পীদের তৎপরতা–

আজ রুমী অভিনব স্টিকার নিয়ে এসেছে– 'একেকটি বাংলা অক্ষর একেকটি বাঙালির জীবন।' বাংলায় লেখা স্টিকার জীবনে এই প্রথম দেখলাম। রুমী খুব যত্ন করে স্টিকারটা গাড়ির পেছনের কাচে লাগাল। স্টিকারের পরিকল্পনা ও ডিজাইন করেছেন শিল্পী কামরুল হাসান।

৫. এই বইয়ে সমবেত নানা কবিতা ও গানও যেন গেরিলার মতো প্রোজ্জ্বল; একাত্তরে যেসব কবিতার পঙ্ক্তি আর গানের সুরের ভূমিকা গ্রেনেড-গোলার চেয়ে কোন অংশে কম ছিল

না। দিনলিপির নানা অংশে আসেন রবীন্দ্রনাথ-কাহলিল জিবরান-সুকান্ত-জীবনানন্দ-জিম রিভ্স-টম জোনস প্রমুখ। জীবনানন্দ দাশের *আবার আসিব ফিরে* কবিতার পঙ্‌ক্তিতে যেমন মা জাহানারা জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার সবুজ করুণ ডাঙায় আবাহন করেন মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া পুত্র রুমীকে তেমনি টম জোনসের 'গ্রীন গ্রীন গ্রাস' গানের প্রসঙ্গে এর সংশ্লিষ্ট ইতিহাস উল্লেখ করতে ভুলেন না। এ ইতিহাস তাকে শুনিয়েছিল স্বয়ং রুমী। এক ফাঁসির আসামী ধূসর পাথরে তৈরি চার দেয়ালের ভেতর শুয়ে নিজ গ্রামের সবুজ ঘাসে ভেসে বেড়ানোর স্বপ্ননীলিমায় ভেসে বেড়ায়; টম জোনস তাঁর গানে এই কথাই বলেছিলেন। মায়ের সঙ্গে কথোপকথনে রুমীর জবানিতে সম্ভাব্য এমনই এক করুণ বাস্তবের কথা উঠে এসেছিলো ২৮ আগস্ট ১৯৭১-এর দিনলিপিতে। উদ্গত অশ্রুকে গোপন রেখে এমন পাথরসত্যের কথা বোধ করি একমাত্র জাহানারা ইমামই বলতে পারেন।

১২ আগস্ট ১৯৭১-এর লেখায় রুমীর মৃদুস্বর-আবৃত্তিতে আবিষ্কার করা গেল শামসুর রাহমানের সুখ্যাত *গেরিলা* কবিতাকে। আমরা জানি একাত্তরের উত্তাপই এই অনন্য কবিতার জন্মবীজ। মুক্তিযুদ্ধে অবরুদ্ধ বাংলাদেশ থেকে কলকাতায় *গেরিলা*সহ শামসুর রাহমানের স্বাধীনতার কবিতাবলি প্রেরণ ও প্রকাশের তথ্য যেমন এখানে সংকলিত দেখি তেমনি ২২ অক্টোবর ১৯৭১ পাক বাহিনির হাতে রুমীর নিখোঁজের পর জননী জাহানারার কণ্ঠেও অস্ফুট আবৃত্ত হতে থাকে *গেরিলা*–

দেখতে কেমন তুমি ? কি রকম পোশাক আশাক
প'রে করো চলাফেরা? মাথায় আছে কি জটাজাল ?
পেছনে দেখাতে পারো জ্যোতিশ্চক্র সন্তের মতন?
টুপিতে পালক গুঁজে অথবা জবর জং, ঢোলা
পাজামা কামিজ গায়ে মগডালে একা শিস দাও
পাখির মতই কিংবা চা-খানায় বসো ছায়াছন্ন?
*দেখতে কেমন তুমি? অনেকেই প্রশ্ন করে, খোঁজে*
*কুলুজি তোমার আতিপাতি! তোমার সন্ধানে ঘোরে*
*ঝানু গুপ্তচর, সৈন্য, পাড়ায় পাড়ায়। তন্ন তন্ন*
*করে খোঁজে প্রতি ঘর।*
*পারলে নীলিমা চিরে বের*
*করতো তোমাকে ওরা, দিতো ডুব গহন পাতালে।*
*তুমি আর ভবিষ্যৎ যাচ্ছো হাত ধরে পরস্পর।*
*সর্বত্র* তোমার পদধ্বনি শুনি, দুঃখ-তাড়ানিয়া
*তুমি তো আমার ভাই, হে নতুন সন্তান আমার।*

স্বদেশের দুঃখ-তাড়ানিয়া রুমীর মতো এমন অসমসংকল্পী গেরিলাদের ছবিই তো শামসুর রাহমান কবিতায় এঁকেছেন শব্দের বহুবর্ণিল রঙে।

৬. এই সব ডামাডোলের মধ্যে জামীর জন্মদিন কখন এসে চলে গেছে, কারো খেয়ালই নেই। জামীর নিজেরই হয়তো খেয়াল নেই। আমার হঠাৎ মনে পড়ল সন্ধ্যার মুখে। বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর এসেছিলেন। ... ওকে বিদায় দিতে বাইরের গেট পর্যন্ত গেলাম! বাগানের

চার পাঁচটা গোলাপ গাছে ফুল ফুটে রয়েছে। সেদিকে তাকিয়ে বোরহান বললেন, 'ভারি চমৎকার ফুল তো। বাগান একেবারে আলো করে ফুটে রয়েছে।'

আমি বললাম, 'ফুলগুলোর এতটুকু লজ্জা হৃদয় বলে কিছু নেই। সারাবছর এত খাটি, এত যত্ন করি ওদের জন্য। অথচ আমার এত বড় সর্বনাশেও ওদের কিছু যায় আসে না। কেমন নির্লজ্জের মতো ফুটে রয়েছে।'

কেমন এক আক্রোশভরা চোখে চেয়ে রইলাম বনি প্রিন্স, এনা হার্কনেস, সিমোন আর পিসয়ের উজ্জ্বল, সুখী চেহারাগুলোর দিকে। তাকিয়ে থাকতে থাকতেই মনে পড়ল রুমী বনি প্রিন্সের একটা আধ-ফোটা কলি উপহার দিয়েছিল আমার জন্মদিনে। আহা, আমার বনি প্রিন্স আজ কোথায়? কোন জালেমের হাতে শুকিয়ে ঝরছে?

এই ভাবতে ভাবতেই হঠাৎ বিদ্যুৎ চমকের মতো মনে পড়ে গেল আজ জামীর জন্মদিন। আমার আরেকটা বনি প্রিন্স তো রয়েছে। রুমীর শোকে জামীকে ভুলতে বসেছি!

আমি বনি প্রিন্সের ফুলটা ছিঁড়ে নিয়ে জামীর খোঁজে বাড়ির ভেতর গেলাম। একতলায় নেই, দোতলায় নেই। ছাদে গিয়ে দেখি জামী খোলা মেঝেতে বসে মাথা নিচু করে সেতার বাজাচ্ছে। কাছে গিয়ে দাঁড়ালাম। জামী টের পেল না। একটু নিচু হয়ে দেখলাম ও চোখ বুজে বাজাচ্ছে, চোখের পাতা ভেজা। বুকে ধাক্কা লাগল, জামী প্র্যাকটিস করার সময় রুমী তবলা বাজাত। সেই কথা মনে হয়ে কি জামীর চোখে পানি ? নাকি ওর জন্মদিনে ওর ভাইয়ের কথা মনে করে চোখে পানি? বাড়ির সবাই ওর জন্মদিনের কথা ভুলে গেছে বলে অভিমানে ওর চোখে পানি?


আমারও চোখ ভরে পানি এল, ফুলটা আলতো করে জামীর গায়ে ছুঁইয়ে অস্ফুটে বললাম, 'মেনি মোর রিটার্নস।'

একাত্তরের পবিত্র অগ্নিতে পুড়ে গোলাপ হয়েছে জাহানারা ইমামের পুষ্পপ্রতিম পুত্র রুমী। সন্তানশোকে অসময়ে চলে গেছেন রুমীর বাবা শরীফ সাহেব। এমন নিরঙ্কুশ শোকের আবহে অবশিষ্ট 'বনি প্রিন্স' জামীকে ব্যক্তিমায়ের কোল থেকে স্বদেশমাতার বিস্তৃত পক্ষপুটে তুলে দিতে নির্দ্বিধ দেখি একজন জাহানারা ইমামকে। এমন মায়েরা ছিলেন বলেইতো জননীবাংলা পেয়েছে স্বাধীনতার সাধ দেয়া *একাত্তরের দিনগুলি* নামক পবিত্র পুস্তকের লেখক জাহানারা ইমামের পক্ষেই সম্ভব।

৭. আজকের পাঠক, আগামীর পাঠক, অনন্ত ভবিষ্যতের পাঠক একবার পড়বে আর বারবার ফিরে আসবে *একাত্তরের দিনগুলির* অর্ন্তমহলে। দেখবে কী পবিত্র প্রতিজ্ঞায় ব্যক্তিগত অশ্রু ও রক্তকে অবরুদ্ধ রেখে এক একটি অক্ষরে গোটা জাতির হয়ে জাহানারা বয়ন করেছেন *একাত্তরের দিনগুলি*। এভাবেই একটি বইয়ে যেন জাহানারা ইমাম ধরে রাখলেন গোটা বাঙালি জাতির অশ্রু-রক্ত-দীর্ঘশ্বাস-হাহাকার এবং অনন্ত গৌরবের আখ্যান।

যুগজয়ী এই পবিত্র গ্রন্থের লেখক অসময়ে চলে গিয়েও প্রতিদিন থাকেন আমাদের সংকল্পে ও সংগ্রামে। তাই ২০১৩-এর ঐতিহাসিক শাহবাগ অভ্যুত্থানে তাঁর রুমীর মতোই হাজার রুমীর প্রতিরোধ-প্রতিবাদে উচ্চারিত হতে দেখি অমোঘ জাহানারা ইমামকে– 'জয় আমাদের হবেই'।

# প্রবন্ধ



## পাঠক কেন বই পাঠ করবে

**আলম তালুকদার**
পরীক্ষা নিয়ন্ত্রক

যিনি পাঠ করেন তিনি পাঠক। আর যিনি লেখেন তিনি লেখক। যিনি দেখেন তিনি দেখক। যিনি একা তিনি একক। তো আমাদের বিচার্য বিষয় হলো পাঠক। পাঠক কেন বই পড়বে? যত বই আছে তিনি কি সব বই পড়বেন? নাকি যার যেটা প্রয়োজন তিনি সেটাই পাঠ করবেন। এসব বিষয়ে নানা জনের নানা মত। একজন তো বলেছেন, কিছু বই বারবার পড়তে হয়। পারলে চিবিয়ে খেতে বলেছেন। আর কিছু বই আছে পড়লেই হলো। শেষে বলেছেন, অন্যগুলো নাড়াচাড়া করলেই হলো। তাতেই হয়ে যাবে। তাহলে কি দাঁড়ালো? সব বই পড়ার দরকার নেই। তো স্বাভাবিক প্রশ্ন আসে প্রয়োজনীয় বই বাছাই করতে হলে তো আগে পড়তে হবে। পড়ারও কৌশল আছে। সেটি বই পড়তে পড়তে মাথায় গজিয়ে যায়। এই আর কি।

এখন আমরা চলুন দেখি পাঠক কেন বই পাঠ করবেন। পাঠক কি বই পাঠ করতে বাধ্য? নাকি স্বতঃস্ফূর্তভাবেই পাঠ করবেন? দুটোই সত্য। কেউ পাঠ করতে বাধ্য। আবার কেউ পড়ার জন্য জন্মগ্রহণ করেছেন। তবু বিচার বিশ্লেষণে দেখা গেছে সাধারণত: বেশ কয়েকটি কারণে পাঠক বই পাঠ করে থাকেন।

যেমন-

১. অভ্যাস বশত;
২. কর্তব্য মনে করে;
৩. সময় কাটানো;
৪. জানার জন্য;
৫. তাৎক্ষণিক সন্তুষ্টি;
৬. প্রাত্যহিত জীবনের চাহিদা;
৭. আরো কিছু প্রয়োজন, অন্যদের জন্য;
৮. পেশাগত দক্ষতা বাড়ানো;
৯. ব্যক্তিগত সামাজিক কারণ;
১০. সু-নাগরিক হবে;
১১. আত্মউন্নয়ন;
১২. সাংস্কৃতিক চেতনা বৃদ্ধি;

১৩. নিজেকে সমৃদ্ধকরণ;

১৪. গবেষণার জন্য;

১৫. বুদ্ধিবৃত্তিক চাহিদা;

১৬. আধ্যাত্মিক উন্নয়ন;

১৭. আনন্দ লাভের জন্য;

১৮. আশ্রয় লাভের জন্য;

১৯. জীবনযুদ্ধের রসদ আহরণ;

২০. নানাবিধ অন্যান্য কারণে।

আরো থাকতে পারে। তবে অনেকেই ঐ বিশটি কারণের সাথে হয়তো একমত হবেন। পাঠক এবং লেখক দুটো শব্দ খুবই গুরুত্বপূর্ণ শব্দ। সাথে দুজন ব্যক্তিও। লেখক যা লিখেছেন তা পড়ে যদি পাঠক তৃপ্তি না পান, আনন্দ না পান, প্রয়োজনীয় কিছু যদি না পান, তাহলে পাঠক কেন বই পড়বেন? আর লেখক কি লেখেন, তা যদি পাঠক উল্টে পাল্টে না দেখেন তা হলে কার জন্য কি জন্য লিখলেন? এই জন্য পাঠক আর লেখক দুজনে মিলেই একক সত্বা।

আর লেখক কে? কাকে আমরা লেখক বলবে? বিশেষজ্ঞরা বলেছেন, একজন লেখকের তিনটি রূপ থাকবে। (১) তিনি কখনো নিছক গল্প বলিয়ে, (২) তিনি কখনো শিক্ষক, (৩) তিনি কখনো হবেন জাদুকর। একজন বড় লেখকের মাঝে এই তিনটি রূপের সমন্বয় ঘটে, তবে তিনটির মধ্যে জাদুকরী মায়াই প্রধান। বড় লেখক প্রকৃত অর্থে একজন বড় ইন্দ্রজালিক। মানব জাতির ভবিষ্যত রূপকার বলা হয় এ্যালভিন টফলারকে। তাঁর অনেক উক্তি বিখ্যাত। অন্যতম উক্তি হলো- "সমাজে এমন মানুষের দরকার যারা বড়দের প্রতি যত্নবান হবেন এবং জানবেন কি করে করুণাময় ও সৎ হতে হয়; এমন মানুষের দরকার যারা হাসপাতালে কাজ করে আনন্দ পাবেন। কেবল জ্ঞান ও তত্ত্ব সম্পন্ন নয়, প্রয়োজন দক্ষতা সম্পন্ন মানুষেরও। আবেগ, স্নেহ, মায়া-মমতায় ভরা থাকতে হবে মানুষের হৃদয়। কেবল তথ্য উপাত্ত ও কম্পিউটার দিয়ে সমাজ চলবে না"। তিনি আরো বলেছেন, "একুশ শতকে মুর্খ বলতে কেবল অক্ষরজ্ঞানহীন বা লিখতে-পড়তে না জানা লোক বুঝাবে না। যারা শেখানো বা শিখতে চায় না, যারা শেখার বিষয় ভুলে যায় বা যেতে চায় এবং শিক্ষায় আপডেট বা হালনাগাদ থাকে না তারা সবাই মুর্খ।"

এর মধ্যে অন্যেরা পড়ুক আর নাই পড়ুক লেখক বা পাঠক উভয়ই পড়ে যাবেন। সাথে যোগ হতে পারে প্রকাশক। একজন প্রকৃত প্রকাশককে বুঝতে হবে কোনটা প্রকাশ করে বাজারজাত করবেন। অর্থাৎ বইটি পাঠক পাঠ করে হজম করবেন নাকি বদহজমের আকর বানাবেন। প্রকৃত পাঠক কে? সেটাও কিন্তু বিচার্য বিষয়। লেখক মানে বিজ্ঞান কল্পকাহিনীকার অধ্যাপক, দার্শনিক, নবকভ বলেছেন, প্রকৃত পাঠক তিনিই যার মধ্যে অন্তত: ৪টি গুণাবলী থাকতেই হবে। সেই চারটি কোন চারটি। যদি আগ্রহ থাকে তবে পড়ুন-

১. পাঠকের কিছুটা রসবোধ থাকবে;

২. পাঠকের একটি বা দুটি অভিধান থাকবে;

৩. পাঠক স্মৃতিশক্তি সম্পন্ন হতে হবে;

৪. পাঠকের কল্পনাশক্তি থাকতে হবে।

তো এই চারটি অভ্যাস বা গুণাবলী যে পাঠকের মধ্যে থাকবে না সে পাঠক কাতারে অন্তর্ভূক্ত হতে পারে না। পাঠক তালিকার বাইরে থেকে তিন ছাগলের বাচ্চার মতো হুদাহুদিই ফাল মারবে। রাজা উজির মারবে। তাও ভাল রাজা উজির শব্দগুলো পৃথিবী হতে অন্তত: বিলুপ্ত হবে না। তাও বা কম কিসে? আগে ছিল 'জ্ঞানই শক্তি' এখন যোগ হয়েছে 'তথ্য-প্রযুক্তিই শক্তি'। জ্ঞান আর তথ্য এক জিনিস নয়। 'পড়িলে বই আলোকিত হই'। এই যে আলো এটা কেমন আলো? এটার কি রঙ। এই আলো কি স্নিগ্ধ নাকি বেশি জ্বলন্ত উজ্জ্বল? এই আলো নিজেকে খুলে নিজের মধ্যে তালাশ করা। একজন মানুষের ভিতরে তো অনেক মানুষের বাস। একজন আরেকজন হতে আলাদা। একটা বের হলে অন্যটাকে রাখতে হয় আলাদা। আলোকিত মানুষ কে? একাডেমিক ডিগ্রীধারীরা কি সবাই আলোকিত? অক্ষরজ্ঞানহীন তারা কি আলোকিত হতে পারে না? অবশ্যই পারে। অক্ষরজ্ঞানহীন মানুষও অনেক সময় আলোর সাধক, আলো বিতরণ করতে পারে। এই যে অন্তরের ভিতরে অন্তর। যে অন্তরে অনুভব বা যে বোধ মানুষের জন্য দরদ অনুভব করে, দেশের প্রতি সমাজের প্রতি দরদ অনুভব করে নিজেকে ভালোবাসতে শিখায়। মা-বাবা, আত্নীয়-স্বজনের জন্য বোধ কাজ করে। সেই বোধই হলো আলোকিত কিছু, আলোকিত অনুভব বা শ্রেয়নীতির বোধ। এইসব বোধ তৈরি হয়ে পাঠ্য বইয়ের বাইরে অপাঠ্য বইয়ে। যা জীবন অভিজ্ঞতার ভান্ডার সমৃদ্ধ করে যুদ্ধে যাবার অনেক হাতিয়ার মজুত রাখা যায়। এমন ভাবনাগুলোই হলো গ্রহণযোগ্য অনুভব বা বোধ। একজন জ্ঞান সম্পন মানুষ, সমৃদ্ধ মানুষ কাকে বলা হয়? তাকেই বলা যায় যিনি- (১) ভাবাবেগে কথা বলবেন না, (২) যিনি যুক্তি দিয়ে কথা বলবেন এবং যুক্তি গ্রহণযোগ্য হলে মেনে নিবেন, (৩) যিনি মানুষকে মানুষ মনে করবেন। যিনি তার সামনে আগত মানুষকে মানুষ বলে গণ্য মনে করে তার সাথে যোগ্য ভদ্র আচরণ করবেন। এসব গুণাবলি একজন সমৃদ্ধ বা আলোকিত মানুষের ভেতরে অবশ্যই থাকা চাই। তা না হলে-'না পড়িলে বই, অন্ধকারে রই'। তাতো বুঝবেন অবশ্যই।

জীবনের জন্য কোনটা গুরুত্বপূর্ণ? নাম? নাকি ভাষা, নাকি আশা? নাকি মন, নাকি সংকল্প? নাকি ধ্যান? নাকি জ্ঞান? নাকি বিজ্ঞান? কোনটা জরুরী? নাকি এর কোনটাই না? নাকি আরো যোগ করবেন? যেমন-বল, মনোবল, তারপর তেজ মানে আলো, নাকি জল, নাকি আকাশ-বাতাস? কোনটা? খানিক খাদ্য? সেটাই বা কম কিসে? নাকি আদত এবং মোক্ষম জিনিস জীবন? আসল কথাটাই তো জীবন। জীবন না থাকলে নাম, কাম, ভাষা, মন, পণ, জ্ঞান-বিজ্ঞান বল, জল আর তেজ, আলো, কালো আকাশ বাতাস তো সব অন্ধকার। আসল কথাটাই তো জী + বন= জীবন। হ্যা আমরা বনে বাস করছি। সেই বনে যেমন বাঘ- ভালুক আছে সিংহ আছে আবার ছাগল ভেড়াও আছে। সেই বনে যেমন ফার্নিচারের কাঠ আছে ঠিক তেমনি লাকড়ির কাঠও আছে। ফলের গাছ, ফুলের গাছ যেমন আছে কাঁটাবন আর শরীর চুলকানোর গাছও আছে। এমন একটি বনের মধ্যে থাকে আমার আপনার মন। এই কারনেই Life এর বাংলা জীবন । নাকি জীবনের ইংরেজি Life, হ্যাঁ তাও হতে পারে। Lie + if = Life . মিথ্যা হবে যদি। কি? যদি না Life এ Light না থাকে।

আর কে না জানে A book mean, a real book is a store of light : light means, power মানে শক্তি। মানুষ কাকে ভক্তি করে? শক্তিমানকে। সে শক্তি মোহাম্মদ আলীর শক্তি নয়। সে শক্তি সক্রেটিস, রবীন্দ্রনাথ, নজরুল, জীবনানন্দ আর শামসুর রাহমানের শক্তি। এমন শক্তির জন্যই মানুষকে জীবন যাপন করতে হয়। মানুষকে fight করতে হয়। যার সাধনা যত বেশি তার প্রতি মানুষের ভক্তিশ্রদ্ধাও তত বেশি। সবাইতো আর শক্তিমান হবে না। কেউ কেউ হবে। ঐ কেউ কেউ হওয়া সবার ভাগ্যে জোটে না। না জুটুক। পাঠকরাতো পাঠ করে যাবেন নাকি। পাঠকের জন্যই কিন্তু লেখক। লেখকের জন্য পাঠক নয়। পাঠকতো আর বলে না আপনি লিখুন। লেখাটা লেখকের ইচ্ছা। কি লেখবেন কেন লিখবেন এটা লেখকের স্বাধীনতা । পাঠক পড়বেন কি পড়বেন না সেটা পাঠকের ইচ্ছা। এটাই হলো কিচ্ছা।

তবে পুরো কিচ্ছা শেষ করার আগে আরো একটা কিচ্ছা আপনাদের সমীপে পেশ করছি। নাখোশ হবেন না। বই পড়লে যে বুদ্ধি বাড়ে তা আমি হলপ করে লিখে দিচ্ছি। তা কেমন করে? নিচের গল্পটা পড়লেই বুঝতে পারবেন।

অবিভক্ত ভারতবর্ষে একটা কথা চালু ছিল, অনেকটা এই রকম, “What Bengal thinks today, whole India thinks tomorrow” তো এক শিখজীর সাথে ট্রেনে যাত্রাপথে এক বাঙ্গালি বাবুর দেখা হয়েছে। তারা ট্রেনে কলকাতা হতে দিল্লীর সহযাত্রী। দু’জন একই কক্ষে পাশাপাশি বসেছেন।

এই কথা সেই কথা শেষে ঐ কথা। কি কথা? : আচ্ছা দাদা বাঙালিদের এত বুদ্ধি কীভাবে হয়? বলেন তো। বাঙালি বাবু বেশ কিছুক্ষণ চিন্তা করে বলল,

:আমরা ভাজা তিত্পুঁটি খাইতো তাই বুদ্ধি বেশি।

:তা সেটা কেমন জিনিস? :বাঙালি বাবুর গিন্নী হিসাবি, তাই তার জন্য ছোট টিফিন কেরিয়ারে দুপুরের খাবার দিয়েছেন। ক্ষুধা পেলে খাবে। তো সেখানে তিত্পুঁটি ভাজী বের করলেন। তখন দুপুর হয়েছে। একটি বাক্সে দশ বারোটা ভাজা তিত্পুঁটি শোভা পাচ্ছে। বাবু তিতপুঁটি দেখিয়ে বলল।

:এই সব হচ্ছে তিত্পুঁটি, এক ধরনের মাছ। যত খাবেন, তত বুদ্ধি। তো শিখজির বুদ্ধি দরকার। সে বুদ্ধি বাড়ানোর জন্য বলল, আমাকে একটা দিবেন?

:হ্যাঁ দিতে পারি। যদি ৫০০ রুপিয়া দেন।

:ঠিক আছে এই নিন ৫০০ রুপি। আমাকে একটা দিন। বাঙালি বাবু নগদ ৫০০ রুপি পকেটে রেখে তাকে একটা তিত্পুঁটি দিলেন।

শিখজি ছোট তিত্পুঁটি মুখে দিয়ে দুই একটা চাবানি দিয়ে গিয়ে ফেলল, একটু নোনতা নোনতা বেশ মজার বটে। মুখ নাড়তে নাড়তে বলল,

: আচ্ছা দাদা, এই ছোট একটা পুঁটি মাছের দাম ৫০০ রুপি? দামটা বেশি হয়ে গেলনা?

: অবশ্যই বেশি হয়েছে। তা শিখছি, চিন্তা করে দেখুন, পুঁটি মাছটি খাওয়ার আগে কিন্তু ঐ প্রশ্নটি আপনার মাথায় আসেনি। যখনই আপনি খেয়ে শেষ করেছেন তখনি আপনার মাথায় বুদ্ধি গজিয়েছে এবং সেই বুদ্ধির জোরে আপনার মনে প্রশ্নটি এসেছে। তাই না? খাওয়ার আগে কিন্তু ঐ প্রশ্নটি আসেনি। এতেই প্রমান হয় তিত্পুঁটি ভাজি খেলে বুদ্ধি বাড়ে তাই না? নগদ নগদ প্রমান।

তাই বলছিলাম কী , বই পড়লেও বুদ্ধি বাড়ে। বিশ্বাস হয় না? না হলে একটু পরখ করে দেখুন। দুই চারটা বইয়ের মতো বই পড়ুন তারপর বলুন আমার কথা সত্য না মিথ্যা। আর ঐ সত্য আর বিশ্বাসে তফাৎ কী সেটা জানেন তো? এক ছেলে তার বাবাকে প্রশ্ন করেছিল। বাবা, সত্য কোনটা বিশ্বাস কোনটা?

তো বুদ্ধিমান বাবা অনেকক্ষণ চিন্তা করে বলল,
: বেটা তুই যে তোর মায়ের পেট হতে এই দুনিয়ার এসেছিস এইটা সত্য।
আর আমি যে তোর বাবা, এটাই বিশ্বাস।
লেখাটা এখানেই শেষ, চলুন আরামে ছেড়ে দেই সবুজ নি:শ্বাস।



# প্রবন্ধ

## আন্তর্জাতিক প্রবীণ দিবস, জাতীয় প্রবীণ নীতিমালা ও পিতা-মাতার ভরণ-পোষণ আইন-২০১৩ এবং মা-বাবার প্রতি দায়িত্ব- ইসলামের দৃষ্টিভঙ্গি


**এ, এন, এম, ইব্রাহিম খান**
৩৭তম ব্যাচ, এলএলএম
আইডি: ১৪৩০৫০১০৪০২৮


পহেলা অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস হিসাবে স্বীকৃত। বিশ্বের বিভিন্ন দেশ প্রবীণদের অধিকার রক্ষায় এবং বার্ধক্যের নানান সমস্যা ও সম্ভাবনার বিষয়গুলোকে তুলে ধরার লক্ষ্যে ১৯৯১ সাল থেকে দিবসটি পালন করে আসছে। বিশেষতঃ ২০০২ সালে স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিত ১৫৯টি দেশের প্রতিনিধিদের উপস্থিতিতে প্রবীণ বিষয়ক দ্বিতীয় বিশ্ব সম্মেলনের পর থেকে পহেলা অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস হিসাবে বিশেষ গুরুত্ব সহকারে পালন হয়ে থাকে। বাংলাদেশেও প্রতি বছর যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালিত হয়। বিশেষ করে প্রবীণদের সংগঠন, বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ কেন্দ্রীয় এবং জেলা ভিত্তিক শাখা কার্যালয়গুলির মাধ্যমে আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন করে থাকে।

মাদ্রিদ সম্মেলনে একটি আন্তর্জাতিক কর্ম পরিকল্পনা ও রাজনৈতিক ঘোষণা গৃহীত হয়। এতে সিদ্ধান্ত নেয়া হয় যে ”সকল বয়সীদের জন্য উপযুক্ত একটি সমাজ নির্মানের জন্য উন্নয়নের অধিকার, মৌলিক স্বাধীনতা ও সকল ধরনের মানবাধিকার রক্ষা ও উন্নয়ন খুবই প্রয়োজন।”

উক্ত সম্মেলনে যে বিষয়গুলোর উপর গুরুত্বারোপ করা হয় সেগুলো হল-

১) সকল প্রবীন নাগরিকের মৌলিক স্বাধীনতা ও মানবাধিকারের পূর্ণ বাস্তবায়ন;

২) নিরাপদ বার্ধক্য অর্জন এবং প্রবীন বয়সে দারিদ্র দূরীকরণ এবং প্রবীণদের জন্য জাতিসংঘ নীতিমালা বাস্তবায়ন;

৩) নিজেদের সমাজে স্বেচ্ছামূলক কাজ ও আয় বর্ধকমূলক কাজের মাধ্যমে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনযাপনে পরিপূর্ণ ও কার্যকরভাবে অংশগ্রহন করার জন্য প্রবীণদের ক্ষমতায়ন;

৪) জীবনব্যাপি এবং শেষ জীবনেও স্বচ্ছল, আত্মপরিতৃপ্তি ও ব্যক্তিগত উন্নয়নে সুযোগ সৃষ্টি করা;

৫) প্রবীণরা কোনও একক সমজাতীয় বর্গ নয়- বিষয়টি স্বীকার করে তাঁদের জীবনব্যাপী শিক্ষা ও কমিউনিটি অংশগ্রহনের সুযোগ সৃষ্টি করা।

৬) প্রবীণদের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার এবং ব্যক্তির নাগরিক ও রাজনৈতিক অধিকার নিশ্চিত এবং তাঁর বিরুদ্ধে সকল বৈষম্য ও সন্ত্রাস দূর করা;

৭) জেন্ডারকেন্দ্রীক বৈষম্য দূর করে প্রবীণদের মধ্যে জেন্ডার সাম্য প্রতিষ্ঠা করার অঙ্গিকার করা;

৮) সামাজিক উন্নয়নের জন্য পারস্পরিক সংহতি, আন্তঃপ্রজন্ম নির্ভরশীলতা ও পরিবারে স্বীকৃতি প্রদান করা;

৯) প্রতিরোধ ও পুর্নবাসনমূলক স্বাস্থ্যসেবা, সহায়তা এবং সামাজিক নিরাপত্তার সুযোগ থাকা;

১০) প্রবীণদের সঙ্গে প্রাইভেট সেক্টর, সিভিল সোসাইটি ও সরকারের সব মহলের মধ্যে অংশীদারিত্ব গড়ে তোলার জন্য সহযোগিতা করা;

১১) উন্নয়নশীল দেশসমূহে অন্যান্যের মধ্যে বার্ধক্যের ব্যক্তিগত, সামাজিক ও স্বাস্থ্যগত প্রতিক্রিয়াগুলোকে কেন্দ্র করে যন্ত্রপাতি আবিস্কারসহ বৈজ্ঞানিক গবেষণা ও দক্ষ জনশক্তি তৈরিতে উৎসাহ প্রদান করা;

১২) আদিবাসী প্রবীণদের বিশেষ পরিস্থিতি ও অন্যান্য পারিপার্শ্বিকতা বিবেচনায় রেখে তাঁদের বক্তব্য কার্যকরভাবে প্রকাশের সুযোগ দেয়া;

এ সম্মেলনে মোট ২৩৯ টি সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং তিনটি নির্দেশনা কার্যকর করতে বলা হয়, সেগুলো হলো-

১) প্রবীণ জনগোষ্ঠীর উন্নয়ন;

২) প্রবীণদের স্বাস্থ্য ও স্বচ্ছলতা বৃদ্ধি;

৩) প্রবীণদের জন্য সক্ষমতা ও সহায়তামূলক পরিবেশ নিশ্চিত করা;

জাতিসংঘের ঘোষণা এবং জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩ অনুযায়ী যাদের বয়স ৬০ বছর বা এর বেশী তাঁদেরকে প্রবীণ বলা হয়েছে।

বার্ধক্য মানব জীবনে একটি অনিবার্য বিষয়। মানুষ জন্মের পর থেকেই বার্ধক্যের দিকে যেতে থাকে। গত শতাব্দীর পঞ্চাশের দশকে যখন সারাবিশ্বে প্রবীণ ব্যক্তিদের সংখ্যা ছিল শতকরা ৮ ভাগ, সেটি এ শতাব্দীর শুরুতে ১১ ভাগ ছাড়িয়ে গেছে, যা ২০৫০ সাল নাগাদ শতকরা ২২ ভাগ ছাড়িয়ে যাবে বলে ধারনা করা হচ্ছে। বিশ্বের এ প্রবীণ বৃদ্ধির হারকে পিছনে ফেলে দিচ্ছে বাংলাদেশ। বিআইডিএস এর এক পরিসংখ্যান অনুযায়ী ১৯৯০ সালে বাংলাদেশে মোট জনসংখ্যার ৪.৯৮ শতাংশ ছিল প্রবীণ জনগোষ্ঠী, ২০০১ সালে যা দাঁড়ায় ৬.১০ শতাংশ, ২০১৩ সালে যা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৭ শতাংশ এবং এই প্রক্ষেপণ অনুযায়ী ২০২৫ ও ২০৫০ সালে যা দাঁড়াবে যথাক্রমে ১১ শতাংশ ও ২০ শতাংশ। অর্থাৎ ২০৫০ সাল নাগাদ মোট জনসংখ্যার এক পঞ্চমাংশ হবে প্রবীণ। জীবন ব্যবস্থার মানোন্নয়ন, চিকিৎসা ব্যবস্থা ও স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার হ্রাসকরণের জন্যই আমাদের দেশে প্রবীণদের সংখ্যা বাড়ছে। প্রবীণদের এ বৃদ্ধির হারকে সমস্যা হিসেবে না ধরে যথাযথ উদ্যোগ নিলে প্রবীণ জনগোষ্ঠীকে মূল্যবান জনসম্পদে পরিনত করা যাবে সহজেই।

মাাদ্রিদ আন্তর্জাতিক কর্ম পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে প্রবীণ ব্যক্তিদের সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অবদানের স্বীকৃতিসহ প্রবীণদের সার্বিক কল্যাণে ২০১৩

সালে সরকার জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩ ও পিতামাতার ভরন পোষণ বাধ্যতামূলক করে পিতামাতার ভরন পোষণ আইন ২০১৩ পাশ করে।

জাতীয় প্রবীণ নীতিমালায় ৬০ বছর বয়সের নাগরিকদেরকে প্রবীণ হিসেবে বিবেচনা করে তাঁদেরকে জেষ্ঠ্য নাগরিকের (সিনিয়র সিটিজেন) সম্মান দেয়া হয়েছে এবং প্রবীণ ব্যক্তিদের সামাজিক সুযোগ-সুবিধা, জীবন ও সম্পত্তির নিরাপত্তা, দারিদ্র দূরীকরণ, আর্থিক নিরাপত্তা, স্বাস্থ্য পরিচর্যা ও পুষ্টি, বিশেষ কল্যাণ কার্যক্রম, নীতিমালা বাস্তবায়নে কমিটি গঠন এবং নীতিমালা বাস্তবায়ন কৌশলের বিভিন্ন দিক আলোকপাত করা হয়েছে।

অপরদিকে, পিতা-মাতার ভরন পোষণ আইন ২০১ তে প্রত্যেক সন্তানের জন্য তার পিতা-মাতার ভরন পোষণ বাধ্যতামূলক করা হয়েছে এবং ভরণপোষণের ব্যবস্থা না করলে দুই লাখ টাকা জরিমানা, অনাদায়ে সর্ব্বোচ্চ ছয় মাসের জেলের বিধান রাখা হয়েছে।

পিতা-মাতা আলাদাভাবে বসবাস করলে তাঁদের সন্তানের আয়ের ১০ শতাংশ নিয়মিতভাবে দিতে বিধান করা হয়েছে। উক্ত আইনে উল্লেখিত অপরাধ জামিন অযোগ্য। তবে আপসযোগ্য। কোন সন্তানের স্ত্রী বা স্বামী কিংবা অন্য সহায়তাকারী উপরোক্ত অপরাধে অভিযুক্ত হবেন। প্রত্যেক সন্তানকে পিতা-মাতাকে একই সঙ্গে একই স্থানে বসবাস নিশ্চিত করতে হবে। কোন সন্তান তার পিতা-মাতাকে বা উভয়কে তাঁদের ইচ্ছার বিরুদ্ধে বৃদ্ধনিবাস বা অন্য কোথাও বা আলাদাভাবে বসবাস করতে বাধ্য করতে পারবে না। প্রত্যেক সন্তান তার পিতা-মাতার স্বাস্থ্য সম্পর্কে নিয়মিত খোঁজ খবর রাখবে। প্রয়োজনীয় চিকিৎসা সেবা ও পরিচর্যা করবে। তাঁরা পৃথকভাবে বসবাস করলে সন্তানদের নিয়মিত সাক্ষাত করতে হবে। পিতা-মাতার অবর্তমানে দাদা-দাদিকে এবং মাতার অবর্তমানে নানা-নানীকে ভরন পোষণ করতে হবে।

ইসলাম ধর্মে পিতা-মাতার প্রতি অনেক সম্মান, মর্যাদা ও গুরুত্ব দেয়া হয়েছে। ইসলাম ধর্মে মহান সৃষ্টিকর্তা ও পালনকর্তা আল্লাহর পরই পিতা-মাতাকে স্থান দেয়া হয়েছে। মহান আল্লাহ সুবহানা ওয়াতা'লা পবিত্র কুরআনে ঘোষনা করেন, ”আপনার প্রতিপালক নির্দেশ দিচ্ছেন, তোমরা কেবল তাঁরই ইবাদত করবে এবং পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করবে। তোমাদের কাছে যদি তাঁদের কোন একজন অথবা উভয়ই বৃদ্ধাবস্থায় পৌঁছে তাহলে তুমি তাঁদের উহ্ পর্যন্ত বলবে না, তাঁদের ধমক দেবে না। বরং তাঁদের সাথে বিশেষ মর্যদাসহকারে সম্মানজনক কথা বলবে। বিনয় ও নম্রতার বাহু তাঁদের জন্য সম্প্র*সারিত করবে। আর এ দোয়া করতে থাকবে: হে প্রভু, এদের প্রতি রহমত বর্ষণ করুন, যেমন করে তারা স্নেহ-মমতাসহকারে শৈশবে আমাকে লালন-পালন করেছেন। ”* (সূরা বনি ইসরাঈল: ২৩ ও ২৪)

পবিত্র কুরআনে অসংখ্যবার বলা হয়েছে, আল্লাহর সাথে শিরক না করতে এবং তার পরপরই বলা হয়েছে মা-বাবার সাথে সদ্ব্যবহার করতে। আল্লাহ সুবহানা ওয়া তায়ালা আরো বলেছেন, আমি মানুষকে নিজেদের পিতা-মাতার সাথে উত্তম ব্যবহার করার নির্দেশ দিয়েছি।” (সুরা আনকাবুত: ৮)।

“আমি মানুষকে পিতা-মাতার প্রতি সদ্বব্যবহার করার নির্দেশ *দিয়েছি। তার মা কষ্ট ও দুর্বলতা সহ্য করে তাকে নিজের পেটে বহন করেছে। আর তাকে একাধারে দু’বছর দুধ*

*পান করিয়েছে। অতএব আমার প্রতি কৃতজ্ঞ থাক এবং পিতা-মাতার প্রতিও। আমারই কাছে তোমাদের ফিরে আসতে হবে।”* (সূরা লোকমান: ১৪)।

হযরত আবদুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) থেকে বর্ণিত; তিনি বলেন, “এক ব্যক্তি আল্লাহর নবী (সাঃ) এর সামনে এসে বলল, আমি আপনার কাছে হিজরত ও জিহাদ করার বাইয়াত গ্রহন করতে চাই এবং আল্লাহ তায়ালার *কাছে সওয়াবের আশা রাখি। তিনি বললেন: তোমার পিতা-মাতার কেউ কী জীবিত আছেন? সে বলল, হাঁ, বরং উভয়ই জীবিত আছেন। তিনি বললেন, তারপরও তুমি আল্লাহর কাছে প্রতিদান আশা করো? সে বলল, হ্যাঁ। তিনি বললেন, তোমার পিতা-মাতার কাছে ফিরে যাও, তাদের সাথে সদ্ব্যবহার করো”*। (বুখারী ও মুসলিম)

হযরত আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, “তিনি বলেন, এক ব্যক্তি রাসুলুল্লাহ (সাঃ) এর কাছে বলল, ইয়া রাসুলুল্লাহ, আমার কাছে সদ্ব্যবহার পাওয়ার সর্বপেক্ষা অধিক অধিকারী কে? *তিনি বললেন: তোমার মাতা। সে বলল, তারপর কে? তিনি বললেন, তোমার মাতা। সে বলল, তারপর কে? তিনি বললেন, তোমার মাতা। সে বলল, তারপর কে? তিনি বললেন, তোমার পিতা”*। (বুখারী ও মুসলিম)

মহানবী (সাঃ) বলেছেন, “তারাই (পিতা-মাতা) তোমার জান্নাত, তারাই তোমার জাহান্নাম” অর্থাৎ তাদের সাথে সদ্ব্যবহার করার ফলে আল্লাহ জান্নাত দান করবেন। আর তাদের প্রতি দুর্ব্যবহার করার ফলে অনেকে অনেক সৎ কাজ করা স্বত্ত্বেও জাহান্নামি হয়ে যাবে।

রাসুলূল্লাহ (সাঃ) আরও বলেছেন, “পিতার সন্তুষ্টিতে আল্লাহর সন্তুষ্টি এবং পিতার অসন্তুষ্টিতে আল্লাহ অসন্তুষ্টি। এবং মায়ের পায়ের নীচে সন্তানের বেহেশত”। (তিরমিযি)

হযরত আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিক, নবী করিম (সাঃ) বলেছেন, “এ ব্যক্তির নাক ধূলায় মলিন হোক যে তার পিতা-মাতা উভয়কে অথবা একজনকে বৃদ্ধাবস্থায় পেয়েও তাঁদের সেবা করতে পারল না”। (মুসলিম)

রাসূল (সাঃ) বলেছেন, “যে ব্যক্তি তার বয়স এবং জীবিকা বাড়াতে চায় সে যেন তার মাতা-পিতার সাথে সৌজন্যমূলক ব্যবহার ও তাঁদের সাথে সদ্ব্যবহার করে”। (আত্‌তারগীব ওয়াত্‌তারহীব)

রাসূল (সাঃ) বলেছেন, “সে ব্যক্তি অপমানিত হোক, আবার সে অপমানিত হোক এবং আবার সে অপমানিত হোক। সাহাবাগন জিজ্ঞেস করলেন, ইয়া রাসূলুল্লাহ (সাঃ) ! কে সে ব্যক্তি? *তিনি* উত্তর দিলেন, যে ব্যক্তি তার মাতা-পিতাকে বৃদ্ধাবস্থায় পেলো অথবা তাদের কোন একজনেকে বৃদ্ধাবস্থায় পেলো তারপর (তাদের খেদমত করে) বেহেস্তে প্রবেশ করতে পারেনি”। (মুসলিম)

হযরত ইবনে আবাবস (রাঃ) বলেন যে, রাসূল (সাঃ) বলেছেন, “যে নেক সন্তান মাতা-পিতার প্রতি একবার ভালোবাসার দৃষ্টিতে তাকাবে আল্লাহ তা’আলা প্রতিদানে তাকে একটি মকবুল

*হজ্বের সওয়াব দান করবেন। সাহাবাগণ জিজ্ঞেস করলেন, ইয়া রাসূলুল্লাহ (সাঃ), কেউ যদি দয়া ও ভালোবাসার সাথে একদিনে একশতবার দেখে? তিনি বললেন, জ্বী, হ্যাঁ, কেউ যদি একশতবার এরূপ করে তবুও। আল্লাহ তোমাদের ধারণা থেকে অনেক প্রশস্ত এবং সংকীর্ণতা থেকে পবিত্র।"* (মুসলিম)

হযরত আবদুল্লাহ বিন মাসউদ (রাঃ) বলেছেন, "একদা মহানবী (সাঃ) কে জিজ্ঞেস করলাম: কোন আমল আল্লাহর নিকট অধিক প্রিয়? *তিনি বললেন, সময়মত নামাজ পড়া। আমি আবার জিজ্ঞেস করলাম, এরপর কোন কাজ আল্লাহর নিকট প্রিয়? তিনি বললেন, মাতা-পিতার সাথে সদ্ব্যবহার করা। আমি আবার জিজ্ঞেস করলাম, এরপর কি? তিনি বললেন, আল্লাহর পথে জিহাদ করা"*। (বুখারী, মুসলিম)

পবিত্র কোরআন এবং হাদিসের উদ্ধৃতি থেকে এটা পরিস্কার যে, পিতা-মাতার সেবা করাকে ইসলামে আল্লাহর ইবাদতের পর এবং জিহাদের উপরে স্থান দেয়া হয়েছে।

পিতা-মাতার প্রতি সন্তানদের দায়িত্বপালন করা এবং দায়িত্ব পালন না করলে শাস্তির বিধান ইত্যাদি আইনের ব্যাপার কিন্তু এ ক্ষেত্রে আইনের চেয়ে ধর্মীয় অনুভূতি এবং হৃদয়ের একান্ত আবেগ অনুভূতিটাই বেশী ভূমিকা রাখতে পারে। সন্তানের প্রধান কর্তব্য হওয়া উচিত মাতা-পিতার সকল রকম সুখের দিকে লক্ষ্য রাখা। পিতা-মাতার শারীরিক, মানসিক সকল সুখ স্বাচ্ছন্দ্যের দিকে সন্তানের দৃষ্টি দিতে হবে। মাতা-পিতার ভরন পোষণের দায়িত্বটিকে কোনভাবেই বোঝা না ভেবে এটাকে জীবনের একটি পবিত্র দায়িত্ব বিবেচনা করতে হবে। মা-বাবা যখন বৃদ্ধ বয়সে পৌঁছেন তখন তারা কর্মজীবন থেকে অবসর জীবনে পৌঁছে যান। অনেকেই তখন সন্তানের উপর নির্ভরশীল হন। এ অবস্থায় তাঁদের সব রকমের সুখ স্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করা সন্তানের কর্তব্য। নিজের জীবনে অভাব অভিযোগ, সমস্যা, সংকট যতই থাকুক না কেন তারপরেও পিতা-মাতার সুখ স্বাচ্ছন্দ্যের বিষয়টিকে অগ্রাধিকার দিতে হবে। তাদের স্বাস্থ্যের দিকে দৃষ্টি রাখতে হবে। অনেক মা-বাবা নিজে অশিক্ষিত হলেও সন্তানদের উচ্চশিক্ষিত করেন অনেক ত্যাগ তিতিক্ষার বিনিময়ে। কর্মজীবনে উচ্চপদে অধিষ্ঠিত হওয়ার পর অনেক সন্তান অশিক্ষিত বাবা-মাকে স্বীকার করতে লজ্জা পান, তাদের পরিচয় দিতে বিব্রত বোধ করেন। তাদের মত নরাধম আর কেউ হতে পারে না।

আসুন আমরা সবাই আইনের কারনে নয়, বাবা-মায়ের অশেষ অবদানের কথা প্রতিমূহূর্তে স্মরণ করি, তাদের প্রতি যথাযথভাবে দায়িত্ব পালন করি, জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তাদের সেবা যত্নে নিজেদেরকে সর্ব্বোতভাবে উৎসর্গ করি।

আর আমরা যদি প্রত্যেকে নিজ নিজ পিতা-মাতার প্রতি আমাদের দায়িত্ব পালন করি তাহলে প্রকারান্তরে প্রবীণদের প্রতি দায়িত্ব পালন করা অনেকাংশে আদায় হয়ে যাবে। মহান আল্লাহ সুবহানা ওয়াতায়ালা পিতা-মাতার প্রতি, প্রবীণদের প্রতি আমাদের হৃদয়ে মমতা এবং ভালবাসা বৃদ্ধি করে দিন, আমীন।

# প্রবন্ধ



## স্বপ্ন তা নয় যা ঘুমিয়ে দেখা যায়
## স্বপ্ন তা যা জাগিয়ে রাখে

**এস এম জসিম উদ্দিন আহমেদ**
৩৫তম ব্যাচ, বি-১, এলএলবি (ফাইনাল)
আইডি: ১৪১০৫০১০২০৬৭

পৃথিবীতে যত মানুষ তার থেকে নাকি বোকার সংখ্যা বেশি । বোকা হোক আর বুদ্ধিমানই হোক-সব মানুষেরই স্বপ্ন থাকে, আশা থাকে। আশা নিয়ে মনে সে হাজারো স্বপ্নের জাল বুনে। আমরা মানুষেরা স্বপ্ন দেখতে ভালবাসি। কারো স্বপ্ন বাস্তবে রূপ পায়, কারো আংশিক মেলে। কারোটা আবার হাওয়ায় মিলিয়ে যায়। ঘুমের মধ্যে অবচেতন মনে দেখা স্বপ্ন ঘুম ভাঙলে আনন্দ অথবা বেদনা, ভয় কিংবা দীর্ঘশ্বাসের অনুভূতিতে হারিয়ে যায়। আসল স্বপ্নকে মনের মণি কোঠায় লালন করতে হয়, নার্সিং করতে হয়। আলো, বাতাস, পানি, খাদ্যরূপে পরিকল্পনা ও অধ্যবসায় দিয়ে তাকে ফুলে ফলে সুশোভিত করতে পারলেই তা হয় সার্থক। এ স্বপ্ন মানুষকে সদাই জাগ্রত রাখে, উজ্জীবিত করে। প্রণোদনা দেয়। চ্যালেঞ্জকে মোকাবেলা করতে শেখায়। নতুন বিনির্মাণে উৎসাহ যোগায়।

জন্ম, প্রবৃদ্ধি, পরিপূর্ণতা তারপরে অবসান, এসব স্বপ্ন নিয়ে আমাদের জীবনধারা তৈরি হয়। তেমনিভাবে আমাদের পেশাগত জীবনেও রয়েছে বৈচিত্র্যময় কিছু পর্যায়। যেমন জন্মলাভের পরেই আমরা পেশায় প্রবেশ করি না কিংবা পেশায় প্রবেশের সাথে সাথেই সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাই না। বয়স, অভিজ্ঞতা, যোগ্যতা, কাজের আগ্রহের ভিত্তিতেই আমরা ক্রমান্বয়ে পেশার বিভিন্ন স্তরে উন্নীত হই। তারপর একসময় আসে যখন আমাদের কর্মমুখর জীবনের ইতি টানতে হয়। জীবন চক্রের সাথে পেশাচক্রের এ এক অদ্ভূত মিল। জীবনের পরিপূর্ণতায় আমাদের যেমন স্বপ্ন থাকে পেশা নির্বাচনেও আমাদের তেমন স্বপ্ন থাকে। স্বপ্ন থাকে পেশার সফল স্তরে উন্নীত হবার।

সংখ্যাধিক্যে আমি বোকাদের অন্তর্ভূক্ত হলেও পেশাগত জীবনে আর দশজনের মতো আমারও স্বপ্ন আছে। স্বপ্ন-একজন যোগ্য নির্বাহী হবার। আমার স্বপ্নের কাঙ্খিত বাস্তবায়নে আমার যোগ্যতা, আমার প্রচেষ্টার পাশাপাশি আমার প্রতিষ্ঠান, তার নিয়মনীতি, প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর দক্ষতা, সহকর্মীর সহযোগিতা, টীম স্পিরিট, কর্ম পরিবেশ-প্রতিবেশ আমার সফল হবার জন্য কতটা সহায়ক তা অবশ্যই বিবেচনায় নিতে হবে। প্রত্যেক প্রতিষ্ঠানের একটা Vision এবং Mission আছে। আমি যে প্রতিষ্ঠানে কাজ করি তার Vision, Mission জেনে বুঝে আমাকে রণচাতুর্য্যিক পরিকল্পনা নিয়ে এগুতে হবে।

প্রতিষ্ঠানের একজন নির্বাহী হিসেবে আমাকে ডায়নামিক হতে হবে। সময় মতো কাজ করতে হবে। তবে এই করাটা আমার মতো করে করলে হবে না। এটা করতে হবে প্রতিষ্ঠানের মতো করে। কাজ করতে গেলে কারো না কারো সাথে দ্বন্দ্ব থাকবেই। কিন্তু এক্ষেত্রে দেখতে হবে আমি কতটা মানিয়ে নিতে পারছি। সবার আগে নিজেকে disciplined করে অধীনস্থদেরকে

disciplined করতে হবে। ১ম সারির কর্মকর্তা হিসেবে আমাকে প্রতিষ্ঠানের জন্য ২য় সারির লোক (Secondary line of people) তৈরি করতে হবে। যেন আমার কাজ আমার দায়িত্ব আরেকজন গ্রহণ করতে পারে।

ভবিষ্যতে অফিসে কী সমস্যা আসতে পারে নির্বাহী কর্মকর্তা হিসেবে সে বিষয়ে আমার চিন্তা থাকতে হবে। ভানু বন্দোপাধ্যায়ের মতো যেন না হয় যে, ঘরে চোর ঢুকেছে দেখি কী করে। অবশেষে দেখা গেল চোর সব নিয়ে গেছে। আর তাই আমার মধ্যে কিছু গুণাবলী ধারণ করতে হবে। নইলে আমার উন্নতির গ্রাফ বন্ধ হয়ে যাবে। সাধের স্বপ্নও স্বার্থক হবে না। আমি প্রতিষ্ঠানের জন্য কতটা যোগ্য হতে পারি, কতটা দক্ষ হতে পারি সে বিষয়ে আমাকে চেষ্টা চালিয়ে যেতে হবে। এ চেষ্টার অংশ হিসেবে সবার আগে আমার মানসিকতাকে পরিবর্তন করতে হবে।

অফিসে আমরা যুদ্ধ করতে আসি না। আসি কিছু কন্ট্রিবিউট করতে। যাদের সাথে কাজ করি তাদেরকে যদি সম্মান করতে না পারি তাহলে প্রতিষ্ঠানকে ভালবাসবো কীভাবে? আমার ১ পাউন্ড জ্ঞান থাকলে ১০ পাউন্ড সাধারণ জ্ঞান থাকা উচিত। আর সে জ্ঞান কাজে লাগানোর জন্য আমার Wisdom থাকতে হবে। আমাকে ভাল নির্বাহী হতে হলে ভাল মানুষ হতে হবে। আমার মধ্যে যত বেশি গুণের সমাবেশ ঘটাতে পারবো আমি তত বড় মানুষ হবো। যে ইস্পাতে যত বেশী কার্বন সে ইস্পাত তত বেশি মজবুত হয়। আমাদের এক এক জনের পারিবারিক ইতিহাস এককে রকম-তা নিয়ে প্রতিষ্ঠানে আসি। সবার আচরণই এক হবে না। প্রতিটি মানুষ সাদা কাগজের মতো পৃথিবীতে আসে। তার উপর পরিবেশের ছাপ পড়ে। অফিসে আমাদের হৃদ্যতাপূর্ণ পরিবেশ বজায় রাখাটা জরুরী। সহকর্মীর টেবিলের সামনে বসতে হবে-বসলে ভাল লাগে, কথা বলা যায়, একসাথে কাজ করা যায়। টেবিলে গিয়ে চা খাবো কিংবা খাওয়াতে বলবো। কেননা ব্যক্তিগত সুখ শান্তি সামাজিক সাফল্য কিংবা প্রতিষ্ঠা সবকিছুরই শতকরা ৯০ ভাগ নির্ভর করে অন্য মানুষের উপর। আমি নির্বাহী হিসেবে কতটা সফল তা নির্ভর করবে মানুষের সাথে আমি কতটা মানিয়ে নিতে পারছি তার উপর। এক গবেষণায় দেখা গেছে শতকরা ৩৩ জন স্টাফ চাকুরী হারান তাদের কাজে অপারদর্শিতার জন্য। বাকী ৬৭% লোক চাকুরী হারান মানুষের সাথে মানিয়ে চলতে না পারার কারণে।

আমার সহকর্মীর আত্মমর্যাদা বোধ যদি আমি বৃদ্ধি করতে পারি তাহলে তাকে আগের চেয়ে অনেক বেশী অমায়িক, সহানুভূতিশীল ও সাহায্যোন্মুখ দেখতে পাবো। আগামী ১ সপ্তাহ দৈনিক অন্ততঃ ৫ জনকে আমি যদি মন খুলে প্রশংসা করতে পারি তাহলে দেখা যাবে জীবনটা অন্যরকম লাগছে। প্রশংসার ব্যাপারে কার্পণ্য করবে না, বাছ-বিচার বা পার্শিয়ালিটি করবো না। অকাতরে বিলাতে হবে এ সম্পদ। এ জিনিসটা যত দান করবো তত তা বেড়ে যাবে। আমার আশে পাশে মৌমাছির মতো ভিড় করবে মানুষ। আমাদের পজিটিভ হতে হবে। আমি যদি নেতিবাচক চরিত্রের লোক হই, তাহলে সহকর্মীর দোষত্রুটি বেশী করে চোখে পড়বে। তাকে অপছন্দ করবার অনেক কারণ খুঁজে পাবো অতি সহজেই। আর যদি ইতিবাচক চরিত্রের লোক হই তাহলে মানুষের ভালটা চোখে পড়বে। চট করে অনেক কিছু পেয়ে যাবো তার মধ্যে যা আমার পছন্দ হয়।

আমার কর্মপ্রেরণাই আমার জীবনের চালিকা শক্তি। সাফল্যের অদম্য আকাংখা থেকেই কর্মপ্রেরণার জন্ম। যে প্রেরণা মানুষের অন্তর থেকে আসে এবং যখন কর্মীরা তাদের নিজেদের যুক্তিতেই কাজ করে, অন্যের প্রয়োজনে নয়। সাফল্য ছাড়া জীবনে কোনও গৌরব নেই, কাজও উপভোগ্য হয় না, কাজে উত্তেজনা থাকে না আর পরিবারেও থাকে না আনন্দ। জীবনটাকে একটা অসম চাকার গাড়ি বলে মনে হয় যা কেবল ধাক্কা খেতে খেতে চলে। নিজের অন্তরের কর্মপ্রেরণাই আমার চালিকাশক্তি এবং এই প্রেরণাই আমার দৃষ্টিভঙ্গি তৈরী করে। বিভিন্ন মানুষ ভিন্ন ভিন্ন দিক থেকে কর্মপ্রেরণা পায়। অভ্যন্তরীণ কর্মপ্রেরণার উৎস প্রতিটি মানুষের অন্তরের মধ্যেই থাকে। এ অবস্থায়ই আমার লক্ষ্য। সম্পাদিত কাজের যখন মূল্যায়ন হয় তখনই আসে স্বীকৃতি। তখন কর্মী পায় শ্রদ্ধা এবং সম্মান। ফলে প্রতিষ্ঠানের সাথে তার একাত্মবোধ দৃঢ় হয়। এ কর্মপ্রেরণা দীর্ঘস্থায়ী। উত্তরোত্তর দায়িত্বৃদ্ধি না ঘটলে কর্মপ্রেরণা কমে যায়। অনুপ্রেরণা হিসাবে আর্থিক পুরস্কার ক্ষণস্থায়ী। শেষ পর্যন্ত এর ফলে মানসিক সন্তুষ্টি পাওয়া যায় না।

মানসিক শান্তির একটা বড় গুণ হচ্ছে হাসি। অফিসে হাসানো Refueling এর মতো কাজ করে। সৃষ্ট জীবের মধ্যে মানুষই কেবল হাসতে পারে। এক হাসির মাধ্যমে দূর হতে পারে সারা বছরের টেনশন। হাসির ক্ষমতা থাকা সত্ত্বেও না হাসা হলো কোটি টাকা ব্যাংকে থাকা অবস্থায় চেকবই না থাকার সমান। কোন সহকর্মী ভাল কিছু করলো কি না আমাকে তা লক্ষ্য রাখতে হবে এবং সুযোগ মতো তার সেই প্রশংসার দিকটি সবার সামনে তুলে ধরতে হবে। কেননা মানুষের পেটের ক্ষুধার পাশাপাশি মনের ক্ষুধাও কম নয়। মানুষ প্রশংসা চায়। প্রশংসার মধ্যে লুকিয়ে আছে সাফল্যের রহস্য। এভাবে আমি ঐ সহকর্মীর কাছ থেকে যে আনুগত্য অর্জন করে নেবো তা হবে লিডার হবার জন্য আমার মস্তবড় এক সম্পদ। কেননা পৃথিবীতে যত রকমের সুর আছে তার মধ্যে সত্যিকারের প্রশংসার সুরের মতো মধুর সুর আর কিছুই নেই। নেপোলিয়ন বোনাপার্ট এর কথায় Praise is the oxygen of the spirit.

প্রতিষ্ঠানে দু'ধরনের কর্মী থাকে। একদল কাজ করে অন্যদল কাজ করে না। সহকর্মীকে কাজের উপযোগী করে গড়ে তুলতে মোটিভেশন এর বিকল্প নেই। একজন মোটিভেটেড কর্মী প্রতিষ্ঠানের সম্পদ। ডিমোটিভেটেড কর্মী প্রতিষ্ঠানের জন্য বোঝাস্বরূপ। একজন অসন্তুষ্ট কর্মীর আচরণ আর সন্তুষ্ট কর্মীর আচরণ কখনও এক হয় না। অসন্তুষ্ট আচরণ প্রতিষ্ঠানের জন্য ক্ষতি করে। কোন কর্মীর কী চাহিদা তা যথাসময়ে পূরণ করতে হবে। ব্যক্তিকে প্রতিষ্ঠানে ধরে রাখতে হলে কিংবা তার কাছ থেকে ভাল কাজ আদায় করতে গেলে অন্যতম কাজ হলো তার অসন্তোষকে দূরীভূত করা। অসন্তুষ্ট কর্মীর কথা যদি প্রথমেই আমি মনোযোগ দিয়ে শুনি তাহলে অর্ধেক সমাধান হয়ে যায়। শোনার অভ্যাসও মানুষের একটি বড় গুণ। কথায় আছে "Words make you win, words make you ruin"। জীবনচক্র কিংবা পেশা চক্র উভয়তেই সফল ও জনপ্রিয় কিংবা সেরা হতে গেলে সবার আগে যে গুণটি আমাকে আত্মস্থ করতে হবে তা হলো প্রো-অ্যাকটিভ এটিচিউড। প্রোঅ্যাকটিভ এটিচিউড এ আমাকে সকল পরিবেশে সহজ, সুন্দর, সাবলীল ও স্বত:স্ফুর্ত রাখবে-পক্ষান্তরে রি-অ্যাকটিভ এটিচিউডে আমার নিজের উপর কোন নিয়ন্ত্রণ থাকেনা-আর এ এটিচিউডের কারণে আমার স্বপ্ন সাফল্য হাতছাড়া হয়ে যেতে পারে।

আমি যদি প্রো-অ্যাকটিভ মানুষ হতে চাই-তাহলে যেকোন অবস্থায় যে কোন পরিস্থিতিতে উত্তেজিত না হয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা আমার রপ্ত করতে হবে। কেননা প্রো-অ্যাকটিভ মানুষ হলে আমি কোন অবস্থায় রাগবো না, উত্তেজিত হবো না, ক্ষেপবো না, সীনক্রিয়েট করবো না। এর উল্টো রি-অ্যাকটিভ হলে আমাকে রাগালে আমি রাগবো, ক্ষেপালে ক্ষেপে যাবো। এক্ষেত্রে সবকিছুতেই আমি রি-অ্যাক্ট্ করবো। অফিসে আমার নিজের মেজাজের Voltage Fluctuate করে । Temperament বা Anger খুব খারাপ জিনিস। আমি যখন রাগ করি তখন আমার আসল চেহারাটা বের হয়ে যায়। Anger এর আগে কেবল ১টি বর্ণ D যুক্ত করে দিলো তা তখন হবে Danger. সুতরাং আমি আমার মেজাজের তলোয়ার খাপে পুরে রাখবো।

আমার স্বপ্নের কাঙ্খিত বাস্তবায়নে টীম-স্পিরিট আমাকে উজ্জীবিত করবে। কাজে সফল হতে গেলে সবার মাঝে টীম স্পিরিট থাকাটা জরুরী। সহকর্মীদের মাঝে টীম স্পিরিট জাগিয়ে তুলতে হবে। টীম এ 'আমি' জিনিসটা থাকে না। আমরা সবাই এক নৌকার আরোহী। নৌকা হচ্ছে প্রতিষ্ঠান। গন্তব্যে যাবার জন্য কেউ আপ্রাণ বৈঠা মারছে। কেউ হাল ধরে বসে আছে। কেউ হেইও বলছে। সবার কাজ এক রকম নয়। অথচ সবাই টীম এর জন্য কাজ করে। কেউ যদি বলে, দেখি নৌকা ফুটো করে কেমন চলে তখন সবার ক্ষতি হবে। আমি দাঁড় বাইবো না তাহলে নৌকা আস্তে চলবে। টীম এ সবাই আমরা আমাদের সামর্থ্য দিয়ে ঝাঁপিয়ে পড়ি। টীমে প্রত্যেকে প্রত্যেকের উপর দারুণভাবে নির্ভরশীল। তাই টীম ওয়ার্ক করতে গেলে আমাকে I থেকে We তে যেতে হবে। We হচ্ছে টীম স্পিরিট ইংরেজীতে একটা কথা আছে "Two heads are better than one" সেটা আইনষ্টাইন কিংবা ন্যাপোলিয়ানের মাথাই হোক।

আমার পেশাগত উৎকর্ষ সাধনের জন্য আর একটি জিনিস অত্যন্ত গুরুত্বপূর্ণ আর তা হচ্ছে Time Management. সবকিছু বিফলে যাবে যদি প্রতিষ্ঠানের Time Management না থাকে। আমার সময়মাত্রা যদি ঠিক না থাকে।

প্রতিষ্ঠানে চীফ এক্সিকিউটিভের (CEO) মনের মধ্যে গ্রুপের ছবি থাকে। তিনি হচ্ছেন কোম্পানির লীডার। তিনি প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে সবাইকে নিয়ে একটা টীম তৈরী করেন। CEO এর কাজ হচ্ছে দলভুক্ত লোকদের প্রভাবিত করা। প্রতিষ্ঠানকে একটা নির্দিষ্ট অবস্থায় পৌঁছাতে পারা। সংগঠিত দলকে প্রসারিত করা। তার নেতৃত্বে সহকর্মীরা যেন একটা অভিষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারে। কার্যকরী টীম এ পরিণত করা তার কাজ। তাকে অন্যের সুখ/দুঃখের স্মৃতিতে শেয়ার করতে হবে। প্রত্যেক কর্মীর সংবেদনশীলতার উপর তার শ্রদ্ধা রাখতে হবে। তিনি হচ্ছেন সবচেয়ে বড় ব্যবস্থাপক। তাকে হতে হবে একজন যথার্থ ফেসিলেটেটর।

CEO প্রতিষ্ঠানের অনেক দূর দেখতে পান। তিনি লীডার, লীডাররা হিমালয়ের স্বপ্ন দেখেন, তারা পদ্মা পাড়ি দেয়ার চিন্তা করেন না। তারা আটলান্টিক পাড়ি দেয়ার চিন্তা করেন। তারা সাধারণ কাজ করতে আনন্দ পাননা। অসাধারণ কাজ করতে আনন্দ পান। মৃত্যুর সাথে যিনি পাঞ্জা লড়েন তার নাম লীডার। যেটা সাধারণের কাছে কুৎসিত সেটা লীডার এর কাছে আকৃষ্ট করে-সৌন্দর্যমন্ডিত হয়। তিনি পাথরকে স্বর্ণে পরিবর্তন করেন। লীডার হচ্ছে 'চন্দ্র' আর কর্তৃপক্ষ হচ্ছে 'সূর্য'। লীডার হচ্ছেন তিনি যিনি ইঞ্জিন এর বগি টেনে নিয়ে যান।

যাহোক বহুমুখী দায়িত্ব পালনে নির্বাহী নামক কর্মনায়ককে সফল করে তুলতে হলে তার কর্মদক্ষতা, জ্ঞান, ব্যক্তিত্ব, পেশাগত যোগ্যতা, মেধা ও মননশীলতার উৎকর্ষতা বাড়ানো এবং তার প্রসার ঘটানো উচিত। এভাবে তৈরি হবে আজকের ও আগামী দিনের সুযোগ্য নির্বাহী। যারা বর্তমান ও আগামী দিনের সকল চ্যালেঞ্জ সফলতার সাথে মোকাবেলা করতে পারবে। আজকের দিনে এমন যোগ্য নির্বাহীর বড় বেশী প্রয়োজন। নাবিক যদি সুদক্ষ হয়-তাহলে শত ঝড়-ঝঞ্জার মুখেও তরণী যেমন গন্তব্যে পৌঁছাতে পারে তেমনি দক্ষ নির্বাহীও তার যোগ্য নেতৃত্বে ও পরিচালন শক্তির দ্বারা প্রতিষ্ঠানকে অব্যর্থভাবে সাফল্যের সোনালী দিগন্তের দিকে নিয়ে যেতে পারে। ব্যবস্থাপনায় তারা আনতে পারে নতুন জোয়ার, নতুন কর্মে উদ্দীপনা সূচনা করতে পারে ব্যবস্থাপনা বিপ্লব এবং সৃষ্টি করতে পারে আলোকোজ্জ্বল ইতিহাস।

যে সুনিপুণ যোগ্যতায় একজন নির্বাহী কর্মনায়কে পরিনত হয়-নিজ অক্ষমতায় সে যোগ্যতা আশানুরূপভাবে অর্জন করতে না পারলেও প্রচেষ্টা দিয়ে কিছুটা এগিয়ে থাকলে দোষের কী। কর্মনায়কের পাশে পার্শ্ব নায়কের রোল প্লে করাই বা কম কিসে। নাবিক না হতে পারলেও তার যোগ্য অনুসারী হয়ে জোরে হেইও বলে নাবিকের মনে সাহস সঞ্চারের প্রবাহ সৃষ্টি করে গন্তব্যে পৌঁছাতে পারলে বিজয় লাভ করবে। এ স্বার্থকতার আনন্দও অপার। এত কিছুর পরেও বুকের কোণে লালিত স্বপ্ন প্রতিনিয়ত জাগ্রত রেখে মন্‌জিলের পানে এগুতে থাকলে অবচেতন মন হয়তো একদিন দেখতে পাবে মনজিল বেশী দূরে নয়-প্রাণপণ আর একটু ড্রাইভ দিলেই তা একেবারে হাতের মুঠায়। কাঙ্খিত জিনিস হাতের নাগালে পাবার সেই স্বপ্ন আমার চলার পথের সঞ্জীবণী হোক, সাফল্যের পাথেয় হোক যা আমাকে নিরন্তর জাগিয়ে রাখে সকলের থেকে ভিন্ন রকম কিছু করার তাগিদে।

# প্রবন্ধ



## জীবনের সীমারেখা

**মোঃ বাদল মিয়া**
৩৯তম ব্যাচ, বিবিএ
আই.ডি: ১৫২০২০১০১০৫৪

আমাদের জীবনের ছোট্ট শোভাযাত্রা কী অদ্ভুত! শিশু ভাবে আমি যখন বড় হব, কিন্তু বড় হবার পর সে বলে আমি যখন আরও বড় হব, বড় হয়ে সে বলে 'যখন আমি বিয়ে করব।' কিন্তু বিয়ে করার পর কী হল? চিন্তাটা দাঁড়াল, 'আমি যখন অবসর নেব'। কিন্তু অবসর নেবার পর সে পিছনে তাকালে দেখে অতীতের দৃশ্য- একটা শীতল পরশ বয়ে যায় যেন সবই সে উপভোগে বঞ্চিত হয়েছে।

"প্রত্যেক মানুষের জীবন একটা সুনিপুণ বৃত্তাকারে পরিভ্রমণ করে থাকে। কখনো রঙ ছড়ায় তার আপন খেয়ালে, আবার কখনো বা সে অন্য এক মায়ার জালে পড়ে"। দুঃখ, কষ্ট ভরা মানুষের জীবন, তারপরেও তাদের সেই নিজস্ব মলিন দুঃখগুলো না বলে তাদের কষ্টগুলো চেপে রাখে অন্যের ছোট ছোট সুখের হাসিতে গা ভাসিয়ে দেয়, আর নিজের দুঃখকে ভুলে যেতে চায় অন্যের ছোট সুখের পরশে। তখন সকল দুঃখকে পাশে রেখে বলতে হয়, 'ভাল আছি'।

জানি না সত্যটা কি? আপনজনের ভালবাসা, সমুদ্রের গভীরতা, দিগন্ত জোড়া সৌন্দর্য আর স্বপ্নের মতো ছোঁয়া যা মনকে আন্দোলিত করে। হাসি-কান্না, আনন্দ-বেদনা, সুখ-দুঃখ আর ভুল নিয়ে ছোট্ট এই নৈসর্গিক জীবন। জীবন- জীবিকার প্রয়োজনে মানুষ তাদের অকৃত্রিম ভালবাসাকে ভুলে যায়। আশার ভাষাগুলো বুকের মাঝে বোবা ব্যথা আবার কখনো বুকের মাঝে ক্ষতবিক্ষত হয়ে রক্তঝরা বৃষ্টি গরমের সৃষ্টি করে। জীবনটা ঠুনকো। ছোট্ট আঘাতে কাঁচের মতো ভেঙ্গে খান্ খান্ হয়ে যায়। তখন সুরেলা শিল্পী বেসুরো কণ্ঠে গেয়ে উঠে "ভুল সবই ভুল"।

তাই বলছি এলোমেলো হতে পারে আমার জীবন, হতে পারি আকাশের বুকে লম্বা তারার মাঝে আমি ছিটকে পড়া তারা। তবুও ভোরের বাগানে আমি ঝরে যাওয়া ফুল। এতকিছুর পরশ, এতকিছুর পরেও সবার সব কথা উপেক্ষা করে বলবো- কথাটা গ্রহের মত সত্য "জীবনকে ভালবাসি এবং জীবনের অন্তর্জাল বিশ্বাস করি"।

আসলে জীবনের মানে কি? কোথায় এর গন্তব্যস্থল তা আমার জানা নেই। কিন্তু একটা বিষয় সম্পর্কে কিছুটা ধারনা আমার হৃদয়কে আন্দোলিত করে। তা হলো সময়ের প্রয়োজনে, নিজের স্বার্থে, জীবন ক্ষণে ক্ষণে তার রং পাল্টায়। এটা হয়তো জীবনের জন্মগত অধিকার। জীবনের এই পালা বদলের মাধ্যমেই জীবনকে অতিবাহিত করতে হয়। সেখানে থাকে পাওয়ার আনন্দে আন্দোলিত হওয়া, না পাওয়ার বেদনায় ব্যথিত হওয়া, আরও কত কী!

জীবনের আশা-আকাঙ্খা, কামনা-বাসনা, সাধ, অভিলাস-অভিপ্রায়, যাই বলিনা কেন, সবই মনে হয় না পাওয়ার অন্তর্জালে পিষ্ট হয়ে আছে। আসলে জীবনটা এমনই। এর আসল সীমারেখা বা অর্থ খুঁজতে যাওয়ার চেষ্টা মানে জীবনকে আরো অর্থহীন করে তোলা ছাড়া আর কিছুই না।



# প্রবন্ধ

## ভালো ও মন্দের উপাখ্যান

**মোঃ মিজানুর রহমান**
৪১ তম ব্যাচ, বি.এড
আই.ডি : - ১৬১০১০৩০১০৩১

কি লেখা দিব? আমার প্রিয় প্রাইম ইউনিভার্সিটির বার্ষিক ম্যাগাজিনে। কত কিছুই তো দেয়া যায়। ছড়া, কবিতা, ছোট গল্প, প্রবন্ধসহ আরো কত কিছু। দুনিয়াতে বিষয়ের অভাব নাই। অসীম বিষয়ের মাঝে সীমানার হিসাব করতে করতে দিন যায়। এটা ছেড়ে ওটা, ওটা ছেড়ে আরেকটা। কোনটা দিব? কোনটা দিলে ভালো হবে? দুনিয়াতে ভালোর শেষ নাই। মন্দেরও কোন দেশ নাই। মন্দকে ভালোরা পছন্দ করে না। যদিও এখানে ভালো ও মন্দ, উভয়ের রয়েছে অবাধ বিচরণ।

ভালো ও মন্দকে আলাদা করে চেনা যায়। কলেজ জীবনে আমি আমার লেখা একটি কবিতার বুকলেট বের করেছিলাম। তখন তাতে ভালো ও মন্দ নিয়ে কিছু লিখেছিলাম। সেখানে বুঝাতে চেয়েছিলাম, মানুষের ভেতরে দুটো বৈশিষ্ট্য বিদ্যমান। একটি হলো ভালো আর অপরটি মন্দ। প্রকৃত মানুষ হিসাবে একজন মানুষকে মন্দ স্বভাব থেকে বিরত থাকতে হয়। নিজের ভেতরে জাগিয়ে তুলতে হয়, ভালো স্বভাবে গড়া আলোকিত প্রাণ।

ভালো স্বভাব কোনগুলো? সুন্দর ভাবে কথা বলা, সুন্দর ভাবে চলা, সম্ভব হলে, মানুষের উপকার করা, উপকার করতে না পারলে অন্তত: কোনরূপ ক্ষতি না করা ইত্যাদি। বিপরীতে মন্দ স্বভাব গুলো হলো: সুন্দর ভাবে কথা না বলা, সুন্দর ভাবে না চলা, মানুষের উপকার তো দূরের কথা বরং ক্ষতি করার তালে নিয়োজিত থাকা ইত্যাদি। ভালো ও মন্দের যথাক্রমে আরো অনেক গুণ ও দোষ থাকলেও তা তুলে ধরতে বিস্তর পরিসর, সময় ও গবেষণার প্রয়োজন বলে সংক্ষিপ্ত আলোচনার মধ্যে সীমাবদ্ধ রাখতে চাইছি।

ক্ষেত্র বিশেষে, ভালো ও মন্দ বিষয় দুটি আবার কিছু বিতর্কেরও দাবী রাখে। ভালো মানুষের কাছে ভালোটাই ভালো। বিপরীতে মন্দ মানুষের কাছে মন্দটাই ভালো বলে পরিচিত হয়ে যায়। তা হলে, আমরা ভালো ও মন্দের বিভাজন করবো কি দিয়ে? উপায় হলো, আমরা মানুষ বৈ পশু নই। আমাদের স্বাভবিক স্বভাব মনুষ্যত্ব। আর পশুর স্বাভাবিক স্বভাব পশুত্ব। এক কথায়-সুন্দর মানবিক স্বভাবই ভালো গুণ আর অসুন্দর পাশবিক স্বভাবই মন্দ দোষের পরিচায়ক। মন্দ স্বভাব থেকে বিরত থেকে ভালো স্বভাব তথা মানবিকতার উন্মোচন করাই হলো মানুষের মনুষ্যত্ব। মনুষ্যত্বই মানুষের শ্রেষ্ঠ্যত্বের প্রমান বহন করে।

এতক্ষণ আমরা মানুষের ভালো এবং মন্দ নামে দু প্রকারের স্বভাব তথা আচরণ নিয়ে কথা বলছিলাম। তাতে বুঝলাম; দুটোকে আলাদা করা খুবই সহজ। মানব সমাজে একজনের ভালো স্বভাব যেমন অন্যজনের চোখে পড়ার মতো। তেমনি মন্দ স্বভাবও আমরা চাক্ষুষ ভাবে

প্রত্যক্ষ করে থাকি। এছাড়াও আরেকটা স্বভাব আছে, যা আমি ছাত্র জীবন পর্যন্ত অবগত ছিলাম না। এটা জেনেছি, পেশাগত জীবনে এসে। কিছু মানুষের আচরণে দেখতে পেয়েছি; ভালো মানুষ সেজে মন্দের সাথে অবস্থান করার এক বিশেষ চরিত্র বর্তমান। ছোট বেলায় বড়দের কাছে শুনতাম; ছেলে ধরার কথা। তাঁরা বলতেন, অপরিচিত কেউ যদি বলে, ঐখানে তোমার আব্বা অথবা আম্মা আছেন। তবে তুমি তার সাথে যাবে না। তাহলে সে তোমাকে ধোকা দিয়ে কিছু খাইয়ে অচেতন করে নিয়ে চলে যাবে এবং বিপদে ফেলবে। তখন থেকে আমি ছেলেধরাদের মন্দ বলেই জানতাম। ভালো মানুষ সেজে সহজ-সরল মানুষকে ধোকা দিয়ে প্রতারণা করার বিষয়টি সম্পর্কে ছিলাম সম্পূর্ণ ভাবে অজ্ঞ।

সহজ-সরল মানুষকে ধোকা দিতে ধোকাবাজের নেক সুরুত তথা ভালো রূপ বা চেহারা ধারণ করে। এরপর একদিন ঝোপ বুঝে কোপ মেরে কাজ বাগিয়ে হাওয়া হয়ে যায়। আসলে, এদের ভেতরেও মন্দ মানুষের মতো মন্দ স্বভাবই বর্তমান। কিন্তু বিষয়টা একটু জটিল। জটিল বলেই সহজ-সরল মানুষেরা তা অতি সহজে বুঝে উঠতে সক্ষম হয় না। কথায় আছে; কারবার করলে মানুষ চেনা যায়। অর্থাৎ একজন মানুষ যখন আরেকজন মানুষের সাথে দীর্ঘ দিন লেন-দেন, ওঠা-বসা, চলা-ফেরা ইত্যাদি করে তখন বুঝা যায়, একজন ব্যক্তির প্রকৃত স্বভাব।

যারা সাধারণত; সহজ-সরল মানুষ তারা অপরকেও সহজ সরল মনে করে। এ বিষয়ে একটি মনোবৈজ্ঞানিক উদাহরণ সমাজে প্রচলিত আছে। কোন এলাকায় খুব ভোরে একটি বড় পুকুরের দু প্রান্তে দুজন মানুষ গোসল করছেন। একজন ভালো মানুষ অপর প্রান্তের মানুষটাকে দেখে মনে করছেন, উনি বোধ হয় আমার মতোই গোসল সেরে মসজিদে যাবেন, ইবাদত করতে। অন্য প্রান্ত থেকে আরেকজন মনে করছে, উনি বোধ হয় আমার মতো চুরি করে এসে এখন গোসল সেরে বাসায় যাবে। এখানে হয়তো প্রশ্ন আসতে পারে, তাদের মনের কথা অন্যরা জানলো কিভাবে? সংক্ষেপে উত্তর হলো, মানুষের মনের কথা মানুষের মাধ্যমেই প্রচার হয়ে যায়। যাক সে কথা । আসলে যে যেমন, অপরকে সে মনে করে তেমন। নিজের বৈশিষ্ট্য দিয়ে অপরকে বিচার করাও মানুষের একটি স্বভাবগত বৈশিষ্ট্য বটে।

বিশ্বায়নের যুগে মানুষকে " প্রকৃত মানুষ" হবার প্রয়োজনীয়তা খুব বেশি উপলব্ধি হচ্ছে। অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে, কোন মানুষ বিপদে পড়লে উপস্থিত মানুষেরা সেখানে এগিয়ে গিয়ে সাহায্য করতে প্রায়ই দ্বিধা বোধ করেন। কোন মানুষকে অপর মানুষেরা মারতে আসলে, উপস্থিত মানুষেরা ঘটনাস্থল থেকে সরে যান। কেউ কেউ নিরব দর্শকের মতো দাঁড়িয়ে থেকে তা দেখেন। মানুষে মানুষে কোন সমস্যা হলে, নিরপেক্ষ ভাবে তার কোন সমাধান না করে বরং উস্কিয়ে দিয়ে আনন্দ উপভোগ করেন। এসবের বিপরীতে সমাজে যে কিছু সংখ্যক ভালো মানুষ একেবারে নাই তাও কিন্তু নয়। বিভিন্ন ঘটনা-দুর্ঘটনায় সাধারণ জনগন, বেসরকারী এবং সরকারী ভূমিকা সত্যিই প্রশংসার দাবী রাখে। ক্ষেত্র বিশেষে, উপকার করতে গেলেও সাময়িক কিছু বিপদে জড়িয়ে পড়ার আশংকা দেখা যায়। এজন্য কি প্রকৃত মানুষেরা বসে থাকবেন? মানুষ মানুষের জন্য এ চির বাস্তবতা কি মিথ্যা হয়ে যাবে? না, তা কখনোই হতে পারে না।

এমতাবস্থায়, প্রত্যেক মানুষের ব্যক্তি আচরণে প্রয়োজন; নৈতিকতা, পরমত সহিষ্ণুতা , ধৈর্য্য, সহনশীলতা ও সহানুভূতির মতো মানবিক গুণাবলী অর্থাৎ সৎগুণসমূহ অর্জন করা। মনের অজান্তে কারো দ্বারা কারো প্রতি সামান্যতম জুলুম হয়ে গেলে, সাথে সাথে সমাধান করে নিজ গুণে ক্ষমা চেয়ে নেয়া। অপরকে ক্ষমা করে দেয়ার আদর্শ নিজের ভেতরে সৃষ্টি করা। যতই শিক্ষিত এবং সম্পদশালী হই না কেন, কোনরূপ অহংকার না করা। কোন মানুষকে অবমূল্যায়ন না করা। মানুষকে যথাসম্ভব সাহায্য সহযোগিতা করা। এসব গুণাবলী ব্যক্তি থেকে সমাজ জীবনে আন্তরিকতার সাথে উৎসাহিত হয়ে চর্চা করা। কারো ভেতরে পশু সুলভ পাশবিক মন্দ আচরণের মনোভাব থাকলে তা থেকে মানবিক আচরণে ফিরে আসা। অধীনস্থদের নৈতিক ও মানবিক গুণাবলী অর্জনে আগ্রহী করে তোলা।

সমাজে একটা কথা প্রচলিত আছে; যে পর্যন্ত পৃথিবী থাকবে, ততদিন ভালো মানুষও থ াকবেন। আরেকটা কথা হলো; ভালো মানুষকে আল্লাহই রক্ষা করেন। পরিশেষে, আমার লেখা একটা রূহানী গজল দিয়ে মানুষের ভালো ও মন্দ বিষয়ক সংক্ষিপ্ত আলোচনা এখানেই শেষ করছি। হয়তো; এ আলোচনাটাও হতে পারে প্রাইম ইউনিভার্সিটির বার্ষিক ম্যাগাজিনে বহু গোলাপের মাঝে একটি গোলাপ। গজলটি নিরূপ।

**রূহানী গজল**

মানুষ যতো বড়ই হোক না কেন
মানুষ তো মানুষই থাকে,
মানুষ থেকে মানবতা হারিয়ে গেলে
অমানুষ হৃদয়ে ছবি আঁকে।
মানুষ বানিয়ে তাতে রূহ ফুকে দিয়ে
দুনিয়াতে পাঠিয়েছেন; আল্লাহপাকে,
জন্ম-মৃত্যুর চিরায়ত বাস্তবতায়
বেঁধে দিয়েছেন, মোদের হায়াতটাকে।
নফস আর শয়তানের ধোকায় পড়ে
নিমজ্জিত জীবন চলে এঁকে বেঁকে,
সতর্ক থেকো হে! মাটির মানুষ
সত্য ও শান্তিতে গড়ে তুলো; জীবনটাকে।

# প্রবন্ধ



## রহস্যময় বারমুডা ট্রায়াঙ্গেল

**সাহানুর ইসলাম আন্নী**
৪০তম ব্যাচ, বিবিএ
আই.ডি: ১৫৩০২০১০১০২৬

বারমুডা ট্রায়াঙ্গেল নামটি আমাদের সকলেরই পরিচিত। এটি পৃথিবীর একটি রহস্যময় স্থান। এই স্থানটিতে এক অদ্ভুত এবং ভৌতিক রহস্য লুকিয়ে আছে, যা আজও কেউ উদ্ধার করতে সক্ষম হয়নি। রহস্যটি হল যে, এই স্থানের মধ্যে এলেই সামুদ্রিক জাহাজ উড়োজাহাজ হঠাৎ করে এমন ভাবে নিরুদ্দেশ হয়ে যায় যে তার নাম নিশানা খুঁজে পাওয়া যায় না। সাগরের তলায় ডুবে গিয়ে ঐ জাহাজটি কোথায় যায়? ডুবে যাওয়ার পর এখানের বিস্তৃর্ণ অঞ্চল জুড়ে আতি পাতি করে খুঁজেও সেই জাহাজের কোন চিহ্ন পাওয়া যায় না। জাহাজের অস্তিত্ব, কোন ক্ষুদ্র অংশ, এমন কি জাহাজের মানুষের মৃতদেহও পাওয়া যায়না। তাহলে জাহাজটি কি মাটি ভেদ করে পাতালে চলে যায়? নাকি হাওয়ায় মিলিয়ে যায়? শুধু জাহাজের ঘটনা নয়, এই বিষ্ময়কর স্থানের উপর দিয়ে উড়ে যাওয়া অনেক বিমানও দুর্ঘটনায় পতিত হয়েছে। না পাওয়া গেছে বিমানের কোন টুকরো না পাইলট কিংবা যাত্রীদের মৃতদেহ,একেবারে সব শুদ্ধ লাপাত্তা।

আজ পর্যন্ত পৃথিবীর যে সব ব্যাপারে বিজ্ঞানীরা রহস্য ভেদ করতে পারেননি তাদের মধ্যে বারমুডা ট্রায়াঙ্গেল অন্যতম। রহস্যময় দ্বীপ বারমুডা আবিষ্কার করেন বৃটেনের বিখ্যাত নাবিক জুয়ান ডি বারমুডেজ ১৫১৫ সালে। তার নাম অনুসারে এর নাম করা হয় বারমুডা দ্বীপপুঞ্জ। বারমুডা ট্রায়াঙ্গেলের অবস্থান হল উত্তর আটলান্টিক মহাসাগরের পশ্চিম উত্তর কোণে। এটি একটি ত্রিকোণাকার সাগর অঞ্চল। তাই এই অঞ্চলের নাম বারমুডা ট্রায়াঙ্গেল বা বারমুডা ত্রিভুজ।

### কয়েকটি উল্লেখযোগ্য ঘটনা ঃ

১. সর্বপ্রথম ১৭৫০ সালে স্পেনের পাঁচটি সেনা বোঝাই জাহাজ এই বারমুডা ট্রায়াঙ্গেল অঞ্চলে নিরুদ্দেশ হয়।
২. ১৮০০ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের সামুদ্রিক জাহাজ “পিকারিং” নিরুদ্দেশ হয়।
৩. ১৮৭২ সালে বৃটিশ বাণিজ্য তরী “ম্যারি কেলেস্ট” বারমুডায় দুর্ঘটনায় পতিত হয়। তবে ভৌতিক ব্যাপার হল জাহাজ ও তার মালামাল সব ঠিক থাকলেও জাহাজে কোন মানুষ জীবিত বা মৃত পাওয়া যায় নাই।
৪. ১৮৮০ সালে বৃটিশ যুদ্ধ জাহাজ আটলান্টা নিখোঁজ হয়।
৫. সবচেয়ে বড় দুর্ঘটনা ঘটে ১৯৪৫ সালে। এই বৎসর মার্কিন পাঁচটি জঙ্গী বিমান রহস্যজনকভাবে নিখোঁজ হয়।
৬. বৃটিশ বিমান ‘স্টার টাইগার’ ১৯৪৮ সালে নিখোঁজ হয় ।

৭. শুধু জাহাজ বা বিমান নয়। সাবমেরিনও হারিয়ে যাবার ইতিহাস আছে বারমুডায়। মার্কিন সাবমেরিন 'স্করপিয়ন' ১৯৪৩ সালে বারমুডা অঞ্চলে নিখোঁজ হয় ।
৮. 'স্করপিয়ন -২' ১৯৬৮ সালে রহস্যজনকভাবে নিখোঁজ হয়।

এমন আরও অনেক ঘটনা রয়েছে । তবে এসব জাহাজ, উড়োজাহাজ বা সাবমেরিনগুলোর খবর এখন পর্যন্তও পাওয়া যায়নি। সমুদ্রের তলদেশে একেবারে গভীরেও এদের কোন ধ্বংসাবশেষ পাওয়া যায়নি। তাই এই বারমুডা ট্রায়াঙ্গল মানুষের কাছে এখনো এক বিস্ময়।

বিজ্ঞানীদের মতে,পৃথিবী একটা বিশাল প্রাকৃতিক চুম্বক । এর গোটা শরীরে নিয়মতান্ত্রিক ভাবে চুম্বক প্রবাহ রয়েছে কিন্তু কোন এক অলৌকিক কারণে (যার সঠিক ব্যাখ্যা বিজ্ঞানীরা অবশ্য দিতে সক্ষম হননি)- এই বারমুডা ট্রায়াঙ্গেলে পৃথিবীর স্বাভাবিক প্রবাহমান চুম্বকত্বে ব্যাঘাত সৃষ্টি করছে। অর্থাৎ এই বিশেষ অঞ্চলটিতে পৃথিবীর চুম্বকত্ব বিশৃঙ্খল হচ্ছে। বিজ্ঞানীরা এবং নাবিকরা লক্ষ করেছেন এখানে চুম্বক ঠিকমতো তার ধর্ম পালন করে না। কিন্তু প্রশ্ন হল প্রাকৃতিকভাবে চুম্বক শক্তির বিশৃঙ্খলার জন্য এটা হলে তা লাগাতারভাবে হতো বা সব সময়ই হতো। কিন্তু তা হচ্ছে না। হঠাৎ হঠাৎ হচ্ছে এমন ঘটনা। বছরে একবার বা কয়েক বছর পর পর।

যদিও বিজ্ঞানীদের এ ধারণা প্রমাণিত নয় তবুও এই চুম্বকতত্ত্বই অধিক গ্রহণযোগ্য। অনেক বিজ্ঞানী আইনস্টাইনের 'ফোর্থ ডাইমেশন ' থিওরী দ্বারা এর রহস্যের ব্যাখ্যা দান করতে চেষ্টা করছেন।

প্রকৃতির প্রায় পুরো রহস্যই হয়তো আজ মানুষের নাগালের বাইরে। হয়তো অদূর কিংবা সুদূর ভবিষ্যতে প্রকৃতির আরো কোন বিস্ময়কর ও উত্তেজনাকর কিছু রহস্য আবিষ্কৃত হবে। যে আবিষ্কারে জানা যাবে বারমুডা ট্রায়াঙ্গেলের অন্তরালে কোন অলৌকিক শক্তির রহস্য। হয়তো বা জানা যাবে এ রহস্যময় ঘটনাগুলোর সাথে বারমুডা ট্রায়াঙ্গেল এর কোন সম্পর্কই নেই। তাহলে এগুলো কোন্ ভিন্ন শক্তির কাজ? আমরা কি পারব জানতে সে শক্তির কথা?

--ইন্টারনেট অবলম্বনে



# PAMELA

**Umme Habiba**
34th Batch, English Hons
ID No. 133010101003

In the rise of the English prose fiction, in the middle of the eighteenth century, *Pamela* is the first name. The author of this work, Samuel Richardson, is usually recognized as the first English novelist and his *Pamela*, the first English novel. *Pamela of Virtue Rewarded*, published in 1741, occupies indeed the position of the pioneer in the art of English novel writing.

The theme of Richardson's novel centres round the attempt of a young gentleman to seduce and violate the chastity of a young pretty maid, Pamela, who works under him. Richardson's novel, as observed, is written in the epistolary form. Thus Pamela's letters retrace her trials, her sense of duty, her clear conscience, her self-respect together with her secret, tender affection for her coarse persecutor.

Of course, Richardson's approach is didactic. Pamela's sense of honour and strength of character constitute her virtue which finally gets rewarded. The seducer, that is her master, fails in his attempt. He marries her ultimately, thereby rewarding her virtue. Richardson's approach, however, is not merely psychological and moral. It is also realistic. Social realism is the basis of his novel. Here the difference of Pamela from *Robinson Crusoe* of *Gulliver's Travels* is glaringly evident. The sociological role of the novel is firmly grounded in this very first fictional work.

The environment of *Pamela* often looks heavy and lacks the liveliness of Fielding's Tom Jones. Pamela is the epistolary method, which the novel has.



# ARREST AND DETENTION OF THE JUDGMENT–DEBTOR UNDER CIVIL LAWS AND PROVISION OF SUBSISTENCE ALLOWANCE[1]

**Md. Ariful Islam**
Lecturer, Department of Law

Legal action is a judicial proceeding brought by one party against another; one party prosecutes another for a wrong done or for protection of a right or for prevention of a wrong. There are two types of legal action systems in Bangladesh; one is criminal in nature and the other is very civil. First one maintains law and order, protects society and punishes offender and the other upholds rights of the individuals. Section 51 of the Code of Civil Procedure, 1908 states that the court may execute its decision by five modes. Arrest and detention in prison is one of the different modes of executing decision. Before execution of arrest and detention the judgment-debtor[2] should be provided an opportunity of showing cause why he should not be committed to prison. But he may be deprived of this opportunity for his some dishonesty. This article focuses on three terms- arrest, detention and subsistence allowance under civil laws.

Arrest is the action of seizing someone to take into custody. An arrest may occur (1) by the touching or putting hands on the arrestee; (2) by any act that indicates an intention to take the arrestee into custody and that subjects the arrestee to the actual control and will of the person making the arrest; or (3) by the consent of the person to be arrested[3].

Detention means the act of keeping an individual imprisoned or in custody. Detention means the action of detaining someone or the state of being detained in official custody. Arrest and detention maintained by the Code of Civil Procedure, 1908[4].

Subsistence allowance is a payment to reimburse expenses, as while on assignments. It is the money that is intended to provide a basic subsistence. Subsistence allowance is money, given in advance to buy food, clothing, and pay for other necessities while stayed in custody. The subsistence allowance must be paid in advance by the decree-holder[5] before the execution can be put in force. On a failure of the subsistence money ordered, the detention of the prisoner becomes illegal and as of right he is immediately entitled to his discharge.

1 Abridged writing
2 as per section 2 and subsection 10 of the Code of Civil Procedure, 1908 “Judgment-debtor” means any person against whom a decree has been passed or an order capable of execution has been made:
3 section 46, the Code of Criminal Procedure, 1898
4 section 55, 56, 57, 58, 59 and Order 21, 39 of the Code of Civil Procedure,1908
5 as per section 2 and subsection 3 of the Code of Civil Procedure, 1908 “Decree-holder” means any person in whose favour a decree has been passed or an order capable of execution has been made

The decree-holder has an option to choose a mode for executing his decree and normally, a court of law in the absence of any special circumstances, cannot compel him to invoke a particular mode of execution. *When the judgment-debtor refuses to pay the money or does not comply with the court's order, then the decree holder can enforce it through arrest. Before ordering arrest, a court must record its reasons in writing for doing so.*

The object of detention of judgment-debtor in a civil prison is twofold. On one hand, it enables the decree-holder to realise the fruits of the decree passed in his favour; while on the other hand, it protects the judgment-debtor who is not in a position to pay the dues for reasons beyond his control or is unable to pay.

Most of the civil laws are main concern to the subject matter those deal with arrest and detention of the judgment-debtor. The Court may in order to prevent the ends of justice issue a warrant to arrest the defendant and bring him before the Court to show cause why he should not give security for his appearance, and if he fails to comply with any order for security commit him to the civil prison[6] or the court grants a temporary injunction and in case of disobedience commit the person guilty thereof to the civil prison and order that his property be attached and sold[7]. The Court may, on the application of the decree-holder, order execution of the decree by arrest and detention in prison[8]. The Certificate-officer[9] may order execution of a certificate[10] by arresting the Certificate-debtor[11] and detaining him in the civil prison[12]. When the person infringes or disobeys the various terms of temporary injunction, the court may order such person to be detained in the civil prison for a term not exceeding six months[13].

A judgment-debtor shall not be arrested in execution of a decree unless and until the decree-holder deposits into the Court, an amount fixed by the judge[14], sufficient for the sake of subsistence of judgment-debtor, from the time of his arrest until he can be brought before the Court. The Government may fix scales, graduated according to rank, race and nationality, of monthly allowances payable for the subsistence of judgment-debtors[15]. Any person detained in the civil prison in execution of a decree shall be detained for a maximum period of six months for more than amount of fifty taka or six week of minimum period of detention[16] but he may be released from that

6 section 94(a), the Code of Civil Procedure, 1908
7 section 94(c), the Code of Civil Procedure, 1908
8 section 51(c), the Code of Civil Procedure, 1908
9 "Certificate-officer" means a Collector, a Upazila Nirbahi Officer, a Upazila Magistrate and any officer, appointed by a Collector, with the sanction of the Commissioner to perform the functions of a Certificate-officer under this Act- section 3(3) of the Public Demand Recovery Act, 1913
10 an instrument where public demands is written
11 "Certificate-debtor" means the person named as debtor in a certificate filed under this Act, and includes any person whose name is substituted or added as debtor by the Certificate-officer. section 3(1) of the Public Demand Recovery Act, 1913
12 section 14, the Public Demands Recovery Act, 1913
13 Order 39 and Rule 2(3), The Code of Civil Procedure, 1908
14 as per section 2 and subsection 8 of the Code of Civil Procedure, 1908 "Judge" means the presiding officer of a Civil Court:
15 section 57, The Code of Civil Procedure, 1908
16 section 58, The Code of Civil Procedure, 1908

detention period on happening some causes under section 58 of the Code of Civil Procedure, 1908.

The Judge will determine the amount sufficient for the subsistence of the judgment-debtor from the time of his arrest until he can be brought before the Court and it will be determined as per the section 57 of the Code of Civil Procedure, 1908 but where there is no such fixation of scales the Judge will consider sufficient with reference to the class to which he belongs. That means in case of fixing subsistence social establishment and recognition of the suited parties are preferred. The monthly allowance fixed by the Court shall be supplied by the party on whose application the judgment debtor has been arrested by monthly payments in advance before the first day of each month. The first payment shall be made to the proper officer of the Court for such portion of the current month as remains unexpired before the judgment-debtor is committed to the civil prison, and the subsequent payments (if any) shall be made to the officer in charge of the civil prison.

It is notable that sum or amount in the name of subsistence allowance disbursed by the decree-holder for the subsistence of the judgment-debtor in the civil prison shall be deemed to be costs in the suit[17]. It is a hardship for the poor if the detained person is released for nonpayment of subsistence allowance and it is also a bar to the way of getting justice. The civil court performs role as an umpire but it cannot deny legal responsibilities because parties pay cost of the suit and the detained person should be maintained with that deposit. Besides, government may form a fund reserved for the poor person to provide subsistence allowance for the detained person.

## References:


1. The Code of Civil Procedure, 1908
2. The Code of Criminal Procedure, 1898
3. The Public Demands Recovery Act, 1913
4. The Penal Code, 1860
5. C.K. Takwani, Civil Procedure, 5th edition (2006), p. 458.
6. ACADEMIKE .Lawctopus' Law Journal + Knowledge Center (ISSN: 2349-9796)
7. Ranganatha Padayachi v. Mayavaram Financial Corporation, AIR 1974 Mad 1.
8. https://www.google.com/search?q=What+is+detention&ie=utf-8&oe=utf-8#q=detention+legal+meaning
9. https://www.google.com/search?q=What+is+detention&ie=utf-8&oe=utf-8
10. https://en.wikipedia.org/wiki/Detention
11. http://legal-dictionary.thefreedictionary.com/arrest
12. http://dictionary.reference.com/browse/subsistence-allowance
13. http://www.thefreedictionary.com/legal+action


17 Order 21 and Rule 39, The Code of Civil Procedure, 1908



# গল্প

## অল্টার ইগো

**সৈয়দ মনজুরুল ইসলাম**

থানা থেকে বেরিয়ে যে কথাটা খোন্দকার আফজালের প্রথম মনে এল, যা তাঁর অবস্থানের যেকোনো মানুষের রাতের ঘুম কেড়ে নেওয়ার জন্য যথেষ্ট, তা হলো: এখন থেকে মাথার পেছনেও দুটো চোখ বসিয়ে রাখতে হবে; চোখদুটোকে শান দিতে হবে, যাতে যেকোনো ছায়ার পেছনের কায়াটাকে খুঁজে নিতে পারে; নাকটাকে শেখাতে হবে, বিপদের সবচেয়ে অস্পষ্ট ঘ্রাণটাও যেন টেনে নিতে পারে। থানার পুলিশ তাঁকে বলেছে গত তিন দিন তাঁকে যে লোক টেলিফোনে হুমকি দিয়ে আসছে, সে শুধু এক ভয়ধরানো ভরা গলাই নয়, সে এক পেটানো শরীরের বেপরোয়া মেজাজের চূড়ান্ত দুর্ধর্ষ খুনিও। হ্যাঁ, দাউদ মিয়াই তার নাম। তাকে ধরা যায় না, সে ঘোরে তার দশ অবতার নিয়ে, অর্থাৎ যেকোনো মুহূর্তে দশটা শরীর ধরে সে বিচরণ করে, একটাকে পাকড়াও করা গেলেও নয়টা থেকে যায়, সেই নয়টাও শিগগির দশটা হয়ে দাঁড়ায়। সাত বছর জেল খেটে সে দুমাস হয় বেরিয়েছে, কিন্তু এই সাত বছরে রক্ত হিম করা অনেক ঘটনা ঘটিয়েছে তার কোনো না কোনো অবতার। খালাস পেলেও পালিয়ে বেড়াচ্ছে দাউদ, একটা মামলার রায় হতে যাচ্ছে যেকোনো দিন, তাতে আবারও লাল দালানে ঢুকতে হতে পারে তাকে। থানার কর্তা নতুন এসেছে, চোখে মুখে এখনো উৎসাহ, গলায় বিশ্বাস। সে বলেছে, লোকটাকে ধরতে আমি যথাসাধ্য চেষ্টা করব; নতুন এসেছি, তারপরও সময় বেশি নেব না সে রকম একটা কথা দিচ্ছি। কিন্তু ইন দ্য মিন টাইম সাবধানে থাকবেন, অতি সাবধানে।

খোন্দকার আফজাল জেলা শহরে উকিল ছিলেন, পাবলিক প্রসিকিউটরও, অর্থাৎ পিপি। বছর তিনেক আগে তাঁর স্ত্রীবিয়োগ হয়। তিন সন্তান বিয়েশাদি করে দেশে না হয় বিদেশে নিজেদের সংসার পেতে ব্যস্ত। ছেলেমেয়েশূন্য একলা বাসায় থাকাটা অসম্ভব ছিল না তাঁর জন্য, কিন্তু রিকশা থেকে নামতে গিয়ে একদিন পায়ে এমন জখম জোটালেন যে চলাফেরাটাই কষ্টকর হয়ে দাঁড়াল। এক কষ্টের দীর্ঘ রাতে তিনি সিদ্ধান্ত নিলেন, যথেষ্ট ওকালতি হয়েছে, এক জীবনেরও বেশি। এখন ওকালতি নরকে যাক, শহরবাস নরকে যাক। তাঁর ছেলেমেয়ে তাঁর উত্তরপুরুষ তাঁকে একলা ফেলে নিজেদের সুখ খুঁজে নিয়েছে। তারাও নরকে যেতে পারে। তিনি বরং তাঁর পূর্বপুরুষদের আশ্রয়ে যাবেন। তাঁর বাবা বেঁচে থাকলে বয়স হতো ৮৮, দাদার হতো ১১৯, পৈদাদার হতো ১৪৪। এতসব বয়সী মানুষের সামনে হু হু করে কেঁদে মনের কষ্টটা জানাতে তাঁর অসুবিধা নেই। তাঁর মাথায় হাত দিয়ে তাঁরা বরং সান্ত্বনা দেবেন, বলবেন, বোকা ছেলে, কাঁদতে নেই। দুদিন আগে দেশে থাকা একমাত্র সন্তান ওয়াহিদকে নিজের কষ্টের কথা বলতে গিয়ে অজান্তেই হয়তো গলায় কান্নার ভাব এনেছিলেন; এ জন্য কিনা কে জানে, যে তিনি মনে মনে খুব আশা করেছিলেন, কান্নার ভাবে কাতর হয়ে ওয়াহিদ তাঁকে তাঁর কাছে নিয়ে যাবে, অথবা, নিদেন পক্ষে, মাঝে মাঝে তাঁর সঙ্গে এসে থাকবে।

অথচ কান্নার ভাব ওঠাতেই ওয়াহিদ বিরক্ত হয়ে বলছে, বুড়ো মানুষের মতো নাকি-কান্না কাঁদো কেন বাবা ?

বাহুবল থানা থেকে ছ মাইল দক্ষিণে উঁচু-নিচু জমি আর জঙ্গল ঘেরা ফতেপুরে বাপ দাদার পুরোনো দালানে থানা গেড়ে বসার পর খোন্দকার আফজালের মনে হলো, এত শান্তি কোনো দিন তাঁর পাওয়া হয়নি। গ্রামের বাড়িটা ভাঙা হলেও কিছুটা সারিয়ে তুলে বাসযোগ্য করা গেল। দেখাশোনার জন্য পুরোনো মানুষ সরকুম মিয়াকে পাওয়া গেল এবং বোনাস হিসেবে তার স্ত্রী আর বিধবা এক মেয়ে, এবং সেই মেয়ের বড় মেয়েকে, যারা সবাই মিলে তাঁর দেখাশোনার দায়িত্ব নিল। খোন্দকার আফজালের দাবিদাওয়া সামান্য দুই তিন বেলার খাবারের ব্যবস্থা করা, কাপড়চোপড় ধোয়া, বিছানা করা, বাথরুম পরিষ্কার রাখা। তারা কাজগুলো আনন্দ নিয়ে করল, যেহেতু তাদেরও তিন বেলার খাবারের দায়িত্ব নিলেন খোন্দকার সাহেব। সেই সঙ্গে মাঝেমধ্যে টাকাপয়সা। আর মাথার উপরে একটা অভয়ের ছাতা।

ফতেপুরের ভিটেবাড়ির বাইরে জায়গাজমি খুব বেশি নেই। তাতে অবশ্য ধান-সবজি ফলিয়ে যেসব বিক্রি করে টাকাপয়সা খারাপ আসে না। এত দিন টাকাটা ওয়াহিদ নিত। ফতেপুরে এসে খোন্দকার আফজল সেই দায়িত্ব নিজের হাতে নিলেন। তাতে ওয়াহিদ বিরক্ত হলো, কিন্তু এই নিয়মিত উপার্জন হারানোর পেছনে তার যে একটা ভুমিকা ছিল যথা, বাবাকে কান্নার জন্য ভর্ৎসনা করাটা, সে কথা ভেবে সে চুপ করে গেল।

মাস সাতেক খুব ভালই চলছিল আফজল সাহেবের। কিন্তু ভালো আর থাকল না এক সন্ধ্যায়, সেই ভয়ধরানো ভরাগলার লোকটা থেকে যখন একটা ফোন এল, এবং ফোনে যখন সে বলল, আমাকে মনে আছে, উকিলের বাচ্চা? নাই? হা হা হা? ঠিক আছে, মনে নাই। আমার নাম কী, জিজ্ঞাস করলি? নামের দরকার নাই, এখন থেকে এই নামটা না হয় মনে রাখ, যম। হা হা হা।

নাম অবশ্য অনেকগুলো মনে হয়েছিল খোন্দকার সাহেবের, তবে সারা রাত ভেবে একটা নামে এসেই থমকে গেছেন তিনি, দাউদ মিয়া। দুর্ধর্ষ ডাকাত, ক্ষমাহীন খুনী। ওই খুনির বিরুদ্ধে এক জোড়া খুনের মামলায় সফলভাবে লড়ে খোন্দকার আফজাল পিপি তার ফাঁসি আদায় করেছিলেন। আদালত যেদিন রায় দিল, দাউদ কাঠগড়া থেকে আগুন চোখে তাঁর দিকে তাকিয়েছিল। আফজাল দাউদকে দেখেননি, দেখেছিলেন তার চোখ দুটিকে। ঠিক যেন সুপার সাইক্লোনের কেন্দ্রে থাকা চোখ, যে চোখ দিয়ে মহাবিশ্বের কোনো পরাক্রমশালী শক্তি পৃথিবীটাকে দেখে, আর হাসে; ভাবে, এত ক্ষমতার দুনিয়াটা এত পল্লকা, এত পাটকাঠির মতো ? সেই ভয়াল তুফানচোখ, যাকে ঘিরে তুফানের সকল শক্তি আর ধ্বংস ঘুরে ঘুরে নাচে, যাদের এক ঝাপটাতে একখানা বড়ো জাহাজও পানি থেকে এক শ ফুট উপরে উঠে আছড়ে পড়ে।

দাউদ তাকিয়ে দেখেছে খোন্দকার সাহেবকে, কিন্তু কোনো কথা বলেনি। শুধু একসময় একটা ঠাট্টার চিকন হাসি হেসেছে, যা হাসি নয় আবার শক্ত চোয়াল আর ফুঁসতে থাকা নাকের নিচে হাসিও; আর রক্তে চোবানো কড়ির মতো চোখ মেলে দেখেছে। ওই ভয়াল

চোখের নিচে খন্দকার আফজাল একটা পূর্ণ মানুষ থেকে বামুন হতে হতে মিলিয়ে যেতে পারতেন, কিন্তু তাঁকে বাঁচিয়ে দিয়েছে দাউদের উকিলের হাসি। হাইকোর্টে এই রায় টিকবে না, পি পি সাহেব, সে হাসতে হাসতে বলেছে। কাজটা ভালো করলেন না, আর খুব যে উঁচু গলায় নাটক করে বললেন, এই ঘৃণিত নরপশুকে কোনো কৃপা দেখানো যায় না এসব না বললেই পারতেন। দাউদ এগুলার হিসাব রাখে।

দাউদের উকিলের কথা অক্ষরে অক্ষরে ফলল। হাইকোর্ট দাউদের ফাঁসি রদ সাজাটা চৌদ্দ বছরে নামিয়ে দিল। এরপর আবারও আপিল হলো। সুপ্রিম কোর্টে চৌদ্দ বছর কমে হলো সাত বছর। এই সাত বছরের মধ্যে ঢুকে গেল জেলা আদালতের রায় থেকে আপিল পর্যন্ত কাটানো তার তিন বছর। থানার নতুন পুলিশকর্তা গলায় দুঃখ নিয়ে বললেন, সাক্ষীসাবুদের এত বড় দুরবস্থা নিয়ে কতদূর যাওয়া যায়? লোকটা যে বেকসুর খালাস পায়নি, সেটাই ভাগ্য। তবে, তার বদ কসুরের কারনে সাত বছর তো পেয়েছিল। সেটাই বা কম কিসে?

দাউদ দিনে একবার তাঁকে ফোন করে এবং কী আশ্চর্য, তিনি ফোন ধরেন। দ্বিতীয় দিন বলেছিলেন, গালিগালাজ করো না, আমি ভদ্রলোক, ভদ্রলোকের ভাষায় কথা বলো। তাতে ক্ষিপ্ত হয়ে আরও খারাপ গালি দিয়েছে দাউদ এবং তিনি ফোন বন্ধ করে দিয়েছেন। তৃতীয় দিনে অবশ্য দাউদ মেজাজ দেখায়নি, গালিও দেয়নি, শুধু ঠান্ডা গলায় বলেছে, খোন্দকার আফজালের কারণে সে তার বউয়ের কবর নিজ হাতে দিতে পারেনি, তার জানাজাও পড়তে পারেনি, মরার সময় তার পাশেও থাকতে পারেনি; খোন্দকারের কারনে সে মেয়ের বিয়ে দেখতে পারেনি; চাঁদ ডোবা দেখতে পায়নি। ইত্যাদি। খোন্দকার আফজাল দেখেছেন, মানুষ একটা কামরায় বা একটা বাড়িতে বা একটা কোথাও দীর্ঘদিন আটকা পড়লে বাস্তবটা সে অল্প অল্প করে অস্বীকার করতে থাকে, যেন তা করলেই আটক অবস্থার অবসান হবে। একসময় যদি আটককালটাই একমাত্র বাস্তব হয়ে দাঁড়ায়, তখন একটা প্রকৃত বা কাল্পনিক রাগ দিয়ে তাকে খাটো করতে চায় মানুষ অথবা প্রমান করতে চায় জগৎ তার প্রতি অবিচার করেছে, এখন সেই অবিচারের মাশুল জগৎকে দিতে হবে। খোন্দকার জানেন, দাউদ রাতে হাওয়রে গিয়ে মাছ মারুক আর না মারুক জেলে বসে ওই মাছ মারতে না পারার কাল্পনিক দুঃখটা ছাপিয়ে গেছে তার বাস্তবের সত্যকে। ফলে সে প্রচন্ড ক্রোধ অনুভব করেছে, এবং এই ক্রোধ শুধু রাগ নয়, ক্রোধ দাউদকে তার আটককালটা কাটাতে, সময়কে নিয়ন্ত্রণ করতে সাহায্য করেছে। তিনি জানেন জেলের ভেতরের একদিন বাইরের সাত দিন থেকেও ভারী। যার ক্রোধ নেই, জিঘাংসা নেই, শত্রুতা নেই অথবা যার মনটা কল্পনার একটা বিকল্প জগৎ এবং সেই জগতে উড়ে যাওয়ার বাহন তৈরি করতে পারে না, তার বুকের উপর সময়টা একটা ভারী পাটার মতো চেপে থাকে।

খোন্দকার বললেন দাউদকে, এসবের জন্য দায়ী তো সে নিজেই সে যদি জোড়া খুন না করত, কে তাকে স্পর্শ করত? তখন তাঁর কাছে দাউদ মিয়া আর দশটা অন্য মানুষের মধ্যে তফাত থাকত না; অথবা, আদালতের পেশকার, চায়ের দোকানদার তারা মিয়া অথবা ইউসুফ চৌকিদারের মতোই মনে না রাখার মতো একটা নাম হতো দাউদ মিয়া।

কথাটা বলেই অবশ্য বুঝলেন খোন্দকার আফজাল একটা নেহাত অপাত্রে ঘি ঢাললেন, এক বেকুবের উলুবনে তাঁর কথার মুক্তা ছড়ালেন। এসব কথা তিনি একান্তে বিকেলের

বাতাসটাকেও বলতে পারতেন। দাউদ এসব শুনতে চায় না, জেল খাটতে থাকা মানুষের ক্রোধটাই, প্রতিহিংসাটাই সম্বল। যেখানে সত্য-মিথ্যার হিসাবটা অচল। সবাই সেখানে সত্য অথবা মিথ্যা, তবে নিজের যুক্তিটাই একমাত্র সত্য। দাউদকে বিশ্বাস করতে হবে জোড়া খুন সে করেনি, অথবা করলেও ঘোরতর যুক্তি ছিল সেই দুই খুনের পক্ষেঃ দুই নরপশুকে প্রাপ্য শাস্তি দেওয়া হচ্ছে ধরনের অকাট্য যুক্তি। দাউদের প্রতিক্রিয়া তা-ই প্রমাণ করল। আসলে তাও না, অথবা তা-ই শুধু না, প্রতিক্রিয়াটা জোরে হলো ইউসুফ চৌকিদারের নাম বলার জন্য। এই ইউসুফ কিনা ধরেছিল দাউদকে, একেবারে, যাকে বলে জাপটে, নূরগঞ্জের আকরাম উদ্দিনকে সন্ধ্যা ঘন অহওয়ার আগেই খুন করে পালানোর সময়। এমন সাহসী লোক ছিল ইউসুফ, যে দাউদ তার ঘাড়ে চাপাতির একটা কোপ দেওয়ার পরও জাপটে ধরেই ছিল তাকে। প্রায় চার মিনিট। এই চার মিনিটে ইউসুফের ছেলে আর প্রতিবেশী চার-পাঁচ জোয়ান ছেলে এসে লাঠি দিয়ে পিটিয়ে দাউদকে নির্জীব করে পাকড়ে থানায় নিয়ে দিয়েছিল। দাউদের জোড়া খুনের দ্বিতীয় শিকার ছিল ইউসুফ চৌকিদার।

দাউদ চিৎকার করে বলল, ওই হালা চৌকিদারের পাওনা মিটাইয়া দিছি। তার কথা কন ক্যানে?
খোন্দকার বললেন, না, ইউসুফের কথা তোলাটা ঠিক হয়নি আমার, ইউসুফ ভালো মানুষ ছিল; সাহসী মানুষ ছিল। তুমি তার পায়ের নখের যোগ্য না।
দাউদের গলায় বিস্ফোরণ ঘটোল।
নিস্তরঙ্গ গলায় খোন্দকার জিজ্ঞেস করলেন, কী করবে আমাকে, দাউদ ?

দাউদ আশা করেছিল, খোন্দকার সাহেব ভয়ে কাতর হয়ে যাবেন। তাঁর গা কাঁপবে, হাঁটু কাঁপবে, গলা কাঁপবে। ফোনে তাঁর আতঙ্ক তাঁর কানে একটা তৃপ্তিকর গানের মতো বাজবে। সে রকম কিছু না হওয়ায় সে হতাশ হলো এবং সেই কারণে দ্বিগুণ রেগে গেল। কী কী সে করবে, তার একটা ফিরিস্তি দিল।
খোন্দকার জিজ্ঞেস করলেন, কবে?

দাউদ এমন শব্দে ফাটল যে ফোনটাও প্রায় বিকল হলো, একটা স্ট্যাটিক তৈরি হলো, যাতে দাউদের কথা হারিয়ে গেল। সেই স্ট্যাটিক খোন্দকারকে জানিয়ে দিল, এই লোককে নিয়ে হেলাফেলা করা যায় না। পরে খোন্দকারের কাছে দাউদের সঙ্গে তাঁর আলাপের বিবরণ শুনে সরকুমের বিধবা মেয়ে বীণাও যথেষ্ট চিন্তিত হলো। পৃথিবীটাকে সে চেনে। যে বলল, আব্বা, পুলিশে যান।
খোন্দকার আফজাল পুলিশে গেলেন।

খোন্দকার সাহেব বললেন বটে মাথার পেছনেও চোখ বসাতে হবে, চোখ দুটোকে শান দিতে হবে ইত্যাদি, কিন্তু তিনি জানেন এসব করেও পার পাওয়া যাবে না। কেউ পায় না। তাঁর মনে আছে, পাঁচ-সাত বছর আগে এক মামলায় রাষ্ট্রপক্ষের এক গুরুত্বপূর্ণ সাক্ষীকে দুই পুলিশের পাহারায় আনার পরও বাঁচানো যায়নি। রাষ্ট্র বনাম আলমাস আলী মামলায় সাক্ষী মরে যাওয়ায় আলমাস আলী ছাড়া পেলেন। পরে এমপি হলেন। এমপি হওয়ার এক বছরের মাথায় তিনিও এক হামলার শিকার হয়ে একটা হাত একটা পা হারালেন। এরপর এমপির পদটাও।

সহিংসতার একটা স্পষ্ট যুক্তি অথবা অযুক্তি আছে, খোন্দকার দেখেছেন, এবং সেটি হলো, হিংসাই হচ্ছে একমাত্র পথ, অহিংসা ঘোড়ার ডিম; হিংসা দিয়ে জগতের অনেক সমস্যার সমাধান করা যায়। হিংসা অথবা সহিংসতা যুক্তি পছন্দ করে না। কিন্তু একটা বিকল্প যুক্তি, অথবা অযুক্তি খাড়া না করলে নিজেকে বৈধতাও দিতে পারে না। ফলে সহিংসতা নিজের গল্পটা নিজের অযুক্তিতেই তৈরি করে ফেলে, যার আগা মাথা প্রতিদিনের দুনিয়ার যুক্তিতে বোঝা মুশকিল। এই গল্প অবশ্য শেষটাতে এসে কোনো জটিলতা চায় না। বরং খুব পরিষ্কার একটা অন্ত চায়। যেমন দাউদের গল্পের অন্তে খোন্দকারের বিয়োগ, যা তার জন্য বিশাল যোগ। অথবা, বিদেন করে হলেও খোন্দকারের অনিষ্ট।

দাউদকে যারা চেনে, তারা জানে, সে নিজের তৈরি একটা সুড়ঙ্গে থাকে সারা দিনমান। তার দৃষ্টিটাও সুড়ঙ্গের। সুড়ঙ্গের অন্তে যেটুকু আলো, তা তার নিজের উদ্ভাসের, আসল মুহূর্তে জ্বলে উঠার। কিন্তু আসল মুহূর্তটা কখন ?

খোন্দকার ভাবেন, মানুষ যখন কৃষিকাজ করত, তার সময় চলত সূর্য আর ঋতুর লম্বা ঘড়িতে। পরে কারখানা আর যন্ত্র আবিষ্কার হলে সময় চলে গেল স্প্রিং দেওয়া ছোট ঘড়ির দখলে, বারো-চব্বিশ ঘন্টার হিসাবে। এখন তো সময় মাপা হয় এক সেকেন্ডের আযুতাংশে। ন্যানো, জেপ্টো নানা মুহূর্তাংশে। আর মানুষ যত অণু- মুহূর্তের প্রেমে পড়েছে, তার সময় ব্যাবস্থাপনাও তত দুর্বল হয়েছে। এ জন্য এই সময়ের মানুষের মনে এত শঙ্কা, এত সন্ত্রাস। এত ভগ্নাংশে আকীর্ণ ভেঙে পড়া জীবনে একটা অনু-মুহূর্তের নিশ্চয়তা কে কাকে দেয় ? কীভাবে দেয় ?

খোন্দকার আফজাল শুরুতে ভয় পেলেন, ভয়টা বাড়িয়ে দিল বীণা। সে বলল, আব্বা, আপনে ঘরের বাইরে যাবেন না। খোন্দকার দেখলেন সন্ধ্যা হতেই বড় বড় তালা মারা শুরু হয়েছে সবগুলো ঘরে। সরকুমের গ্রাম সম্পর্কের এক ভাই গাছি মতিনকে বীণা রাজি করাল কিছুদিন রাতে খোন্দকারের পাহারায় থাকতে। গাছি মতিন দা চালানোতে ওস্তাদ। দাউদ একা হামলা করতে এলে মতিনের দা তার শিল্পকাজ করতে পারবে নির্বিঘ্নে। বীণা নিজেও জেগে থাকার সিদ্ধান্ত নিল। বীণার স্বামী হাওরে নৌকা চালাত, অনেক রাত তাকে হাওরে কাটাতে হতো। বীণার রাত জাগা হাতে গাছি থেকে ধার নেওয়া একটা দা তখন সাহস জোগাত।

এক ঝড়জলের দিনে হাওরে নৌকা ভাসানো বীণার স্বামী মাথায় বাজ পড়ে মরে গেল। সে আরেক গল্প।

থানার নতুন কর্তা একদিন মোটরসাইকেল চালিয়ে এলেন। তিনি খোন্দকারের সঙ্গে বসে কথা বললেন। বীণা তাকে চা খাওয়াল। কর্তা অবশ্য নিজের প্রয়োজনেও কিছু কথা বললেন, তবে মূল্যবান যা যোগ করলেন, তা হলো, দাউদ তার কাছের মানুষজনকে বলেছে, খোন্দকারকে সে একা খুন করবে। দড়ি দিয়ে গাছে ঝুলিয়ে, ঝুলতে থাকা তাঁর হাত-পা ভোঁতা চাপাতি দিয়ে আলাদা করতে করতে।

নরপশুর সংজ্ঞা কী, দাউদ তা খোন্দকারকে বোঝাবে, এরকম একটা ঘোষণা সে দিয়েছে।

পুলিশকর্তার কথা শুনতে শুনতে অনেকগুলো বোধ খোন্দকারের মনে খেলতে লাগল। একসঙ্গে, আলাদা আলাদা, একটার পর একটা, আবার জোড়ায় জোড়ায়। তাঁর যে ভয়

হয়নি, তা নয়, বেশ ভয় হলো, কিন্তু একসময় তাঁর চোখে একটা ছবিই উজ্জ্বল হয়ে জ্বলতে থাকল–তিনি ঝুলছেন একটা গাছে থেকে, এবং তাঁর হাত-পা কাটা পড়ছে একটা একটা করে। কত উচ্চতায় ঝুলছেন তিনি ? তার কি ফাঁস লেগে শ্বাস বন্ধ হয়েছে, নাকি দড়িটা দাউদ বেঁধেছে বুক বরাবর? হাতের কতটা কাটল ? পায়ের ? এক কোপে ? না না, চাপাতিটা যেহেতু ভোঁতা, নিশ্চয় কোপের পর কোপে ? তাঁর শরীর তাহলে তো ভয়ানক দুলল। এই দুলতে থাকা শরীরে কতটা সঠিক নিশানা নিয়ে কোপ দেওয়া যায় ?

যদি কোপের পর কোপ পড়ে, কয়টা পর্যন্ত তাঁর হুঁশ জেগে থাকবে? কখন হুঁশ ঘুমাবে ?

একটা অস্ফুট অসম্ভব ভিডিও ছবির মতো শূন্যে ঝুলতে থাকা তাঁর শরীরের আর টুকরা টুকরা হয়ে মাটিতে পড়তে থাকা হাত-পায়ের ছবিটা ঘুরতে থাকল খোন্দকারের মনে, তাঁকে অধিকার করে নিয়ে। আর যতই তিনি দেখলেন ছবিটা, ততই তাঁর অবাক ভাবটা বাড়তে থাকল তিনি কি আসলেই শরীরধারী কোনো মানুষ, খোন্দকার মোহাম্মদ আফজাল, বয়স ৬৪, সাকিন ফতেপুর, থানা বাহুবল, নাকি তিনি এক বিমূর্ত ছবির নাম, যা অনন্তকাল শূন্যে ঝুলছে, যার অঙ্গপ্রত্যঙ্গ কোনো অদৃশ্য খুনির চাপাতির আঘাতে ক্রমাগত ছিন্নভিন্ন হচ্ছে ? তিনি কি কোনো প্রমিথিউস, যার নাড়িভুঁড়ি একপাল শকুনের ক্ষিধার কাছে নিশ্চিহ্ন হয়ে গেলে আবার জন্ম নিচ্ছে শরীরজুড়ে, নতুন শকুনপালের নতুন ক্ষুধার খাদ্য হিসেবে?

প্রমিথিউসের সঙ্গে নিজের তুলনাটা তাঁকে হাসাল। কিন্তু তিনি টের পেলেন, এই ছবিটা তাঁর ভয় উড়িয়ে দিল। ভয় তো তিনি পেয়েছিলেন, যা বাড়িয়েছে বীনার সন্ত্রস্ত ভাব, কিন্তু পুলিশকর্তার সঙ্গে কথা বলতে বলতে তাঁর মনে হলো, ভয় থেকেও যেন একটা বিস্ময় তাঁর মনে বেশি কাজ করেছে, বিস্ময়টা হচ্ছেঃ একটা গাছের ডাল থেকে তাঁর শরীরটা ঝুলছে আর তাঁর মন তা স্বাভাবিক বলে মেনে নিচ্ছে; তাঁর হাত-পা টুকরা টুকরা হচ্ছে, অথচ তাঁর মন তা স্বাভাবিক বলে মেনে নিচ্ছে। এ কেমন কথা ? তাঁর জীবন নিয়ে এমন কোনো উচ্চাশা তাঁর নেই, যেটুকু ছিল ওয়াহিদ তাতে পানি ঢেলেছে। তাঁর মনে হয়েছে দাউদের অবস্থাটা বরং তাঁর থেকে অনেক করুণ তার স্ত্রী মারা গেছে অথচ তার কবরটাও সে দিতে পারেনি। কারাগারে বসে বসে সে চোখের পানি ফলেছে, ফেলেছে নিশ্চয়, তার সেই কামানের গোলার মতো চোখ থেকে। তার মেয়েটার বিয়ে হয়েছে তাকে ছাড়াই, মেয়েটি শ্বশুরবাড়ি গেছে, অথচ মা অথবা বাবা কারও সান্ত্বনার হাত তার মাথায়-পিঠে স্পর্শ দিতে পারেনি, কারও আশীর্বাদ মিশে যেতে পারেনি চাঁর চোখের পানির সঙ্গে। খোন্দকারের স্ত্রীবিয়োগ হয়েছে নিজের ঘরে, তাঁর পাথর হওয়া চোখের সামনে, তাঁর অক্ষম হাতের আঙুল গলিয়ে। তাঁর মেয়েটারও বিয়ে হয়েছে...

যাক, সে আরেক গল্প, খোন্দকার ভাবলেন। এবং অনুভব করলেন, তাঁর কেমন একটা সহানুভূতি যেন হচ্ছে দাউদের জন্য। তার ক্রোধটা তিনি বুঝতে পেরেছেন। এই ক্রোধের, এই প্রতিক্রিয়ার পেছনে গভীর বঞ্চনার যে একটা গল্প আছে, সেটাও যেন তিনি পড়তে পেরেছেন। ঝকঝকে সাদা শার্ট আর চকচকে কালো কোট-টাই-প্যান্ট-জুতো পরা খোন্দকার সাহেবকে দেখে কি সেই বঞ্চনার গল্পটা দাউদের মনে জেগে উঠত না? আদালতে কাঠগড়ায় এক ঠায় দাঁড়িয়ে দাউদ, বসার হুকুম নেই, দুই কুনুইতে দুই পুলিশ, পুলিশের গালিগালাজ;

আর এজলাসের সামনে দাঁড়িয়ে আঙুল তুলে তাকে নরপশু বলে গালাগাল করতে থাকা চকচকে খোন্দকার সাহেব, স্ত্রী আর পরিবারভাগ্য আর সম্মানের জীবন নিয়ে কত যোজন দূরে তাঁর অবস্থান। কিন্তু দুজনের পার্থক্যটা আসলেই কী ?

এই পার্থক্য সাত-আট দিন আগেও আকাশ আর পাতালের মতো ছিল খোন্দকার আফজালের কাছে। অথচ শূন্যে ঝুলতে থাকা তাঁর হাত-পা কাটা শরীরের ছবিটা দেখতে দেখতে তাঁর শেষ পর্যন্ত মনে হলো, ওই কাটা শরীরটা আসলে দাউদেরই, আর চাপাতি হাতে যে কাটছে...সে কি তিনি? তিনি না হলে কে? সমাজ? পুলিশকর্তা? বিচারক?

তিনি শুনেছেন দাউদের মেয়ে দুদিন আগে থানায় এসেছিল এ কথা জানাতে, সে তার বাবাকে পথে ফেরাবে। স্যার, অর্থাৎ পুলিশকর্তা, যেন তাকে গ্রেপ্তার না করেন। উকিলকে হুমকি দেওয়া যে ঠিক হয়নি, সে কথা মেয়েটা বাবাকে বোঝাবে। বোঝাতে পারবে, সে নিশ্চিত।

দাউদের মেয়ের কথায় খোন্দকারের নিজের মেয়ে রুমার কথা মনে পড়ল। কলেজে পড়ার সময় মেয়ের সিনেমা দেখার খুব শখ ছিল। অথচ রুমার মায়ের খুবই অপছন্দ ছিল সিনেমা দেখা। খোন্দকার সাহেব লুকিয়ে মেয়েকে নিয়ে সিনেমা দেখতেন। লোকে এ নিয়ে হাসাহাসি করত। ছেলেছোকরারা বাঁকা কমেন্ট করত। সেসব তিনি আমলে নিতেন না। তিনি অবশ্য সিনেমা দেখার চেয়ে অন্ধকার হলে একটু ঘুমিয়ে নিতেই পছন্দ করতেন। আর রুমা নায়ক শাকিব খান না হয় মান্নার প্রেমে হাবুডুবু খেতে খেতে ওদের দুর্দশায় ডুকরে কাঁদত। বাড়ি ফেরার সময় ফোলা চোখে সে বলত, তোমার মতো বাবা হয় না, বাবা। সেই মেয়েটা বিয়ের পর অস্ট্রেলিয়া চলে গেল, বছর খানেক আগে দেশে এল, বাইশ দিনের জন্য। বাইশ দিনের কুড়ি দিনই সে থাকল মিটামইনে, শ্বশুরবাড়িতে, শুধু শেষদিন ফিরে যাওয়ার পথে এক বেলার জন্য বাড়ি এসে বাবাকে একটা উলের সোয়েটার দিয়ে গেল, যা তাঁর মতো চারজন মানুষ একসঙ্গে পরতে পারে। এক্সট্রা লার্জ। একসময় বাবার গায়ে লেপ্টে থাকা মেয়েটা সোয়েটার কেনার সময় ভেবে দেখার সময় পেল না কোন সাইজটা তাঁর গায়ের জন্য উপযুক্ত? অবাক! সেই সোয়েটারটা তিনি পাড়ার মুদি দোকানদার, কুস্তিগীর শরীরের অমলেশকে দিয়ে হাঁফ ছেরে বাঁচলেন। পুলিশকর্তাকে তিনি বললেন, বেঞ্জামিন ফ্রাঙ্কলিন বলেছেন, মানুষ ২৫ বছরেই মারা যায়, কিন্তু ৭৫ বছর পর্যন্ত তার কবর হয় না। আমার কবর হতে আরও ১১ বছর বাকি। এখন ১১ বছর আগে যদি দাউদ সেই দায়িত্ব নেয়, তাতে দোষ কী?

খোন্দকার সাহেবের গলায় এক আশ্চর্য নির্ভার ভাব, যে ভাবটা পুলিশকর্তাকে অবাক করল। বেঞ্জামিন ফ্রাঙ্কলিন সম্পর্কে তার কোনো ধারণা নেই, কিন্তু তাঁর কথাগুলো তাকে বেশ ধন্দে ফেলল। এত বড় ভয়ের সামনে লোকটা নিরাসক্তভাবে এসব কথা বলতে পারল?

দাউদ ফোন করল খোন্দকার সাহেবকে। তার গলায় বিরাট পরিবর্তন। এখন সে কথা বলছে সেই গলায় যে গলায় একজন মাছশিকারী কথা বলতে পারে জালে আটকা পড়া কাতল মাছের সঙ্গে। গলাটা ভারী, তবে তাতে একটা নিশ্চিন্তির সুর। সে বলল, উকিল, জানাজা কে পড়াবে, ঠিক করছ ?

খোন্দকার বললেন, আলহাজ বাবুল মিয়া। পরহেজগার। জুমার খুতবায় মানুষকে ভালো কাজ করতে বলেন। সন্ত্রাস-হাঙ্গামার বিরুদ্ধে দাঁড়ান।
দাউদ বলল, ভালো। কবর ?
কবর বাড়িতেই। কাটিয়ে ফেলেছি। একটা ছোট টিলার মাথায়। কবরে শুয়ে শুয়ে আকাশ দেখতে পাব।

কবরটা একটু চওড়া করবা। তোমার শরীরটা আঠারো ডুকরা করব। সব টুকরা যেন ঠিকঠাক গোর পায়, দাউদ বলল, এবং দুনিয়া কাঁপিয়ে হাসল। হাসিটা হঠাৎ থামালও সে, এবং একটু চিন্তাশীল গলায় বলল, তোমারে না মারলে উকিল, আমার বাইচ্যা থাকার কোনো মানে হয় না। তোমার মরণ আমার জিয়ন। হা হা ।

তোমার মেয়ে তো শুনলাম তোমাকে শুধরানোর চেষ্টা করছে, খোন্দকার বললেন, তোমার মেয়েটা ভালো, লক্ষ্মী মেয়ে।

দাউদের রাগটা ফিরে এল। আমার মেয়ের নাম মুখে আনবা না, বদমাশ, সে বলল, আমার মেয়ে ভালো না লক্ষ্মী, তুমি বলার কে?

গালিগালাজটা না করলে হয় না? মেয়ে তো চেষ্টা করছে তোমাকে ভালো করতে। মেয়েকে একটু সম্মান করো। জবানটা একটু পরিষ্কার করো, দাউদ। খোন্দকার বললেন।

কথাবার্তার গতি ভিন্ন দিকে নিয়ে গেল দাউদ, যেদিকে সে স্বচ্ছন্দ। শুনলাম কাঁথা মুইড়া বিছানায় পড়ে থাকো, উকিল। ঘর থেকে বাইর হবা না ?

কেন হব না? গত শুক্রবারেই তো জুমা পড়তে গেলাম। গতকাল কাজিবাড়ি গেলাম।

তোমারে আমি নিজ হাতে মারমু, উকিল। প্রথমে পিটামু। মাথাটা থ্যাঁতলামু, তারপর ভোঁতা চাপাতিটা এস্তেমাল করমু। দাউদ বলল।

ভোঁতা চাপাতি কেন, দাউদ মিয়া? আমার একটা নতুন চপাতি আছে। খুব ধার। সেটা নেবে? খোন্দকার বললেন, খুব ঠান্ডা গলায়, যেন চাপাতিটা তিনি বিক্রি করছেন দাউদের কাছে। পয়সাটা তাঁর প্রয়োজন।

একটা মুহূর্ত সময় নিল দাউদ, তারপর আকাশ কাঁপিয়ে হাসল। ভোঁতা চাপাতি দিয়া মানুষ কাটার মতো সুখ নাই, উকিল। প্রতি কোপে শরীর কাঁপে, গলায় চিৎকার ফাটে, জানটা তড়পায়। অসহায়, অসহায়!
বাহ, খোন্দকার সাহেব আন্তরিকভাবেই বললেন, তিনটা বাক্য বলে ফেললে গালিগালাজ না করে। এইটা জারি রেখো।
দাউদ অসহিষ্ণু হলো। আমার চিন্তা এই মাস শেষ হওয়ার আগে তোমারে তোমার বাপ দাদার কাছে পাঠাই।

তার মানে আরও ৬ দিন, খোন্দকার বললেন। তাঁর গলায় কোনো উদ্বেগ, ভয়, দুঃখ নেই, কেননা তিনি ভাবছিলেন দাউদের সহজ সমীকরণটা নিয়ে। তাঁর মরণ দাউদের জিয়ন। এ রকমই হয়। সন্ত্রাস-সহিংসতার যুক্তিটা, যাকে বলে এসপার-ওসপার ঘরানার। জর্জ বুশ

যেমন বলেছেন, হয় আমাদের সঙ্গে আছ, না হয় ওদের সঙ্গে। একজনের নায়ক অন্যজনের ভিলেন। এটি একটি যুক্তি বটে, তবে চূড়ান্ত অপযুক্তি। এটি সভ্যতাকে একটা ফল্টলাইন, একটা প্রাগৈতিহাসিক ফাটল রেখার উপরে দাঁড় করিয়ে দেয়। হয় এসপার, নয় ওসপার। মাঝখানে কিছু নেই। এই অপযুক্তি থেকে মুক্তি নেই।

তিনি কোমল গলায় বললেন দাউদকে, আমি মরে গেলে কারও কিছু যাবে আসবে না দাউদ, আমার সন্তানের আমার অভাব বোধ করবে না, যেটুকু করবে, তা সরকুমের মেয়ে বীণা। কিন্তু তুমি মরলে তোমার মেয়েটার বুক ভেঙে যাবে।
আমি মরমু ক্যানে? একটু অবাক প্রশ্ন দাউদের।
পুলিশ তোমাকে খুঁজছে, র‍্যাব খুঁজছে। আমাকে হুমকি দিয়েছ, সেটি জাতীয় মিডিয়াতে এসেছে। স্বরাষ্ট্রসচিব বাহুবলের মানুষ, র‍্যাবের এক পরিচালক। বুঝেছ ব্যাপারটা?
দাউদ হাসল। জোরে জোরে।

এক কাজ করো, দাউদ, আমি কাল বাহুবল যাব। ইনাম আলির রিকশায় চড়ে। বিকেল চারটায়। তুমি একটা পিস্তল দিয়ে তোমার কোনো শাগরেদকে পাঠাও। আমার মরতে আপত্তি নেই, কিন্তু তোমার শাগরেদ আমাকে মারলে তুমি বাঁচবে। তোমার মেয়েটার জন্য তোমার বাঁচার দরকার। আর দাউদ...
ঠাট্টা করছ, উকিল, আমি তোমার দুলাভাই? দাউদ চিৎকার করে বলল।
শোনো দাউদ, না থেমেই বললেন খোন্দকার, তোমার মেয়ে তোমাকে কখনো সোয়েটার কিনে দিয়েছে? বানিয়ে দিয়েছে?
দাউদের প্রান্ত থেকে নীরবতা। তারপর তার হাসি শোনা গেল। আমার মেয়েরে নিয়া এত মাথাব্যাথা ক্যানে উকিল? ভাবছ ওর কথা বললে আমার মায়া পাইবা?
কাল চারটায় বাহুবল যাব। শাগরেদকে পাঠিও। তুমি মেয়েকে নিয়ে সিনেমা দেখতে যেয়ো। সিনেমা হলে যে মেয়ে বাবার পাশে বসে সিনেমা দেখে, একবারও দেখে, সে সারা জীবন ঐ সময়টা মনে রাখে। এমনকি অনেক পরে বাবার জন্য সোয়েটার কেনার সময়ও, যখন বাবাকে তার হঠাৎ বিরাট মনে হয়, যেন জীবনে যা, তার থেকে চার গুণ বড়। প্লিজ দাউদ, অন্তত একদিন মেয়েকে নিয়ে সিনেমা দেখো। যদি যাও, একদিন বুঝবে, কেন তোমাকে এমন করে সিনেমা দেখতে বলেছি, যেন তিনি মুখস্থ কিছু পড়ছেন, সে রকম করে কথাগুলো বললেন, দাউদকে একটা শব্দও বলতে না দিয়ে। তারপর ফোন বন্ধ করে দিলেন। তাঁর চোখ ঝাপসা, কিন্তু কিছুক্ষণের জন্য একটুখানি করুণা কি জাগল তাঁর, বিষেশ করে সোয়েটারের কথাটি বলার সময়?

বীণা প্রবল আপত্তি করল। সরকুমও। এমনকি বীণার ১২ বছরের মেয়ে মৌও। তারপরো ইনাম আলির রিকশায় চড়ে বসলেন খোন্দকার আফজাল। তিনি একাই বসলেন, কিন্তু তাঁর পেছনে দা হাতে চলল গাছি মতিন। রিকশার সামনে সাইকেলে ভূষণ, মতিনের অ্যাসিস্ট্যান্ট। তার দা টা লুঙ্গির সঙ্গে বাঁধা।

রওনা দিয়ে খোন্দকার হাসলেন। দাউদ কি ভোঁতা চাপাতি ব্যবহার করবে, নাকি পিস্তল? পিস্তলের ক্ষমতা বেশি, পিস্তল কাজ করে দ্রুত, নিরাপদ বস্তুনিষ্ঠ দূরত্ব থেকে। দাউদের

কাছে ইতালির তৈরি একটা ৯ মিমি বেরেটা পিস্তল আছে, পুলিশকর্তা তাঁকে বলেছে। নিশানা দুর্দান্ত। তবে এমন মরণাস্ত্রেরও কাজে নেমে কোনো বোধ অনুভূতি কাজ করে না। সেই তুলনায় চাপাতির অনুভূতি আছে, এবং সেটা ব্যাক্তিগত। চাপাতির বিস্তর আবেগ। পিস্তল নিজে পরিষ্কার থাকে, শিকারের বুক মাথা তলপেট উরু থকে রক্তের ফোয়ারা ছুটিয়েও। অথচ চাপাতি শিকারের রক্ত গায়ে মাখে, গায়ে না মাখলে নিজেকে সে অপদার্থ ভাবে। পিস্তল একটা ঘটনা ঘটায়, চাপাতি সেই ঘটনা ঘটিয়ে একটা ঘোষণাও দেয়। চাপাতি আসলেই একটা ঘোষণার নাম।

দাউদকে তিনি যেটুকু চিনেছেন, সে যেন ঐ ঘোষণার অপেক্ষায় আছে। খোন্দকারে মৃত্যু একটা ঘটনামাত্র হলে সে তৃপ্তি পাবে না, বিশেষ করে তার কোনো অবতার যদি সেই ঘটনা ঘটায়। তাহলে সে আশাহতই হবে।। দাউদ চায় ব্যক্তিগত ঘোষণা। সে জন্য চাই ভোঁতা চাপাতি। নিজের অজান্তে ঘাড়ে একটু আঙুল বোলালেন খোন্দকার। রিকশায় বসে তাঁর একটা শিরশির ভয় হচ্ছে। তবে ভয়ের থেকেও বেশি একটা কাতরতা তিনি যে মৃত্যুব্যাথাটা পাবেন, ভেবে ভেবে তা কখন, কিভাবে, কতটা পাবেন, তা আন্দাজ করতে না পারার কাতরতা।

কিন্তু না দাউদ, না তার শাগরেদ/অবতারের দেখা মিলল। নির্বিঘ্নে বাহুবল পৌঁছে গেলেন খোন্দকার আফজাল। পৌঁছে সোজা গেলেন থানায়। থানার কর্তা ঘন্টা দেড়েক আগে ফোনে বলেছে , একবার থানা ঘুরে যেতে।

থানার সামনে একটা ছোটখাটো জটলা। ক্যামেরা হাতে স্থানীয় দুএক মিডিয়া কর্মী। কিন্তু পুলিশ থানার গেট দিয়ে কাউকে ঢুকতে দিচ্ছে না। খোন্দকার সাহেব গেটে পৌঁছালে দুই মিডীয়া কর্মী তাঁর সামনে দাঁড়াল। স্যার, একজন বলল, আপনিই তো খোন্দকার মোহাম্মদ আফজাল।
খোন্দকার অবাক হয়ে তাকালেন।
আপনি নিশ্চয় জানেন, এক মিডিয়া কর্মী বলতে শুরু করল,... কিন্তু পুলিশ এসে তাকে সরিয়ে দিয়ে খোন্দকার সাহেবকে গেটের ভেতর ঢুকিয়ে গেট বন্ধ করে দিল। স্যার ভেতরে যান, পুলিশ বলল।

ভেতরে মানে পুলিশকর্তার ঘরে। পুলিশকর্তা টেবিলজুড়ে বসে, মুখে হাসি। ঘরভর্তি কালো পোশাক, কালো রোদচশমা পরা র‍্যাবের লোকজন। খোন্দকারকে দেখে হই হই করে উঠলেন পুলিশকর্তা। এই যে, উকিল সাহেব, গুড নিউজ, গুড নিউজ। আমি বলেছিলাম না, সময় লাগবে না? দেখলেন, কথা রাখলাম না?

গুড নিউজ হচ্ছে দুপুরে মুর্দাশিরির জঙ্গলে দাউদ মিয়ার এক শাগরেদের আস্তানায় হানা দিয়েছে পুলিশ-র‍্যাব, গোপন সংবাদের ভিত্তিতে। গোপন সংবাদ বলেছে, দাউদ তিন-চারজনের একটা দলকে প্রস্তুত করছিল, একটা অপারেশনের জন্য। অপারেশনটা, পুলিশকর্তা জানালেন, মোস্ট লাইকলি খোন্দকার সাহেবকে অ্যামবুশ করে এলিমিনেট করার জন্য। র‍্যাব-পুলিশ আস্তানাটা ঘেরাও করে ফেললে দাউদ মিয়া টের পেয়ে যায়, এবং বারো রাউন্ড গুলি চালায়। স্মল আর্মস ফায়ারশট গান, হ্যান্ড গান, এসব। তবে র‍্যাবের কাছে সংবাদ ছিল

তার কাছে লং রেঞ্জ রাইফেল আছে, স্নাইপার রাইফেল হতে পারে, যা শার্প শুটিং-এর জন্য আগেও দাউদ ব্যাবহার করেছে। যাই হোক, দাউদ দুটি গ্রেনেডও ব্যবহার করেছে, কিন্তু তাতে কোনো ক্যাজুয়ালটি হয়নি। গোলাগুলি থেমে গেলে পুলিশ র‍্যাব মুভ ইন করেছে। দাউদ ও এক শাগরেদের ডেড বডি উদ্ধার করেছে। বাকি দুজন পালিয়েছে। বাট পুলিশ লুক আউটে আছে। কোথায় গুলি লেগেছিল দাউদের, জিজ্ঞেস করেলন ? গুলি একটা তো নয়, সেভারেল। দুটো চেস্টে, একটা তলপেটে, একটা মাথায়, একটা কপাল বরাবর। সবই ফ্যাটাল ছিল। ইন্সট্যান্ট ডেথ।

চলুন, দাউদের ডেডবডি দেখবেন। পাশের ঘরেই আছে, এস পি স্যার এলে পরবর্তী পদক্ষেপ। এখনো মিডিয়াকে জানানো হয়নি। এসপি স্যার এলে হবে। যাবেন না? চলুন, চলুন।

পুলিশকর্তার মুখে দাউদের মৃত্যুসংবাদ শুনতে শুনতে খুব অবসন্ন লাগছিল খোন্দকার সাহেবের, মনটা বিষাদে ছেয়ে গিয়েছিল। দাউদের মৃত্যুটা তাঁকে যেন কিছুটা হলেও নিঃস্ব করে দিয়েছে। দাউদের মরণ কি তাহলে তার জিয়ন? কিন্তু এই জিয়ন দিয়ে কী হবে?

আজ যখন রিকশায় বাহুবল আসছিলেন তিনি, মনের ভেতর অনেকগুলো অনুভূতি খেলা করছিল। ভয় লাগছিল তো বটেই, একটা অনিশ্চিতির উদ্বেগও ছিল, আবার একটা উত্তেজনাও ছিল, হয়তো দাউদের সামনাসামনি হবেন। দাউদের চোখের দিকে তাকিয়ে দুটো কথাও বলবেন, তার মেয়ের খবর নেবেন। একসময় হয়তো দাউদ ক্লান্ত হবে, বলবে, আর না উকিল। এবার আল্লারে ডাকো। দাউদের শুরুর তুই-তোকারি, তারপরের তুমি-তুমি তাঁকে বেশ মজা দিয়েছে। শেষ কে তাঁকে তুই বলে ডেকেছে? দাদা? ছোটবেলার বন্ধু রজত? তারা এখন কোথায়?

দাউদ তাঁকে তুই বলে একটা ভয়ানক যোগাযোগের সূত্রপাত করেছিল। তুমিতে উঠে তা কিছুটা উন্নত করলেও যোগাযোগের নিয়তি-নির্দিষ্টতা, তাঁর মৃত্যবানতা তাতে কমেনি। খোন্দকার নিশ্চিত, কারাগারের সাত বছর এই যোগাযোগের একটা সুতাকে দাউদ প্রতিদিন তার ধ্যানে রেখেছে।

সাতটা বছর প্রতিদিন কে তাঁকে স্মরণ করেছে? ওয়াহিদ? তার বড় ভাই ওয়ালিদ? মেয়ে রুমা? হাহ। বউও কি করতেন, প্রতিদিন? অপ্রয়োজনে?

খোন্দকার সাহেব নিশ্চিত, দাউদের লং রেঞ্জ স্নাইপার রাইফেল থাকুক আর নাই থাকুক, সেটি সে ঐ আস্তানাতেই ফেলে আসত। একটা স্মল আর্ম নিয়েই সে আসত, সম্ভবত সেই বেরেটাটা। তারও প্রয়োজন ছিল খোন্দকারের মুখোমুখি হওয়ার, মৃত্যুর আগে তাঁর মুখে অন্তত একটা ভয় অথবা একটা উদ্বেগ অথবা বিপর্যয়ের ছবি দেখার।

দাউদের লাশ দেখতে যাওয়ার ইচ্ছা তাঁর ছিল না, কিন্তু পুলিশকর্তার ইচ্ছায় যেতে হলো। একটা টিনের ট্রলিতে একটা চাদর দিয়ে ঢেকে তাকে শুইয়ে রাখা হয়েছে, শাগরেদটা স্থান পেয়েছে মেঝেতে। দাউদের মুখটা বেরিয়ে আছে, চাদরটা পর্যন্ত সে পৌঁছাতে পারেনি। তার কপালের সামনে একটা রক্তমাখা জখম, যেন একটা বড়সড় ড্রিল মেশিন দিয়ে কেউ একটা গর্ত করে দিয়েছে, আর গর্তটা বুজে আছে শুকিয়ে যাওয়া রক্তে, খুবলে উঠা মাংসে।

দাউদের চোখ বোজা, তাতে মুখে একটা বিশাল দুঃখবোধ জাগছে। যেন সে খোন্দকারকে না মারতে পারার দুঃখে ভীষণ কাতর। অথবা মেয়েকে সিনেমা দেখাতে নিতে না পারার জন্য। তাকে দেখে মোটেও ভয়ানক মনে হলো না খোন্দকারের। তাঁর মাথায় ঢেউ খেলানো চুল, খোন্দকারের চুলহীন মাথাকে যেন তা উপহাস করছে। দাউদের মুখ দেখতে দেখতে হঠাৎ খোন্দকারের মনে হলো, তিনি কি তাঁর বিকল্প সত্তাকে দেখছেন, তাঁর অল্টার ইগোকে? দাউদ কি পূর্ণ করেছে তাকে, তিনি দাউদকে? দাউদ যা নয়, তিনি কি তাই? আর তিনি যা নন, দাউদ তা? সকল অর্থেই তো তারা বিপরীত, শেষমেশ দুই মেয়ের পৃথক বিচারেও।

দাউদের এভাবে চলে যাওয়াটা তিনি কেন জানি মানতে পারলেন না। এসপি সাহেব থানায় এলে মিডিয়ার সামনে নিশ্চয় অনেক কথাই বলবেন এই দুর্ধর্ষ খুনিকে নিয়ে, বন্দুকযুদ্ধ নিয়ে, গোলাগুলির একপর্যায়ে দাউদের মারা যাওয়া নিয়ে, কিন্তু খোন্দকার সাহেবের মনে হলো দাউদের তো এভাবে মারা পড়ার কোনো কারণ ছিল না। সে তো জানত পুলিশ-র‍্যাব তাকে খুঁজছে। তার তো খুব সাবধানে থাকার কথা ছিল। তাহলে? তার সাবধানতায় চিড় ধরিয়েছে কে অথবা কী? কেন সে একটা গাছের ডালে বসা অপ্রস্তুত পাখির মত এত সহজে মরবে, তার কপালের মাঝখানের জখমটা যা প্রমাণ করে? সে তো মৃত্যু খুঁজে বেরিয়েছিল খোন্দকারের, সেই মৃত্যু কি ছিল তার নিজের? কেন হবে?

খোন্দকার সাহেবের চোখ অন্ধকার হয়ে গেল। একটা গাঢ় বিষাদ যেন সবকিছু ছাপিয়ে উঠল। এক ফাঁকে তাঁর মনে মনে পড়ল, এখন দরজায় বীণাকে তালা মারতে হবে না, গাছি মতিনকে দা নিয়ে তাঁকে পাহারা দিতে হবে না। একটা উত্তেজনা জীবন থেকেই তো চলে গেল। এখন দাউদের মরা মুখ দেখে মনে হলো, জীবনটা এখন প্রতিদিন বিষণ্ন সূর্যোদয়ে জাগবে, বিষণ্ন সূর্যাস্তে আড়ালে যাবে।

এই জীবন টানাটা খুব কষ্টের হবে, তিনি নিশ্চিত। তাহলে কি দাউদই জিতল? খোন্দকারই আসলে মারা গেলেন আজ? আর দাউদ? সে তো মরেই ছিল এবং মৃত্যুতেও বেঁচে ছিল। খোন্দকার নিশ্চিত, চিরদিনের মতো মৃত দাউদ শিগগিরই বেঁচে থাকবে নতুন এক মিথে। গ্রামের মায়েরা বাচ্চাদের খাওয়াবেন, ঘুম পাড়াবেন দাউদের নামে।
দেখলেন তো, পুলিশকর্তা বলল, আমি কথা রাখি।
খোন্দকার সাহেব চুপ থাকলেন। এখন যেতে হয়।

পুলিশকর্তা বলল, যা আমাকে অবাক করল, খোন্দকার সাহেব, দাউদের পকেটে পাওয়া অদ্ভুত একটা ---না দুইটা জিনিস। এগুলোর কোনো অর্থ এখনো উদ্ধার করতে পারছি না। অবাক।
কী পেয়েছেন? খোন্দকার জিজ্ঞেস করলেন।
দুইটা সিনেমার টিকিট। রংমহল সিনেমার। সন্ধ্যা ছয়টার শো- এর।
অবাক। খোন্দকার বললেন, পুলিশকর্তাকে অনুসরণ করে।

ফিরে যেতে যেতে বুক চিরে একটা দীর্ঘশ্বাস পড়ল খোন্দকার সাহেবের, যে রকম দীর্ঘশ্বাস তিনি শেষ কবে ফেলেছেন, মনে করতে পারলেন না।



# একজন বিদেশীর বাংলাদেশ ভ্রমন

**মোঃ সম্রাট হোসেন**
৪০ তম ব্যাচ, বিএসসি ইন সিএসই
আইডি: ১৫৩০৩০১০১০২৭

গ্রামটা তো অনেক সুন্দর ! ছায়াঘেরা সবুজ শ্যামল গ্রাম। ভাবছি, এখানেই একটা আবাস গড়ে নিব।

আমি ক্যামি নিও। বেইজিং থেকে এসেছি। পাকশী ইপিজেডে আমার বেশ কিছু প্রজেক্ট আছে। এবারই প্রথম আমি বাংলাদেশে এলাম। বাংলাদেশের রাজধানীর নাম ঢাকা। নদীমাতৃক একটা দেশ। জালের মত জড়িয়ে আছে অসংখ্য নদ-নদী। যদিও ঢাকা থেকে হেলিকপ্টার নিয়েই পাকশীতে যাওয়া যায়, তবুও ভাবলাম ট্রেনেই যাব, এতে করে দেশটা ভাল করে দেখা যাবে। ঢাকাতে নেমেই ভাল লাগলো। ১৯৭১ সালে যুদ্ধ করে এদেশ প্রতিষ্ঠিত হয়। জন্মের মাত্র ৪৫ বছরের মধ্যে দেশটা ভালই উন্নতি করেছে। যার প্রমাণ পেলাম ঢাকার ফ্লাইওভারগুলো দেখে। এখানকার সব থেকে বড় রেলস্টেশনের নাম কমলাপুর। তবে বিমানবন্দর রেলস্টেশন কাছে হওয়াতে এখান থেকেই ট্রেনে উঠলাম। ও, হ্যাঁ, বলে রাখি, আমার সাথে আছে সঙ্গী, আমার বাংলাদেশী বন্ধু এবং ব্যবসায়িক প্রতিনিধি ।

ট্রেন ছেড়ে দিল, জানালা দিয়ে বাইরের দিকে তাকিয়ে আছি। ঘন্টাদুয়েকের মধ্যেই শহরের কোলাহল ছেড়ে চলে এসেছি। চারদিকে দিগন্ত বিস্তৃত ধানক্ষেত। মাত্রই ধানের শীষ বের হয়েছে, অসম্ভব রকমের সুন্দর দৃশ্য। এরপর ট্রেন উঠে এল বাংলাদেশের বিখ্যাত যমুনা সেতু বা বঙ্গবন্ধু সেতুর উপরে। জাপান সরকারের সহযোগিতায় নির্মিত হয় দেশসেরা এই সেতু। মাঝে মাঝে যমুনার বুকে শুশুক লাফিয়ে উঠতে দেখলাম। সেতু পার হয়ে কিছুদূর যেতেই দেখি চারপাশে পরিষ্কার ঝকঝকে স্বচ্ছ পানি। মাঝখান দিয়ে চলছে ট্রেন। নিজ চোখে না দেখলে এ সৌন্দর্য বলে বুঝানো যাবে না। এটা একটা বিখ্যাত বিল, নাম চলনবিল।শুকনো মৌসুমে এখানে ধান চাষ হয়। অনেকগুলো ডিঙি নৌকা দেখলাম, জেলেরা বিলে জাল ফেলে মাছ ধরছে। ৫ ঘন্টার মধ্যেই আমরা ঈশ্বরদী স্টেশনে পৌঁছে গেলাম। এটা বাংলাদেশের সবচেয়ে পুরাতন, বড় এবং ঐতিহ্যবাহী রেল জংশন। এখানে সম্ভাবনাময় একটা অভ্যন্তরীণ বিমানবন্দরও আছে। এলাকাটা ঘুরে দেখতে হচ্ছে তাহলে, ভাবলাম। এখান থেকে মাত্র ১ কিলোমিটার দুরত্বেই শহরের প্রাণকেন্দ্রেই অবস্থিত আঞ্চলিক কৃষি ও ডাল গবেষণা কেন্দ্র। কেন্দ্রের ভেতরের এরিয়াটা অনেক সুন্দর, কয়েকশত একর নিয়ে বিস্তৃত। বাংলাদেশের কৃষি সংশ্লিষ্ট গবেষণাতে এর অবদান অনেক, এবং অনস্বীকার্য। দর্শনার্থীরা যেন ঘুরতে এসে ক্লান্ত না হয় সেজন্য রয়েছে বসার ব্যবস্থা। কিছুদুর পর পরই বড় বড় গাছগুলোর নীচে সিমেন্টের তৈরি বেঞ্চ। এর পাশেই অবস্থিত আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র। উল্লেখ্য, রেশম শিল্পে বাংলাদেশের অবস্থান ঈর্ষনীয়।

এখান থেকে বের হয়ে গেলাম বাংলাদেশ ইক্ষু গবেষনা কেন্দ্রে। কেন্দ্র সংলগ্ন মার্কেটে ইক্ষু থেকে উৎপাদিত সকল প্রকার পণ্যদব্য এখানে পাওয়া যায়। ভেতরের এরিয়াটা অনেক বড় আর সুপরিকল্পিতভাবে গড়ে তোলা, আয়তনে হাজার একরের চেয়েও বেশি। সারি সারি নারকেল, খেজুর, তাল ইত্যাদি গাছ রাস্তার দুপাশ দিয়ে লাগিয়ে সৌন্দর্যবর্ধন করা হয়েছে । এখান থেকে মাত্র ২ কিলোমিটার দূরেই জয়নগর নামক গ্রামে অবস্থিত জয়নগর বিদ্যুৎ উৎপাদন উপকেন্দ্র। দেশের সবই যেন এই ঈশ্বরদীতেই অবস্থিত। বিদ্যুৎ উপকেন্দ্র হলেও ভেতরে নাম না জানা বিভিন্ন রকমের ফুলের গাছ দিয়ে সাজানো গোছানো আবাসিক এলাকার মত জায়গাটা। এরপর রূপপুর। বাংলাদেশের একমাত্র পরমাণু শক্তি উৎপাদন কেন্দ্র। রাশিয়া সরকারের সহযোগিতায় বর্তমান সরকারের আমলে এর কার্যক্রম শুরু হয়েছে । এখান থেকে মাত্র ১ কিলোমিটার দূরেই পাকশী রেলওয়ে বিভাগ অবস্থিত। স্থাপত্যে এমন সুন্দর, যেন পাকশী না, ইউরোপ বলে ভুল হয়। পাশেই পদ্মা নদীর উপরে বিখ্যাত জোড়া সেতু। হার্ডিঞ্জ ব্রীজ ও লালনশাহ সেতু। লর্ড হার্ডিঞ্জ ব্রিটিশ আমলে নির্মাণ করেন এই বিখ্যাত রেলসেতুটি। এদেশের বিখ্যাত সঙ্গীত সাধক লালন সাঁই এর নামানুসারে নামকরণ করা হয়েছে লালন শাহ সেতুর। জাপান সরকারের সহযোগিতায় নির্মিত হয় এই সেতু।সেতু সংলগ্ন রেললাইনের দুধার দিয়ে কলাবাগান সহ নানা রকমের ফসলের চাষ।দেখলেই যেন চোখ জুড়িয়ে যায়। এরপর, এই এলাকার সবথেকে বিখ্যাত গ্রাম জয়নগর। গ্রামের দুপাশ দিয়ে দুইটি বিখ্যাত হাইওয়ে রোড সেতুতে এসে মিলিত হয়েছে। রোডের দুপাশ দিয়ে সহস্রাধিক চালকল এবং প্রসেসিং মিল।বাংলাদেশের বিখ্যাত ঈশ্বরদীর লিচু এখানেই উৎপাদিত হয়।

এখন শীতকাল শেষের দিক চলে এসেছে । কিছুদিন পরই লিচুর মুকুল বের হবে। এদেশের মানুষ খুবই অতিথিপরায়ণ। যার প্রমাণ, গ্রামে যেতে না যেতেই খেজুর রস সহ নানা রকম পিঠাপায়েশ সামনে হাজির। কোনটা রেখে কোনটা খাব অবস্থা! গ্রীষ্মকাল পর্যন্ত থাকার প্ল্যান করে এসেছি। জানুয়ারির শেষের দিকে লিচু গাছে মুকুল বের হয়। মৌচাষিরা মৌচাক নিয়ে বাগানে বাগানে তাদের মৌমাছির বাক্সে রেখে মধু সংগ্রহ করে ।

দেখতে দেখতে এপ্রিল মাস চলে এসেছে। ভালই যাচ্ছে দিনগুলো । ১৪ ই এপ্রিল এদেশে বাংলা নববর্ষ উদযাপিত হয়। সারাদিন উৎসব উৎসব রঙ লেগে থাকে দেশটিতে। বিকেল বেলা পাকশীর জোড়া সেতু সংলগ্ন এলাকাতে লাখো মানুষের মিলনমেলা। সত্যিই নজরকাড়া সৌন্দর্য। মে মাসের সপ্তাহান্তে লিচু পাকা শুরু হয়। একটা অত্যন্ত মজার বিষয় হচ্ছে, এখানে লিচুচাষিরা বাগানে অস্থায়ী একটা আবাস গড়ে তোলে, রাত্রিতে বাগানে রাত্রিযাপন করে, চাঁদের জ্যোৎস্না আর বৈদ্যুতিক আলোর সংমিশ্রণে এক অপূর্ব মোহময়তার সৃষ্টি হয়। লিচুর স্থায়িত্বকাল খুবই কম। পাকতে শুরু করার ২ সপ্তাহের মধ্যেই শেষ হয়ে যায় এই সুমিষ্ট ফল।

ভালই ঘুরাঘুরি করলাম মাস ছয়েক। এদিকে ইপিজেডের প্রোজেক্টও ভালমতই চলছে। ইপিজেড এরিয়া থেকেই হেলিকপ্টারে উঠলাম, উদ্দেশ্য ঢাকা। ওখান থেকে চায়না সাউদার্ন এয়ারলাইন্সের একটা ফ্লাইটে দেশে ফিরব।। গুড বাই বাংলাদেশ। দেশে ফিরছি, সাথে আছে এদেশের মানুষের অসম্ভব রকমের ভালবাসা আর শুভেচ্ছা। তোমাদের অতিথিপরায়ণতা সত্যিই হৃদয়কাড়া । মিস ইউ বাংলাদেশ এ্যান্ড ইউর লাভিং পিপল।



# অপুর একাত্তর

**বুলবুল হোসেন**
৪০তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৫৩০২০১০১০৩০

রাত ২টা। সারারাত জেগে থেকে বাবার জন্য অপেক্ষা করছে বারো বছরের কিশোর অপু। তার বাবা ডাঃ রাব্বি সাহেব মুক্তিযুদ্ধে যোগদান করেছেন। যুদ্ধের শুরু থেকেই। ৭ই মার্চ বঙ্গবন্ধুর ভাষণ শুনে অন্যসব বাঙ্গালিদের মতো অপু, তার বাবা ডাঃ রাব্বি সাহেব, অপুর মা ডাঃ তিথি বেগমের মনেও দানা বেঁধেছিল পূর্ব-বাংলার মুক্তির স্বপ্ন। ডাঃ রাব্বি মুক্তিবাহিনী গঠনের পর মুক্তিবাহিনীতে যোগদান করেন। প্রতিদিনের মতো আজও তার বাবা এসে খেয়ে ঘুমিয়ে আবার চলে যাবেন মুক্তিবাহিনীতে। অপুর মা তাই তার স্বামীর জন্য ভাত রাঁধছেন। অপু বার বার জিজ্ঞেস করছে, "মা, বাবা কখন আসবেন?" এক সময় অপেক্ষার পালা শেষ হল। ঠক্ ঠক্ শব্দ হল দরজায়। পাশের জানালা দিয়ে উঁকি দিয়ে নিশ্চিত হল অপু যে তার বাবা এসেছেন। সে তাড়াতাড়ি দরজা খুলে তার প্রিয় বাবাকে ঘরে নিয়ে এলো, মাও ছুটে এলেন। মা বললেন "কেমন চলছে যুদ্ধ আমরা জিতব তো?" নিশ্চয়ই জিতবো, আজ একদল পাকিস্তানিদের গাড়ি শুদ্ধ পুড়িয়ে দিয়েছে গ্রেনেড মেরে। এভাবে প্রতিদিন ডাঃ রাব্বির মুখ থেকে এসব শুনে খুবই খুশি হয় অপু ও তার মা।

আবার মুক্তিযোদ্ধারা গুলি খেয়ে মারা যাওয়ার খবরে খুব কষ্ট পায়। ২২ শে সেপ্টেম্বর অপুর বাবা এসে বললেন, কাল মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী মিলে যৌথ বাহিনী গঠিত হয়েছে। এখন ভারত আমাদের আরও বেশি সামরিক শক্তি দিয়ে সহায়তা করবে। তাহলে এবার নিশ্চয়ই আমরা জিতব।

এভাবেই দিন অতিবাহিত হতে লাগল। একদিন অপুর বাবা বললেন, স্বাধীনতার আর বেশি দেরি নেই। যৌথ বাহিনীর আক্রমণে পাকিস্তানি বাহিনী দিশেহারা। অপু খুশি হয়ে বলল, "জয় বাংলা"। ছেলের মুখে একথা শুনে বাবা খুশি হলেন। অপুর মনে অনেক চিন্তা, কবে দেশ স্বাধীন হবে। কবে আবার আগের মতো খেলতে পারবে।

১১ই অক্টোবর ভোর বেলা বাবা আসার পর পরই দরজায় ঠক্ ঠক্ শব্দ হল। অপুর বাবা জানালা দিয়ে উঁকি দিয়ে ফ্যাকাশে মুখে ছুটে এসে অপুর মাকে ফিস ফিস করে কি বলে অপুকে বললেন, অপু তুমি খাটের নীচের জিনিসপত্রের পিছনে যাও। আমরা ডাক না দিলে বের হবে না। অপু অবাক হলো; বাবা বললেন, তাড়াতাড়ি অপু। অপু খাটের নিচের জিনিস পত্রের পিছনে ঢুকে গেল। সঙ্গে সঙ্গে দরজাটা ভেঙ্গে পড়লো। ভিতরে ঢুকল ২জন পাকিস্তানি ও রহিম চাচা। রহিম চাচা পাকিস্তানি বাহিনীর পক্ষে। অপুদের পাড়াতেই থাকতেন। অপুর ভয়ে মুখ শুকিয়ে গেল। বুক ধড়ফড় করতে লাগল। রহিম চাচা বললো, ডাঃ সাহেব এবার আপনি আর বাঁচবেন না, প্রথম কারণ বুদ্ধিজীবি, ২য় কারণ এই এলাকার মুক্তিবাহিনীর

প্রধান আপনি। বলার সাথে সাথেই গুলির শব্দে আতংকিত হয়ে উঠল এলাকা। পড়ে রইল ডাঃ রাব্বি ও ডাঃ তিথি বেগমের নিথর দেহ। আস্তে আস্তে অপু খাটের নিচ থেকে বেরিয়ে এলো। হানাদার চলে গেছে, অপুর চোখ জলে ভরে উঠল। তাড়াতাড়ি বাইরে এসে মুক্তিবাহিনীর ক্যাম্পে কাশেম চাচাকে বলল, "চাচা, হানাদারেরা আমার বাবা-মাকে মেরে ফেলেছে।" বলেই কাঁদতে শুরু করল। কাশেম চাচার মুখ থমথমে হয়ে গেল। তারপর অপু মুক্তিবাহিনীতেই যোগদান করল। বোমা মারা, গুলি করা শিখল। ১৫ই ডিসেম্বর রাতে হানাদারদের আগমন বার্তা পেয়ে লুকিয়ে একটি গ্রেনেড নিয়ে বেরিয়ে এল। পাশেই পুকুর, পুকুরে নেমে পুকুরের পাড়ে লুকিয়ে থাকল। কিছুক্ষন পর গাড়ির শব্দ পেল, সেই দু'জন পাকিস্তানি ও রাজাকারটি পুকুরের পাশ দিয়ে যাওয়ার সময় অপুর মনের আশ্রিত দানবটি জেগে উঠল। সে গ্রেনেডটি ছুঁড়ে মারল গাড়ির উপর। সঙ্গে সঙ্গে প্রবল বিস্ফোরণ। অপু পুকুর থেকে উঠে এল, পাকিস্তানি হানাদারদের দিকে ঘৃণিত দৃষ্টিতে তাকালো। বলে উঠল, "তোরাই আমার বাবা-মাকে হত্যা করেছিলি।" একজনের মৃতদেহের উপর লাথি মেরে বলে উঠল, "জয় বাংলা"।

আজ ১৬ই ডিসেম্বর। দেশ স্বাধীন হয়েছে। তার হাতে একটি পতাকা। স্বাধীন বাংলাদেশের পতাকা। তার বাবা মায়ের খুনিদের পরাজিত করার আনন্দে সে উদ্ভাসিত।



# নাম

**নাজমুল হাসান**
৩৭তম ব্যাচ, বি.এ. (অনার্স), ইংরেজি বিভাগ
আইডি: ১৪৩০১০১০১০০৩

নাম! নাম মানুষের ভাবাভাবি, কাঁদাকাঁদি, হানাহানির শেষ নেই। সভ্যতা যতই এগিয়েছে নাম নিয়ে মানুষের ভাবনাটা আরো সুন্দর, ছোট হয়েছে! কিন্তু এই নাম ছোট করতে গিয়ে বিড়ম্বনায়ও কম পড়তে হয়নি। উদাহরণস্বরূপ, কারো নাম আজিজুল, বাবা-মা ডাকে আজিজ বলে, আবার বন্ধুমহলে সে পরিচিত আইজ্জ্যা বলে। বিভিন্ন ধর্মে নবজাতকের সুন্দর নাম রাখতে বলা হয়েছে। বাবা-মা, আত্মীয়-স্বজনরাও চেষ্টা করেন নবজাতকের জন্য যেন সুন্দরতম নামটা নির্বাচন করা যায়। নাম বিষয়টা যে প্রকৃতপক্ষেই একটা স্পর্শকাতর ব্যাপার তা নিয়ে সবচেয়ে সুন্দর উক্তিটি বোধহয় মহামতি রবীন্দ্রনাথই করেছেন, মানুষ বস্তুর চেয়ে অবস্তুকে বেশি মূল্যবান জ্ঞান করে, সোনার চেয়ে বাণী, প্রাণের চেয়ে মান এবং আপনার চেয়ে আপনার নামটাকে বড়ো মনে করে।

বাবা ফজলুল করিম খুব শখ করে সদ্যজাত ছেলেটার নাম রেখেছিলেন হাবীবুল্লাহ, যার বাংলা করলে অর্থ হয়,আল্লাহর প্রিয় ব্যক্তি। কিন্তু এই শখের নামই যে একদিন কাল হয়ে উঠবে তা কে জানত! হাবিবুল্লাহ নামটা বেশ বড় বলেই কিনা বাড়ির সবাই তাকে হাবীব নামেই ডাকত। নামটা খুব একটা খারাপ লাগত না ছেলেটার কাছে। হাবীব ছেলে হিসেবে ভদ্র, কম মিশুক, বলতে গেলে সে অনেক লাজুক প্রকৃতির। ছাত্র হিসেবেও তাকে খুব বেশি খারাপ বলা যায় না, গ্রামের একটা স্কুলে ক্লাস এইটের ১২০জন ছাত্রের মধ্যে ছয় রোল হওয়াটাকে নিশ্চয়ই খারাপ বলে না। কিন্তু তার বড় ভাই ফাহাদের কাছে এটা খারাপই বটে, কেননা ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ফাহাদের রোল জীবনে কখনো এক-দুই ছাড়া অন্য কিছু হয় নি।

আজ শনিবার, ক্লাস এইটের প্রথম ক্লাস। হাবীব ক্লাসে তার প্রিয় বন্ধু রমেলের সাথে বসেছে। ক্লাসে নতুন একটা ছেলে এসেছে, গ্রামের চেয়ারম্যানের ভাতিজা তুষার। শহর থেকে এসেছে, তার চাল-চলন, আচার-আচরণ কোনোটাই হাবীবের পছন্দ না। কথা-বার্তাতেই বোঝা যায় তুষার বেশ অহঙ্কারী। চেহারাও বেশ ষণ্ডামার্কা।

বুধবার স্কুল ছুটির পর অন্য ছেলেরা স্কুলের পাশের মাঠে খেলতে গেলেও হাবীব সোজা বাড়িতে চলে যায়। সেদিন রমেল হাবীবকে ডাক দিল, কিরে হাবীব, খেলে যা একটু আজকে। “হাবীবের জবাব দেয়ার আগেই পাশ থেকে তুষার বলে উঠলো, ও আর খেলবে কি! ও তো হাবু!“ লজ্জা পেয়ে হাবীব মাটির দিকে তাকিয়ে সোজা বাড়িতে চলে গেল। আর সেইদিন থেকে স্কুলে হাবীব এর নাম হয়ে গেল হাবু। এরপর থেকে প্রায়ই সহপাঠীরা ছোটোখাটো কারণে হাবীবকে হাবু বলে হাসাহাসি করত। এমনকি শিক্ষকরাও ঠাট্টা করত হাবীবকে হাবু নামে ডেকে। হাবীবও কেন যেন মুখ বুজে সব সহ্য করত।

একদিন ক্লাসের শেষদিকে শিক্ষক সবাইকে গান, আবৃত্তি করতে বললেন। বেশ কয়েকজন ভালোই আবৃত্তি-গান করলো। এবার হাবীবের পালা। হাবীবের মাঝে আসলে এরকম কোনো প্রতিভা আছে কিনা তা হাবীব নিজেও জানে না। তারপরও সবার চাপাচাপিতে ছড়া টাইপের কিছু একটা আবৃত্তি করার চেষ্টা করলো। তার কাছে মনে হল সে ভালোই করেছে। কেবল ভালো লাগলো না বোধহয় তার শিক্ষক আর সহপাঠীদের কাছে। হাবীবের আবৃত্তি শুনে সবাই হো হো করে হেসে দিলো। স্যার অনেক জোরে ধমক দিলেন সবাইকে, এ্যাই, তোরা সব চুপ করবি? "পুরো ক্লাসে পিনপতন নীরবতা। নীরবতা ভেঙে স্যার বেশ জোরেই বলে উঠলেন, ও তো হাবু, ও এর চেয়ে ভালো আর কি আবৃত্তি করবে!"-বলেই স্যার সহ সবাই হেসে দিল। সেদিন হাবীব খুব কষ্টে চোখের পানি আটকে রেখেছিল। বাড়ি ফিরেছে একা একা। বাড়ি ফিরে সন্ধ্যা পর্যন্ত কারো সাথে একটা কথা পর্যন্তও বলেনি। ওর মনে শুধু একটাই প্রশ্ন, সবাই আমাকে নিয়েই শুধু ঠাট্টা করে কেন?

রাতের খাওয়া শেষে হাবীব তার বাবাকে জিজ্ঞেস করে, আচ্ছা বাবা, হাবীব নামটা কি খুবই খারাপ? "খারাপ হবে কেন? হাবীব মানে হল বন্ধু, প্রিয় ব্যক্তি; আর তোর নাম হলো হাবীবুল্লাহ, মানে আল্লাহর বন্ধু। নির্লিপ্ত কণ্ঠে ফজলুল করিমের জবাব। উত্তরটা শুনে হাবীবের অনেক ভালো লাগলো, মুহূর্তেই মনটা ভালো হয়ে গেল। নিজের নামের অর্থটা শুনে প্রথ মবারের মত ওর এত ভালো লাগলো। যাক! ফুরফুরে মন নিয়ে আজকে ঘুমুতে পারবে ও।

পরদিন থেকে বেশ উৎফুল্ল মন নিয়েই স্কুলে যেতে থাকলো হাবীব। নাম নিয়ে যে তার আর কোনো ঝামেলা হয় নি তা কিন্তু নয়, প্রায় প্রতিদিনই সহপাঠীদের অথবা শিক্ষকদের কাছ থেকে হাবু নাম শুনতে হত। তবে ও কিছু মনে করত না আর। কারণ ও ওর নামের অর্থ বোঝে এখন, ও কারো প্রিয় ব্যক্তি, অন্ততঃপক্ষে ওর বাবা-মার অনেক প্রিয়, অনেক আদরের ও। ও নিজের মনকে এই বলে সান্ত্বনা দেয় যে, তোমরা আমাকে হাবু বলে ডাকতে পারো, কিন্তু আমি আমার বাবা-মার হাবীব।

তখন ক্লাস এইটে সরকারিভাবে বৃত্তির ব্যবস্থা ছিল। তার জন্য প্রতি স্কুল থেকে আলাদা বৃত্তির ব্যাচও করা হতো। হাবীবও সেই বৃত্তির ব্যাচে ছিল। বৃত্তি পরীক্ষা দিলো, পরীক্ষা হলো মোটামুটি রকমের। এবার আসলো ফলাফলের দিন। ওদের স্কুল থেকে ষাট জন বৃত্তি পরীক্ষা দিয়ে বাইশ জনের মত বৃত্তি পেয়েছে। মাঠের মাঝখানে দাঁড়িয়ে প্রধান শিক্ষক আরো কয়েকজন শিক্ষককে নিয়ে বৃত্তিপ্রাপ্তদের নাম ঘোষণা করছেন। একে একে ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্তদের নাম ঘোষণা করা হল। সেখানে হাবীবের নাম নেই, মনটা খারাপ হলো ওর। এবার সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্তদের নাম ঘোষণা হচ্ছে, একে একে সেই লিস্টও শেষ হল, এখানেও নেই হাবীবের নাম। মন খারাপ করে স্কুলের বড় বিল্ডিংয়ের বারান্দাটায় দাঁড়িয়ে আছে হাবীব। পাশ দিয়ে ওদের শ্রেণীশিক্ষক যাওয়ার সময় বলে গেলেন, হাবু নামের কেউ বৃত্তি পায় না, কারণ হাবুরা হচ্ছে হাবু।" কথাটা শুনে হাবীবের মনটা আরো খারাপ হয়ে গেল। সহপাঠীদের অনেকে, যারা বৃত্তি পেয়েছে তারাও ওকে হাবু বলে ঠাট্টা করে চলে গলে। বাড়ি ফিরে যাবে, কিন্তু বাবা-মাকে কি বলবে ও! ও যে বৃত্তি পায় নি। বাবাকে বলে এসেছে বৃত্তি পেলে ওর সব আবদার পূরণ করতে হবে, বাবাও রাজি হয়েছে। এসব ভাবতে ভাবতে অবশেষে মন খারাপ নিয়েই বাড়ি ফিরতে হল ওকে।

বৃত্তি পায়নি বলে বাসার সবাই ওকে বেশ করে কথা শুনিয়ে দিল। বড় ভাই ফাহাদ বলল, ও তো আসলেই হাবু, ও বৃত্তি পাবে কিভাবে? "ফজলুল করিম, হাবীবের বাবা সে পর্যন্তও মন খারাপ করে বলে ফেললেন, হাবু আসলে হাবুই থাকে, হাবীব হয় না।" কথাটা কেন জানি হাবীবের কানে বজ্রপাতের মত বাজতে থাকলো বিকেল পর্যন্ত। কিছুতেই বুঝে উঠতে পারলো না হাবু নামটা বাসার সবাই জানলো কিভাবে! তারপর বিকেলবেলা হাবীব হঠাৎ করে বাড়ি থেকে বেরিয়ে গেল। বাসার সবার মন খারাপ ছিল, তাই কেউ হাবীবের খোঁজটা পর্যন্ত নিলো না। রাতে খাওয়ার সময় সবার হাবীবের কথা মনে হল, ছেলেটা সারাদিন কিছু খায় নি। তারপর অনেক খুঁজলো সবাই মিলে হাবীবকে, কিন্তু কোথাও পেল না।

পরদিন সকালের একটু পর বাড়ি থেকে একটু দূরের আমতলায় একটা জটলা দেখা গেল। হাবীবের ভাই ফাহাদ জটলা সরিয়ে যা দেখতে পেল তা দেখে নিজের চোখকে বিশ্বাস করতে পারলো না।

আমগাছের ডালে ঝুলে আছে তার ছোটভাই হাবীবের নিথর দেহ! রবীন্দ্রনাথ তাঁর কোনো এক গল্পে বলেছিলেন, *নাম জিনিষটা যদিচ শব্দ বৈ আর কিছুই নয়, কিন্তু সাধারণত লোকে আপনার চেয়ে আপনার নামটা বেশি ভালোবাসে; নিজের নামটা রাষ্ট্র করিবার জন্য লোকে কী কষ্টই না স্বীকার করে, এমন-কি, নামটিকে বাঁচাইবার জন্য লোকে আপনি মরিতে কুণ্ঠিত হয় না*। ফাহাদ মনে মনে ভাবলো, তবে কি হাবীব ওর নামের জন্য এমনটি করলো? নাকি বৃত্তি না পাওয়ার জন্য? নাকি সব কিছু মিলিয়ে সবার উপর অভিমান করে নিজেকে বলি দিলো? তবে কি হাবীবরা আসলেই হাবু হয়?



# গল্প

## গল্পটি কাল্পনিক হতে পারতো....

**মো: অহিদুজ্জামান শিপন**
৩৩তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৩২০২০১০১০৩৬

সামনে সাদা কাগজ আর হাতে কলম নিয়ে বসে আছে ফরহাদ। এক নাগাড়ে পা দুলছে। কতক্ষণ এভাবে বসে আছে বা থাকবে এটা ও নিজেও জানেনা। কখনো কখনো সম্পূর্ণ রাতটাই এভাবে কেটে যায়। অনেক চেষ্টা করেও কিছু লিখতে পারছে না। লিখতে না পারাটা অনেক যন্ত্রণার। সারাক্ষণ মাথার মধ্যে অনেকগুলো চরিত্র ঘুরপাক খাবে। বিভিন্ন কাহিনী চোখের সামনে ছবির মতন হয়ে দেখা দিবে কিন্তু যখনি কলম তুলে সেগুলোকে লিখতে চেষ্টা করা হবে, ওমনি সব হাওয়া। যেন কাগজ কলমের সাথে ওদের অনেক দিনের বিরোধ চলছে। কেউ কাউকে সহ্য করতে পারে না।

ফরহাদ যে কোনদিন কিছু লিখেনি, তা কিন্তু নয়। ছোটবেলা একবার পরীক্ষার মধ্যে ওর বসন্ত ওঠেছিল। সেবার বাংলা পরীক্ষায় রচনা এসেছিল 'আমাদের গ্রাম'। ক্লাসে পড়ানো হয়নি বলে কেউ লিখতে পারেনি। অথচ ফরহাদ খাতা ভরে লিখেছিল। বাংলার স্যার মোজাম্মেল সাহেব তো রীতিমত মাথায় করে নেচেছিলেন ফরহাদকে নিয়ে। নিজের গ্রামটা যে এত সুন্দর সেটা বুঝতেই পারতেন না, যদি ফরহাদের রচনা না পড়তেন। মোজাম্মেল স্যার স্কুলে সবাইকে সেই রচনা পড়ে শুনিয়েছিলেন। এছাড়াও কলেজে পড়াকালীন পত্রিকায় তার লেখা একটা কবিতাও ছাপা হয়েছিল। অবশ্য এ ঘটনাটি তেমন কেউ জানে না। শুধু ফরহাদ আর ফরহাদের দাদা জমির উদ্দিন জানেন।

ফরহাদের ঘরে দুইটি খাট। একটিতে-ও আর অন্যটিতে জমির উদ্দিন থাকেন। ফরহাদের দাদা জমির উদ্দিন ছিলেন একজন মুক্তিযোদ্ধা। একাত্তরের সময় যুদ্ধ করতে করতে তিনি রাজশাহী চলে গিয়েছিলেন। এখন বয়স হয়েছে। বয়সের ভারে আর সোজা হয়ে বসতে পারেন না তিনি। সারাদিন রাত ঘরের বিছানায় শুয়ে কাটান। কখনো ঘুমিয়ে কখনো জাগরণে। আবার কখনো আধো ঘুম আধো জাগরণে কাটে সময়।

এভাবে থাকতে অবশ্য খারাপ লাগে না তার। কল্পনা শক্তি দিয়ে নিজের একটা আলাদা জগৎ তৈরি করেছেন তিনি। সে জগতে তিনি এখনো সাহসী বীরযোদ্ধা। থ্রি নট থ্রি রাইফেল হাতে শত্রুপক্ষের ক্যাম্প আক্রমণের বিভিন্ন পরিকল্পনা করেন।

বর্ষা মৌসুম এসে গেছে, এখনো বৃষ্টির খোঁজ নেই। বৃষ্টি এলেই অপারেশনে নামতে হবে। বৃষ্টির সময় মাটির রাস্তায় ওরা ট্যাঙ্ক বহর আর ভারী গোলাবারুদ নিয়ে নামতে পারবে না। রাতের আঁধারেই শুরু করতে হবে অপারেশন। প্রথমেই গুলি করা যাবে না। পাহারারত সৈনিকদেরকে বেয়নেট আর ছুরি দিয়ে শেষ করতে হবে। একেবারে নিঃশব্দে। কয়েকটা দলে ভাগ হয়ে যেতে হবে। একদল রিজার্ভেও থাকবে। যদি আমাদের আরো যোদ্ধা লাগে তারা

আসবে। সাথে করে কিছু গ্রেনেড নিয়ে যেতে হবে। উপায় না পেলে নিজেসহ ওদেরকেও উড়িয়ে দিতে হবে। পাহারাদার মারার পর আমাদের মূল টার্গেট হবে ওদের অস্ত্রাগারের দিকে। একবার ওখানে ঢুকতে পারলেই খেল খতম। ওদের অস্ত্র বোমা দিয়ে ওদেরকেই জাহান্নামে পাঠিয়ে দেব।

উসমানের মাকে লেখা চিঠিটাও নিয়ে যাব শার্টের বুকপকেটে। রক্তে ভিজে গেলেও সমস্যা নেই। উসমানের মা পড়তে পারে না।

ফরহাদ যে গল্পটা লেখার চেষ্টা করছে তার নায়ক জমির উদ্দিন সাহেব নিজেই। জমির উদ্দিন সাহেবের অনেক দিনের ইচ্ছে তাকে নিয়ে একটা বই বের হবে। যে বইয়ে থাকবে তার কথা, তার যুদ্ধের কথা, তার অপেক্ষার কথা। তার ধারণা, তার এই বই দিয়ে বাংলাদেশে বিরাট আলোড়ন সৃষ্টি হবে। সাংবাদিকরা দলে দলে আসবে তার সাক্ষাৎকার নিতে। তিনি সবাইকে তার ঘরে বসিয়ে যুদ্ধের গল্প শোনাবেন। সবাইকে বোঝাবেন যুদ্ধ কোন রূপকথার মনগড়া গল্প নয়। যুদ্ধ ভয়ানক সত্য। মুক্তিযুদ্ধ শেষ হয়েছে ঠিকই কিন্তু মুক্তির জন্য যে যুদ্ধ আমরা করেছি তা এখনও শেষ হয়নি। এ যুদ্ধ চলবে। এ যুদ্ধের যোদ্ধা তোমরাই। যাও সবাই যুদ্ধ কর। মুক্তির জন্য যুদ্ধ।

আজ শুক্রবার ফরহাদের অফিস নেই। গতকাল রাত প্রায় ৪টা পর্যন্ত জেগে কাটিয়েছে ও। এখনও তেমন কিছুই লিখতে পারেনি। তবে আশার কথা অনেক কাটাকাটি করছে খাতার মধ্যে। এটা একটা ভালো লক্ষণ। প্রায় একমাস সারা রাত জেগে থেকেছে অথচ একটা দাগও দিতে পারেনি। কাটাকাটির অর্থ 'অপেক্ষা কর লেখা আসছে'।

ফরহাদের মা মারা গেছেন অনেক আগেই। তাই বাড়িতে মহিলা বলতে কেউ নেই। ফরহাদের বাবা উসমান সাহেব তেমন কিছুই করেন না। রিটায়ারমেন্টের পর বাড়িতেই থাকেন। শুক্রবার কাজের মেয়েটা আসে না তাই বাধ্য হয়ে উসমান সাহেব নিজেই রান্না করেন। তেমন কিছুই রান্না পারেন না তিনি। শুধু আলু ভর্তা আর ডিমভাজি করতে পারেন। এ বাড়িতে প্রতি শুক্রবারের খাবার মেন্যু তাই একই থাকে। একবার হয়েছে কি, সকাল সকাল গোসল করে ফরহাদ অফিসে যাওয়ার জন্য তৈরি হয়েছে। উসমান সাহেব ফরহাদকে খেয়ে যেতে বললেন। ফরহাদ খাবার টেবিলে গিয়ে দেখে আলুভর্তা আর ডিম। চুপচাপ খেয়ে রুমে গিয়ে পরণের শার্টপ্যান্ট খুলে একটি লুঙ্গি পরে বেরিয়েছে।

উসমান সাহেব বললেন, "কিরে অফিস যাবি না?"
"ভুলে গিয়েছিলাম আজ শুক্রবার।"
"তাহলে মনে পড়ল কিভাবে?"
"আলুভর্তা আর ডিমভাজি দেখে।"

উসমান সাহেব কিছুটা লজ্জা পেলেন ছেলের কথায় কিন্তু তার তো কিছুই করার নেই। তিনি তো আর এ বয়সে বিয়ে করতে পারবেন না। এর থেকে আলুভর্তাই ভালো। মাঝে মাঝে উসমান সাহেব ভাবেন যদি আবার একটা বিয়ে করতাম কেমন হতো!
তাকে কি ফরহাদের মা বলে ডাকতাম!

সেকি ফরহাদের মা তুমি এখনো রান্না করোনি? জাননা আমার আলসার। ক্ষিদে পেটে থ াকতে নেই।

ফরহাদের মা হাই তুলতে তুলতে বলবে আজ শুক্রবার আজ আমি রান্না করতে পারব না। আজ তুমি রান্না করবে আর আমি দেখব। কুমড়োর বড়ি দিয়ে রুই মাছের ঝোল করবে। আমি বিব্রত ভঙ্গিতে বলব আমি তো আলু ভর্তা ছাড়া কিছুই পারি না।

এ কথা শুনে ফরহাদের মা খিল খিল করে হাসতে থাকবে। সে হাসি থামবেই না। আমি অবাক হয়ে তার হাসিভরা মুখ দেখতে থাকব। হাসির শব্দে আব্বার ঘুম ভেঙে যাবে। আব্বা জোরে জোরে ডাকবে বউমা ও বউমা চা খাবো। এক কাপ চা দিয়ে যাও।

বউমা ও বউমা! উসমান সাহেব চমকে উঠলেন। আসলেই তার বাবা ডাকছেন। জমির উদ্দিন সাহেব এখনোও মাঝে মাঝে ভুল করে বউমা বউমা করে ডাকেন। আসলেই তিনি কাউকেই নির্দিষ্ট করে ডাকছেন না। যে-ই এখন তার সামনে যাবে তাকেই সে বলবেন অমুক জিনিসটা দিয়ে যাও, অমুককে ডেকে দাও। একবার গভীর রাতে জমির উদ্দিন চেঁচাতে লাগলেন বউমা বউমা বলে। সেদিন ফরহাদ বাড়িতে ছিল না । উসমান সাহেব গিয়ে বললেন আব্বা কিছু লাগবে?

জমির উদ্দিন ধমক দিয়ে বললেন ঐ হারামজাদা উসমানের কান ধরে আমার সামনে নিয়ে এসো। ওর কত বড় সাহস আমার জমি আমার কাছে না শুনেই বিক্রি করে। ও ভেবেছেটা কি? আমি বুড়ো হয়েছি বলে ও যা খুশি করবে? উসমান সাহেব মুখ কালো করে ঘর থেকে বেরিয়ে গেলেন।

জমির উদ্দিন ক্রমাগত ডেকেই যাচ্ছেন তার প্রচন্ড বেগে বাথরুম পেয়েছে। ফরহাদ বাড়িতে নেই, থাকলে এতক্ষণে চলে আসত। ফরহাদই ওর দাদার বাথরুম করানো, কাপড় পরিষ্কার থেকে শুরু করে সমস্ত কিছু করে। জমির উদ্দিনের খুব কষ্ট হচ্ছে বাথরুম চেপে রাখতে। আগে এমনটা হতনা। বয়স বাড়ার সাথে সাথে এ শক্তিটাও কমেছে। জমির উদ্দিন আবার তার কল্পনাশক্তিকে কাজে লাগালেন। তিনি আবার তার যুদ্ধের কথা ভাবছেন। একবার প্রায় ১৫-২০ জন মুক্তিবাহিনী মিলে নৌপথে রাজশাহী যাচ্ছেন। কমান্ডার সবাইকে আগেই জানিয়ে দিয়েছেন এ যাত্রায় একবারও নৌকা পাড়ে ভিড়ানো যাবে না। কারণ অপরিচিত এলাকা কোথায় শত্রুপক্ষ আছে বলা যায় না। এর মধ্যে ঘটল বিরাট এক বিপত্তি। কাসেদ নামে একটি ছেলের বাথরুম পেয়েছে। সে কিছুতেই পানিতে বাথরুম করবে না। কমান্ডার এসে এক ধমক দিয়ে বলল এখানে করলে কর না হলে মেরে পানিতে ফেলে দেব। বেচারা অনেকক্ষণ ধরে মোড়ামোড়ি করে এক বিশ্রী কান্ড ঘটাল। কাপড় চোপড় ভরেই কাজ সেরে দিল। উহুঁ! সে কি গন্ধ! সবাই ওকে নিয়ে হাসি তামাসা করতে লাগল। আর বেচারা কাসেদ ঘাড় গুঁজে বসে থাকল। যুদ্ধে শেষ পর্যন্ত কাসেদ আর বাঁচেনি। সেবারই রাজশাহীর অপারেশনে কাসেদ মারা যায়।

গভীর রাতে বৃষ্টিতে ভিজে ফরহাদ বাড়িতে এল। বাড়িতে ঢুকেই সে অবাক, বাড়ি ভর্তি মানুষ। সবাই ওর দিকে মায়া মায়া চোখে তাকাচ্ছে। যেন তারা আরেকটু হলেই কেঁদে ফেলবে। যারা এসেছে তারা সকলেই মোটামুটি পরিচিত। এলাকার কিছু মুরব্বি আর আত্মীয়স্বজন। উসমান সাহেব বারান্দার চেয়ারে বসে আছেন। তাকে ঘিরে বেশকিছু মানুষও আছে।

ফরহাদ তার বাবার দিকে এগিয়ে গেল। তার মনে হচ্ছে বাবার কাছে গেলেই সে জড়িয়ে ধরে বলবে তোর দাদা আর নেই। কিন্তু তা হলো না। উসমান সাহেব ফরহাদকে তার দাদার ঘরে যেতে বললেন। আরো বললেন তার দাদা কাউকেই ঘরে ঢুকতে দিচ্ছেন না। আজ সন্ধ্যাবেলা আমি ঘরে ঢুকে দেখি তিনি মেঝেতে পড়ে আছেন। কয়েকজনকে ডেকে ধরাধরি করে বিছানায় শুইয়ে দেয়ার পর তিনি আবার নিচে নামতে চাইলেন। অনেক বোঝানোর পরও কারো কথা শুনছেন না।

ফরহাদ ঘরে ঢুকেই অবাক। তার দাদা হাসছেন। উজ্জ্বল একটা হাসি লেগে আছে তার মুখে যেন লাইট বন্ধ করে দিলেও বোঝা যাবে লোকটা হাসছে।

কি ব্যাপার তুমি নিচে কেন? আর হাসছই বা কি জন্য?

জমির উদ্দিন বিড় বিড় করে বললেন তুই লিখবি।

ফরহাদ সেদিকে কর্ণপাত না করে তার দাদার মাথার নিচে বালিশ এনে দিল।

জমির উদ্দিন কিছুটা অস্পষ্ট শব্দে বলতে লাগলেন ওরা একদিন বৃদ্ধ হবে। সেদিন বুঝবে সময় কত যন্ত্রণার। অপেক্ষার সময় কতটা দীর্ঘ এটাও বুঝবে।

ফরহাদ কিছু বুঝতে পারছে না জমির উদ্দিনের কথা। কারা বুঝবে? কিসের অপেক্ষা?

জমির উদ্দিন একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, শুনেছি দেশের কোন মন্ত্রী মারা গেলে নাকি রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করানো হয়। আমি জানিনা কোন মুক্তিযোদ্ধা মারা গেলে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয় কিনা। যদি আমার বেলায় কেউ আসে বাড়িতে ঢুকতে দিবি না। ওসব মর্যাদা টর্যাদা আমার আর লাগবে না। এতদিন বেঁচে থেকেছি আর অপেক্ষা করেছি। আর কোন সম্মান লাগবে না আমার।

ফরহাদ এসব কথা আগেও শুনেছে তার দাদার মুখ থেকে। তাই বাধা দিয়ে বলল, এগুলো বলা এখন বাদ দাও চল বিছানায় চল।

জমির উদ্দিন কিছুটা সময় চুপ থেকে বলল, তুই লিখবি। একটা লেখার সব থেকে কঠিন অংশটা হচ্ছে শুরু। তোর শুরুটা আমি করে দেব। পারবি না লিখতে?

ফরহাদ বলল, হু পারব। এখন চল উপরে যাওয়া যাক।

জমির উদ্দিন কাঁপা কণ্ঠে বলল, উপরেই তো যাচ্ছিরে উপরে যাব বলেই তো বিছানা থেকে নামলাম। আমি যাবার পর তুই লিখতে বসবি। খাটের নিচে একটা পুরোনো বাক্স আছে। তার মধ্যে একটা শার্ট আছে এনে দে।

ফরহাদ খাটের নিচ থেকে একটা টিনের ট্রাঙ্ক বের করল। ময়লা পড়ে একেবারে যাচ্ছেতাই অবস্থা। ট্রাঙ্কের ভিতরে তেমন কিছুই নেই। একটা পুরোনো ময়লা সাদামতন হাফ হাতা শার্ট।

শার্ট পেয়ে জমির উদ্দিনের চোখ ভিজে উঠল। অনেক আনন্দ হচ্ছে তার। এ যেন যুদ্ধ জয়ের পর বীরত্বের পুরষ্কার পেলেন তিনি। সত্যিই তো শুধুমাত্র এ শার্টের কারণেই নিচে নেমেছেন। নেমেছেন বললে ভুল হবে, পড়েছেন।

ফরহাদ অনেকক্ষণ ধরে জমির উদ্দিনের দিকে তাকিয়ে আছে। হঠাৎ করেই জমির উদ্দিনের মাঝে অনেক পরিবর্তন দেখা যাচ্ছে। মনে হচ্ছে জমির উদ্দিনের বয়স অনেক কমে গেছে। সবচেয়ে বড় কথা জমির উদ্দিন এখন আর শোয়া নেই। দেয়ালের সাথে হেলান দিয়ে

আধশোয়া হয়ে আছেন। তাও আবার নিজে নিজেই। শার্টটা পরার চেষ্টা করছেন। অদ্ভুত ব্যাপার ফরহাদকে সাহায্য করতেও বলছেন না। চোখ দিয়ে গড়িয়ে পানি পড়ছে। শার্ট পরা শেষে বুকপকেট থেকে একটা কাগজ বের করলেন। ভাঁজ খুলে অনেকক্ষণ তাকিয়ে থেকে ফুঁপিয়ে ফুঁপিয়ে কিছুটা কাঁদলেন। হাত বুলালেন কাগজের উপর। বুক ভরে গন্ধ নিলেন। তারপর বাড়িয়ে দিলেন ফরহাদের দিকে। কাঁপা স্বরে বললেন, নে ধর। তোর শুরুটা করে দিলাম। একটু পড়েশোনা আমাকে।

ফরহাদ পড়তে শুরু করল। তার সামনে আধশোয়া হয়ে একাত্তর বছরের মুক্তিযোদ্ধা জমির উদ্দিন সাহেব।

প্রিয় ফজিলা,

জানি না কি অবস্থায় আছো। আমরা তো মরণের সঙ্গে যুদ্ধ করে এখন পর্যন্ত বেঁচে আছি। কতদিন থাকতে পারব জানিনা। আমাকে নিয়ে দুঃচিন্তা করবেনা। তুমিতো জানই জন্ম, মৃত্যু ও বিয়ে খোদার হাতে। তিনি চেয়েছিলেন বলেই তোমার সাথে আমার বিয়ে হয়েছে। আবার তিনি চেয়েছিলেন বলেই যুদ্ধ করছি। নিজের মৃত্যু নিয়ে ভয় করছিনা। শুধু উসমান আর তোমার জন্য খারাপ লাগে। তুমি একটু সাবধানে থাকবে। ওরা যাকে পাচ্ছে গুলি করে মারছে। আর যুবতী মেয়ে পেলে ধরে নিয়ে যাচ্ছে। তোমার দুধের বাচ্চা আছে এটা বললেও ওরা শুনবে না। তাই বারবার করে বলছি সাবধানে থাকতে। আরেকটা কথা কারো কথায় ভারতে যাবার জন্য উতলা হবে না। আমরা জানি ওখানে মানুষ আরো কষ্টে আছে। সবাই না খেয়েই মারা যাচ্ছে। ওখানে গিয়ে না খেয়ে মরার চেয়ে স্বামীর ভিটেই গুলি খেয়ে মরা ঢের ভালো। আমি যদি না ফিরি তাহলে হতাশ হবে না। শক্ত হয়ে উসমানকে বড় করবে। উসমানকে লেখাপড়া শেখাবে। আমরা বৃষ্টির জন্য অপেক্ষা করছি। বৃষ্টি শুরু হলেই আমরা এবার বড় ধরনের যুদ্ধ করব। আমাদের সবার জন্য দোয়া করো। জানো, এখানে কিন্তু আমি একা আসিনি। আমার মত এরকম আরো অনেকে এসেছে। আমরা ঠিক করেছি দেশ স্বাধীন হবার পর সবাই সবার বাড়িতে বউ নিয়ে ঘুরতে যাবো। তোমার মনে আছে আমাদের বিয়ের দিনেও বৃষ্টি হয়েছিল। বিয়ে বাড়ির গেটে একটা গাসে কাদা গুলিয়ে রেখেছিল। আর বলেছিল এটা গুড়ের শরবত। আমাদের উসমান যেদিন হলো সেদিন রাতেও সেকি বৃষ্টি! মেঘ নেই কিছু নেই হঠাৎ বৃষ্টি শুরু হয়ে গেল। বৃষ্টি আমার জন্য অনেক শুভ। আচ্ছা উসমান এখনো বা...বা করে? আমার শুনতে খুব ইচ্ছা করে। মাঝে মাঝে মনটা খুব খারাপ লাগে ওর জন্য। আচ্ছা ও দেখতে কেমন হয়েছে?

চিঠিটা এখানেই শেষ এর পর আর লেখা হয়নি। শেষের লাইনগুলো কেমন ঝাপসা আর কাঁপা কাঁপা। চিঠিটা যে একদিনে লেখা হয়নি সেটা স্পষ্টই বোঝা যাচ্ছে। কলমের কালি কোথাও হালকা আবার কোথাও গাঢ় হয়ে আছে। ফরহাদ চিঠি পড়া শেষ করে জমির উদ্দিনের দিকে তাকাল। চিঠিটা পড়ার আগে তাকে দেখতে যেমনটা লাগছিল এখন সেরকমটা লাগছে না। এখন মনে হচ্ছে একুশ বছরের এক ক্লান্ত মুক্তিযোদ্ধা। যুদ্ধ শেষ করে বউ বাচ্চার কথা ভাবছে। আর জানালা দিয়ে বাইরের বৃষ্টি দেখছে। অদ্ভুত! তার দু'চোখ বন্ধ।



# বিচিত্র অভিজ্ঞতা

**রাফেয়া শারমিন তৃশা**
৩২তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৩১০২০১০১০৬৬

শীতের দুপুর। প্রায় আড়াইটার মত বাজে। বাবা সবেমাত্র এসেছেন অফিস থেকে। মা রান্নাঘর থেকে আওয়াজ দিলেন, টেবিলে খাবার দেয়ার জন্য। বাবা, আমি টেবিলে বসামাত্র মা ও গোসল শেষে যোগ দিলেন আমাদের সাথে।

হঠাৎ তারস্বরে কলিংবেলটা বেজে উঠল। খুব বিরক্তিকর একটা বিষয়। সবে খেতে বসেছি আমরা। মা আমাকে বললেন, “যা দেখ্ তো কে এল এই অসময়ে”।

অনিচ্ছাসত্ত্বেও ধীর পদক্ষেপে এগিয়ে গেলাম সদর দরজার দিকে। এদিকে কলিংবেলটাও অনবরত বেজেই চলেছে। ভেতর থেকে বার কয়েক জিজ্ঞেস করলাম “কে?” - উত্তর নেই! বাধ্য হয়ে দরজাটা খুলতেই হল। দরজা খুলতেই যা দেখলাম, সম্পূর্ণ আগন্তুক। আন্দাজ করলাম বয়স পঁচিশ-তিরিশের কাছাকাছি হবে। গায়ের রংটা বেশ কালো, চোখগুলো বেশ বড় বড়, হাসিমুখে দাঁড়িয়ে আছে যেন সে আমার শত বছরের পরিচিত। হাতে বেশ কয়েকটা সুদৃশ্য প্যাকেটও দেখতে পাচ্ছি।

একটু সন্দেহজনক মনে হলো। নিজেকে কিছুটা সামলে নিয়ে জিজ্ঞেস করলাম, “জ্বি? কাকে চাই?”

আশ্চর্য! কোন উত্তর নেই। একইরকম ভাবে হাসিমুখে তাকিয়েই আছে। বরং কোন কিছু বুঝে উঠার আগেই একরকম জোর করে প্যাকেটগুলো আমার হাতে চাপিয়ে দিল। দেয়া মাত্রই লোকটি দ্রুত সিঁড়ি বেয়ে নিচে নামতে থাকলো, যেন তার খুব তাড়া আছে। অদ্ভুত অবস্থা, এরই মধ্যে যতটুকু সময় পেলাম গলা বাড়িয়ে জিজ্ঞেস করলাম, “এটা কি আমার নাকি পাশের ফ্ল্যাটের জন্য”।

নিচ থেকে অতি সংক্ষেপ একটাই জবাব এল, “হ্যাঁ”। সামনের ফ্ল্যাটের আন্টির দরজায় ইংলিশ তালা ঝুলছে, সেহেতু তাদেরই হবে। কি আর করা, এ নিয়ে আর ভাবার সময় নেই। প্যাকেটগুলো রেখে পুনরায় খেতে বসলাম। মা-বাবা জিজ্ঞেস করাতে বললাম, “এগুলো পাশের ফ্ল্যাটের।”

বাবা একবার বললেন, “ঠিক মত শুনেছিস তো?” বললাম “হ্যাঁ”, ঠিকমতই শুনেছি। আন্টি আসলেই দিয়ে দেব।

এরই মধ্যে দুপুর গড়িয়ে বিকেল হল। আর বিকাল হতে সন্ধ্যা। আন্টিরাও এর মধ্যে চলে আসলেন। কিন্তু আমাকে সম্পূর্ণ অপ্রস্তুত করে দিয়ে আন্টি কিছুতেই প্যাকেটগুলো নিতে রাজি হলেন না। আমি যতই তাকে বোঝাবার চেষ্টা করলাম, তিনি ততই বলতে থাকলেন, "তোমার আঙ্কেলের নিষেধ আছে, অপরিচিত মানুষের দেয়া কোন কিছু নেয়া যাবে না'। ধরো এর মধ্যে যদি বোমা টোমা থাকে। এমনিতেই দেশের মধ্যে জঙ্গিবাদ দিয়ে ভরে গেছে।

এবার আমি পড়লাম মহা সমুদ্রে। নিজের কাছেই প্রশ্ন জাগছে, "প্যাকেটগুলো সত্যিই কার?", "কী আছে এর মধ্যে?", "সত্যিই কি বোমা আছে?", "কেউ কি আমাকে মারতে চায়?"

যাই হোক, পরিস্থিতি এখন বোমা আতঙ্কের মধ্যে চলছে। বাবা মাকে বলছেন, "বি.বি.এ পড়ুয়া একটা গাধা পালছো বাসায়। কী শুনতে কী যে শুনে.................." ইত্যাদি, ইত্যাদি।

ধীরগতিতে আমারও অনুভূত হতে লাগলো বোকামী একটা করেই ফেলেছি তাহলে। কী আর করা যা থাকে কপালে, সাহস করে এবার নিজেরই খুলতে হবে প্যাকেটটা।

সম্মুখে বসে থাকা এক গ্যালারি দর্শকের শত জল্পনা-কল্পনা পেরিয়ে প্যাকেটগুলো উন্মোচনে মনস্থির করলাম।

"অতঃপর-হরেক রকমের মিষ্টি দিয়ে ঠাসা"।

পাশের ফ্ল্যাটের আঙ্কেল বলে উঠলেন, "যদি বিষ দেয়া থাকে?" অগত্যা পরীক্ষার তরে নিজেই একটা মুখে পুরলাম। মিনিট তিনেক পরে সবাইকে রিপোর্ট পজেটিভ এসেছে তা নিশ্চিত করলাম।

এখন প্রশ্ন একটাই, কে এই মিষ্টি পাঠিয়েছে?

বেশিক্ষণ অপেক্ষা করতে হলো না। সেল ফোনটা বেজে উঠল। আমরা সবাই কিংকর্তব্যবিমূঢ়। অস্ট্রেলিয়া প্রবাসী এক আত্মীয় তার ড্রাইভার দিয়ে পাঠিয়েছেন, তার ছেলের "সুন্নাত-ই-খাৎনা"। মিষ্টি পেয়েছি কিনা তাই নিশ্চিত হলেন ফোন দিয়ে। আমাদের বিভ্রান্তির কথা জানালে, তিনি বললেন, বিদেশে এমনই নিয়ম-কোন কিছু না জানিয়ে দেয়ার নাম নাকি SURPRISE!

ভাবতে লাগলাম এই একটা সারপ্রাইজের জন্য এতগুলো মানুষ কয়েক ঘণ্টা যাবৎ কতই না প্রাইজ পেল।

# গল্প



## স্বপ্নগ্রাম

**সাইফ আহমেদ**
৪০তম ব্যাচ, ইংরেজী বিভাগ
আইডি: ১৫৩০১০১০১০০৮

শ্যালো ইঞ্জিনের নৌকাটি খট খট আওয়াজে নদীর বুক চিরে বয়ে চলছে আপন ঠিকানায়। চারিদিকে শুধু পানি আর পানি। কৌতূহলী মন শুধু বার বার অস্থির হয়ে নিজেকে জিজ্ঞাসা করছে কখন পৌঁছাবে সেই স্বপ্নগ্রামে? একটু পর পর মাকে গিয়ে জিজ্ঞাসা করছিলাম, আর কতক্ষণ লাগবে পৌঁছাতে? মা বড্ড বিরক্ত হচ্ছিল্লেন। শুধু একবার বললেন, ঐ যে দূরে তাল গাছ গুলো দেখা যাচ্ছে তার পর একটা নারিকেল বাগান আছে ওটা পার হলেই আমরা পৌঁছে যাবো। মায়ের কথা শুনে মনটা আরো বেশিই খারাপ হয়ে গেলো। আমিও ঠিক বুঝে উঠতে পারি নি যে মা আমাকে মিথ্যা শান্ত্বনা দিচ্ছেন। অস্থির মনকে শান্ত্বনা দিয়ে সেই তালগাছ গুলোর দিকে অধীর আগ্রহে তাকিয়ে থাকলাম। কেন এই গ্রাম কে ঘিরে এতো কৌতূহল, এতো মায়া, এতো ভালোবাসা ? কারণ এ গ্রামের ছোট্ট কুড়ে ঘরেই যে আমার প্রথম চোখ মেলে পৃথিবীর আলো-বাতাস দেখা।

চার বছর পর আবার ফিরছি স্বপ্নের এই গ্রামে। আমার বয়স যখন নয় মাস তখন বাবা আমাদের নিয়ে চলে আসেন রাঙ্গামাটি শহর থেকে নব্বই কিলোমিটার উত্তর পশ্চিমে পর্বত ঘেরা সীমান্তবর্তী এলাকা মারিশ্যায়। বাবা সরকারি চাকুরি করতেন, সেই সুবাদেই এখানে আসা। দীর্ঘ চার বছর এখানে অবস্থান করার পর ফিরছি সেই জন্মস্থানে, যেখানের মাটির পর্শ যেন এখন আমার গায়ে জড়িয়ে রয়েছে। গত চার বছরে মায়ের কাছ থেকে এ গ্রামের গল্প খুব শুনেছি। শুনেছি গ্রামের মানুষের কঠোর পরিশ্রমের কথা, শুনেছি ধান-কাউনের মাঠের কথা, শুনেছি রাখাল ছেলেদের ভোর বেলায় গরু নিয়ে মাঠ পানে ছুটে চলার কথা, শুনেছি পল্লী-বালাদের কলসি কাঁধে নদীর ঘাটে জল আনতে যাওয়ার কথা।

নৌকা খট খট আওয়াজে ছুটছে তো ছুটছেই............ তাল গাছের সারিগুলো নিমিষেই মিলিয়ে গেলো অনেক দূরে। নারিকেল বাগানটাও দেখা যাচ্ছে খানিকটা দূরে। একটু পরেই মায়ের উচ্ছসিত তাড়াতাড়ি ডাক; খোকা, তৈরী হয়ে নে তাড়াতাড়ি। একটু পরে নামতে হবে, ঐ যে তোর নানুর বাড়ি দেখা যাচ্ছে। আমরা চলে এসেছি। আমি যেন এক নতুন প্রাণ ফিরে পেলাম। চোখ মেলে সম্মুখে তাকালাম, ততক্ষণে গ্রামের খুব সন্নিকটে চলে আসলাম। কি অপরূপ সবুজ বৃক্ষ তরুলতায় ঘেরা এ গ্রাম, আমি দেখে মুগ্ধ হলাম। এ যেন প্রেয়সীর চোখে দেখা প্রথম প্রেম। দেখতে দেখতে গ্রামের ঘাটে নৌকা ভিরলো। ততোক্ষণে আশে পাশের আত্নীয় স্বজনেরা জমা হয়ে গেলো নদীর ঘাটে। ঘাটে নৌকা ভিরতে না ভিরতেই দু তিন জন এসে কোলে তুলে নেয়ার জন্য কাড়াকাড়ি শুরু করে দিলো। চারিদিকে যেন চাঁদের হাট লেগে গেলো। অবশেষে পৌঁছালাম সেই স্বপ্নগ্রামে। গ্রামের নোংরা, অপরিচ্ছন্ন কিছু ছেলে (দেখে মনে হচ্ছিলো আমার বয়সের ই হবে) আমার চারিপাশে ঘুর ঘুর করছিলো।

তবে মনে হচ্ছিলো, তারা আমার সাথে কথা বলতে চাচ্ছিলো, তবে কথা বলার ঠিক সাহস পাচ্ছিলো না। একটু পরেই একজন আমার সামনে এসে জিজ্ঞাসা করলো, তুই লগাও থ্যাকা আসিচু? হামাকে সাতে খেলব্যা য্যাবু গাঙ্গের ধারত? আমাদের নওগাঁর আঞ্চলিক ভাষায় তারা আমাকে জিজ্ঞাসা করছিলো আমি কি শহর থেকে এসেছি কি না। তারপর ওরা আমাকে নদীর ধারে খেলতে যাওয়ার কথা বলে। আমি সানন্দে রাজি হয়ে যাই। এরপর ওরা তিন জন হয়ে গেলো আমার জীবনের প্রথম বন্ধু।

মিতুল, বক্কর এবং তুহিন আমার প্রথম গ্রামের বন্ধু। সারাদিন দুরন্তপনা, এখানে ওখানে ছুটাছুটি, একটুও যেন নেই অবসর। চারিদিকের মানুষগুলো দিন দিন খুবই আপন হয়ে উঠতে লাগলো। কিছুদিন পর বাবা আমাদের কে রেখে চলে গেলেন তার কর্মস্থল কুষ্টিয়াতে। খুবই আনন্দের সাথেই দিনগুলি কাটছিলো। ভোরবেলা মোরগ ডাকছে কুকুরুক কু, গাছে গাছে পাখির কলতান, সবুজ প্রাকৃতির সমারহ, নদীর মিহি বালুচর এ যেন এক মিলন মেলা। সকালে ঘুম থেকে উঠেই পাতিলের মাথায় দরি বেঁধে ঐ দূর হরশপুরের বিলের উদ্দেশ্যে রওনা, ওখানে ছোট ছোট ডোবা রয়েছে। ডোবায় প্রচুর টেংরা পুটি ও টাকি মাছ পাওয়া যায়। হাত দিয়ে মাছ ধরা অনেক কঠিন একটা কাজ। খুব দক্ষ না হলে সহজেই হাত দিয়ে মাছ ধরা সম্ভব নয়। আমি খুবই সাবধানে আস্তে আস্তে হাত দিতাম ডোবার পানিতে। সাপ দেখলে খুব ভয় পেতাম। হাতে কোন মাছ ঠেকলেই ভাবতাম এই বুঝি সাপ হাতে বাঁধলো। এক দৌড় দিয়ে ডাঙ্গায় উঠে বসে থাকতাম। বকর, মিতুল দুজনে মাছ ধরে পাতিল পরিপূর্ন করে ফেলতো। আর আমার পাতিল শুন্য ই রয়ে যেতো। মনটা খুবই খারাপ হয়ে যেতো। আমি একটা মাছও ধরতে পারলাম না। অর্ধেক রাস্তায় এসে মিতুল, বকর তাদের পাতিল থেকে আমার পাতিলে মাছ রেখে দিতো তখন আমি খুশিতে আত্মহারা হয়ে বাড়ি ফিরতাম। মা আমার পাতিলে মাছ দেখে অবাক হয়ে বলতো, তুই গ্রামে এসে মাছ ও ধরা শিখে গেছিস? তোকে ঐ পাশের গ্রামের জেলে পারায় দত্তক দিয়ে আসবো। মায়ের কথা শুনে খুব ই আনন্দিত হতাম। ভালোই তো এখন থেকে সারাদিন ই মাছ ধরতে পারবো।

দিন চলে যায়, গ্রামের প্রতি মায়াও বাড়তে থাকে। গ্রামের সবুজ প্রকৃতি,নদীর কলকল ঢেউয়ের সুর, নদীর ধারের কাশবন, সবই যেন দিন দিন আমাকে মুগ্ধ করছে। খুব আনন্দ উল্লাসেই কেটে যাচ্ছিলো দিন। হঠাৎ করেই একটা উড়ো চিঠি যেন সব আনন্দই আধারে বিলীন করে দিলো। বাবা চিঠি পাঠিয়েছেন, তিনি কিছুদিনের মধ্যেই আমাদেরকে নিতে আসবেন। আমার মাথায় যেন আকাশ ভেঙে পড়ল। আমি যেন নীরব শূন্যতায় ডুবতে থ াকলাম। কিছুদিনের মধ্যেই বাবা আসলেন আমাদের নিয়ে যাওয়া জন্য। সময় ঘনিয়ে এলো এই স্বপ্নগ্রাম কে বিদায় জানানোর। কিছুতেই বিদায় দিতে মন চাচ্ছে না এই সবুজ মায়ার বাঁধনে জড়ানো স্বপ্নের গ্রামকে। অবশেষে চলে আসলাম দূর পরবাসে। দিন কেটে যায়, আমার মন যেন বাঁধা পরে আছে স্বপ্নের সেই গ্রামে। চক্ষুদয় বন্ধ করলে যেন ভেসে উঠে সেই গ্রামেরই প্রতিচ্ছবি, আমার কানে যেন বাজে গ্রামের পাশ দিয়ে বয়ে চলা সেই নদীর কলকল ধ্বনি। আজ অনেকটা বছর কেটে গেলো গ্রামটা সেই আগের মতোই আছে। তবে মানুষগুলো অনেকটা বদলে গেছে। জীবনের প্রথম বন্ধুগুলো বকর, তুহিন, মিতুল ওরা আজ কে বা কোথায়। কালের বিবর্তনে আজ হারিয়ে গেছে সকল বন্ধুত্ব। হারিয়ে গেছে গ্রামের সেই সৌন্দর্য। শুধু দূর থেকে আজ বলতে ইচ্ছা করে...............

আর বেশিদিন অপেক্ষা নয়,
তোমার বুকে ঠাঁই নিতে আমারও
ইচ্ছে হয়! তোমার পৃষ্ঠে বয়ে যাওয়া নদী
আহবান করছে জল ছুঁয়ে দিতে,
তোমার সৌন্দর্যের প্রকৃতি অপেক্ষা করছে তার রুপে
মুগ্ধ হয়ে চিরস্থায়ী হতে ।

আর একটু অপেক্ষা করো,
তোমার পবিত্র মাটির গন্ধ পাবো
বলে আসছি অতি শীঘ্রই,
প্রতীক্ষা করো !
তোমার জমিনে জমিন রেখে আবার
ঘুমিয়ে যাবো,
তোমার প্রকৃতির প্রেমে পড়ে আবার
শৈশবে ফিরে যাবো ।
হে আমার গ্রাম, হে জন্মভূমি,
তোমার কোলে মাথা রাখতে ফিরে
আসছি আমি।
হে আমার গাঁয়ের মাটি,
প্রভাতের শিশির আর বিকেলের
ধুলো গাঁয়ে জড়াতে,
বার বার ফিরে আসতে চাই তোমার বুকে !

হে প্রিয় নদী,
তোমার ঢেউয়ের জলস্রোতে আবার ভেসে যাবো,
তীব্র উষ্ণতায় তোমার জল ছুঁয়ে শীতল হবো
হে শৈশবের সাক্ষী, প্রিয় ফুল-ফল আর পাখি,
আর একটু অপেক্ষা শেষে হবে আমাদের দেখা
আবার কথা হবে, ছোঁয়া হবে,
ঘুমিয়ে যাবো শান্তির নিশ্বাসে,
আবার বসবাস হবে নিয়মহীন বাঁধনে।



## অসমাপ্ত রাত

**ফাতেমাতুজ্জোহরা দ্বিতু**
৪১তম ব্যাচ, এলএলএম (১ বছর)
আইডি: ১৬১০৫০১০৩০১২

চৈত্রের মাঝামাঝি কোনো এক মধ্যরাতের তীক্ষ্ণ বাতাসে - সোলায়মান নিজ বাড়ির উঠোন থেকে স্রেফ গায়েব হয়ে গেল।

বাতাসে রেখে গেল ক্রমশ মুছে যাওয়া চিৎকার কিংবা আর্তনাদের শব্দ। বাড়ির ঘুমন্ত প্রাণীদের ঘুম ভাঙানোর জন্যে অবশ্য সেটুকুই যথেষ্ট ছিল। খিড়কি-দরজার কাছে বসে থাকা আধোঘুম কুকুরটা ঘেউ ঘেউ শব্দ করে সোলায়মানের ক্ষীণ আর্তনাদকে গগনবিদারী চিৎকারের রূপ দিল। জাগিয়ে দিল বাড়ির অন্যান্যদের। নিরুপদ্রব মধ্যরাতে এমন অনভিপ্রেত শব্দ কিংবা সোলায়মানের ভুতুড়ে ক্ষীণ আর্তনাদ - ঘুমের মধ্যে দুঃস্বপ্নের মতো হানা দিলে খানিকটা বিরক্তিবোধ সাথে নিয়ে জেগে উঠল বাড়ির বাসিন্দারা। চোখ ডলতে ডলতে পাশাপাশি দুটি পশ্চিমদুয়ারী ঘর থেকে বাইরে এসে দেখল সোলায়মানের জুতো জোড়া উঠোনের মাঝখানে বরই গাছের নিচে অপরাধীর মত বিব্রত পড়ে আছে; বরইয়ের কাঁটায় খানিকটা উচুতে ঝুলছে ওর সাদা রঙের পাঞ্জাবি। বাতাস জমে ফুলে ফুলে উঠছে। শুধু জুতো ও পাঞ্জাবির মালিক - সোলায়মানের কোনো হদিশ নেই।

সোলায়মান - প্রোফেট সলোমন নয় বলেই, তার আকস্মিক এই অন্তর্ধানে সবাই হতচকিত হয়ে গেল। আড়ষ্ট দাঁড়িয়ে থাকা সোলায়মানের বড় ভাই লোকমান, তার স্ত্রী রাবেয়া আর তাদের আট বছরের ছেলে রুস্তম কিছু বুঝে ওঠার আগেই; কিংবা কুকুরের ঘেউ ঘেউ শব্দ পুরোপুরি নিঃশেষিত হবার পূর্বেই "ও রে ... আমার সোলেমান রে" বলে সোলায়মানের বৃদ্ধা মা মুর্ছা গেলেন। এমন সময় পূর্ণিমার ঝকমকে আকাশে অশুভ সংকেতের মত একদল দাপুটে মেঘ - উজ্জ্বল চাঁদটাকে গ্রাস করে নিল।

ধরাধরি করে সোলায়মানের মাকে দাওয়ায় শোয়ানো হল। পানি আনতে লোকমান রান্নাঘরে ছুটলো। আর তার বউ রাবেয়া হাতপাখা নিয়ে শ্বাশুড়ীকে বাতাস দিতে থাকল। ওদের ছেলে রুস্তম অদূরে দরজায় ঠেস দিয়ে দাঁড়িয়ে রইল নিশ্চল পাথরের মূর্তির মতো। এই ঘুম-ভাঙা মধ্যরাতের থমথমে বাতাসে এমন আকস্মিক ঘোর অন্ধকারের নৈঃশব্দ ভেদ করে রাবেয়া ওর ছেলেকে বললু` "বাজান, শিগগিরি এদিক আইসে তুমার দাদীরে বাতাস দ্যাও। আমি সইশ্যের তেল আনি গিয়ে"। রুস্তম - মাতৃআজ্ঞা শিরোধার্য মেনে - তালপাখা নিয়ে বাতাস দিতে থাকলো ওর দাদীর মুখে। জিজ্ঞেস করল দাদীর কি হইছে মা? রাবেয়া শ্বাশুড়ীর হাতে-পায়ে তেল ঘষতে ঘষতে বললু` "কিছু না বাজান"।

লোকমান পানির ঝাপটা দিল তার বৃদ্ধা মায়ের মুখে। জ্ঞান ফিরে পেতেই ওর মা ডুকরে কেঁদে উঠলেন। "ও রে আল্লারে... আমার সোলেমান কই গেল রে ... লুকমানরে তুই ব্যস্ত কইরি মজ্জিদে যা... ইমাম সাবরে খবর দে... বলেই সোলায়মানের মা আবারো বিলাপ করতে আরম্ভ করলেন।
আলীম পাশ করেছে সবেমাত্র; সকলে বলে, সোলায়মান আমলদার ইনসান। আল্লা-রসূলের নাম করে; পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে; নবীর সুন্নতের কদর করে। দাঁড়ি রাখে, মেসওয়াক করে, বাম হাতের তর্জনীতে রূপোর আঙটিও পরে। কাপড়ে খুশবু লাগায়। মোদ্দা কথা, এই জামানায় এমন ঈমান-আমলদার ইনসান খুব একটা মেলে না।

কথা সত্য। এখন তো দাখিল পাশের আগেই ছেলেমেয়েদের শয়তানে ধরে। বিপথে গিয়ে নাজায়েজ করে বেড়ায়। এই কলিতে আদব-লেহাজ, হালাল-হারাম মেনে আমল করে` এমন তালেবে এলেম খুঁজে পাওয়া মুশকিল। কিন্তু সোলায়মান ব্যতিক্রম। আর ব্যতিক্রম মাত্রেই সবার দৃষ্টি কাঁড়ে। সোলায়মানের মা অবশ্য অনেক আগে থেকেই জানতেন যে তার ছেলে আল্লাহর নেক বান্দা হবে। সোলায়মান তখন পেটে; ওর মা গিয়েছিল দরগাপাড়ার মাজারে সিন্নি দিতে। সেখানে এক সাধুবাবা তার মাথায় হাত রেখে বলেছিলেন ' তোর গর্ভে আল্লা-তাআলার এক নেক বান্দা আছে রে মা, তারে যত্ন করিস।'

সাধুবাবার কথা ফলে গেছে। সোলায়মান সত্যিই নেক বান্দা। আখলাকে-আমলে-সহবতে এরকম আর হয় না। সবসময় পাক-সাফ থাকে বলে ওর চেহারায়ও নূরানি রোশনি খেলা করে। দেখলেই অন্তর জুড়ায়।

দিন পরিশ্রমের; আর রাত্রি ইবাদতের। সোলায়মান দিনরাত্রির আমলের ফযিলত জানে। সকাল-সন্ধ্যা জিকিরের তসবিহ ওর ঠোঁটের আগায়। রাতে এশার নামায শেষে মুসল্লিরা যখন বাড়ির দিকে পা-বাড়ায়। ও তখন প্রথম কাতারের ডানপাশের কোণায় গিয়ে বসে বসে আল্লার নাম জপে; নফল ইবাদতে মশগুল হয়। তারপর খোদা-তাআলার শোকর-গুজার শেষ হলে প্রায় মধ্যরাতে চাঁদের আলোয় ধীর পায়ে বাড়ি ফেরে। এভাবেই তার দিন যায়।

এই অল্প বয়সে এমন পরহেজগারি দেখে সকলে বলে "বয়সকালে সোলায়মান মস্ত পীর-দরবেশ কিংবা আল্লার ওলী হবে।"

ওর মা-বড়ভাই-ভাবী সকলেই ওর এই নিত্যাভ্যাসের সাথে পরিচিত। এজন্যে ওরা ওকে ভালোবাসে, সে ভালোবাসায় ভক্তি আর স্নেহ মিলেমিশে থাকে। ওদের মধ্যে বেশ গর্বও আছে সোলায়মানকে নিয়ে। থাকবেই বা না কেন? এ যে গোবরে পদ্মফুল। তাই সোলায়মানের রাতের খাবার রান্নাঘরে ঢেকে রেখে এশার নামায আদায় করে সবাই ঘুমাতে যায়। কখনোবা বৃদ্ধা মা একাকী জেগে থাকে ছেলের জন্যে; কখনো ক্লান্তিবশত ঘুমিয়ে যায়। সোলায়মানের বাবা অসুখে গত হয়েছেন - তা প্রায় বছর দশেক হবে। তিনিও ছেলেকে অসম্ভব ভালোবাসতেন।

রাত্রে বাড়ি ফিরে, খেয়ে - সূরা ফালাক ও নাস পড়ে সোলায়মান বুকে ফুঁক দেয়। তারপর আল্লাহুম্মা বিসমিকা আমোতো ওয়া আহইয়া বলে বিছানায় গিয়ে চোখ বন্ধ করে।

লোকমান সেই মধ্যরাতেই ছুটল ইমাম সাহেবের বাড়ির দিকে। বাড়ি বলতে্- মসজিদের পাশেই ছোট একটা কুঁড়ে ঘরে তিনি থাকেন। খুব কামেল মানুষ। সবাই খুব খাতির করে। তার বয়ান শুনে শুক্রবারে লোকের চোখ জলে ভাসে। তিনি নিজেও জাহান্নামের বর্ণনাকালে ডুকরে কেঁদে ওঠেন। হুজুর বলেন্- "এই দুনিয়া দুদিনের সরাইখানা। সময় শেষ হইলে পাক রব্বুল আলামিনের নিকট যাইতে হইব, মিয়ারা। তখন যদি নেক আমলের পাল্লা ভারি হয় তয় সেইটাই হইব গিয়া আসল কামিয়াবি। পুলসিরাত তড়িৎ চমকে পার হইয়া যাইবা। কিন্তু ওরে আল্লার বান্দা তোমার বদ আমলের পাল্লা যদি ভারি হয়, তয় তোমার কিসমত বেহাল। মনে রাইখো, ভয়ঙ্কর ফেরেশতারা মুগুর হাতে তোমার অপেক্ষায় আছে। ও আল্লার বান্দারা, বদআমল লইয়া মইরো না। হাদীছে আছে্- রাসূলে পাক (সঃ) একদা..."

ইমাম হুজুর ঢুলে ঢুলে তিলওয়াত করেন। শ্রোতারা তন্ময় হয়ে শোনে; যেন এ এক অন্য লোকের গল্প-গাঁথা। অন্য মানুষের। নিজেদের জীবনকে দৈনন্দিন ক্রিয়াকলাপের অতীত এক অত্যাশ্চর্য রূপকথা মনে হয় ওদের। ওরাও মাথা দোলায়। বলে "আল্লাহু আঁকবার"।

লোকমান দরজায় বার দুয়েক কড়া নাড়তেই ইমাম হুজুর বাইরে এলেন। ইতস্তত, উদ্বিগ্ন লোকমানকে দেখে বললেন "কী লোকমান মিয়া, এতো রাইতে?"

লোকমান কাঁদো কাঁদো স্বরে বলল "হুজুর, আমার ভাই সোলেমান গায়েব হয়ি গিছে। আপনি শিগগির চলেন হুজুর"।

ইমাম হুজুর জলদি অযু করে তাকের উপর থেকে মিশরীয় অত্যাশ্চর্য সোলেমানি কিতাব আর জাফরান কালি হাতে নিয়ে লোকমানের সাথে সাথে চললেন।

-"লোকমান মিয়া, সোলায়মান মিয়া কখন গায়েব হইলো কখন, ক্যামনে"?

-"খানিক আগে হুজুর। কুকুরের ডাক শুনি বাইরে আইছি, দেখি সোলেমানের পায়জার চাতালে; আর জুব্বা গাছের আগায়। এখন কী হইব হুজুর" !

-"এত চিন্তা কইরো না লোকমান মিয়া। আল্লার উপরে ভরসা রাইখো। তিনি রব্বুল আলামিন বালা-মসিবত দিয়া বান্দারে পরীক্ষা করেন। তিনিই উদ্ধার করবেন"।

লোকমান হুজুরের কথা ঠিক বুঝতে পারে না কেনইবা আল্লা বালা-মসিবত দেন আর কেনইবা তিনিই তা থেকে উদ্ধার করেন - কে জানে ! তবু হুজুরের কথায় সাঁয় দিয়ে লোকমান মাথা দুলিয়ে এগিয়ে চলল।

বাড়িতে এসে হুজুর খুব মনোযোগ দিয়ে সোলায়মানের জুতো আর পাঞ্জাবি পরীক্ষা করলেন। তারপর কিতাব খুলে কিতাবের বর্ণিত আলামতের সাথে মিল আছে কিনা দেখতে থাকলেন। তারপর পকেট থেকে জাফরান কালি বের করে কাগজে রহস্যময় কিছু সংকেত লিখতে শুরু করলেন। তাকে ঘিরে বসে থাকা উদ্বিগ্ন মুখগুলো অবাক হয়ে হুজুরের কেরামতির অপেক্ষা করতে থাকল। ওদিকে হুজুরের আদেশে - ঘরের মধ্যে লোকমানের বৃদ্ধা মা ও বউ রাবেয়া তসবিহ হাতে আল্লার নাম জপে মশগুল।

তারপর একসময় সংকেত লেখা শেষ হলে তা পাকিয়ে উঠোনের মাঝ বরাবর মাটিতে পুতে দিয়ে - দুহাত আকাশে তুলে হুজুর মোনাজাত করলেন। মোনাজাত শেষে লোকমানের দিকে তাকিয়ে বললেন “সোলায়মানরে জ্বিন-পরীতে নিয়ে গিছে লোকমান মিয়া। তয় চিন্তা করিয়ো না। এখনো বেশি মোকাম পার হইতে পারে নাই। আমি চেষ্টা চালাইতেছি। তুমি পাক-পরওয়ারদেগারের উপর ভরসা রাইখো”।

লোকমান কিছুটা আশ্বস্ত হলে, সকালে হুজুর আবার আসবেন বলে হুজুর চলে গেলেন। হুজুরের কথায় সোলায়মানের হদিশ মিললেও আতঙ্ক রয়ে গেল - যদি সোলায়মান না ফেরে ? যদি জ্বিন-পরীরা তারে ফেরত না দেয়?

সেদিন আর কারো ঘুম হল না। লোকমান, তার স্ত্রী রাবেয়া` এমনকি ওর আট বছরের ছেলে রুস্তমও ঘুম ভুলে গেল। সোলায়মানের বৃদ্ধা মায়ের পাশে সবাই তসবিহ হাতে জড়সড় হয়ে বসে থাকল বাকী রাত।



# ঝালময় সমাজ

**রেজিয়া খানম**
কোর্স সেক্রেটারী
আইন বিভাগ

বস জাতে নর। রেগে যান, কাজ উপভোগ করেন, দয়ার সাগর। তার অধীনস্থ কর্মচারী কলেজে পড়ে। ঢাকায় থাকে, খায়, পড়ে। অসুস্থ দরিদ্র মা বাবাকে টাকা বিকাশ করে প্রায়শই। বস একটু রাগী, সময়ও দিতে হয় বারো ঘন্টা মত। চাকরিটা চালিয়ে যাওয়া বোধ হয় আর সম্ভব হলো না। কিন্তু স্যার তো আমাকে নিজের পকেট থেকে টাকা দেন, দয়া করে। ওটার কী হবে? টাকাটা আমার অনেক কাজে লাগে।

যা হোক ছয় মাস পরে চাকরী ছেড়ে সে অন্য কোথাও যোগদান করল। সেখানে সময় কম। বেতন আগের মতই। পূর্বের স্যারের দয়া বাবদ যা আসত তাই। এবার স্যার যাকে পেলেন দায়িত্বে বেশ ভালোই। চাকরীটা তার ভীষন প্রয়োজন ছিল মানে উপার্জিত টাকাটা আর কি। স্বামী মারা গেছে, দুটি সন্তান নিয়ে সংসার চালানো হিমশিম।

বস আগের মতন। বদলাননি একটুও । অফিসে সময় দিতে হয় আগের মতই বেশি। দয়া করে পকেট থেকে অর্থও দিয়ে সহায়তা দেন। শুরু হলো চারিদিকে কানাঘুষা। স্বামী মারা গেছে, ভালোই হয়েছে। বেশি রাত কাজ করা যায়, টাকাও পাওয়া যায়। বেশ তো অনেকদিন হলো, কষ্টের চাকরীটাও ছাড়ে না। এরই মধ্যে তাকে কেউ বিয়ের কেউবা প্রেমের প্রস্তাব দিয়েছে। সাড়া মেলেনি। “বস থাকতে আর এসব লাগে?” লোকে বলে।

দিন যায়, মানুষ যায় কিন্তু সমাজের চেহারা একই রয়ে যায়। বাচ্চাদের মুখ পানে চেয়ে অনেক যন্ত্রনা সয়ে মেয়েটি আর বিয়ে করল না। কিন্তু কিছু সুবিধা পাচ্ছে বলে লোকের আর সহ্য হলো না। তাকে অন্য বসের অধীনে দেয়া হলো। সেখানে অফিস সময়ের মধ্যে কাজ সেরে ফেলতে হয়। কিন্তু বস অতটা দয়াশীল নন। ছেলে মেয়ের খরচ যোগাতে একটু বেশিই হিমশিম খেতে হয়। “এই সমাজের দুই চোখে যদি ঝাল মরিচের গুঁড়া ছিটিয়ে দিতাম তবে একটু শান্তি পেতাম।” মেয়েটি একাই বিড়বিড় করে।

গল্প




# THE WORLD'S LONELINESS

**Md. Abdul Awal**
Sr. Lecturer, Department of English

A dusky evening, Mr. Maurice, a prominent journalist who is about to die. He is near about 75 years old man departing from this universe cheerfully. He remembers all the noble deeds of the eminent persons of the world and the different kinds of professions of the earthly lives. He also recalls the rough natural condition of summer and winter. He also has seen struggling and quarrelling of the court lives and their degeneration for tiny matter. Mr. Maurice is very much reluctant to live with these. At last he makes a journey to the perpetual settlement through death. Mr. Maurice handovers all his responsibilities of properties to his eldest son, Mr. Mehedi before he passes away. Mr. Maurice has gone from this mundane life by winning the everlasting existence of his soul. Mr. Mehedi, the eldest son of late father also gets a lordship from his father in law who has the only daughter. He is busy doing his own business Mr. Ripon is the youngest son of the late journalist who went abroad for his higher education long time before his father's death. There he meets one of his college friends with whom he spent his boyhood and youth in the same country. They are now living together in a lodge of that foreign state and gossiping about their memory of boyhood and youth of the village in their own country. They are discussing their all past events and deeds. They are also talking about the floods when they arranged picnic in the moonlit night on boat with the musical instruments with different songs, jokes and stories. They do not forget the old man's story that performed a thrilling and panicky. The most startling story about a woman who commits suicide jumping into the sea from a ship is never forgettable. Anyway, after a few deys Ripon gets back home and the government of his country offers him a good job. He is going to join to the job by a car. On the way Sathy, his beloved calls him. It is Sathy with whom his love affairs have been for almost last 10 years. The day after today he will marry her. On the way to office his car gets an accident and he dies. This news is a bolt from the blue to his beloved and she feels herself the loneliest girl of the world. She does not bear the pains, agonies, pangs and separation. At last she also goes to the real address of her soul for being beloved to her lover making the world lonely.

# কবিতা



## বাজো বাঁশি

**সৈয়দ শামসুল হক**

উন্মাদ বেরিয়ে এসে দরজায় স্থির হয়ে যায়
প্রেমিক নাকি সে কবি, অথবা সে খুবই সাধারণ,
সকলেরই বাড়িঘর আছে বৈকি এবং স্বজন
নর্দমায় ঘোলা জল, ঘড়িতেও ঘন্টা বয়ে যায়।

তবু সে দাঁড়িয়ে থাকে, রাত বাড়ে, দাঁড়িয়েই থাকে,
বালিকা ফুলের মালা ফুটপাথে ফেরি করে চলে
যানবাহনের ভিড়ে এ পথ দুষ্কর, ঘোলা জলে
একটি বিমর্ষ চাঁদ অভিমানে মুখ গুঁজে থাকে।


কে তাকে ভোলাবে বলো, কবি নাকি লোকটি ওই যে--
ওই যে দাঁড়িয়ে আছে ঝটিকায় বেরোবার পর
তারই মতো আমাদেরও ভাষা নেই, নেই বাড়িঘর--
ভীষণ শীতল হাওয়া ডিসেম্বরে কনকন বইছে।

আবার এখানে এসে রয়ে গেল তবে,
এই জল নীলের নিকটে ফের বহুদিন পরে,
এখনো এখানে রোদ সেদিনের উজ্জ্বল বৈভবে
আমাকে করালো স্নান, আরও কিছু ঘটে তার পরে।

একটি বালিকা এসে হাত পেতে দাঁড়িয়েছে আজও,
ভিক্ষা চায়, বুকের ওড়না থেকে বকুলের ফুল,
তবে বাঁশি সেদিনের ইমনের সুরে তবে বাজো,
যেন ভেসে যেতে থাকে পৃথিবীর একুল ওকুল।

ভাঙুক বন্যায় ফের, উঠুক সোনার মতো তারা
একবিন্দু সন্ধ্যার আদল আজ সেদিনের মতো
ভেঙে যাক দেয়ালের বিস্মৃতির সকল পাহারা
কেবল থাকুক জেগে পুরাতন সেদিনের মতো।

# কবিতা



## আমি আজ কারো রক্ত চাইতে আসিনি

**নির্মলেন্দু গুণ**

সমবেত সকলের মত আমিও গোলাপ ফুল খুব ভালোবাসি,
রেসকোর্স পার হয়ে যেতে সেইসব গোলাপের একটি গোলাপ গতকাল
আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।
আমি তাঁর কথা বলতে এসেছি।

শহিদ মিনার থেকে খসে পড়া একটি রক্তাক্ত ইট
গতকাল আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।
আমি তাঁর কথা বলতে এসেছি।

সমবেত সকলের মত আমিও পলাশ ফুল খুব ভালবাসি,
সমকাল পার হয়ে যেতে সদ্যফোটা একটি পলাশ গতকাল কানে কানে
আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।
আমি তাঁর কথা বলতে এসেছি।

শাহাবাগ এভিন্যুর ঘূর্ণায়িত জলের ঝর্ণাটি আর্তস্বরে আমাকে বলেছে,
আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।
আমি তাঁর কথা বলতে এসেছি।

সমবেত সকলের মত আমারও স্বপ্নের প্রতি পক্ষপাত আছে,
ভালোবাসা আছে, শেষ রাতে দেখা একটি সাহসী স্বপ্ন গতকাল
আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।
আমি তাঁর কথা বলতে এসেছি।

এই বসন্তের বটমূলে সমবেত ব্যথিত মানুষগুলো সাক্ষী থাকুক,
না-ফোটা কৃষ্ণচূড়ার শুষ্ক-ভগ্ন অপ্রস্তুত প্রাণের ঐ গোপন মঞ্জরীগুলো
কান পেতে শুনুক, আসন্ন সন্ধ্যার এই কালো কোকিলটি জেনে যাক;
আমার পায়ের তলার পুণ্য মাটি ছুঁয়ে আমি আজ সেই গোলাপের
কথা রাখলাম, আমি আজ সেই পলাশের কথা রাখলাম,
আমি আজ সে স্বপ্নের কথা রাখলাম।

আমি আজ কারো রক্ত চাইতে আসি নি,
আমি আমার ভালবাসার কথা বলতে এসেছিলাম।



# কবিতা

## গোধূলির গান

**শহীদ কাদরী**

জানি না
ক্লান্তির আর্তি ছাড়া
অন্য কোনো ধ্বনি ছিল কি না
সন্ধ্যার নদীর স্বরে
কে যেন মন্ত্রের মতো
উচ্চারণ করে
কবেকার ভুলে যাওয়া নাম।
দেবতার মতো তবু
মন্ত্র ছড়ায় প্রাচীন দেবদারু গাছ!

একবার ফিরে যাই,
ফিরে আসি বধ্যভূমিতে আবার
আমার বিপন্ন সংগীত
মাড়িয়ে মাড়িয়ে
হন্তারকেরা নিরাপদে হেঁটে যায়। এবং হঠাৎ
একটি অচেনা পাখি
দ্যুলোক-ভূলোকজুড়ে
বারবার রটিয়ে দেয়
আমার নতজানু পরিণতি,
আমার অন্ধকার পরিণাম!

# কবিতা

## হৃদপুরে

মাকিদ হায়দার

আমার চাকরিটা ভীষণ রকমের খাপছাড়া
সকালে হয়তো পঞ্চগড়
বিকেলেই যেতে হবে
বুড়িমারী
তিনবিঘা।

মাঝে মাঝে এমনও হয়
রাতে হয়তো তেঁতুলিয়া-বাংলাবান্ধা
পরের দিনই যেতে হবে
গোপালগঞ্জ
টুঙ্গিপাড়া।

সেবার টেকেরহাটে গিয়ে তিনটি
লোককে
আমার ইচ্ছার কথা বললাম
আমি গোপালগঞ্জে যাব
যাব
টুঙ্গিপাড়ায়।

একজন বললেন মুকসুদুপুর দিয়ে,
আর একজন বললেন, রাজৈর হয়ে, শুধু
শেষ জন বললেন
এই মধুমতী নদী সাঁতরেই
চলে যেতে পারেন
যেভাবে গিয়েছে
আমাদের খোকা।

ভাবলাম,
খোকা বোধহয় কোনো সন্তরণ শিক্ষকের
নাম
তাই তাড়াতাড়ি বললাম

খোকা লোকটি কে,
তিনি করেনই
বা-কী ?

শেষ জন বললেন,

লোকটি কিছুই করেন না তিনি শুধু
সাঁতরে বেড়ান
সোনার বাংলা
প্রিয় নদী । মধুমতী
বাড়ি
গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় ।

হঠাৎ জানতে চাইলেম
খোকা
লোকটির বসবাস
এখন কোথায় ।
প্রথম জন
দ্বিতীয় জন
শেষ জন
একবাক্যে উচ্চারণ করলেন,
লোকটির বসবাস বাঙালির হৃদপুরে ।

জাতির জনকের ডাকনাম ‘খোকা’



## প্রতিশ্রুতি

**কামাল চৌধুরী**

আগামী বসন্তে ভালোবাসব তোমাকে
অসমাপ্ত চুম্বনের শেষে ঝরে পড়বে দু-চারটে শুকনো পাতা
ধূলিদের পদচিহ্ন মুছে দিয়ে লেখা হবে নবকোলাহলকাল
স্তব্ধতার শেষে এভাবেই অনুগামী রোদ, দিনলিপি, উৎকীর্ণ আগামী
মনে রেখো, আমরাই শিলালিপি থেকে উঠে আসা ভোর
এই সব কররেখা, যতিচিহ্ন, অস্থিমজ্জা, স্মৃতি
আমাদের অসম্পূর্ণ আঙুলের স্বেদবিন্দু--

ভেজা হাত রেখেছি এখানে, এখানেই আর্দ্রতা শেষে
বসন্ত উৎসব।

প্রতিশ্রুতি লিখেছি অশ্রু ও বিষাদের চিৎকারে
ভালোবাসা লিখেছি অলিখিত রোজনামচায়
নাতিশীতোষ্ণ হৃদয়ে ক্রমাগত জলপ্রপাতের সুতীব্র পতন
স্রোতের মুখে ভেসে যেতে যেতে আমারও অস্থিও শুশুকের দিন
তবু চৈত্র সংক্রান্তির শেষে জল-জোছনায়
তোমাকে লিখেছি আমি ছিপ-নৌকোয় দাঁড় টানার শব্দ
প্রতিপক্ষ বাতাসের আগে মাছের কানকোয় দূর অবগাহনের গান

# কবিতা



## মনচিত্র

**মোহাম্মদ সাদিক**

মনের কথা রইল মনে মনের খবর নেই
তোমরা যাকে মন বলছ মন কি তবে সেই

একটি কথা বলার জন্যে একটি জীবন যায়
এক জীবনের মনের কথা চড়ুই পাখি খায়

বনমোরগের ডাকে যখন সকাল নামে বনে
মনের কথা বলতে তিনি হাঁটেন মনে মনে

সাতশ কোটি মানুষ দেখো এই পৃথিবীর বাঁকে
একটি মানুষ খুঁজতে গিয়ে খুঁজছে তবে কাকে

বানীর মধ্যে কালির ছোঁয়ায় অনেক কথা লেখা
মনের কথা রইল মনে মন হল না দেখা

আমার কাছে আছে মানুষ তাকে নিতে চাও
হাত বাড়িয়ে এবার তবে অশ্রুফোঁটা দাও

চোখের জলে ভাসেন তিনি চোখ তো ডুবে যায়
কোথায় আছেন মনের মানুষ কোন সে ঠিকানায়

রাত জেগেছে দিন ঘুমিয়ে মনের দেখা নেই
মানুষবিহীন মানুষ যে জন আসল মানুষ সেই ।




# ক্রান্তিকালে ভালবাসা

সম্পদ বড়ুয়া

তোমার আসার কথা পৌঁছে গেছে পাখিদের ঘরে
সহাস্য কুজনে ওরা নেচে উঠে হাতে হাত ধরে ।
ফুলেরাও জেনে গেছে, হুলস্থুল বেঁধেছে উদ্যানে
পলাশ, মল্লিকা, চাঁপা, সূর্যমুখী হাসে অকারণে ।
আকাশ আনত হলো, মেঘে মেঘে বিদ্যুতের কণা
চারিদিকে বসন্তের জয়গান, আনন্দ মূর্চ্ছনা ।
এমন সময় দেখি বাতাসের দূত এসে বলে,
সময় বহিছে মন্দ, ক্রান্তিকাল শুধু বয়ে চলে,
রাখো ভালবাসাবাসি, এখনতো বিচ্ছেদ বেদন
বড় হয়ে বাজে মনে, ছিন্ন করো সকল বাঁধন ।
বিবর্ণ বৃক্ষের ছবি ঝুলে ঝুলে হারিয়েছে পুঁজি,
ঝরাপাতা লিখে রাখে অরণ্যের গোপন ঠিকুজি ।
ভালবাসা কত দূর? তল নেই সুরমা গঙ্গার
তোমার আমার মন পুড়ে পুড়ে হয়েছে অঙ্গার ।


# কবিতা



## কলম্বোর কালো মেয়ে

মনজুরুর রহমান

অফিস ভাঙা বিকেল !
কলম্বো ছুটছে বেগে যার যার ঘরে ।
গালাদারি থেকে বের হয়ে
লোটাস সড়কে পৌঁছার আগেই
ভারত সাগর থেকে উড়ে আসা
এক ঝাঁক মেঘ বৃষ্টি হয়ে ভেঙে পড়ল হঠাৎ -
মাথার উপরে !
অচেনা শহরে সন্ধ্যা আসার আগেই
নেমে এল গোধূলির মতো বিষণ্ন আঁধার,
বোধিবৃক্ষতলে আমি আশ্রয়ী তখন -
অতিথি পাখির মতো !
আষাড়-পূর্ব বৃষ্টির ধারাজলে
তুমিও আমার পাশে পনের মিনিট
কলম্বোর কালো মেয়ে ভিজেছ নিবিড়!
কী নাম তোমার ?
হয়নি জানা, হবে কি আর কোনোদিন?
বৃষ্টি শেষে তুমি ফিরে গেছ গৃহে,
আমি-অস্থায়ী আপন ঠিকানায়
বুকে নিয়ে জলছবি:
বিকেল বৃষ্টিতে ভেজা
কলম্বোর কালো মেয়ে
লোটাস সড়কে
বোধিবৃক্ষতলে...



# কবিতা

## যাদুর কৌটো খানি

আসলাম সানী

চাইলে তুমি সবুজ থেকে
শিশির দিতে পারি
সঙ্গে যাবে ? মাঠে পাবে
শস্য সারি সারি
গাছ গাছালি ফুলে হাওয়া
আমার ছোট্ট বাড়ি
গ্রামটি সাগরদাড়ি
এই গ্রামেরই সোনার ছেলে
প্রদীপ জ্বেলে
বিশ্বে ছড়ায় আলো
মধুর কাব্যে মধু ভরা
সবাই বাসি ভালো
তাঁর সে বাণী সবাই জানি
রাখবে মহাকালও
চাইলে তুমি নীল আকাশের
মেঘও ধরে আনি
আমার এদেশ- রূপে অশেষ
যাদুর কৌটো খানি
আমার মাটি- বিশ্বে খাঁটি
সবারে নেয় টানি ।

# কবিতা



## এখন আমার মনটা উদাস

**অদ্বৈত মারুত**

মনটাকে আজ বন বানিয়ে ঘুরছি তারই মাঝে
গাছগুলো কই, গাছ গেল কই, কাজটা খুবই বাজে।
যাকেই বলি গাছ হবি তুই? করছে শুধুই না যে
মনটাকে তাই গুল্মকাঁটায় রাখছি বেঁধে লাজে!

আমায় যারা ভালোই জানো, তাদের কথা ভাবি;
আমারও তো থাকতে পারে বিশেষ কিছু দাবি।
তুললে দেবে গাছের পাতা বনের লতা আজই?
জানি জানি বলবে কানে আমি অমন সাজি?

ভাল্লাগে না কিচ্ছু আমার ঘুরছি বনে বনে
খুঁজছি রে গাছ, পাতার আভাস, পাই যদি ফের মনে;
তখন জানি একটুখানি দোল দেবে ফের হাওয়া
ভাবছি ওটাই, সেটাই হবে আমার পরম পাওয়া!

# কবিতা

## মুজিব স্মরণে

**মোঃ ওয়াহিদুর রহমান**

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী
টুঙ্গীপাড়ার এই দামাল ছেলে
বঙ্গবন্ধু শেখ মুজিব।
বাঙ্গালী জাতির ইজ্জত বাঁচাতে
এসেছিলে বুঝি এই বাংলাতে
তোমাকে হারায়ে বুক ভাসায়ে
আজি ও কাঁদে দুঃখী-গরীব ।
কৃষক শ্রমিক মেহনতি যারা
তোমার ডাকেতে দিয়েছিল সাড়া
তোমার মন্ত্র করিয়া গ্রহণ
নেমেছিল রাজপথে ।
ছাত্র-শিক্ষক যত আইনজীবীর
রাষ্ট্র ভাষা বাংলার দাবী
মুখে নিয়ে তারা বুলেটের সামনে
দিয়েছিল বুক পেতে ।
হিন্দু মুসলিম মিলিল সকলে
ব্যবসায়ী যত আসিল সে দলে
সাতই মার্চের ছয় দফা দাবী
ব্যর্থ হয় নি শেষে ।
দীর্ঘ নয় মাস কারাগার খেটে
মুক্তি বাহিনীর প্রচন্ড দাপটে
শত্রু সেনাদের পরাজয়ের পর
তুমি ফিরে এলে দেশে।

দু'শো বছরের শাসন শোষণ
তোমার নেতৃত্বে হলো অবসান
বিশ্বের বুকে প্রতিষ্ঠিত হলো
স্বাধীন বাংলাদেশ।
সারা দুনিয়ার স্বীকৃতি পেলে
জাতিসংঘের সদস্য হলে
দেশের শত্রুরা তোমার স্বপ্ন
করিতে দিল না শেষ।
পনরই আগস্ট আসে যাবে ফিরে
তোমার সে স্মৃতি জাগে অন্তরে
সেদিনের নির্মম করুণ কাহিনী
ব্যাথা দিয়ে যায় মনে।
প্রভূর সকাশে করি প্রার্থনা
এই বিপ্লবী বীরের স্বপ্ন সাধনা
কবুল করিয়া ঠাঁই দিও তাঁরে
বেহেস্তের ফুল বনে।



## জীবনের দায়


**অধ্যাপক ডঃ মোঃ সাইফুদ্দিন শাহ**
উপ-উপাচার্য


মানুষ কতভাবে ব্যস্ত এ সংসারে,
জীবনের একি দায় সব!
কতভাবে দায় শোধ দিতে হয়;
শোধ দেবার চেষ্টা করতে হয় সবাইকে।

আমি ভাবি আর ভাবি-
জীবনের দায়ের যে কম ফের তাতেই
বুঝি বা নির্নিত হয় জীবনের সংগা।

জীবন যার, তা তারই;
দায় শোধের দায়ও তারই।

হয়তোবা অংশী হয় কেউ কেউ, কোন কোন জীবনের কখনো;
তাতে কি কারো জীবনের দায় পরিশোধের
খুব কি হের ফের হয়!
যাপিত জীবনের অনুসংগ কত বিচিত্র এক একজনের।

বৈচিত্র্যই যাপিত জীবনের দায় বাড়িয়ে তুলছে আজ
হু হু করে বিশ্ব সংসারে;
সেই তো আজ বড় বেশি ভাবনার বিষয়।

সমাজ এগুবে কি না
তার পুরোভাগে নিয়ামকের দায় পালন করছে জীবনের বৈচিত্র্যময়তা।

পৃথিবীর এগিয়ে চলার পথে জীবনের দায় শোধের ভূমিকা
আজ তাই সমাজ বিজ্ঞানীদের গবেষণার বিষয়।

# কবিতা



## প্রত্যাশা

**অধ্যাপক ড. আবদুর রহমান**
বিভাগীয় প্রধান
ব্যবসায় প্রশাসন বিভাগ

ভাবনার কথা শুনে মন ভরে না-
প্রকৃত ভাবুক দেখতে ইচ্ছে হয়।
আতরে মন ভরে না-
ফুল দেখতে ইচ্ছে হয়।

কাবা দেখলেই মন ভরে না-
মহান স্রষ্টাকে দেখতে ইচ্ছে হয়।
মক্কা-মদিনা দেখে মন ভরে না-
মুহাম্মদ (সাঃ) কে দেখতে ইচ্ছে হয়।

আদর্শের কথা শুনে মন ভরে না-
আদর্শের বাস্তবায়ন দেখতে ইচ্ছে হয়।

ঈদের চাঁদ দেখে মন ভরে না-
ঈদের সাম্যবাদ দেখতে ইচ্ছে হয়।
সিয়ামের কথা শুনে মন ভরে না-
সত্যিকার সংযম দেখতে মন চায়।

সার্টিফিকেটধারী লোক দেখে মন ভরে না-
জ্ঞানের চর্চা দেখতে ইচ্ছে হয়।
সমাজসেবক (?) দেখে মন ভরে না-
সেবার নজির দেখতে ইচ্ছে হয়।

ধর্ম প্রচারকারী দেখলে মন ভরে না-
ভীষণভাবে ধার্মিক দেখতে মন চায়।

শহীদ মিনারে উপস্থিতি ভাল লাগে না-
শহীদের স্বপ্ন বাস্তবায়ন দেখতে চাই।

জনসেবক (?) দেখলে মন ভরে না-
সত্যিকার সেবক দেখতে ইচ্ছে হয়।
প্রেমিক-প্রেমিকা দেখতে ভাল লাগে না-
লাইলী-মজনুকে দেখতে ইচ্ছে হয়।

# কবিতা



## যা আগে ভাবিনি কখনো

**রাকিব উদ্দিন**
জেষ্ঠ্য প্রভাষক, ইংরেজি বিভাগ

কখনো ভাবিনি
চাতুর্যের সাথে মিথ্যা বলা এবং সুনিপুণ কপটতা
সমাজে কারো কারো পদ ও সম্মান বাড়িয়ে দেয়।

ভাবিনি কখনো
কাউকে ভাল কথা এবং সঠিক পরামর্শ দিলেও
তার বিপরীতে আসে শুধুই তিরস্কার।

যা সত্যিই ভাবিনি কখনো
গাড়ির গাসের রং নিয়ে, কেন তা কালো হয়
কিছুটা বুঝলাম পার্ক করা গাড়ির নাচনী দেখে।

কখনো ভাবিনি
বউয়ের গহনা এবং অন্য আরও কিছু কিনে
তার সঠিক দাম কখনো বলতে নেই।

ভাবিনি কখনো
রাজনীতিবিদ এবং অফিসের বসের মধ্যে কোন তফাৎ নেই
কারন তারা দুজনেই ওয়াদা ভঙ্গ করে।

যা সত্যিই কখনো ভাবিনি
মুখে দাড়ি এবং মাথায় টুপি পরা লোক কাউকে ঠকাতে পারে
এখন এটা প্রমাণিত যে প্রতারক যে কোনো বেশে থাকতে পারে।

# কবিতা



## আলেয়ার আলো

**মোঃ মোস্তাফিজুর রহমান**
জেষ্ঠ্য প্রভাষক, আইন বিভাগ

গহীন গহন ঘিরে ঘন তমসা
বনমাঝে পথ চলি, নাহি ভরসা
একেলা এ নিরালায়
মনে জাগে সদা ভয়
ঘনঘোর তমসায় এ মহানিশা –
চলিতে চলিতে দেখি আলো তরসা।

এ বিশাল বনমাঝে, আমি একেলা
চারিদিকে জানোয়ার করিছে খেলা
গোটাবন দেখি ঢাকা
গহিন আঁধারে মাখা
আকাশও মেঘে ঢাকা
নিশিথ বেলা–
কোনোখানে নাহি কেহ, আমি একেলা।

আলো হাতে তম:রাতে কে আসে ওরে!
দেখাবে কি বনমাঝে পথ আমারে?
জ্বলে পূন: নিভে যায়
আমা পানে নাহি চায়
আমি হেথা নিরুপায়
থাকি আঁধারে–
দেখাবে কি বনমাঝে পথ আমারে?

ওহে, তুমি কোথা যাও কোনখানেতে?
বারেক জ্বালাও আলো আমা তরেতে
আমার যা কিছু আছে
দেব সবে তোমা কাছে
তুমি শুধু জ্বালো আলো
আমা তরেতে–
আমার একেলা হেন আঁধার পথে।।

এ বনপথে যত চলি তত হেরি
আঁধারে আঁধারে বন গিয়াছে ভরি
এ তমসাবৃতা বনে
নাহি কেহ আমা সনে
চলি পথ নিরজনে
তোমারে স্মরি
আমারে দেখাও পথ মিনতি করি।

আলো নয়, আলো নয় ক্ষীণ সে আলো
নিভিয়া ত্বরা পূন: আঁধারে ঢাকিল
নিশিথ গহন ঘিরে
ঘিরিল আঁধার ওরে
শুন্‌নো গহন মাঝে
নাই যে আলো–
জ্বলে আর নিভে সে আলেয়ার আলো।।

বি: দ্র: ’আলেয়ার আলো’ কবিতাটি রবি ঠাকুরের ’সোনার তরী’ কবিতা অবলম্বনে নির্মিত। তারিখ ১০. ০৫. ২০০৭

# কবিতা




## প্রাইম কবিতা

**মোঃ নাজমুল হুসাইন মুন্সী জনি**
একান্ত সচিব
চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ

দেখেছি ঘুরে অনেক দূর,
হৃদয়ের মাঝে হৃদয়ের সুর।
বিশ্বায়নে এই ভূবনে,
জ্ঞানের আলো ছড়িয়ে দিলো
সিক্ত হলো মন মাটি,---
এ যে প্রাইম ইউনিভার্সিটি।
আমরা আজ যেখানে,
আগামীতে তোমরাও আসবে সেখানে,
সাজিয়ে পৃথিবী সুন্দর করে
সুখের দোলায় ভাসবে ॥
জীবনের জন্য জীবন ॥
করে নেবো খাঁটি,---
এ যে প্রাইম ইউনিভার্সিটি।
এখানে পাব খুঁজে
জীবনের ঠিকানা,
এখান থেকে নেবো জেনে
যে কথা হয়নি জানা ॥
যাব অনেক পথ ॥
ছোট্ট পায়ে হাঁটি হাঁটি,---
এ যে প্রাইম ইউনিভার্সিটি।

# কবিতা



## মাতাল আশা

**মনিরুল ইসলাম আলিফ**
৩৯তম ব্যাচ, এলএলবি (অনার্স)
আইডি: ১৫২০৫০১০১১০০২

আশা যেন ইচ্ছে ঘুড়ি
মন আকাশে উড়াউড়ি,
ক্ষান্ত হতে চায় না,
আবেগে সে অশ্রুহারা
হয়ে যায় পাগল পারা
কিছুইতো সে পায় না।

সব কিছুতে আড়াআড়ি
করে কত বাড়াবাড়ি
সামান্য তে হয় না,
চায় শুধু আকাশ ছোঁয়া
পায় যেন আঁধার ধোঁয়া
কেন এতো বায়না ?

আশায় মন জীবিত রাখে
ভালোবেসে জড়িয়ে থাকে
মন ছেড়ে যায় না,
দুঃখ যত আসুক মনে
লেগে থাকে সঙ্গোপনে
দূরে যেতে চায় না।।

# কবিতা



## একাত্তর

**মোঃ তানজীমুল কবীর**
৩৯তম ব্যাচ (সন্ধ্যা), বিএসসি,ইইই
আইডি: ১৫২০৩০৩০১০০৭

চারপাশের লতাপাতাগুলো
কেমন নুইয়ে গেছে,
উঠানের ধারের আমগাছটাও
কেমন শুকিয়ে গেছে,
চারিধারের বাতাস
কেমন যেন ভারী হয়ে আসছে,
এ যেন কোন রাক্ষসের
আবাস ভূমি মনে হচ্ছে,
পচা মাংসের গন্ধে চারপাশে
কেমন মাছি উড়ছে।
আমি একাত্তরের কথা বলছি।
আমি একাত্তর দেখিনি,
আমি কেবল শুনেছি
আমি দেখতেও চাইনা,
আমি শুধু জানতে চাই
কেমন ছিল সে স্বাধীনতা।
আজ একাত্তর এর মানুষ গুলো
যেন দু দলে বিভক্ত হয়ে গেছে,
তারা নিজের মত করে
একাত্তরের গল্প বলে।
দলাদলি মারামারি চারিদিকে
কেবল হানাহানি চলে।
আমি এ যুগের নবীন ছেলে
আমি এত কিছু বুঝতে চাইনা
আমি শুধু দেখতে চাই,
স্বাধীনতার সঠিক বর্ণনাটি
সুন্দর সঠিক ও পরিপাটি।



# শিক্ষা

**মোঃ আসলাম উদ্দীন**
৩৯তম ব্যাচ, এমএ, ইংরেজি
আইডি: ১৫২০১০১০২০০৫

শিক্ষা হলো অধিকার
আর শিক্ষা নয় পণ্য,
শিক্ষা অর্জন করে আমরা
সবাই হবো ধন্য।
শিক্ষা কোনো ব্যবসা নয়
নয় কোনো তামাসা,
শিক্ষা জাতির মেরুদন্ড
শিক্ষা হলো আশা।
শিক্ষা হবে ঘরে ঘরে
থাকবে সবার চেষ্টা,
শিক্ষা নিয়ে গড়বো সমাজ
গড়বো মোরা দেশটা।
শিক্ষার জন্য পরিবেশ চাই
চাই গুণী শিক্ষক,
শিক্ষক যেন বন্ধু হয়
হয় না যেনো ভক্ষক।
শিক্ষা দিয়ে জ্ঞান অর্জন
আমরা সবাই করতে চাই,
শিক্ষার কোনো বয়স নাইরে বয়স
চলো বন্ধু শিখতে যাই।

# কবিতা



## চায় মন


**কাউছার আহমেদ (সাগর)**
৩১তম ব্যাচ, বিএসসি, ইইই
আইডি: ১২৩০৩০৩০১১২৮


চায় মন উড়তে
চায় ঘুরতে
চায় রাখালের মত বাঁশি বাজাতে
মাঠে বসে।
চায় গান গাইতে
উদাসী সুরে।
চায় ভাবতে
অচেনা-অজান্তে

চায় পথ চলতে
বাতাসের উজানে।
চায় থাকতে, পথের প্রান্তে
নদীর সেতুর কিনারে।
চায় ঘুরতে
পাড়ার দস্যু ছেলের সাথে।
চায় মন হারিয়ে যেতে
অচেনা দেশে।

---



## ওদের নাম পথশিশু


**নাজনীন সুলতানা**
৪০তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৫৩০২০১০১০৩২


এতোটুকু বয়সের, এতোটুকু স্রোতে
এতোটুকু সময়ের, এতোটুকু বাঁকে
তিক্ত অভিজ্ঞতার হাজারও ভীড়ে
ওদের তরী তবু ভাসে জীবন তীরে।

অসহায় চোখে ওদের কণ্ঠের মিনতি ছোট
ছোট দু'হাত তাদের জানায় আরতি দিনের
শেষে রাতে চাঁদের হাসি
বেলা শেষে অন্ন জোটে পঁচা আর বাসি।

রাস্তার গাড়ির জানালায় অভিমানী আঙ্গুলের ছাপ
আমরা মুছে দেই যেনো নেই কোনো অনুতাপ
শিক্ষা আর সুখ তো ওদের অধরাই রয়
দুঃখ আর অসুখ তারা নিমেষেই সয়।

পথের শিল্পী ওরা প্রতিদিনের ভবঘুরে মুখ
হাতের রেখা ওদের মেলায় না ভাগ্যের কূল
বাস্তবতার দানবেরা ছিনিয়ে নেয় স্বপ্ন
কাল্পনিক পরীরা রয়ে যায় শুধু গল্প।

# কবিতা



## সাধ জাগে

**মো: শহীদুল্লাহ**
৩৮তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৫১০২০১০১০২০

কোন এক গোধূলী সন্ধ্যায়
দখিনা হাওয়ায়
পদ্মার তীরে দুজন দুজনাতে মিশে যাবো ॥
সাধ জাগে কোন এক জোছনা রাতে
আমার এই অতৃপ্ত হৃদয়টা তুলে দিবো তোমার হাতে
মিশে যাবো দুজন দুজনাতে ॥
সাধ জাগে কোন এক গোধূলী বেলায়
দিগন্ত জোড়া কাশফুলের মেলায়
তোমার ঐ কোমল বরণ হাতটি ধরে হারিয়ে যাবো ॥
সাধ জাগে ঝিলের জল থেকে একগুচ্ছ শাপলা তুলে
দিবো তোমার ঐ মন মাতানো কালো চুলে
দেখবো তোমায় আঁখি ভরে অনন্ত কাল ॥
সাধ জাগে সরিষা ফুলের হলদে রঙ
মাখিয়ে দিবো তোমার ঐ কোমল বরণ মায়া ভরা মুখে
দেখবো তোমায় আঁখি ভরে অনন্ত সুখে ॥
সাধ জাগে সরিষা ফুলের হলদে রঙের মাঝে
দুজন দুজনাতে মিশে যাবো।
সাধ জাগে আমার চিরবিদায়ের কালে
তোমারই বুকে রাখিব মাথা
অনন্ত সুখ, আছে আন্তরিকতা।



# কবিতা

## কেমন আছি জানতে চাইবে না?

**মাকসুদা পারভীন সাহানুর**
৩৮তম ব্যাচ, এলএলবি, ফাইনাল
আইডি: ১৫১০৫০১০২০১৮

কাঁটার ভয়ে বাগানের গোলাপ ছিঁড়বে না?
ভলোবাসার গোলাপ হাতে-
দাঁড়িয়ে কি কথা বলবে না?
এত প্রতীক্ষার পর এখানে
কেমন আছি জানতে চাইবে না?

প্রচন্ড ধাক্কায় আমি যখন পড়ে গেলাম
তুমি তখন হাত ধরে উঠালে।
তুমি বলেছো-
কেঁচোর মতো নিচে যাওয়া পছন্দ করনা।
আমি যখন পৃথিবী ছেড়ে দেয়ার বিষয়ে প্রত্যয়ী
তুমি তখন দেখিয়েছো সংগ্রামের পথ,
বেঁচে থাকার স্বপ্ন।

যখন আমি উঠে দাঁড়ালাম,
তখন তুমি স্বার্থের অজুহাতে দূরে চলে গেলে।
আজ আমি ভাঙ্গিনি, কষ্ট পাইনি,
পথের সন্ধান করতে করতে অবশেষে

জীবনের সন্ধান পেয়েছি।
সাঁতার শেখাতে গিয়ে মধ্য নদীতে ছেড়ে দিয়ে
তুমি পাড়ে চলে এলে!
আমি কষ্ট করে তীরে উঠে এসেছি
এখন ভয় নাই, তুফানও ডোবাতে পারবে না।
তুমি ভালো আছো,
এতটুকু জানলেই আমি হতাশ হবো না।
আমি কেমন আছি-
তুমি জানতে চাইবে না?

# কবিতা



## মায়ের ভালোবাসা

**এ্যাডভোকেট মোছাঃ হাছিনা বেগম**
৪০তম ব্যাচ, এলএলএম, প্রিলিমিনারি
আইডি: ১৫৩০৫০১০৪০০৩

প্রত্যয়, মিথিলা, জিয়া
যতরকম জল্পনা কল্পনা,
এই তিনজনকে নিয়া।
প্রত্যয় আমার কলিজা, জিয়া আমার জান,
মিথিলার মুখের পানে চেয়ে, জুঁড়ায় আমার প্রাণ।
করতে তোমাদের জয়, জীবন করলাম ক্ষয়।
যদি কিছু হয়, শুধু করি ভয়।
আল্লাহ্র কাছে কামনা করি,
হয় যেন, তোমাদের বিজয়।
অন্তরের অন্ত:স্থলে আছ, আছ মনের মণিকোঠায়,
অলক্ষুণে যমদূত যেন, ছুঁতে পারে না তোমায়।
অনুভবে অনুক্ষণে আছ তোমরা হৃদয়ে সর্বক্ষণ,
বিস্মৃত হইওনা তোমরা আমার পরম ধন।
মনের দর্পনে রয়েছো, সহস্র স্মৃতি গাঁথা,
বুকেতে জড়ায়ে বলবো তোমাদের রসময় কত কথা।
সদা হাসি আনন্দে তোমরা থেকো মেতে,
কল্পলোকে ভাবছি তাই দূর সাভার থেকে।

---



## সাবাশ তনয়া

**স্বরুপ রায়**
৩৮ তম ব্যাচ, ইংরেজি বিভাগ
আইডি: ১৫১০১০১০১০১৯

যোগ্য পিতার যোগ্য সন্তান, বলনা কোথায় খুঁজে পাই?
চলনা এবার ঘুরেই আসি, আমার ছোট্ট সোনার গাঁয় ।
শহরের এই ইট পাথরের দালান কোঠার, সাজ সজ্জার বেষ্টনীতে নয়
খুঁজে দেখ ছোট্ট সোনার গাঁ আমার সেই টুঙ্গীপাড়ায় ।
পিতা দিয়েছে স্বাধীনতা, কন্যা গড়েছে দেশ
আমরা পেয়েছি স্বপ্নের সোনার বাংলাদেশ ।
সাবাশ তনয়া, সাবাশ তোমার স্বপ্নের সোনার
ডিজিটাল বাংলাদেশ ।

# কবিতা



## ভালোবাসা

**তৌহিদ হাসান জয়**
৩২তম ব্যাচ, এলএলবি (অনার্স)
আইডি: ১৩১০৫০১০১০৩২

ভালবাসা কি? হয়ত আমি জানি না
ভালবাসা কি? হয়ত আমি বুঝি না।

শুধু জানি ভালবাসা মানে,
উত্তপ্ত রোদে তোমার ছোঁয়ায় শীতল হওয়া,
হাড়কাঁপানো শীতে উষ্ণ এক অনুভূতি
তোমার কথা ভেবে, সারা রাত জেগে থাকা
চোখের জলে বালিশ ভিজিয়ে ফেলা।
ঝিঁ ঝিঁ পোকার শব্দের মাঝে নিজেকে হারিয়ে ফেলা।

ভালবাসা মানে,
একটা ভাঙ্গা হৃদয়ে, শুধুই তোমার প্রতিধ্বনি,
অনেকের মাঝে শুধু তোমায় খুঁজে চলা,
পলকহীন চোখে, তোমার দিকে তাকিয়ে থাকা
কোন কিছু না জেনে স্রোতের বিপরীতে চলা
হবে না জানা স্বত্বেও ছুটে চলা।
তোমার ওই গভীর কালো চুলের মাঝে হারিয়ে যাওয়া।

ভালবাসা মানে,
অমাবস্যার রাতে জোনাকির আলো নিয়ে পথ চলা
রাজকুমারীকে পাবার আশায়, সাত সমুদ্র তের নদী পাড়ি দেওয়া
নিজেকে ভুলে শুধু তোমার কথা ভাবা
নিদ্রাহীন রাতে আকাশের পানে এক দৃষ্টিতে তাকিয়ে থাকা

# কবিতা



## বাল্যকাল

**মোঃ রফিকুল ইসলাম**
৩১তম ব্যাচ, এলএলবি, অনার্স
আইডি: ১২৩০৫০১০১০৫৭

আজি মনে পড়ে সেই
ছোট্ট বেলার দুষ্টুমির কাল
উন্মাদ হয়ে তাড়া দিতাম
মাঠচারী গোপাল।

গোছলের ছলে, যাই যমুনার জলে
চিতকাত হয়ে খাই হাবু-ডুবু
কয়েক ঢোক পানি খেয়েও
সাথীদের বলিনি কভু।

পাঠশালে যাইবার ছলে
গিয়ে বসতাম মার্বেলের পিলে
পাঠশালা ছুটি হলে যাইত সবে বাড়ি
তৎক্ষণাৎ বাড়ি চলি মার্বেল ছাড়ি।
বাড়ি গেলে মারধর বকাবকি
তৎক্ষণাৎ বাড়ি ছেড়ে যাইতাম একাকী
বিচরণ করিয়া বেড়াই মাঝে মাঝে চিবাই কাঁশ
দিন যায় পার হয়ে আসে সন্ধ্যা
হঠাৎ ক্ষুধার আভাস।

এক সময় ছুটে চলি গৃহ পানে
গিয়ে বসতাম অদূরে উঠানে
কি যে ভাবি বসি একাকী
ভাই বলতো আয়তো রফিক দেখি।

এখন আমি অনেক বড়
হয়না যমুনাকে দেখা
হয়না তার ঢেউ গণনা
হয়না প্রফুল্ল হৃদয়ে বসা।

# কবিতা



## ও মা, তোমায় ভালবাসি

**মোঃ আবিদ হাসান**
৩২ তম ব্যাচ, এলএলবি, অনার্স
আইডি: ১৩১০৫০১০১০৩৭

শীতের সকালের সবুজ ঘাসের বুকে
হীরার মত একটি শিশির বিন্দু,
দেখে মুগ্ধ হয়ে চোখ বুজে বলি
ও মা, তোমায় ভালবাসি।
শীতের শেষে ঝরা পাতার
মড়মড় শব্দে ঘুম ভাঙ্গানো সকাল,
আলসে কাটানো সারাটি দিন পর
গোধূলির মুগ্ধকর রঙ্গিন আভায়
স্বপ্ন ভাসিয়ে বলি
ও মা, তোমায় ভালবাসি।

বসন্ত বাতাসে ভেসে আসে
মধুর কোকিলের গান,
গাছে গাছে নতুন পাতার আগমনে
প্রকৃতি ফিরে পায় চঞ্চল প্রাণ।
ললনার হলুদ শাড়ীর আঁচলে
লুকায় লাজুক মৃদু হাসি,
ভ্রমর ওড়ে গুণগুনিয়ে
ফুলের পানে আসি,
ফিসফিসয়ে বলে “চল না আমরা
অথৈ প্রেমে ভাসি” ।
ঋতুরাজের এমন রূপে মুগ্ধ বিশ্ববাসি
তাই আবারও
ও মা, তোমায় ভালবাসি।



# কবিতা

## কুসংস্কার


**মোঃ শামীমুর ইসলাম**
৪১ তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৬১০২০১০১০২৮


ব্যাঙ ডাকলে বৃষ্টি আসে
মোরগ ডাকলে ভোর,,
কুকুর ডাকলে লেজ গুটিয়ে
ছিটকে পালায় চোর।

পেঁচা ডাকলে অশুভ হয়
শকুন ডাকলে মরণ,,
হঠাৎ কোন বিপদ নাকি
কাকে ডাকার কারণ।

পাখি ডাকলে কুটুম আসে
মিষ্টি হাতে নিয়ে ,,
বৃষ্টির মাঝে রোদ হাসিলে
শেয়াল মামার বিয়ে।

সত্য-মিথ্যা যাচাই করি
টিকটিকির ও ডাকে,,
বউ পাগল হয় সেই ছেলেটি,
ঘাম থাকে যার নাকে।

হঠাৎ করে চোখ কাঁপিলে
দুঃখ আসে বটে,,
বসা নাকি যাবে না ঐ
ঘরেরই চৌকাটে।

যাত্রা নাকি অশুভ হয় দেখলে
খালি কলস পথে,,
কাড়ি কাড়ি টাকা আসে
চুলকালে ডান হাতে।

ভাঙ্গা আয়নায় মুখ দেখিতে
মুরুব্বিদের মানা,,
কুসংস্কারে আমরা আজও
চোখ থাকিতে কানা.....???



# কবিতা

## স্বপ্ন ভঙ্গ

**মোঃ নাহিদ হাসান**
৩৬ তম ব্যাচ, বিজনেস এডমিনিসট্রেশন
আইডি: ১৪২০২০১০১০০৮

আমার তখন তরুণ বয়স,
তুমুল নাইনটিন।
সবার সাথে হেসে খেলে,
যাচ্ছিল বেশ দিন।।
নানান রকম রঙে আমার
রাঙা তখন মন।
মনের ভেতর রং বেরঙের,
ছবি সারাক্ষণ।।
আঁকছি আবার সেই ছবিটাই,
ফেলছি ছিঁড়ে রোজ।
কেউ রাখেনি মনের খবর
কেউ রাখেনি খোঁজ।।
যে পথ দিয়ে যাই সকালে,
সে পথ দিয়ে ফেরা।
তখন আমার রাত্রি-ও দিন,
স্বপ্ন দিয়ে ঘেরা।।

আসা যাওয়ার পথের ধারে,
একটা ছোট বাসা।
সেই বাসাটায় লুকিয়ে ছিল,
আমার ভালোবাসা।।
ঐ বাড়িটার একটি মেয়ে,
চাঁদপনা তার মুখ।
সেই সে মুখের হাসি আমার,
হৃদয় জুড়ে সুখ।।
ছড়িয়ে দিতো ভরিয়ে দিতো,
আমার তরুণ মন।
ঐ মুখটার ছবি চোখে
ভাসতো সারাক্ষণ।।
তখনতো আর ফোন ছিলনা,
কেবল চোখের ভাষায়।
ভাব বিনিময় হচ্ছিল,
আর যাচ্ছিল দিন আশায়।।
আশায় আশায় দিন গুনেছি,
আমার হবে সে যে।
আসবে আমার বাসর ঘরে,
নতুন বধু সেজে।।
স্বপ্ন দেখে যাচ্ছিল দিন,
ছিলাম যেন ঘোরে।
হঠাৎ আমার স্বপ্ন গুলো,
হোচট খেলো জোরে।।
একদিন ঐ বাড়িতে দেখি,
আলোতে ঝিলমিল।
তাতেই যেন ধাক্কা খেল,
আমার নরম দিল।।
কেন এত আলোর ঝিলিক,
জানি খবর নিয়ে।
সে দিন আমার দিলকি রানীর,
হঠাৎ করেই বিয়ে।।

বিলেত ফেরতৎ পাত্র নাকি,
দেখতে রাজার মত।
শুনেই আমার বুকে আবার,
সৃষ্টি হলো ক্ষত।।
হায়রে তাকে ভালোবেসে,
ভুল করেছি আমি।
আমাকে নয় সেই বেছেছে,
বিলেত ফেরৎ স্বামী।।
সেই থেকে এই আমি আবার,
আমার মত একা।
জুটলোনা প্রেম এই কপালে,
জুটলো কেবল ছ্যাকা।।

# কবিতা



## কালবৈশাখী ঝড়

**মোঃ হাসিকুল আলম (আশিক)**
এম.এল.এস.এস

কালবৈশাখী ঝড় হচ্ছে, সবার মাঝে ভয়,
উড়ছে পাখি, ভাঙ্গছে বাসা কার জানি কি হয়!
গাছপালা সব হেলে-দুলে মাটির সাথে নুয়ে,
যুদ্ধ করছে বাঁচার জন্য সকল শক্তি দিয়ে।
ক্ষেতের ফসল, পুকুরের মাছ কেড়ে নিল সব,
কারোর মুখে নেইকো হাসি সবাই যে নীরব।
কালবৈশাখী, কালবৈশাখী ভীষণ শক্তিধর;
এক নিমিষে চূর্ণ করে স্বপ্নের বাড়ি-ঘর।
গাছপালা সব উপড়ে ফেলে, যেমন ক্ষেতের মুলো
টিনের চালা, খড়ের পালা উড়ায় যেন তুলো।
ছোবল দিয়ে উপরে তোলে সাগর নদীর জল,
কালবৈশাখীর গায়ে যেন লক্ষ ঘোড়ার বল।
নির্দয় এই কালবৈশাখী মহা দ্রুত গতি,
বেশীরভাগই করে সে যে গরীব দুঃখীর ক্ষতি।

---



## ভাষা

**মনোজঞ্জন চন্দ্র সরকার**
ড্রাইভার

এক নাম ভাষা আর অন্য নাম কথা
সর্বাগ্রে শেখায় মা এ পৃথিবীর প্রথা
কারো মুখে ধ্বনি শুনি কারো অঙ্গ নড়ে
বাস তার সর্ব জীবে সম-সমাদরে ।
ধন-রত্ন, জ্ঞান, মান কর্তা ইচ্ছে করে
সমধিকারে নাই দেয় সকল ঘরে
তোমার বেলা মালিক হয়ে নিরুপায়
সমান মাপে নিজে যেন নীতিৎপালায়।
জগত ঘুরি লুটি তব বৈচিত্র স্বাদ
চোখ বুজি অনুভবি মায়া মৃত্যুঞ্জয়ী
দেখি তব মর্ম শক্তি উন্মুক্ত উম্মাদ।
চিরকাল এ আমি যে তোমাতে বিনয়ী
অসীম শ্রদ্ধায় করি দান তাজা প্রাণ
বঙ্গে আমার ভাইয়ে দিছে সে প্রমান।

# কবিতা



## IDENTITY

**Md. Sahidur Rahman**
31st batch, English (Hons)
ID No: 123010101013

Hi identity! Again searching you with deep affection
Family gave me identity to introduce
But reality says, not enough, not enough...
To get close to someone forever.

Hi identity! Again searching you with deep solid affection
A cuckoo is giving its sweet tune
A crow is trying to copy her
But reality says, not enough, not enough...
Introduce what you have actual.

Hi identity! Again searching you with deep hard affection
Being a wander bird, moving here and there for
But reality says, not enough, not enough...
To be believable to someone forever.

Hi identity! Again searching you with deep harsh affection
Being tired, much knew and knowing in the realm of earth
But reality says, not enough, not enough...
Need to show what is factual.

# ছড়া



## খোকন ও চাঁদের বুড়ি

**খালেক বিন জয়েনউদদীন**

চাঁদের বুড়ি- চাঁদের দেশে চরকা এখন কাটে না,
মনের দুখে শিল পাথরে হলুদ মরিচ বাটে না ।
খবর পেলো আসছে নীল নভোচারী যানেতে
তাইতো বুড়ি মত্ত এখন চন্দ্র ছাড়ার গানেতে ।

চরকা ফেলে রাতের বেলা যখন বুড়ি নামলো
দস্যিছেলে করলো তাড়া, তাইনা বুড়ি ঘামলো ।
দৌড়ে গেলো পুকুর জলে, দেখলো অনেক মৎস্য
চাঁদের দেশের উধাও বুড়ি, বুঝলে খোকন-বৎস্য ।

---




## চাঁদের ছড়া

**লুৎফর রহমান রিটন**

চাঁদের হাসি
ভালোবাসি
চাঁদ যে আমার
খালা-মাসি ।
আরো শোন
বলছি বাপু
চাঁদ যে আমার
ভাইয়া আপু ।
চুপিচুপি
বলছি আমি
চাঁদ যে আমার
মামা মামি ।
চাঁদের সাথে
সখ্য যে খুব
আকাশে চাঁদ
দেয় যদি ডুব-
তবে আমি
কষ্টে ভাসি,
চাঁদকে আমি
ভালোবাসি ।

---



## চাঁদ

**আমীরুল ইসলাম**

কে যে ওড়ায় জোছনা রাতে
লাটাই ছাড়া ঘুড়ি
ঘুড়ির আলোয় বান ডেকেছে
নেই কোনো তার জুড়ি।
আকাশ জুড়ে যখন হাজার
তারার ঝিকিমিকি
শান্ত আকাশ জুড়ে তখন
উড়ছে ঘুড়ি ঠিকই ।
সেই ঘুড়িটা দেখতে কেমন
কেমন বা তার ছাদ
আর কিছু নয় সেই ঘুড়িটা
জোছনা রাতের চাঁদ ।




# ছড়া

## যে চাঁদটা

**সুজন বড়ুয়া**

চাঁদটা ওঠে দূর আকাশে নির্বাক নিশ্চুপ
কিন্তু দেখি সেই না চাঁদের কত রকম রূপ !
কত আকার রং সমাহার কত যে তার খেলা
কখনো সে গড়িয়ে যাওয়া যেন মাটির ঢেলা,
কখনো ঠিক একটি বেলুন অনেক অনেক দূরে
হালকা হাওয়ার পিঠে চড়ে বেড়ায় যেন ঘুরে,
আবার কোনো নৌকা যেন ভাসছে বৈঠা খুলে
হঠাৎ বুঝি থমকে আছে খেজুর ডালে ঝুলে,
কখনো সে নীল মাঠে এক দুধসাদা ফুটবল
রুপোগলা জোছনায় তার চারদিক ঝলমল ।

এক আকাশে দেখি এমন হরেক রুপের চাঁদ
কোন চাঁদটা দেখতে মনে জাগে ভীষণ সাধ ?
কোন চাঁদটা সবচে বেশি শোভন মনোহর
কোন চাঁদটা দেখলে নাচে আনন্দে অন্তর ?
যে চাঁদটা খুকুর ঠোঁটের রাঙা হাসির মতো
যে চাঁদটা খুশির আমেজ ছড়ায় অবিরত,
যে চাঁদটা প্রানের বন্যা আনে জগৎ জুড়ে
যে চাঁদটা সবাই খোঁজে মেঘের পাতাল খুঁড়ে,
সবাইকে যে দেয় মিলিয়ে এক সুরে এক গানে
কোন সেই চাঁদ ? যে চাঁদটা ঈদের বার্তা আনে ।



## সেই চাঁদ

ফারুক নওয়াজ

রোজ রাতে আয়.., বলে ডাকত মা যাকে
আজো খুঁজি রাত এলে সেই চাঁদটাকে ।
সেই চাঁদ মামা হতো খুকু ও খোকার
কত খুঁজি দেখি নাতো সেই চাঁদ আর ।

সেই চাঁদ গোল চাঁদ টিপ কপালের
সে চাঁদ বাকা চাঁদ নাও আকাশের
ডাকত মা... আয়, আয় চাঁদ মামা আয়
সেই চাঁদ দুলে দুলে আসতো হাওয়ায়
তারপর টিপ দিয়ে কপালে আমার
চলে যেতো চুপি চুপি ঠিকানাতে তার ।

আজো চাঁদ ওঠে রোজ আলোয় হেসে
তাকে ছুঁয়ে মেঘগুলো যায় যে ভেসে
এত ডাকি মামা-মামা শোনে নাতো সে
ভাবি এটা জানলাতে একেলা বসে ।

---



## খোকন ও চাঁদ

রহীম শাহ

খোকন গেলে সোনার গাঁয়
সাথে সাথে চাঁদও যায় ।
খোকন হাসে ফোকলা দাঁতে
চাঁদ হাসে তার সাথে সাথে ।
সবাই বলে খোকন ভালো
খোকন মানে চাঁদের আলো ।
ঢাকা এলে খোকন সোনা
বন্ধ চাঁদের জোসনা বোনা ।



# SUNDARBANS IN MEMORY

**Quazi Ruhani Khatun**
31st Batch, BA Hons in English
ID: 123010101009

It was probably the year of 1999. When I was a student of class 1 or 2, I was living at Khulna town with my parents. At that time I used to feel jealous of my elder brother, who used to travel many places with Abbu (my father), but I could not, as I was a little girl. On a holiday making me totally surprised Abbu announced a short trip of one day to Sundarbans, where I was also permitted to go. I was too excited about the trip and eager to meet ''Bagh mama"( Royal Bengal Tiger) as my brother told me ''We are going to visit Bagh mama's home"!

It was a misty dawn of December, when we started for Sunderbans from our residence. I accompanied by my parents and my elder brother, started our journey by a microbus. As it was not far away from Khulna, it took nearly an hour drive to reach Mongla Port, after crossing the Rupsha ferry ghat. On the way my father showed me a huge land which was a proposed site for Khulna airport, near Rampal in Bagerhat district. The road we were passing through was very smooth, the microbus driver told us that it was one of the best roads of that time. At about 9 am we reached Mongla Port, the second largest sea port of Bangladesh. There we were greeted with tea and light snacks by one of my father's friends who was a police officer at Mongla, who actually arranged the trip for us. I never had any idea about port and ship. I was really amazed to see such huge ship, loading and unloading the containers with the crane at the jetty.

A prearranged mini motor launch had been waiting for us at the Mongla ghat. At about 10 am we arrived there and soon our launch journey began. There were two police personnel to guide us for a safe visit and the launch staff along with us. Through the Pashur River, heading towards Hironpoint routs to the south, we started. The day was sunny and the river was calm. After some time our launch entered the narrow creeks which provided a close view of the mangrove forests from both sides. I was staring around to see a tiger, but didn't find any. Through our journey, I was introduced with some special kinds of trees found in Sundabans, such as- Gaowa, Goran, Golpata, Kewra, Sundori and so on. There I saw different types of birds twittering and flying from one tree to another. There were honeycombs in some of the

trees and the honey collectors were moving in the forest to collect honey. From our launch we could see some spotted deer grazing inside the forest. The greenery of the Sunderbans were spectacular; the environment was full of silence and tranquility. To me the view of the forest in the different creeks and canals were almost same, so I had been left there alone, I could not get any way out of the forest.

Our launch staff decided to turn back from the canals before the low-tide period starts, otherwise, our launch could be stuck there until the next high-tide; which would be quite dangerous. So, we came out from the canal to the river and took our lunch in the launch at about 2 pm.

On our way back to Mongla we visited Karamjal sanctuary. At Karamjal we got down from the launch to visit a menagerie, where some wild animals of Sunderbans are kept for the visitors. In the menagerie I got some interesting experience. The animals were cordoned by wooden fences. There were some deer with long horns inside a fence and we were standing on a wooden platform, from where visitors were throwing biscuits or cookies into the mouth of the deer. I also put some cookies into the deer's mouth, though I was afraid at first. After some time I got annoyed as I noticed all the cookies which we brought for ourselves, had been given to the deer. I had stopped crying, only when Abbu assured me he'll buy me cookies on the way back to Khulna. One thing I had noticed, the eyes of the spotted deer were so attractive and innocent. There we saw two lazy crocodiles in the menagerie with three baby crocodiles. I was thrilled to see the animals in the menagerie, but still felt upset as "Bagh mama"(Royal Bengal tiger) didn't meet me. So I told I'll come again to see the tigers, then one of the police uncles said "If you see a tiger, you may never see anything else"- meaning, that might be the end of your life. During our visit we took some photographs in different places. We could not take a lot of photographs due to limited roll of films in the camera. By the evening we returned to our residence in Khulna. This way our trip ended, but still I have the eagerness to visit the place once again as we could not visit all the sanctuaries.

Now the purpose of my visit will not be for meeting "Bagh mama" like my childhood, rather to have a more intense touch of the nature of the world heritage site Sundarbans. It is the largest mangrove forest of the world. This tidal forest is very rich with natural resources, specially floral and founal diversity. More than 500 thousand people are directly and indirectly depending on Sundarbans for their livelihood as well as socio economic purposes. In recent years we come to know that a coal-fired power plant is going to be established at the mouth of the Sundarbans under Rampal

upazila of Bagerhat district. Environmental groups in Bngladesh and around the world are worried that the area and its inhabitants may be in jeopardy, as the location of the coal-fired power plant is within a few miles of the Sundarbans. Environmentalists also worry that completed power plant and its steady electric supply will attract other forms of industry to the area, that could caure harmful effect to the bio diversity and echo system. On the other hand, damage to the echo system could have consequences for the global climate. So, any sensible person will realize that there are many alternative ways for electricity generation, but there are no alternative for the Sundarbans. Perhaps it is the time to think about the issue more carefully, is it really so much essential for us to make a power plant endangering the Sundarbans??



# স্মৃতিচারণমূলক রচনা

## শীতের রাতের উষ্ণ হাসি

**মোঃ নাহিদুর রহমান**
৪০তম ব্যাচ, এমবিএ
আইডি: ১৫৩০২০১০২০৭২

বাস্তবতা চিন্তা করলে রাতে সৎ কাজ করার চেয়ে অসৎ কাজের সংখ্যাই হয়তো বেশী হবে। তবে আজকের রাতের কথা সবচেয়ে বেশী স্বরণীয় আমার জীবনে। ১০ জানুয়ারি ২০১৪, ২৭ শে পৌষ ১৪২০,শুক্রবার। রাত ঠিক ১০টা। সবাই একত্রিত হলাম ইবনেসিনা মেডিকেল কলেজ এন্ড হাসপাতালের সামনে। তবুও কিছুক্ষণ অপেক্ষা। এবার রওনা হলাম আমাদের লক্ষ্য অর্জনের জন্য। আমাদের লক্ষ্যটা হচ্ছে গরীব, দুঃস্থ, অসহায় লোকদের মাঝে শীত বস্ত্র বিতরণ। “হিউম্যান এইড বাংলাদেশ” সংগঠনের কর্মীরা ও আমরা কয়েকজন বন্ধুরা মিলে শীতবস্ত্রের ভ্যানের সাথে সাথে চলা শুরু করলাম।

আজই বিরোধী দলের হরতাল অবরোধ শেষ হওয়ায় ঢাকা শহর জুড়ে তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। আমরা রওনা দিলাম কারওয়ান বাজারের দিকে। সেখানে দোকান-পাট বন্ধ না হওয়ার কারণে পথদুঃস্থদের দেখা মিলল না। আমরা আগারগাঁও এর দিকে হাঁটা শুরু করলাম। সেখান থেকে পীরেরবাগের মধ্য দিয়ে যাচ্ছি, মনে হচ্ছিল আমাদের লক্ষ্য বুঝি আর পুরণ হল না।আমরা শেওড়াপাড়া এসে উঠলাম তখন ১২টা বেজে ১১মিনিট।

দেখা মিলল শীতবস্ত্রহীন এক বৃদ্ধ রিকশাওয়ালার। রিক্সার উপর সে ঘুমিয়ে আছে। তাকে ডেকে তুললাম। তার সাথে কথা বললাম এবং তাকে একটা কম্বল দিয়েই আমাদের শীতবস্ত্র বিতরণের কাজ শুরু করলাম। এরপর আমাদের ২০ জন সদস্য দুইটা টিমে বিভক্ত হলাম। রাস্তার দুই পাশে দুটি টিম তাদের কাজ শুরু করল। এরই মাঝে কিছু শীতবস্ত্র বিতরণ হল।

হঠাৎ দেখা মিলল এক বৃদ্ধা মহিলার সঙ্গে। সে শীতে কাঁপছিল।তার গায়ে কোন প্রকারের শীতের পোষাক ছিল না। মনের অবস্থা খারাপ হয়ে গেল। মানুষ এত কষ্ট পায় শীতে! তাকে একটা কম্বল দিলাম এবং তার মাথায় হাত বুলিয়ে দিলাম।

সে কেঁদে ফেলল, “বাজান তোমরা মোরে ভারী উপকার করলে, মুই হারা জনম তোমাগোর এই উপকারের কথা মনে রাহুম, আল্লার কাছে দোয়া করুম”।

এরপর কাজীপাড়া শেষ করে আমরা চলে এলাম মিরপুর ১০ নম্বর ফ্ল্যাইওভারের কাছে। তারপর শাহ্ আলী মার্কেটে ঢুকতেই দেখা মিলল এক মধ্য বয়স্ক শুকুর আলীর সাথে।কাজের খোঁজে নতুন ঢাকাতে এসেছে। সে মাথার নিচে একটা ইট ও লুঙ্গী মুড়ি দিয়ে শুয়ে ছিল। তারপর তাকে একটা কম্বল ও একটা শীতের পোষাক দেই।

রাত ১টা ২৩মিনিট। মিরপুর ১০ নম্বর থেকে হালকা নাস্তা চা-বিস্কুট,কলা,কক খেয়ে নেই। দু-এক জন তাদের ব্যস্ততার কারণে টিম থেকে চলে যায়। আমরা আবার সাত জন করে দুটি টিমে বিভক্ত হই।রাস্তার দু'পাশ দিয়ে এগুতে থাকি।

আমাদের টিম শেরে-বাংলা ন্যাশন্যাল ক্রিকেট স্টেডিয়ামের ৪ নম্বর গেটে উপস্থিত হয়। সেখানে বেশ কিছু দুঃস্থ লোকের সন্ধান পাই। তারা পুরা ঘুমে আচ্ছন্ন। আমি ভেবেছিলাম সাত-আট জন লোক হবে। আমাদের সাড়া পেয়ে সবাই জেগে উঠল।পাঁচ-ছয়টা শিশু সহ প্রায় বিশ জন মানুষ। আমরা শিশুদের শীতবস্ত্র সহ সবাইকে একটি করে কম্বল বিতরণ করি। আমাদের অনেকেই এক সঙ্গে এত লোক দেখতে পেয়ে ছবি তুলতে চাইল। আমরা সবাইমিলে তাদের সঙ্গে একই ফ্রেমে বন্দী হলাম।

আমরা পাশেই একজন পংগু লোককে দেখতে পেলাম। আমরা তাকে একটা শীত বস্ত্র দিয়েই চলে গেলাম তিন নম্বর গেটে তারপর দুই নম্বর ও এক নম্বর গেটে।

ওখান থেকে ফিরে আমরা ন্যাশন্যাল বাংলা স্কুলের পেছনের গলিতে ঢুকলাম। সেখানেও দেখলাম শীতার্ত মানুষের আর্তনাদ। তারা রাস্তার পাশে আগুন জ্বালিয়ে একটু গরম হবার চেষ্টা চালাচ্ছিল।

তারপর আমরা মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজের সামনে এলাম। আমাদের অন্য টিম তখন কাজ করছিল ন্যাশন্যাল হার্ট ফাউন্ডেশনের সামনে।মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজের সামনে প্রথমেই দেখা মিলল এক বৃদ্ধা মহিলা ভিক্ষুকের সঙ্গে তার গায়ে শুধু একটা কাঁথা। আমরা তাকে ডেকে তুললাম তার সাথে কথা বললাম। তাকে একটা শীতবস্ত্র ও একটা কম্বল দেওয়া হল।

তারপর ঘটল এক আজব ঘটনা। একটা লোককে দেখলাম একটা ছেঁড়া কাঁথা মুড়ি দিয়ে ঘুমিয়ে আছে। তাকে প্রথমে আস্তে করে ডাক দিলাম কোন সাড়া পেলাম না। তারপর গায়ে হাত দিয়ে ডাকলাম। তাতেও সে সাড়া দিল না। তার মাথার উপর মৌ-মাছির ঝাঁকের মত এক ঝাঁক মশা। তখন আমি চিন্তা করলাম মশারীর ভেতর একটা মশা থাকলে সেটার কারণে মানুষের ঘুম হারাম হয়ে যায়। এর মাঝে লোকটা কেমন করে ঘুমিয়ে আছে? পাঁচ-ছয় মিনিট বিভিন্নভাবে তাকে জাগানোর চেষ্টা করলাম। তাতে কোন লাভ হল না। অবশেষে তার গায়ের উপর কম্বল বিছিয়ে দিয়ে আমরা চলে এলাম।

তারপর চোখ পড়ল একটা জায়গায় যেখানে কয়েকটা লোক বিভিন্ন বিজ্ঞাপনের ব্যানার দিয়ে একটা ঘরের মত তৈরী করে ঘুমিয়ে আছে। তারা আমাদের সাড়া পেয়ে উঠে বসল। সেখানে পরিচয় হয় এক অন্ত:সত্ত্বা মহিলার সঙ্গে। তার সঙ্গে ঘুমিয়ে আছে তার খুব ছোট ছোট দুটি সন্তান ও তার স্বামী। পাশে ঘুমিয়ে আছে আরও দুই জন। শিশুদের বেশ কয়েকটা শীতবস্ত্রসহ সবাইকে কম্বল দেওয়া হল।

কিছু আগাতেই দেখলাম একটা লোক ড্রেনের উপর কিছু কাঠ দিয়ে তার উপর ঘুমিয়ে আছে। তাকে ডাক দিলাম এবং জানতে পারলাম তার গ্রামের বাড়ী চাঁদপুর জেলাতে। তাকে

দেখে মনে হল ঢাকাতে নতুন, তাই জিজ্ঞেস করায় সে উত্তর দিল -আমি শাহ-আলী (র:) এর মাজারে এসেছিলাম সেখানে ঘুমাবার জায়গা নেই তাই এখানে ঘুমাচ্ছি। তার গায়ে শুধুমাত্র পলিস্টারের একটা কাপড় ছিল। তাকেও একটা কম্বল দেওয়া হল।

ইতিমধ্যেই আমরা সনি সিনেমা হলের সামনে গোল চত্বরে এসে পৌঁছেছি। হঠাৎ দেখে মনে হল রেলিং এর কাছে কিছু একটা আছে। এগিয়ে গিয়ে দেখলাম চার-পাঁচ জন ঘুমিয়ে আছে। দেখা যাচ্ছে তাদের মধ্যে একজনের দুপা নেই। তাদেরকে ডেকে তুললাম। তাদের সঙ্গে কথা বললাম। কথা বলার এক পর্যায়ে বুঝতে পারলাম মূলত তাদের কাররই দুপা নেই। তারা সবাই ভিক্ষা করে। তারা কেউই এক এলাকার নয়। ভিক্ষা করতে করতেই তাদের বন্ধুত্ব হয়েছে। তারা সবাই এক সঙ্গে ভিক্ষা করে এখন। তাদের বিভিন্ন ভাবে পা হারাতে হয়েছে কেউ বাসের চাকার তলে পড়ে, আবার কেউ রেলে কাটা পড়ে। এক বড় ভাই এসে বলল, এই কম্বলটা এই পংগু ভাইকে দাও। আমার এক বন্ধু বলল, কাকে দিব সবারই তো পা নেই। একে একে সবাইকে দেওয়া শেষ হলে আমরা অপর প্রান্তে আরও একজনকে দেখলাম। তাকেও শীতবস্ত্র দেওয়া হল।

একটু পরে আমাদের অন্য টিম এসে হাজির হল। এরপর আমরা চিড়িয়াখানা রোডের দিকে রওনা হলাম। অন্য টিম এক নম্বর ওভারব্রিজের দিকে। চিড়িয়াখানা রোডে যেতেই হাতের বাঁপাশে দেখলাম একজন মধ্য বয়স্ক লোক। তার কাছে যেয়ে তাকে ডাক দিলাম। সে ঘুম থেকে উঠল। তার সঙ্গে কথা বললাম, সে রাজমিস্ত্রীর হেলপার হিসাবে কাজ করে। তার গ্রামের বাড়ী কুষ্টিয়া জেলায়। হরতাল-অবরোধের কারণে গত দুই দিন কাজ পায়নি সে। কাজ থাকলে সেসব বাসাতেই রাত কাটায়। কাজ নেই এজন্য সে এখানে ঘুমিয়ে আছে। এরপর তাকে একটা কম্বল দিয়ে তার কাছ থেকে বিদায় নেওয়া হল।

কিছুদূর সামনে যেতেই দেখি খোলা আকাশের নিচে কয়েক জন লোক ঘুম ছেড়ে আগুনের তাপে গরম হওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে। আকাশ কালো মেঘে ঢাকা ছিল তাই রাতে শীতের তীব্রতা একটু বেশি। আমরাও অনেকটা ঠান্ডা হয়ে গেছি। আমরাও আমাদের শরীরটা একটু গরম করার পর স্থান ত্যাগ করলাম।

ঈদগাহ মাঠ দিয়ে ডি ব্লক গেলাম। যেতে দেখি কয়েকজন বিজ্ঞাপন ব্যানার দিয়ে থাকার একটা ভালই জায়গা তৈরি করেছে। তাদেরকে ডাক দিয়ে কথা বললাম। তারা বলল-আমাদের ভালই শীতকাপড় আছে অন্যদের দেন গ্যা।

আমরা মুক্তিযোদ্ধা মার্কেটের দিকে গেলাম। এদিকে আল-নূর মসজিদ মার্কেটে বেশ কয়েকজনকে দেখতে পেলাম। দুজন বৃদ্ধ ভিক্ষুকের সাথে কথা বললাম। তারা শীতে বেশ কষ্ট পাচ্ছে। তাদেরকে দুটি কম্বল দেওয়া হল।

মসজিদের সিঁড়ির নিচে দেখতে পেলাম এক মধ্য বয়স্ক লোককে তার গায়ে শুধু একটা ছেঁড়া চাদর। তাকে ডেকে তুললাম। তাকে জিজ্ঞাসা করা হল, সে কি করে। সে উত্তর দিল, ভিক্ষুকের গাড়ি ঠেলি। তাকে একটা কম্বল দিই।

পাশে ঘুরে দেখি আমাদের সাড়া পেয়ে সবাই ঘুম থেকে উঠে গেছে। আমি একজন মধ্য বয়স্ক লোকের কাছে বসি।

জিজ্ঞাসা করলাম চাচা কি করেন?
তার কাছ থেকে সহজ সরল জবাব আসল- আমি একজন সুইপার।
আমি বললাম তাহলে তো ভাল অংকের টাকা ইনকাম করেন?

সে বলল- তা অবশ্য ঠিকই কিন্তু আমার হার্টের অসুখ আছে ডেলি প্রায় ১০০ টাহার ঔষধ কিনতে হয়।

আবার বলল- যদি ডেলি কাম থাকত তালি আর সমস্যা হতো না। বাড়ি টাহা পাঠাতি হয় ছাওয়াল(ছেলে)ম্যায়ে (মেয়ে) ইস্কুলি যায় খরচ আছে অনেক।

আমি বললাম মাসে কত টাকা পাঠান বাড়িতে?

সে বলল-ওর ঠিক নাই দুই হাজার তিন হাজার। কাম বেশি হলে পাঁচ হাজারও পাঠাইছি।

তাকে কিছু টাকা ও একটা কম্বল দিয়ে আমি অন্য আরেক জনের কাছে গেলাম। মানুষের এত খোঁজ খবর নেওয়ার অর্থ হল আমরা মূলত সেসব দুঃস্থ অসহায় মানুষদের খুঁজছি তাদেরকেই যেন আমরা সেবাটা দিতে পারি। তাহলে আমাদের মনে অনেকটা আনন্দ অনুভব হবে বা কাজটা স্বার্থক হবে। আন-নূর মসজিদ মার্কেটে আমরা যাদেরকে শীতবস্ত্র প্রদান করলাম তারা বেশির ভাগই ভিক্ষুক ও দিনমজুর।

এখানের কাজ শেষ হলে আমরা গ্রামীনফোন সেন্টার ও পরে ওভার ব্রিজের নিচে আমাদের অপর টিমের সাথে মিলিত হই।এরপর আমরা সবাই একসঙ্গে ওভার ব্রিজ, খলিল ভবন, মিস্কো মার্কেটের নিচে যাই। ওভার ব্রিজের উপরে কয়েকজন শিশুকে দেখতে পাই এবং তাদেরকে শীতবস্ত্র দেওয়া হয়।

খলিল ভবনের নিচে কয়েকজনকে দেখতে পাই। এদের মাঝে তিন জন মহিলা ভিক্ষুকের সাথে কথা বলি। তারা গত দুই মাস আগে ফার্মগেটে ভিক্ষা করত। তাদের কাছ থেকে নতুন জ্ঞান অর্জন করলাম।

তাদের অর্থাৎ ভিক্ষুকদের সংগঠন আছে। এরা ঢাকা শহরের, এক জায়গায় ভিক্ষা করে না বিভিন্ন সময় পর পর অন্য স্থানে স্থানান্তর করা হয়।এজন্য তারা আজকে রাতে ফার্মগেট থেকে মিরপুরে এসেছে। যাহোক তাদেরকে শীতবস্ত্র দেওয়া হল।

তখন রাত ঠিক ৩টা বেজে ৪৭ মিনিট। আমাদের দুইটা টিম নতুন সিদ্ধান্তে পোঁছালো। আমাদের টিম টেকনিক্যাল হয়ে কল্যাণপুরে গিয়ে থামব। অপর টিম শাহ-আলী মাজারে যাবে এবং মাজার রোড হয়ে গাবতলী হয়ে কল্যাণপুরে এসে মিলিত হব।

অত:পর কথা মত আমরা এগুতে শুরু করলাম। এরপর গেলাম প্রাইম ইউনিভার্সিটি এর সামনে। সেখানে প্রায় পনের-ষোল জন লোক দেখতে পেলাম। এদের মাঝে দুই জন ভিক্ষুক, তিন জন নতুন ঢাকায় এসেছে, বাকিরা সব রিকশা চালক।

এক রিকশা চালককে জিজ্ঞেস করলাম, প্রতিদিন রিকশা চালান তবে তো ভালই টাকা রোজগার করেন?

সে জবাব দিল-আমার নিজের রিকশা নাই। মালিককে ডেইলি ৫০০ টাহা দিতি হয়। তাছাড়া, দেশে টাহা পাঠান লাগে। চেষ্টা করি। আমি কষ্ট করলেও দেশের বউ বেটা মাইয়া সুখে থাক।

এরপর এক ভিক্ষুককে জিজ্ঞেস করলাম, চাচা, আপনি তো কাজ করতে পারেন, তবে কেন ভিক্ষা করেন?

তিনি বলেন-জানি ভিক্ষা খুব খারাপ জিনিস।

আমি আবার তাকে জিজ্ঞাসা করলাম, কেন করেন তাহলে?

এরপর তিনি যা দেখালেন, তা দেখার জন্য আমাদের টিমের কোন সদস্যই প্রস্তুত ছিল না।

তিনি তার পায়ের উপরের কাঁথাটা টেনে তার দুর্ঘটনায় কাটা পা দেখালেন। পায়ের ঘা এখনো

শুকায়নি। ঘা তকতক করছে। বললাম হাসপাতালে যাননি?

সে বলল-গিছিলাম হাতে টাকা নাই তাই আর থাকি নাই।

আমি জিজ্ঞেস করলাম আপনার পরিবারের কেউ নেই?

সে উত্তর দিল-আমার বউ মারা গিয়েছে দুই বছর হল, একটা ছেলে আছে, কিন্তু কি বলব বাজান, সে একটা ফাযিল বিড়ি গাঞ্জা খায়ে বেড়ায়। শুনছি সে বিয়ে করিছে। আমার এক্সিডেন্ট এর খবর শুনেও সে দেখতে আহে নাই, নাকি খবর পায় নাই জানি না। ভিক্ষা ছাড়া আমার উপায় আছে কি?

পাল্টা প্রশ্ন আমার দিকে।

চাচার কথা শুনে মনটা খারাপ হয়ে গেলো। চাচার কথা শেষে তাকে কিছু টাকা ও একটা কম্বল দেওয়া হল।

তারপর আমরা সামনের দিকে এগুতে থাকলাম এবং কল্যাণপুর গিয়ে যাত্রা শেষ করলাম। প্রায় ৩০ মিনিট অপেক্ষা করার পর আমাদের অপর টিম এসে পৌঁছালো। এরই মধ্যে ফজরের আযান দিল।

শেষ হল শীতের রাতের উষ্ণ হাসি প্রকল্পের কাজ। শেষ হল দুঃখী মানুষের দুঃখ ভাগ করার ও সান্ত্বনা দেবার কাজ।



# THE OMNIPOTENT TAGORE

**Mst. Shahanaz Khanam**
Asst. Prof. and Head
Department of English

*I slept and dreamt that life was joy. I awoke and saw that life was service. I acted and behold, service was joy* -Tagore

"Bishwakabi" Rabindranath Tagore, a poet of eternal life, truth and aesthetics, painter of nature and successful portrayer of the intricacies of human mind is an inseparable part of Bengali literature as well as world literature. As Shakespeare in English literature, Kalidash in Sanskrit, Mirza Galib in Urdu, Omar Khyyam in Persian, Dante in Italian, Tolstoy in Russian – so was Tagore in Bengali literature. Throughout his life, the poet wrote timeless poetries, short stories, novels, songs, articles, essays, plays, travelogues, letters and speeches, The world of Tagore keeps expanding day by day and his works get intensely relevant each day. His arrival was literally a revolution in the chronicles of Bangla literature and language.

Though Tagore's works found its inception in poems and plays staged at "Jorasako"s Tagore lodge, his articles revealed his deep feelings to know people, moral rearmament and get inspired in self-confidence instead of depending on the colonial endowments. The "Kuthibari" at Silaidaho gave the poet an appropriate vent for his poetic imagination.When he settled down his mind to further enrich his innate treasure, he was awarded the principality of looking after the family estate by his illustrious father Maharshi Devendranath Tagore. That endowment took him to East Bengal and he started drawing picture on the canvas of this country and its people. It was then the poet came out with great works like "Sonar tori", "Chitra", "Chaitali", "Khanika" and "Kotha o Kahini."

Rabindranath's quest for liaising with the world icons of enlightenment enriched his life and works. After his short story "Kabuliwala" translated in English his readers marked as profound in Europe. He got acquainted with Sister Nibedita and world famous artist and painter William Rothenstein. During the days in England, he also got acquaintance with great people like poet Yeats and C.F Andrews. Yeats wrote the preamble of the translation of his "Gitanjali" followed by a series of translation of his plays like "Chitrangoda", "Malini" and "Dakghar."

In 1913, he was awarded with the highest honour, the Nobel Prize in literature for his work “Gitanjali.” The more his fame spread at large, his core commitment continued adhering to be devoted solely to the country and it’s people. His journey into profound insight to human mind reached its pinnacle in “Balaka” which was a sojourn in the boundless entity of aesthetics. But this Bengali literary giant was not much confident about the quality of his English language. He thought his English was not good enough to suit him fine. But the success of the English versions of his *Gitanjali* poems and his speeches in the American lecture circuit must have proved his humbleness in his expressions. Though he wrote in English because of pressure from his admirers at home and abroad the corpus of his English writings is quite large and manifold.

“Manoshi”, “Sonar tori” and “Chitra” represented his brave traverse through the conflict between limits and the limit-less, entity of truth. His “Kheya” to “Gitanjali” represented his total devotion to spirituality in its true perspective.

The poet never pursued any party polities, but fact is that the poet influenced politics and politics influenced him enormously. He has valiantly voiced against the agony, the yearning and aspirations of all humanity in verses of singular sweetness and penetration. It is because of his devotion to literature, love of humanity raises Bengal and Bengalees to a global altitude far above the communal divide which was marked through the joint celebration (Bangladesh and India) of his 150$^{th}$ birth anniversary in 2011.

Tagore’s extensive world tour brought fresh insight of the realism in Bangla literature, makes its fullest scope and potentiality to create a “baul” soul over and over again. His mind set forth to inhale the air of freedom and diversity and he came out successfully as the bridge of thoughts between the world and the world beyond, so much that even two Great wars couldn’t dampen the spirit of his indomitable literary quest.

# মনীষীদের জীবন

## জীবন জয়ের গল্প

**তানভীর আহমেদ**




### বাবার সঙ্গে মুচির কাজ করে পেট চালাতেন আব্রাহাম লিংকন ঃ যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রপতি

আব্রাহাম লিঙ্কন। আমেরিকার সাবেক এই রাষ্ট্রপতি বিশ্বের সেরা রাজনীতিবিদদের একজন। তার শৈশব ও কৈশর কিন্তু প্রাচুর্যে ভরপুর ছিল না। দারিদ্রতার কষাঘাতে জর্জরিত ছিল তার পরিবার। বাবা মুচি ছিলেন। তবু সংসার ঠিকমত চলত না। তাই নিজও মুচির কাজ করেন। মুচির ছেলে বলে তাকে খেপাত সবাই। নিচু দৃষ্টিতে দেখত তাকে। উপহাসের পাত্র ছিলেন বন্ধুদের কাছে। কেউ খুব একটা মিশতে চাইত না। নিজের স্বপ্নকে বুকে ধারণ করে জীবনে এগিয়ে চলে স্বপ্ন পূরণ করেন।



### ছিলেন মাঝির ছেলে, পড়াশোনার খরচ জোগাতে পত্রিকা বিক্রি করতেন এ পি জে আবদুল কালামঃ ভারতের সাবেক প্রেসিডেন্ট

ভারতের সাবেক প্রেসিডেন্ট এ পি জে আবদুল কালাম। বিশিষ্ট বিজ্ঞানী আবদুল কালামের গবেষণা কর্ম সারা বিশ্বে গুরুত্বের সঙ্গে আলোচিত হয়ে আসছে। এ পি জে আবদুল কালাম একজন স্বনামধন্য বিজ্ঞানী, পণ্ডিত ও লেখক। কিন্তু তার ছেলেবেলা ও কৈশোর বিত্ত-বৈভবে কাটেনি। তার বাবা ছিলেন একজন সাধারণ নৌকার মাঝি। বাবা নৌকা চালিয়ে যা আয় করেন তাতে সংসার চলত না। অন্যদিকে সেই নৌকাটাও নিজের নয়। আরেকজনের কাছ থেকে নৌকা ধার করে বাইতে হতো তাকে। এদিকে আবদুল কালামের নিজের লেখাপড়া চালিয়ে যেতে কোনো কাজ চাই। আবদুল কালাম প্রথমে সংবাদপত্র বিক্রির কাজ নেন। শৈশবে আতসবাজি আকাশে জ্বলতে দেখে ভেবেছিলেন এমন কিছু একদিন বানাবেন যা আকাশ জয়ও করবে। স্বপ্নকে বাস্তবে নামিয়ে আনা সফল ব্যাক্তিদের একজন তিনি। ড. কালাম ভারতের প্রতিরক্ষা গবেষণা ও প্রতিরক্ষা উন্নয়ন পরিকল্পনার কাজেনিজেকে নিয়োজিত করেন। প্রতিরক্ষা বিজ্ঞানী ও ক্ষেপণাস্ত্র যন্ত্রবিদ রূপে তার খ্যাতি অচিরেই প্রতিষ্ঠিত হয়। অগ্নি, পৃথ্বী, আকাশ, ত্রিশূল, নাগা ইত্যাদি ক্ষেপণাস্ত্র নির্মাণে তার অবদান ও কৃতিত্ব অপরিসীম। কাজের স্বীকৃতি স্বরূপ তিনি পেয়েছেন ভারতরত্ন ।




## ট্রেনে ফেরি করে বেচতেন বাদাম, চকোলেট পত্রিকা টমাস আলভা এডিসনঃ বৈদ্যুতিক বাতির আবিষ্কারক

টমাস আলভা এডিসন। ইলেকট্রিক বাল্ব আবিস্কারক। দরিদ্র ঘরের সন্তান ছিলেন তিনি। মেধাবী এই তরুণ বিভিন্ন বৈজ্ঞানিক কাজের জন্য টাকা জোগাড় করতে কত কিছুই না করেছেন। বাবার কাছ থেকে এডিসন যা হাতখরচ পেতেন তাতে তার ল্যাবরেটরির খরচ জোগানো কঠিন হয়ে যেত। তাই তিনি শুরু করলেন ফেরি করা। ট্রেনে ফেরি করে বাদাম, চকোলেট ইত্যাদি বিক্রি করতেন। পরে শুরু করেন সংবাদপত্র বিক্রি করা। তখন চলছিল আমেরিকায় গৃহযুদ্ধ খবরের চাহিদা বেশি হওয়ায় নিজেই একটি পত্রিকা প্রকাশ করা শুরু করলেন। নাম দিলেন হেরাল্ড। মাত্র চৌদ্দ বছর বয়সে তিনি এই কাজ শুরু করেন। সেসময় কাগজটি খুব বিক্রি হচ্ছিল। অনেক টাকা লাভ হলেও এডিসনের হাত প্রায়ই খালি থাকত। ল্যাবরেটরিতে গবেষণা ও বই কেনার পিছনেই তার বেশিরভাগ টাকা খরচ হয়ে যেত। রেলে খবরের কাগজ বিক্রি করতে গিয়ে তিনি দেখলেন একটি খালি কামরা অব্যবহৃত পড়ে আছে। তখন সেটাকেই তিনি কর্তৃপক্ষের অনুমুতি নিয়ে নিজের ল্যাবরেটরি তে রূপান্তর করলেন। এখানে কাজ করতে করতেই তিনি বিদ্যুৎ শক্তি সম্পর্কে জ্ঞান অর্জন করেন। অথচ শৈশবে এডিসন বন্ধু, শিক্ষক, পরিবারের কাছ থেকে বোকা উপাধি পেয়েছিলেন।




## রেস্টুরেন্টে মুরগির পোশাক পরে অতিথিদের আনন্দ দিতেন ব্রাড পিটঃ হলিউডের জনপ্রিয় ও ধনী অভিনেতা

ব্রাড পিট। হলিউডের জনপ্রিয় অভিনেতা। বক্স অফিস কাঁপানো বহু ছবির নায়ক তিনি। সম্পদশালী হলিউড অভিনেতাদের তালিকায় উপরের সারিতেই রয়েছে তার নাম। কিন্তু যুবক বয়সে হলিউডে অভিনয় করার স্বপ্ন শুধু স্বপ্নই ছিল। এটা বাস্তব হতে পারে তা নিজেও কল্পনা করেননি। কাজের খোঁজে বিভিন্ন অফিস, কোম্পানিতে দৌড়ঝাঁপ করেছেন। কোথাও ভালো কিছু হয় নি। অবশেষে একটি রেস্টুরেন্ট তাকে চাকরি দিতে রাজি হল। তখন যা কাজ পেয়েছেন তাতেই সায় দিলেন তিনি। ব্রাড পিটের কাজ ছিল এক ক্লাউনের। রেস্টুরেন্টের সামনের দিকে বিশাল এক মুরগির পোশাক পরে আগত অতিথিদের আকর্ষণ করাই ছিল তার কাজ। এখানও থেকে খুব সামান্যই আয়ও করতেন তিনি। শৈশবে স্প্রিংফিল্ডের সাউথ হেভেন ব্যাপ্টিস্ট চার্চে ধর্মসঙ্গীত গাইতেন। তখনই সবার নজর পড়ে তার দিকে। সেখানকার পিয়ানোবাদক কুনি বিলয়েও বলতেন, তার দিক থেকে চোখ ফেরানো অসম্ভব। কারণ ওর মুখে দারুণ অভিব্যক্তি। সেই চোখ কিন্তু ভুল বলেনি। কারণ হলিউডের আকর্ষণীয় ও আবেদনময়ী পুরুষ হিসেবে বার বার উঠে আসে তার নাম। টেলিভিশনে অতিথি উপস্থিতির মাধ্যমে অভিনয় জীবন শুরু করেন।



## সেই পার্ক কিনে নেন যে পার্কে বস্তির ছেলে বলে তাকে ঢুকতে দেয়নি দারোয়ান এন্ড্রু কার্নেগি -- ধনকুবের শিল্পপতি ও দানবীর

সর্বকালের শীর্ষ ধনকুবেরদের একজন এন্ড্রু কার্নেগি। ২৪ লাখ ৪১ হাজার ২২০ কোটি টাকার মালিক ছিলেন এন্ড্রু কার্নেগি। অনেকেই হয়ত জানেননা, এন্ড্রু কার্নেগি বস্তির ছেলে ছিলেন। ছোট কুঁড়েঘরে থাকতেন। ১২ বছর বয়সে তিনি স্থানীয় পাবলিক পার্কে ঢুকতে চেয়েছিলেন। তার ময়লা-নোংরা পোশাকের জন্য দারোয়ান তাকে ঢুকতে দেয়নি। সেদিনই প্রতিজ্ঞা করেছিলেন কোন দিন টাকা হলে এই পার্ক তিনি কিনে নেবেন। তারপর পরিণত বয়সে ব্যাবসা শুরু করেন। লৌহশিল্পে দিনে অভাবনীয় সাফল্যের দেখা পান। স্টিলের ব্যাবসা থেকে স্রোতের মতো টাকা আসতে শুরু করে।




## বন্ধুর ধারের টাকায় চলত দিন ঘুমাতেন পার্কের বেঞ্চে শাহরুখ খানঃ বলিউড বাদশাহ

শাহরুখ খান। কিং খান বা বলিউড বাদশাহ নামেই তাঁকে চেনেন সবাই। এখন দুনিয়াজুড়ে তাঁর জনপ্রিয়তা। অর্থ বিত্তের কোনো কমতি নেই। ক্ষমতাবান তারকাদের একজন। কিন্তু তাকেও দরিদ্রতার পথ মাড়িয়ে আজ এখানে আসতে হয়েছে। কাজের খোঁজে যখন মুম্বাই আসেন তখন পকেটে নেই কানাকড়ি। নেই থাকার জায়গা। ঘুমুতে হতো পার্কের বেঞ্চে। কিন্তু পেট যে চালাতে হবে। বন্ধুর কাছ থেকে প্রতিদিন বিশ রুপি ধার নিয়ে বেরিয়ে পড়তেন কাজের খোঁজে। কিন্তু কাজ তো সহজে মেলে না। দিন শেষে খালি হাতে হতাশ শাহরুখ খান ফিরতেন। পার্কের এক কোনায় বসে স্বপ্ন দেখতেন ভাগ্য ফেরার। এভাবেই অভাবে কাটত দিনগুলো। অবশেষে একদিন পেলেন কাজ। না, অভিনয় শিল্পী হিসাবে নয়, দরিয়াগঞ্জের একটি রেস্টুরেন্টে। মিডিয়াতে আসেন এক্সট্রা শিল্পী হয়ে। তাঁর বেতন ধরা হয় ৫০ রুপি। এ ৫০ রুপিই তখন তাঁর কাছে অনেক। বন্ধুর কাছে ধার করে আর কতদিন চলা যায়। শাহরুখ প্রথমে তাঁর নেতিবাচক চরিত্রে অভিনয়ের জন্য প্রশংসা পান। সবাই তাঁকে তখন ভিলেন চরিত্রেই উৎসাহ দিয়েছিলেন। কিন্তু পরে রোমান্টিক ছবি দিয়ে তিনি দর্শকের হৃদয়ের সত্যিকারের নায়ক হতে পেরেছিলেন।



## দর্শকদের মিষ্টি কথায় ভুলিয়ে থিয়েটারে পপকর্ন বিক্রি করতেন নিকোলাস কেজঃ অস্কারজয়ী অভিনেতা

নিকোলাস কেজ জনপ্রিয় মার্কিন অভিনেতা। ১৯৮৯ সালে লিভিং লাস ভেগাস চলচিত্রে অভিনয়ের জন্য সেরা অভিনেতা বিভাগে ইন্ডিপেনডেন্ট স্পিরিট পুরষ্কার ও একাডেমি পুরষ্কার লাভ করেন। তাঁর অভিনয় গুণ নিয়ে প্রশংসার শেষ নেই। কিন্তু এই জমকালো জীবনের শুরুর গল্প খুব সুখের নয়। অভাবে কাটাতে হয়েছে দিন। কাজের জন্য ঘুরতে হয়েছে শহরের আনাচে-কানাচে। কাজের সন্ধান পাননি। বাধ্য হয়ে পপকর্ন বিক্রি করেন। ফেয়ারফ্যাক্স থিয়েটার তখন বেশ জমজমাট। সমাজের উচু শ্রেণির মানুষের আনাগোনা। নিকোলাস কেজ এই থিয়েটারে পপকর্নের প্যাকেট হাতে উপস্থিত থাকতেন। আগত দর্শকদের মিষ্টি কথায় নিজের পপকর্নের স্বাদ ও গুনাগুণের বর্ননা দিতেন। তাঁর পপকর্ন বেচার প্রক্রিয়াটি ছিল চমকপ্রদ। তিনি সুর করে পপকর্নের স্বাদের কথা বলতেন আর নানা মজার অঙ্গভঙ্গি করে ক্রেতাদে দৃষ্টি আকর্ষন করতেন। থিয়েটারে তাঁর উপস্থিতি ছিল আনন্দদায়ক। পপকর্ন বিক্রি করে জীবিকা অর্জনের সে গল্প ভুলে যাওয়ার নয়। হলিউড বদলে দেয় তাঁর ভাগ্য। অনবদ্য অভিনয় সত্তা ছাড়িয়ে যায় সেই দিনগুলোর মলিন কথামালাকেও। এখন অর্থ-বিত্ত ও সম্মান কোনোটিরই কমতি নেই তাঁর।



## সাইকেলে চড়ে বাড়ি বাড়ি গুঁড়া সাবান বিক্রি করতেন কারসানিভাই পাটেলঃ শিল্পপতি ও নির্মা গ্রুপের প্রতিষ্ঠাতা

নিরমা গ্রুপ। ভারতের বড় বেসরকারি ব্যাবসায়িক গ্রুপের একটি। নিরমা গ্রুপের প্রতিষ্টাতা ও মালিক কারসানিভাই পাটেল। দরিদ্রতার সঙ্গে লড়াই করে তাঁর জীবন জয়ের গল্প রূপকথাকেও হার মানায়। মানুষ আত্মপ্রত্যয়ী থাকলে, শ্রম ও ধৈর্য সাফল্যের দ্বারে পৌছে দেয় সেটার চমকপ্রদ

উদাহরণ তিনি। তিনি মাত্র ২১ বছর বয়সে রসায়নে স্নাতক হন। কিন্তু এরপর জীবিকার জন্য ঘুরতে হয় মানুষের দরজায়। সরকারি ও বেসরকারি সংস্থায় ৩৫ বছর পর্যন্ত চাকরি করেছেন। তবু জীবনে স্বাচ্ছন্দ্য আসেনি। তাই ১৯৮০ সালে নিজেই কিছু করার জন্য মনস্থির করলেন। গুঁড়া সাবানের ব্যাবসা শুরু করেন। তখন তাঁর গুঁড়া সাবানের তেমন জনপ্রিয়তা ছিল না। ক্রেতাদের কাছে নিজেই ছুটে যেতেন। সঙ্গী ছিল তাঁর সাইকেল। সাইকেলে চড়ে বাড়ি বাড়ি গিয়ে গুঁড়া সাবান বেচতেন তিনি। মাত্র তিন টাকা কিলো দরে তাঁর এ গুঁড়া সাবান ধীরে ধীরে জনপ্রিয়তা পেতে শুরু করে। একই সঙ্গে তাঁর ব্যবসার পরিসর বারতে থাকে। গুঁড়া সাবানের জনপ্রিয়তা দেশের সর্বত্র ছড়িয়ে পড়লে তিনি এই সাবানকে একটি কোম্পানির আদলে গড়ে তুলতে শুরু করেন।

# রম্য কথা



## দাঁত নিয়ে কান্ড!

**মওদুদ আহমেদ**
প্রভাষক, আইন বিভাগ

একবার বলে দেখ চাঁদ এনে দেব
একবার চেয়ে দেখ তারা এনে দেব,
একবার কেঁদে দেখ জল মুছে দেব
একবার হেসে দেখ দাঁত ফেলে দেব।

ইংরেজি নববর্ষের ১লা দিনে একটি অপরিচিত নম্বর থেকে আমার মোবাইলে এই অদ্ভূত ম্যাসেজটি এসেছিল। আমি বুঝতে পারলাম না, আমি হাসলে ঐ ব্যাটার সমস্যাটা কোথায়। তারপরও আমি কয়েকটা দিন দাঁত হারাবার ভয়ে বুঝে শুনে হেসেছিলাম। ছোটবেলা থেকে বড়দের মুখে সবচেয়ে বেশি যে ডায়ালগটা শুনেছি, সেটা হলো- 'এক চড় দিয়ে তোর সবগুলি দাঁত ফেলে দেব'। এই ডায়ালগটা শুধু শুনেই এসেছি, চড় মেরে যে দাঁত ফেলা যায় তা আজো স্বচক্ষে দেখার সৌভাগ্য হলো না। দাঁত হলো মানবদেহের সবচেয়ে শক্ত অংশ। একে কি চড়-থাপ্পড় দিয়ে ফেলানো যায়? তবে হুমায়ুন আহমেদ স্যারের 'মন্ত্রী মহোদয়ের আগমন, শুভেচ্ছা স্বাগতম' নাটকে বদি ভাই এক চড়ে দাঁত ফেলে বিরাট ইতিহাস গড়েছিলেন।

চড়ে দাঁত না পড়তে দেখলেও আমি অন্যভাবে দাঁত পড়তে দেখিছি। একবার এক ভদ্রলোকের সাথে কথা বলতে বলতে দেখি তার কাশের সাথে একটি দাঁতও পড়ে গেছে। পরে শুনলাম, দাঁতটি বাঁধানো ছিল। আর একবার লঞ্চে যাচ্ছি। দেখি, এক বৃদ্ধ মাংস দিয়ে পরোটা খাচ্ছেন আর তার বৃদ্ধা স্ত্রী গালে হাত দিয়ে তাকিয়ে তাকিয়ে দেখছেন। কিছুক্ষণ পরে দেখা গেল, বৃদ্ধা খাচ্ছেন আর বৃদ্ধ তাকিয়ে দেখছেন। আমি তাদের বললাম- এত তাকাতাকির কি দরকার, একসাথে খেলেই তো পারেন? বৃদ্ধ জবাবে বললেন কী করে খাব? বাঁধানো দাঁত যে মাত্র এক জোড়া!

ছোটবেলায় লঞ্চে নানাবাড়ি যাবার সময় ক্যানভাসারদের উৎপাতে অস্থির থাকতাম। সবচেয়ে বেশি জ্বালাতো দাঁতের মাজন বিক্রেতারা। প্রথমে তারা এসে গান গাইত। তারপর আমাদের কুশলাদি জানত, আমাদের টাকা পয়সা, মালামালের ব্যাপারে সাবধানবাণী শোনাত। অতঃপর তার মাজনের গুণাগুণ সম্পর্কে ১ ঘন্টা ওয়াজ। সবশেষে সে বলত- আমরা এই মাজনখানার মূল্য মাত্র ৪ টাকা, কিন্তু আপনাদের জন্য আজ মাত্র ২ টাকা ২ টাকা ২ টাকা। লাগলে আওয়াজ দিবেন। নিবেন, এক সালাম, নিবেন না, হাজার সালাম। দেখতাম, কেউ আওয়াজ আর করত না। সবার মনে হয় হাজার সালাম পেতেই বেশি পছন্দ।

ক্যানভাসারদের অবস্থা যাই হোক না কেন, দাঁতের ডাক্তারদের কিন্তু এখন রমরমা অবস্থা। অন্যান্য ডাক্তারদের তুলনায় যে তাদের রোজগার বেশি তা তাদের শাহী চেম্বার দেখলেই বোঝা যায়। আমার এক বন্ধু তো চাইনিজ রেস্টুরেন্টে ঢুকতে গিয়ে ভুলে এক ডেন্টিস্টের চেম্বারে ঢুকে পড়েছিলেন। ভিতরে এলাহী ডেকোরেশন দেখে তার চোখ কপালে উঠে গিয়েছিল। সেই চোখ স্বাভাবিক হতে তার অনেক দিন সময় লেগেছিল। আমি এক ডেন্টিস্ট

ভদ্রলোককে জিজ্ঞেস করেছিলাম, তার জীবনে কোন দুঃখময় ঘটনা আছে কিনা? ডাক্তার সাহেব অনেক অনেক ভেবে-চিন্তে দেখলেন তার জীবনে এক দুঃখময় ঘটনা আছে। তিনি এক রোগীকে খুব অল্প সময়ের মধ্যে ভালো করে দিয়েছিলেন, পরে শুনেছেন লোকটা নাকি কোটিপতি ছিল।

বড়লোকদের জন্য যেমন বড় বড় ক্লিনিক, চেম্বার আছে, তেমনি গরিবদের জন্যও সুলভমূল্যে দাঁত তোলার সুব্যবস্থা আছে। মিরপুর-১, শাহ আলী মাজারের সামনে টেবিল-চেয়ার নিয়ে রাস্তার পাশে অনেক হাতুড়ে ডাক্তার বসে থাকেন। ফলের দোকানি যেমন সুন্দর করে ফল দোকানে সাজিয়ে রাখেন, তেমনি তারাও পোকায় খাওয়া দাঁত সুন্দর করে টেবিলে সাজিয়ে বসে থাকেন। তাদের ভিজিটও অনেক কম। একদিন তাদের কাছে দাঁত তোলার জন্য এক রোগী আসল। দাঁত তোলার পর ডাক্তার ভিজিট দাবি করল ৩০ টাকা। রোগী তখন উত্তেজিত হয়ে বলল- আপনি বললেন ভিজিট ১০ টাকা, আর এখন চাচ্ছেন ৩০ টাকা, এটা কি মগের মুলল্লুক পাইছেন? ডাক্তার জবাবে বলল- ভাই মগের মুল্লুক না, আপনার ভিজিট ১০ টাকা আর দাঁত তোলার সময় আপনার চিৎকার শুনে আমার দুইজন রোগী পালিয়ে গিয়েছে, তাদের ভিজিট ২০ টাকা। মোট ৩০ টাকা।

দাঁতের কল্যাণে টুথপেস্ট মালিকেরাতো এখন মঙ্গলগ্রহে বাড়ি বানাতে চাচ্ছেন। কত রকমের বাহারি বিজ্ঞাপন দিয়ে আমাদের টাকাগুলো পকেটজাত করছেন, কত সুন্দর সুন্দর বিজ্ঞাপন! তাদের টুথপেস্ট দিয়ে দাঁত মাজলে দাঁত লোহার মত শক্ত হবে। হাসলে মুখ দিয়ে মুক্তা ঝরবে। ভালো ফুটবল খেলা যাবে, ছক্কা মারা যাবে, সুন্দর একটা প্রেম করা যাবে, আরো কত কি! এক কোম্পানিতো ঘোষণা দিয়ে ফেলেছে যে, তাদের টুথপেস্ট দিয়ে দাঁত মাজলে দাঁত সাফের পাশাপাশি দেশ থেকে দুর্নীতিও সাফ হয়ে যাবে! আমাদের পাড়ার হাবু ভাই আঙ্গুলে নতুন সোনার আংটি পরেছেন। যাকে পেতেন তাকেই বিভিন্ন ছুতোয় সোনার আংটিটা দেখিয়ে দিতেন। একবার বাজারে গিয়ে আঙ্গুল বের করে মাছ বিক্রেতাকে জিজ্ঞেস করলেন, তোমার মাছ কত? মাছ বিক্রেতার মুখে ছিল একটি সোনার বাঁধানো দাঁত। মাছ বিক্রেতা উত্তর দিল- স্যার, তিন টাকা। (ভাবখানা এমন, ব্যাটা তোমার আছে সোনার আংটি, আর আমার আছে সোনার দাঁত।) A greek meeting to a greek,- সেয়ানে সেয়ানে লড়াই। এই আর কী!

দেশে তখন জরুরি অবস্থা চলছে। জরুরি অবস্থার মধ্যে এক আমেরিকান ডেন্টিস্ট বাংলাদেশে বেড়াতে এসেছেন। এখানকার এক ডেন্টাল ক্লিনিকে গিয়ে দেখলেন এক রোগীর কানের নিচে বিরাট অংশ কেটে ডাক্তাররা অত্যন্ত যত্নসহকারে একটা বিরাট অপারেশন করছেন। তিনি বাংলাদেশি ডাক্তারদের জিজ্ঞেস করলেন, এটা কিসের অপারেশন হচ্ছে? বাংলাদেশি ডাক্তাররা জবাব দিলেন-'রোগীর কানে কিছুই হয়নি, আমরা তার দাঁতের অপারেশন করছি।' আমেরিকান ডাক্তার বেশ অবাক হলেন, 'তা দাঁতের অপারেশন, তাহলে কান কাটছেন কেন? বাংলাদেশি ডাক্তাররা কিছুক্ষণ পর নিচু গলায় বললেন, 'জানেন না, দেশে এখন জরুরি অবস্থা চলছে, এখন মুখ খোলা বারণ। তাই আমরা দাঁতের অপারেশন আপাতত কান কেটেই করছি।

সেদিন দু'জন লোক ঝগড়া করছিল। তাদের পাশ দিয়ে আমি হেঁটে যাচ্ছিলাম। এমন সময় ঝগড়ারত একজন আর একজনকে বললো- এক চড়ে ৬৪টি দাঁত ফেলে দেবো। আমি গিয়ে বললাম- আরে ভাই! বলছেন কি? মানুষের কী ৬৪টি দাঁত থাকে? ঝগড়ারত লোকটি বললো, আমি জানতাম, আপনি আমাদের মাঝে নাক গলাতে আসবেন। তাই আপনার ৩২টা দাঁতও হিসাবে ধরেছি। সে এক করুণ অবস্থা! ভবিষ্যতে আর নাক গলাবো না এই চুক্তিতে সেদিন ছাড়া পেয়েছিলাম। তবুও আজ দাঁত নিয়ে অনেক নাক গলালাম। জানি না কপালে কী আছে। শেষ করব সম্প্রতি আমার বন্ধুর মোবাইলে আসা একটি ম্যাসেজ দিয়ে। "Do you know that your smile takes 1000 people to death? So, you should save the world. Please start brushing regularly."

**বি: দ্র:** এক লোকের বউ খুব ঝগড়াটে। কয়েক বছরে বউয়ের ঘুষি খেয়ে লোকটার তিনটা দাঁত পড়ে গেছে। অবশেষে লোকটা বাড়ির বাইরে একটা সাইনবোর্ড লাগিয়ে দিল, এখানে বিনা পয়সায় দাঁত তোলা হয়।



# কৌতুক...

**মোঃ সোহেল রানা**
৩৫ তম ব্যাচ, (বিবিএ)
আইডি: ১৪১০২০১০১০২০

## কৌতুক : ১

শিক্ষক ক্লাসে তার ছাত্র আবুলকে পড়াচ্ছেন
শিক্ষক: আচ্ছা, বলতো Grammar কাকে বলে?
আবুলঃ যারা গ্রামে থাকে তাদেরকে Grammar বলে। বাংলাদেশের গ্রামে যারা থাকে তাদেরকে বাংলা Grammar এবং বিদেশের গ্রামে যারা থাকে তাদেরকে ইংলিশ Grammar বলে, স্যার!
শিক্ষকঃ বল ফোর্ড কি?
আবুলঃ গাড়ী , স্যার!
শিক্ষকঃ তাহলে বল, অক্সফোর্ড কি?
আবুলঃ উঁ উঁ গরুর গাড়ী স্যার!
শিক্ষকঃ বলো তো তাজমহল কে তৈরি করেছিল?
আবুলঃ মিস্ত্রিরা স্যার!
শিক্ষকঃ আবুল object সহ একটা ইংরেজি বাক্য বল!
আবুলঃ You are very honest man.
শিক্ষকঃ এই বাক্যে object কী?
আবুলঃ ভালো নম্বর পাওয়া!
শিক্ষকঃ বঙ্গানুবাদ করো It has been raining cats and dogs.
আবুলঃ বিলাই কুকুর দৌড়াচ্ছে, কারণ বৃষ্টি পড়বে!
শিক্ষকঃ আবুল, তোমাদের বাড়িতে দেশপ্রেমী কে কে আছেন?
আবুলঃ একমাত্র আমার বাবা!
শিক্ষকঃ কী ভাবে?
আবুলঃ বাবা দেশী খায় , বিলিতি ছোঁয় না!
শিক্ষকঃ বলো তো, তোমার বাবা শতকরা ১০ টাকা হার সুদে ৫০০ টাকা ব্যাংক থেকে লোন নিলেন, এক বছর পর তিনি ব্যাংককে কত টাকা দেবেন?
আবুলঃ কোনো টাকাই দেবেন না, স্যার!
শিক্ষকঃ গাধা! এখনো এই অঙ্কই জানো না?
আবুলঃ আমি অঙ্ক জানি, কিন্তু আপনি আমার বাবাকে জানেন না, স্যার!
শিক্ষকঃ চোর সম্পর্কে একটা ভালো উদাহরণ দিতে পারবে?

আবুলঃ চোর পালালে বুদ্ধি বাড়ে অতএব নিজেকে বুদ্ধিমান করে গড়ে তোলার জন্য চোরকে সব সময়ই পালাতে দিতে হবে!
শিক্ষকঃ বাঙ্গালী জাতির প্রধান বৈশিষ্ট্য কি?
আবুলঃ বাঙ্গালী একাই একশ হয়, কিন্তু একশ বাঙ্গালী কখনই এক হতে পারে না!

## কৌতুক : ২

পরীক্ষায় প্রশ্ন আসলো : একটি মশা কিভাবে মারতে হয় ?
একনিষ্ঠ ছাত্র বল্টু উওরে লিখেছিল :
প্রথমে একটি বাটিতে মরিচের গুড়া নিয়ে তাতে পানি দিয়ে গুলিয়ে রাখুন। মশা তা রক্ত মনে করে খেতে আসবে।
এই মরিচ গুলানো খেয়ে মশার ঝালে পানি খেতে যাবে। পানি খেতে আসলেই আপনি মশা টি কে পানিতে ধাক্কা দিয়ে ফেলেদিন। তারপর একস্থানে আগুন জ্বালান, ভেজা মশা আগুনের কাছে আসবে নিজেকে শুকাতে। এবার আপনি আবার ধাক্কা দিয়ে মশাটিকে আগুনে ফেলে দিন। তারপর যে হাসপাতালে মশাটি ভর্তি হয়েছে সেখানে যাবেন। এবার চুপি চুপি মশার মুখের অক্সিজেন মাস্ক টি খুলে ফেলুন। ব্যাস আপনার কাজ শেষ, মশাটি মরে যাবে!
স্যার বেহুস..!!

## কৌতুক : ৩

একবার সেনাবাহিনীতে নিয়োগের জন্য আই, এস, এস, বি তে এক পরীক্ষার্থী কে মৌখিক পরিক্ষায় (যেখানে মানসিক শক্তি ও উপস্থিত বুদ্ধির পরিক্ষা নেয়া হয়) সেনা কর্মকর্তা প্রশ্ন করলো,
"আচ্ছা আমি যদি তোমার বিবাহিত স্ত্রীর সাথে প্রথম রাত কাটাতে চাই তাহলে তোমার কি কোন আপত্তি আছে??"
পরীক্ষার্থী সাথে সাথে উত্তর দিল, "আপনার যদি আপত্তি না থাকে আমারো কোন আপত্তি নেই।। কারন আমি তো আপনার মেয়েকেই বিয়ে করব!!"

## কৌতুক : ৪

শিক্ষকঃ কি নাম তোমার?
ছাত্রঃ MP
শিক্ষকঃ মানে কি ?
ছাত্রঃ মদন পাল
শিক্ষকঃ তোমার বাবার নাম কি?
ছাত্রঃ MP - মানে মোহন পাল স্যার
শিক্ষকঃ শিক্ষাগত যোগ্যতা ?

ছাত্রঃ MP
শিক্ষকঃ এর মানে আবার কি??
ছাত্রঃ মেট্রিক পাস
শিক্ষকঃ কি কারনে চাকুরি দরকার?
ছাত্রঃ MP - মানি প্রবেলেম
শিক্ষকঃ আপনি এখন আসুন
ছাত্রঃ আমার রেজাল্টটা স্যার??
শিক্ষকঃ MP
ছাত্রঃ মানে স্যার?
শিক্ষকঃ মেন্টালি পাংচার!

## কৌতুক : ৫

ইংরেজি ক্লাস শূরু হয়ে গেছে। ইংরেজি স্যার বল্টুকে দেখে বললঃ বল্টু, ইউ আর লেট! হোয়াই ?
বল্টুঃ স্যার, আমাদের গাড়ি কাদার মধ্যে আটকে পড়েছিল।
স্যারঃ নো-নো, টেল মি ইন ইংলিশ।
বল্টুঃ স্যার, Our গাড়ি was পড়িং in কাদা। No নড়িং-চড়িং, only ভুম-ভুম sound করিং!!! স্যার বেহুঁশ

## কৌতুক : ৬

শিক্ষক : অত করে তোকে ইংরেজি শেখালাম, তুই কিনা ইংরেজিতে ফেল করলি?
ছাত্র : স্যার, ইংরেজিতে পাস করার জন্য কী আমরা ৫২-এর ভাষা আন্দোলন করেছিলাম?
শিক্ষক : তাই ইংরেজিতে তো করলি, অঙ্কে ফেল করলি কেন? হতভাগা, দশ আর দশে যোগ করলে কী হয়? আর শূন্যটি বাদ দিলি কেন?
ছাত্র : স্যার, আপনি তো বলেছেন, শূন্যের কোনো দাম নেই। স্যার, যে জিনিসের দাম নেই, সে জিনিস লিখে লাভ কী?
শিক্ষক : ইতিহাসে তো ফেল করলি। একটি প্রশ্নেরও উত্তর দিসনি, কেন বল?
ছাত্র : কী করে দেব স্যার, সব ৫০০ বছর আগের ঘটনা নিয়ে প্রশ্ন? তখন কী আমার জন্ম হয়েছিল?

## কৌতুক : ৭

মশা কয় প্রকার? একদিন একজন শিক্ষক ছাত্রকে পড়া জিজ্ঞেস করলেন-
শিক্ষকঃ বলোতো মশা কয় প্রকার?
ছাত্রঃ মশা আট প্রকার।

শিক্ষকঃ মশা আবার আট প্রকার হয় কিভাবে ?

ছাত্রঃ ১. যে মশা গায়ে বসা মাত্রই কামড়ায় তাকে রাক্ষস মশা বলে।
২. যে মশা দিনের বেলায় কামড়ায় তাকে সন্ত্রাসী মশা বলে।
৩. যে মশা নাকের ভেতর ঢুকে কামড়ায় তাকে নমরুদী মশাবলে।
৪. যে মশা সুযোগ পেলেই কামড়ায় তাকে সুযোগসন্ধানী মশা বলে।
৫. যে মশা কানের কাছে এসে গান গায় তাকে গায়ক মশা বলে।
৬. যে মশাকে থাপ্পর দিলে ফাঁক দিয়ে চলে যায় তাকে গোল্লাছুট মশা বলে।
৭. যে মশা কামড় দিলে জ্বর হয় তাকে বিষাক্ত মশা বলে।
৮. যে মশা মশারির ভেতর ঢুকে কামড়ায় তাকে মূর্খমশা বলে।

## কৌতুক : ৮

শিক্ষক : পানিতে বাস করে এমন ৫টি প্রাণীর নাম বল ?
ছাত্র : ব্যাঙ
শিক্ষক : আর ৪ টা ?
ছাত্র : ব্যাঙ এর বাবা, মা, বোন আর ব্যাঙ এর ডার্লিং ।

## কৌতুক : ৯

ইংরেজী ক্লাস হচ্ছে
শিক্ষক : "আমি যা জিজ্ঞেস করব তার ভালোমতো উত্তর দিবে। বল Verb কি?
পাপ্পু : "Verb বলতে আসলে বাইসাইকেল এর টায়ারের যে ভালভ থাকে তাকে বলা হয়"
শিক্ষক : "এটা কি বললে তুমি?!"
পাপ্পু : "একটা সম্পূর্ণ বাক্য স্যার"
শিক্ষক : "তুমি কি পাগল?"
পাপ্পু : "এটা একটা প্রশ্ন স্যার"
শিক্ষক : "বেয়াদবি করবে না"
পাপ্পু : "এটা একটা উপদেশ স্যার"
শিক্ষক : "থামো!! থামাও এসব"
পাপ্পু : "এটা একটা আদেশ স্যার"
শিক্ষক : "তুমি একটা অসভ্য ছেলে"
পাপ্পু : "এটা একটা মন্তব্য স্যার"
শিক্ষক : "ক্লাস থেকে বের হয়ে যাও"
পাপ্পু : "এটা একটা নির্দেশ স্যার"
শিক্ষক : "ও খোদা!! এটা কিরকম ছেলে!!"
পাপ্পু : "এটা বিস্ময়, স্যার"
শিক্ষক : "খোদা এই ছেলেকে রহম কর"
পাপ্পু : "এটা প্রার্থনা স্যার"

## কৌতুক : ১০

শিক্ষক : তুমি হোমওয়ার্ক করে আনো নি কেন?
ছাত্র : স্যার,লোডশেডিং। তাই আলো ছিলো না.
স্যার : মোমবাতি জ্বালালেই হতো
ছাত্র : স্যার, লাইটার ছিলো না
স্যার : লাইটার ছিলোনা কেন ?
ছাত্র : স্যার ,বাবা যে রুমে নামাজ পড়ছিলো ওখানে ছিলো
স্যার : তাহলে ..ওখান থেকে আনলে না কেন?
ছাত্র : স্যার,আমার ওজু ছিল না
স্যার : ওজু ছিল না কেন ?
ছাত্র : পানি ছিল না স্যার.
স্যার : কেন ছিল না ?
ছাত্র : মোটর কাজ করছিলো না!
স্যার : স্টুপিড মোটরে কি হয়েছিলো ?
ছাত্র : স্যার , শুরুতেই
তো আপনাকে বললাম ,কারেন্ট ছিল না।

## কৌতুক : ১১

ইন্টারভিউ বোর্ডে এক যুবককে প্রশ্ন করা হলো, বল তো “ডাক্তার আসিবার পূর্বে রোগী মারা গেল”

এর ইংরেজি কি হবে?

: এটার ইংরেজি পারি না স্যার । আরবিটা পারি ।

: আরবিটা পার? ঠিক আছে বল ।

: ইন্নালিল্লাহ ওয়া ইন্না ইলাইহে রাজিউন।

# PHOTO GALLERY



A three member delegation of Prime University on a courtesy call with the honorable president Md. Abdul Hamid on 22.9.2015




A view of the Annual General Meeting 2015 of the Board of Trustees held on 14.11.2015




Crest is being handed over to the honorable Education Minister by the Chairman at the 2nd Convocation of the University on 24.04.2016




A student receiving Chancellor's Gold Medal from the honorable Education Minister at the 2nd Convocation of the University on 24.04.2016

# PHOTO GALLERY

The then honorable president Prof. Dr. Iajuddin Ahmed awarding crest to the 1st Convocation Speaker Prof. Zillur Rahman Siddiqui on 14.10.2008






Guests sitting on the dais at the freshers' reception program on 21.10.2016

Floral wreath is being placed at the national memorial by the Vice Chancellor and others at Savar to pay respect to the national heroes on the Victory Day 2015





Member, BoT, Vice Chancellor, Heads of different departments, Faculty Members and Executives paying tribute to the language martyrs on 21.02.2016

# PHOTO GALLERY




Members BoT, Vice Chancellor, Treasurer and Dean sitting at the dais in the discussion program held on the occasion of Bangabandhu's Birthday and National Children's day on 17.03.2016



Engineering Md. Towhidur Rahman, Chairman, BoT addressing the audience on the Independence Day 2016



A view of the dais at the discussion program on anti-militancy and terrorism held on 03.09.2016




An anti-militancy and terrorism human chain formed by the members of Prime Family in front of the University on 01.08.2016

# PHOTO GALLERY

Cake is being cut to celebrate the 14th Founding Day of the University on 16.09.2015







A grand rally parading the road on 16.09.2015,the 14th Founding Day of the University

Debaters of Prime University Debate team in a photo session with M. A. Sabur, Hasan Ahmed Chowdhury Kiron, Honorable Home Minister Asaduzzaman Khan and Dr. Mahfuzur Rahman




Prof. Dr. M Abdus Sobhan delivering his speech in the quiz competition inauguration ceremony on 03.09.2015

# PHOTO GALLERY




Member, BoT, Vice Chancellor, Treasurer, Dean along with the speaker of a seminar on " The Role of Election Commission to Establish Democracy" on the dais on 11.08.2016

The trainee Executives in a photo session with the Vice Chancellor in the 2nd training program of Executives and Staff of the University on 23.10.2016





The participants of the seminar on "Japanese Language, Culture and Tradition" held on 05.08.2016.

A view of the classroom in the Department of Business Administration in june 2016



# PHOTO GALLERY

Vice Chancellor visiting the Computer Laboratory in September 2016





The Director of Prime University Language School in a visit to the language learning class in june 2016

A portion of the library section of the University






A faculty member presenting a song in a cultural program on 26.03.2015

# PHOTO GALLERY



Final year EEE students on a study tour to Ashuganj Power Station on 04.09.2016




Sr. Vice Chairman, BoT, Pro-VC, Treasurer, Registrar, Head of the Dept. of Law holding up the souvenir published on occasion of completion ceremony held in the department of Law on 07.10.2016



The participants of the picnic of English Department poses for photograph at the picnic spot on 07.02.2016




Guests and Speakers sitting on the dais at the workshop on 'Imparting Quality Higher Education' held on 01.11.2016


গড়ে তুলুন স্বপ্নের
বাংলাদেশ
দেশের সবচেয়ে
দীর্ঘস্থায়ী স্টিলে
পদ্মা সেতুর জন্য নির্বাচিত অন্যতম স্টিল
KSRM
শেকড় থেকে শিখরে
বুয়েট ফ্যাটিগ টেস্টে
শীর্ষস্থানীয়
বুয়েট
পরীক্ষিত
৫৫ লাখ
সাইক্লিক লোডিং
@369 MPa
KSRM.COM.BD | 01755 665776
ডাক্টিলিটি
ওয়েল্ডেবিলিটি
বেন্ডেবিলিটি
KABIR GROUP

‘দুটি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়’

# ১৮-এর আগে বিয়ে নয়
# ২০-এর আগে সন্তান নয়






আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSDP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আইইএম ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর




*... a home for rendering prime knowledge*

প্রাইম ইউনিভার্সিটি
**Prime University**

2A/1, North East of Darussalam Road, Section-1, Mirpur, Dhaka-1216
Telephone : 02-9038778, Mobile: 01865-073000, 01912-707279, 01712-675595
E-mail: info@primeuniversity.edu.bd, Website: www.primeuniversity.edu.bd
www.facebook.com/primevarsity www.twitter.com/PrimeUniversity
**Permanent Campus: 114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216**